[Note : *যখন কোনো Disc-এর পৃষ্ঠে কোনো bad spot থাকে তখন তাকে Bad sector বলে। দুভাবে bad sector হতে পারে। যথা : i. Physical damage যা manufacture defect, magnetic wear, dust particle ইত্যাদির জন্য হতে পারে। (ii) Logical or soft damage যা storage cluster-এর অকার্যকারিতার জন্য হয়।]*

100. What is the purpose of a complier in programming?
ⓐ To convert source code into machine code
ⓑ To debug code
ⓒ To creats graphics
ⓓ To manage memory
Hints : *যে অনুবাদক প্রোগ্রাম উৎস প্রোগ্রামকে (Source Code) বস্তু প্রোগ্রামে (Machine Code) রূপান্তর করে এক সাথে অনুবাদ করে তাকে compiler বলে।*

Ans.

92	d
93	c
94	d
95	b
96	d
97	a
98	c
99	Note
100	a

KARMASANGSTHAN BANK
Data Entry Operator 2023
Examination Held On : 18.08.2023; Time : 30 Minutes; Total Marks : 45

01. 'কবর' নাটক কে লিখেছেন?
ⓐ মুনীর চৌধুরী ⓑ শহীদুল্লা কায়সার
ⓒ শওকত ওসমান ⓓ আবু ইসহাক
Hints : *ভাষা আন্দোলনভিত্তিক প্রথম নাটক হলো মুনীর চৌধুরীর 'কবর' (১৯৫৩)। জেলে থাকা রাজবন্দি রণেশ দাশগুপ্তের অনুরোধে মুনীর চৌধুরী এক অঙ্কের এ নাটকটি লেখেন। Irwin Shaw রচিত 'Bury the Dead' নাটকের আদলে রচিত নাটকটি ১৯৫৩ সালের ২১ ফেব্রুয়ারি রাতে ঢাকা কেন্দ্রীয় কারাগারে প্রথম মঞ্চস্থ হয় এবং ১৯৬৬ সালে এটি বই আকারে প্রকাশিত হয়। মুর্দা ফকির, ইন্সপেক্টর হাফিজ, গার্ড, নেতা এর উল্লেখযোগ্য চরিত্র।*

02. 'মৃতজনে দেহ প্রাণ' –নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ⓐ কর্মে দ্বিতীয়া ⓑ কর্মে সপ্তমী
ⓒ সম্প্রদানে চতুর্থী ⓓ সম্প্রদানে সপ্তমী
Hints : *যাকে কিছু ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয় তাকে সম্প্রদান কারক বলে। 'মৃতজনে দেহ প্রাণ' বাক্যে 'মৃতজনে' সম্প্রদান কারক। 'এ' বিভক্তি যোগে এটি সম্প্রদানে সপ্তমী হয়েছে। কর্মে দ্বিতীয়া বিভক্তির উদাহরণ– তাকে বলো; কর্মে সপ্তমী– জিজ্ঞাসিব জনে জনে; সম্প্রদানে চতুর্থী – ভিখারিকে ভিক্ষা দাও।*

03. 'যার কোনো কিছু থেকেই ভয় নেই' তাকে এক কথায় কী বলে?
ⓐ অকুতোভয় ⓑ নির্ভয় ⓒ নির্ভীক ⓓ ভয়শূন্য
Hints : *'যার কোনো কিছু থেকেই ভয় নেই'-এর এককথায় প্রকাশ 'অকুতোভয়'। 'ভয় নেই যার'-এর এককথায় প্রকাশ 'নির্ভীক'। এমন আরও উদাহরণ : যা কষ্টে লাভ করা যায়– দুর্লভ, যা অধ্যয়ন করা হয়েছে– অধীত।*

04. কোন বানানটি শুদ্ধ?
ⓐ গীতাঞ্জলি ⓑ গীতাঞ্জলী ⓒ গিতাঞ্জলি ⓓ গিতাঞ্জলী
Hints : *শুদ্ধ বানান 'গীতাঞ্জলি'। আরও শুদ্ধ বানান– সুচায়, অনূর্ধ্ব, নিকুণ, আদ্যাক্ষর।*

05. 'Agronomy' পারিভাষিক শব্দের অর্থ কী?
ⓐ কৃষক ⓑ কৃষিকাজ
ⓒ কৃষিবিদ্যা ⓓ কর্ষণকৃত জমি
Hints : *'Agronomy' শব্দের পারিভাষিক শব্দ 'কৃষিবিদ্যা'। আরও গুরুত্বপূর্ণ পরিভাষা : Dialect– উপভাষা, Null and void– বাতিল, Excise duty – আবগারি শুল্ক।*

06. 'অপু' ও 'দুর্গা' চরিত্র দুটি কোন উপন্যাসের?
ⓐ জননী ⓑ অশনি সংকেত
ⓒ পথের পাঁচালী ⓓ আরণ্যক
Hints : *একটি শিশুর চৈতন্যের জাগরণ এবং মানব ও প্রকৃতির সম্পর্ক নিয়ে 'পথের পাঁচালী' (১৯২৯) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত বিখ্যাত উপন্যাস। উপন্যাসটির তিনটি খণ্ড– বল্লালী বালাই, আম আঁটির ভেঁপু ও অক্রূর সংবাদ। 'অপু' ও 'দুর্গা' এ উপন্যাসের বিখ্যাত দুটি চরিত্র। বিভূতিভূষণের প্রকৃতি ও মানব সম্পর্কের আরেকটি উপন্যাস 'আরণ্যক' (১৯৩৮)-এর উল্লেখযোগ্য চরিত্র ভানুমতী, বনোয়ারী, দোবরু পান্না, বুদ্ধ সিংহ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে সৃষ্ট ১৯৪৩ সালের দুর্ভিক্ষ নিয়ে রচিত তার 'অশনি সংকেত' (১৯৫৯) উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র অনঙ্গ বৌ ও গঙ্গারাম। 'জননী' নামে মানিক বন্দ্যোপাধ্যায় ও শওকত ওসমান উভয় লেখকেরই উপন্যাস রয়েছে।*

07. 'এ কী অপরূপ রূপে মা তোমার/হেরিনু পল্লী জননী'– চরণটি কোন কবির?
ⓐ আব্দুল হাকিম ⓑ কাজী নজরুল ইসলাম
ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর ⓓ ডি. এল. রায়
Hints : *'এ কী অপরূপ রূপে মা তোমার/হেরিনু পল্লী জননী' চরণটি কাজী নজরুল ইসলামের। এটি একটি দেশাত্মবোধক গানের চরণ। আব্দুল হাকিম রচিত বিখ্যাত চরণ 'যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী/সেসব কাহার জন্ম নির্ণয় ন জানি।' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিখ্যাত চরণ–'একখানি ছোট ক্ষেত আমি একেলা/ চারিদিকে বাঁকা জল করিছে খেলা'। ডি. এল. রায় রচিত বিখ্যাত চরণ– 'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি/সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি'।*

08. 'তিমির' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ⓐ সমুদয় ⓑ অপচয় ⓒ অন্ধকার ⓓ আলোক
Hints : *'তিমির' শব্দের বিপরীত শব্দ 'আলোক'। 'সমুদয়, অপচয়, অন্ধকার' শব্দগুলোর বিপরীত শব্দ যথাক্রমে 'কতিপয়, সঞ্চয়, আলো'।*

09. বাগ্‌ধারাগুলোর মধ্যে কোনটির অর্থ ভিন্ন?
ⓐ অহি-নকুল সম্বন্ধ ⓑ আদায় কাঁচকলায়
ⓒ তাসের ঘর ⓓ সাপে নেউলে

Ans.

01	a
02	d
03	a
04	a
05	c
06	c
07	b
08	d
09	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : *'অহি-নকুল সম্বন্ধ, আদায় কাঁচকলায়, সাপে নেউলে', তিনটি বাগ্‌ধারাই 'শত্রুতা' অর্থে ব্যবহৃত হয়। 'তাসের ঘর' বাগধারার অর্থ 'ক্ষণস্থায়ী'। তাই এটি ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে।*

10. 'ধান ভানতে শিবের গীত' এ প্রবাদটি দিয়ে কী বুঝায়?
ⓐ একের জন্য অপরের দুশ্চিন্তাগ্রস্ত হওয়া
ⓑ প্রসঙ্গ ছেড়ে অপ্রাসঙ্গিক কথা বলা
ⓒ ক্ষুদে ব্যক্তির বড়াই
ⓓ কাজ আরম্ভ করার সাথে সাথে ফলের প্রত্যাশা
Hints : *'ধান ভানতে শিবের গীত' প্রবাদটি বোঝায় প্রসঙ্গ ছেড়ে অপ্রাসঙ্গিক কথা বলা। আরও গুরুত্বপূর্ণ প্রবাদ : গাছে কাঁঠাল গোঁফে তেল- পাওয়ার আগে খাওয়ার আয়োজন, বিষ নেই তার কুলোপনা চক্কর- অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন, অসারের তর্জন গর্জন সার- গুণহীনের ব্যর্থ আস্ফালন।*

11. I hope to meet you — in January.
ⓐ sometimes ⓑ sometime
ⓒ some what ⓓ something
Hints : *প্রদত্ত option- সমূহের মধ্যে sometimes অর্থ- কখনো কখনো, sometime অর্থ- কোনো এক সময়ে, somewhat অর্থ- কিছুটা, something অর্থ- কিছু। I hope to meet you sometime in January অর্থ আশা করি জানুয়ারির কোনো এক সময়ে তোমার সাথে দেখা হবে।*

12. Which of the following is incorrect?
ⓐ We have not go enough milk
ⓑ I did not study enough hard
ⓒ Is your coffee hot enough?
ⓓ She did not have enough interest
Hints : *প্রদত্ত Option-সমূহের মধ্যে (a)-তে go enough না হয়ে শুধু enough হলে বাক্যটি সঠিক হতো।*

13. An adverb does not modify—
ⓐ Adverbs ⓑ Adjectives ⓒ Verbs ⓓ Nouns
Hints : *Adverb – adjective, verb এবং adverb-কে modify করে। যেমন- very good, run fast, very quickly। সুতরাং adverb প্রদত্ত option-সমূহের মধ্যে (d) noun-কে modify করে না।*

14. A degree in economics — his door to many jobs.
ⓐ key ⓑ basis of ⓒ has ⓓ opens
Hints : *প্রদত্ত option-সমূহের মধ্যে opens-ই সঠিক অর্থ প্রকাশ করে। A degree in economics opens his door to many jobs অর্থ অর্থনীতির একটি ডিগ্রি তার জন্য অনেক চাকরির দ্বার উন্মুক্ত করে দিয়েছে।*

15. After a long recession the economics situations is looking—
ⓐ out ⓑ over ⓒ through ⓓ up
Hints : *'Look up' phrasal verb-টির অর্থ 'উন্নতি হওয়া'।*

16. Well done! — the good work.
ⓐ Kept at ⓑ Keep on
ⓒ Keep up ⓓ Keep out
Hints : *'Keep up' phrasal verb-টির অর্থ 'বন্ধ বা পরিবর্তন না করে চালিয়ে যাওয়া'।*

17. It was — expensive than I thought.
ⓐ much ⓑ more
ⓒ the easiest ⓓ much more
Hints : *Comparative degree-এর বাক্যে দুই এর অধিক syllable-যুক্ত adjective-এর পূর্বে সবসময় comparative 'more' শব্দটি ব্যবহৃত হয়।*

18. Let us play — chess.
ⓐ no article ⓑ a ⓒ an ⓓ the
Hints : *খেলার নামের পূর্বে সাধারণত কোনো article বসে না।*

19. This book — to my uncle.
ⓐ belonging ⓑ belongs
ⓒ was belonging ⓓ is belonging
Hints : *Belong অর্থ- অধিকারে থাকা। প্রদত্ত sentence-টি present indefinite হওয়ায় subject অনুযায়ী belongs বসেছে।*

20. Acid test means—
ⓐ sour test ⓑ dangerous test
ⓒ real test ⓓ poisonous test
Hints : *'Acid test' phrasal verb-টির অর্থ অগ্নি পরীক্ষা/প্রকৃতি পরীক্ষা। সুতরাং real test-ই সঠিক উত্তর।*

21. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?
ⓐ $\frac{৫}{৬}$ ⓑ $\frac{১২}{১৫}$ ⓒ $\frac{১১}{১৪}$ ⓓ $\frac{১৭}{২১}$
Hints : *a.* $\frac{৫}{৬} = ০.৮৩$ *b.* $\frac{১২}{১৫} = ০.৮$
c. $\frac{১১}{১৪} = ০.৭৯$ *(ক্ষুদ্রতম) d.* $\frac{১৭}{২১} = ০.৮১$

22. ২ ও ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?
ⓐ ১১টি ⓑ ৯টি ⓒ ৮টি ⓓ ১০টি
Hints : *২ এবং ৩২-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো : ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ ও ৩১।*
∴ ২ এবং ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা ১০টি।

Ans.	
10	b
11	b
12	a
13	d
14	d
15	d
16	c
17	b
18	a
19	b
20	c
21	c
22	d

23. $2x^2 + x - 15$ এর উৎপাদক কোনটি?
ⓐ $(x+3)(2x-5)$ ⓑ $(x-3)(2x+5)$
ⓒ $(x-3)(2x+5)$ ⓓ $(x+3)(2x+5)$
Hints : $2x^2 + x - 15$
$= 2x^2 + 6x - 5x - 15$
$= 2x(x+3) - 5(x+3)$
$= (x+3)(2x-5)$

24. কতজন ছাত্রকে ১২৫টি আম ও ১৪৫টি লিচু সমান ভাগে ভাগ করে দেওয়া যাবে?
ⓐ ৫ জন ⓑ ১০ জন ⓒ ১৫ জন ⓓ ২৫ জন
Hints :

১২৫	১৪৫	১
	১২৫	
২০	১২৫	৬
	১২০	
৫	২০	৪
	২০	
	০	

১২৫ ও ১৪৫ এর গ.সা.গু. = ৫
সুতরাং ৫ জন ছাত্রকে সমান ভাগে ভাগ করে দেওয়া যাবে।

25. শতকরা বার্ষিক ৭ টাকা হারে সরল মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা কত?
ⓐ ২৮৫ ⓑ ২৩৭ ⓒ ২৭০ ⓓ ২৭৩
Hints : *আমরা জানি, $I = Pnr$*
$= ৬৫০ \times ৬ \times \frac{৭}{১০০}$
$= ২৭৩$ টাকা
এখানে,
মুনাফার হার, $r = ৭\% = \frac{৭}{১০০}$
আসল, $P = ৬৫০$ টাকা
সময়, $n = ৬$ বছর
মুনাফা, $I = ?$

26. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?
ⓐ ৯ বছর ⓑ ১৪ বছর ⓒ ১৫ বছর ⓓ ১৮ বছর
Hints : *পিতা ও মাতার মোট বয়স = $৪৫ \times ২ = ৯০$ বছর*
আবার, পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = $৩৬ \times ৩ = ১০৮$ বছর
∴ পুত্রের বয়স = $(১০৮ - ৯০) = ১৮$ বছর।

27. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কী পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?
ⓐ ১২ গ্রাম ⓑ ৪ গ্রাম ⓒ ৩ গ্রাম ⓓ ৬ গ্রাম
Hints : *সোনা : তামা = ৩ : ১*
∴ মোট মিশ্রণ $(৩ + ১) = ৪$ গ্রাম
∴ মিশ্রণে সোনার পরিমাণ $= \left(১৬ \times \frac{৩}{৪}\right) = ১২$ গ্রাম
" তামার " $= \left(১৬ \times \frac{১}{৪}\right) = ৪$ গ্রাম
নতুন অনুপাত, সোনা : তামা = ৪ : ১
১ গ্রাম তামায় সোনা ৪ গ্রাম
৪ " " " $(৪ \times ৪) = ১৬$ গ্রাম
∴ অতিরিক্ত সোনা মেশাতে হবে $(১৬ - ১২) = ৪$ গ্রাম

28. কোন ক্ষুদ্রতম সংখ্যকে ৩, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে প্রত্যেক বার ভাগশেষ ১ হবে?
ⓐ ৭১ ⓑ ৪১ ⓒ ৩১ ⓓ ৩৯
Hints : *৩, ৫, ৬ এর ল.সা.গু. = ৩০*
∴ ক্ষুদ্রতম সংখ্যাটি হবে $= (৩০ + ১) = ৩১$

29. $p + q = 5$ এবং $p - q = 3$ হলে $p^2 + q^2$ এর মান কত?
ⓐ 8 ⓑ 17 ⓒ 19 ⓓ 34
Hints : *দেওয়া আছে, $p + q = 5$ এবং $p - q = 3$*
$\therefore p^2 + q^2 = \frac{(p+q)^2 + (p-q)^2}{2}$
$= \frac{5^2 + 3^2}{2} = \frac{34}{2} = 17$

30. একটি দ্রব্য ১৮০ টাকায় বিক্রি করায় ১০% ক্ষতি হলো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ⓐ ১৬২ টাকা ⓑ ১৯৮ টাকা ⓒ ২০০ টাকা ⓓ ২১০ টাকা
Hints : *মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা*
∴ ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = $(১০০ - ১০) = ৯০$ টাকা
বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " $\frac{১০০}{৯০}$ "
" ১৮০ " " " $\frac{১০০ \times ১৮০}{৯০}$ "
$= ২০০$ টাকা

31. ২৩তম বিশ্বকাপ ফুটবল, ২০২৬ কোন মহাদেশে অনুষ্ঠিত হবে?
ⓐ দক্ষিণ আমেরিকা ⓑ উত্তর আমেরিকা
ⓒ ওশেনিয়া ⓓ আফ্রিকা
Hints : *২০২৬ সালে ২৩তম বিশ্বকাপ ফুটবল উত্তর আমেরিকা মহাদেশের তিন দেশে (যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো) অনুষ্ঠিত হবে।*

32. জাতিসংঘের পরিবেশ রক্ষাকারী সংগঠন কোনটি?
ⓐ UNEP ⓑ UNDP ⓒ UNHCR ⓓ WHO
Hints : *জাতিসংঘের পরিবেশ কর্মসূচি (United Nations Environment Programme (UNEP) ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর কেনিয়ার নাইরোবিতে অবস্থিত।*

33. বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী কোনটি?
ⓐ যমুনা ⓑ হাড়িয়াভাঙ্গা ⓒ নাফ ⓓ হালদা
Hints : *বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী হাড়িয়াভাঙ্গা। দক্ষিণ তালপট্টি এই নদীর মোহনায় অবস্থিত। উল্লেখ্য, বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্তকারী নদী নাফ।*

Ans.	
23	a
24	a
25	d
26	d
27	b
28	c
29	b
30	c
31	b
32	a
33	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

KARMASANGSTHAN BANK
Assistant Officer (General & Cash) 2023

Examination Held On : 11.08.2023, Time : 60 Minutes, Total Marks : 100

01. আকাশ ও পৃথিবীর অন্তরালকে এককথায় কী বলে?
ⓐ অতলস্পর্শী ⓑ ক্রন্দসী ⓒ আমশি ⓓ রোদসী
Hints : *আকাশ ও পৃথিবীর অন্তরালকে এক কথায় 'ক্রন্দসী' বলে। অন্যদিকে, তলদেশ স্পর্শ করা যায় না এমন– অতলস্পর্শী, পৃথিবী ও স্বর্গ– রোদসী।*

02. 'সাইরেন বেজে উঠলো' 'বেজে উঠলো' বাক্যটিতে কী ক্রিয়াপদ?
ⓐ মিশ ⓑ যৌগিক
ⓒ প্রযোজক ⓓ সমধাতুজ
Hints : *একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন : আকস্মিকতা অর্থে : সাইরেন বেজে উঠল, তাগিদ দেওয়া অর্থে : ঘটনাটা শুনে রাখ, অভ্যস্ততা অর্থে : শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।*

03. জীবনানন্দ দাশের কাব্যে ব্যবহৃত 'শঙ্খমালা' হলো—
ⓐ রূপকথার চরিত্র ⓑ রোমান্টিক কবিকল্পনা
ⓒ পূর্বপরিচিতা নারী ⓓ কবির জীবনদেবতা
Hints : *জীবনানন্দ দাশের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় একটি চরিত্র হলো শঙ্খমালা। আর এই 'শঙ্খমালা' হলো কবির রোমান্টিক কবিকল্পনা। কবিতার ভাষায় : সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের 'পর/শঙ্খমালা তার : এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে/তারে আর খুঁজে তুমি পাবে নাকো– বিশালাক্ষী দিয়েছিল বর।*

04. 'শরতে ধরাতল শিশিরে ঝলমল।'– এখানে 'শিশিরে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ⓐ অধিকরণে ৭মী ⓑ অপাদানে ৭মী
ⓒ কর্মে ৭মী ⓓ করণে ৭মী
Hints : *'করণ' শব্দটির অর্থ : যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই কারক। যেমন : শরতে ধরাতল শিশিরে ঝলমল– করণে ৭মী বিভক্তি, লাঙ্গল দ্বারা চাষ করা হয়– করণে ৩য়া বিভক্তি।*

05. 'সত্যের সহিত মিথ্যার দ্বন্দ্ব রহিয়াছে। এই দ্বন্দ্বে পরিশেষে সত্যই বিজয়ী হয়।'– এই উক্তিটি কোন রীতিতে লিখিত?
ⓐ চলিত রীতি ⓑ সাধু রীতি
ⓒ মিশ্র রীতি ⓓ বিদেশি রীতি
Hints : *উনিশ শতকের শুরুর দিকে সাধু রীতির বিকাশ ঘটে। বাংলা লেখা সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে। প্রশ্নে উল্লিখিত উক্তিটি সাধু রীতিতে লিখিত।*

06. প্রমিত বাংলা বানানের নিয়ম চালু করেন—
ⓐ বাংলাদেশ সরকার ⓑ এশিয়াটিক সোসাইটি
ⓒ বাংলা একাডেমি ⓓ শিল্পকলা একাডেমি
Hints : *১৯৩৬ সালে বাংলা বানানের নিয়ম বেঁধে দেওয়ার প্রথম দায়িত্ব পালন করে কলকাতা বিশ্ববিদ্যালয়। পরবর্তীতে বাংলা বানানকে শৃঙ্খলাবদ্ধ করতে আরও কয়েকটি বিশ্ববিদ্যালয় উদ্যোগী হয়। বাংলাদেশের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ১৯৮৮ সালে কর্মশালা করে ও বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বাংলা বানানের একটি খসড়া প্রস্তুত করে এবং তা চূড়ান্তভাবে গৃহীত হয়। অবশেষে বাংলা একাডেমি ১৯৯২ সালের এপ্রিলে প্রমিত বাংলা বানানের নিয়ম নির্ধারণের জন্য উদ্যোগ গ্রহণ করে এবং ১৯৯৪ সালে তা চূড়ান্তভাবে গৃহীত হয়।*

07. কোন বানানটি শুদ্ধ?
ⓐ কনীনিকা ⓑ কনিনীকা ⓒ কণিনিকা ⓓ কনিনিকা
Hints : *শুদ্ধ বানান হলো 'কনীনিকা'। এটি একটি সংস্কৃতজাত শব্দ; যার অর্থ হলো : চোখের তারা, কনিষ্ঠাঙ্গুলি, ছোট বোন।*

08. 'Fair weather friends' এই ইংরেজি প্রবচনের কাছাকাছি বাংলা প্রবচন কোনটি?
ⓐ দুধের মাছি ⓑ চোরে চোরে মাসতুতো ভাই
ⓒ পিরিত বিনি সুরদ নাই ⓓ ধামাধরা মানুষ
Hints : *'Fair weather friends' এই ইংরেজি প্রবচনের কাছাকাছি বাংলা প্রবচন হলো– দুধের মাছি বা সুসময়ের বন্ধু। অন্যদিকে, Birds of a feather*

Ans.	
01	b
02	b
03	b
04	d
05	b
06	c
07	a
08	a

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

flock together— চোরে চোরে মাসতুতো ভাই। আরও গুরুত্বপূর্ণ কয়েকটি প্রবাদ প্রবচনের ইংরেজি হলো : To carry coals to Newcastle— তেলা মাথায় তেল দেওয়া। A cat in gloves catches no mice— সোজা আঙুলে ঘি ওঠে না, Diamond cuts diamond— মানিকে মানিক চেনে, A bolt from the blue— বিনা মেঘে বজ্রপাত।

09. 'স্বখাতসলিল' বাগধারাটির অর্থ—
ⓐ দুঃখে কষ্টে পড়া ⓑ বিনা দোষে শাস্তি পাওয়া
ⓒ পানির গভীরে যাওয়া ⓓ স্বীয় কর্মের ফল ভোগ
Hints : *'স্বখাতসলিল' শব্দটি সংস্কৃতজাত ও বিশেষ্যপদ যার অর্থ হলো– স্বীয় কৃতকর্মের ফল।*

10. কোন বাগধারাটির অর্থ তিনটির অর্থ থেকে ভিন্ন?
ⓐ দুধের মাছি ⓑ বসন্তের কোকিল
ⓒ নদীর পুতুল ⓓ সুখের পায়রা
Hints : *দুধের মাছি, বসন্তের কোকিল, সুখের পায়রা বাগধারা তিনটির অর্থ– সুসময়ের বন্ধু। অন্যদিকে, ননীর পুতুল অর্থ– শ্রমবিমুখ/কোমল দেহ/অল্প পরিশ্রমে যে ভেঙে পড়ে।*

11. 'Cognizable' শব্দটির বাংলা পরিভাষা কোনটি?
ⓐ সুষম ⓑ অবহিত
ⓒ আমলযোগ্য ⓓ বোধজাত
Hints : *'Cognizable' শব্দটির বাংলা পরিভাষা– বোধজাত বা উপলব্ধিযোগ্য। আরও গুরুত্বপূর্ণ কয়েকটি শব্দের পরিভাষা : Corrigendum– শুদ্ধিপত্র, Defendant— বিবাদি, Etiquette— শিষ্টাচার, Divulge– প্রকাশ করা, Annex— পরিশিষ্ট।*

12. 'আয় চলে আয় রে ধূমকেতু, আঁধারে বাঁধ অগ্নিসেতু'– কার উক্তি?
ⓐ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓑ কাজী মোতাহার হোসেন
ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর ⓓ কাজী নজরুল ইসলাম
Hints : *কাজী নজরুল ইসলাম সম্পাদিত অর্ধ-সাপ্তাহিক পত্রিকা 'ধূমকেতু'। বিপ্লবীদের মুখপত্র এ পত্রিকাটি ১৩২৯ বঙ্গাব্দের ২৬ শ্রাবণ (১১ আগস্ট ১৯২২) আত্মপ্রকাশ করে। রবীন্দ্রনাথ ঠাকুর একটি বাণী দিয়ে ধূমকেতুকে অভিনন্দন জানান, যা প্রতি সংখ্যায় পত্রিকার শিরোনামের নিচে ছাপা হতো। আশীর্বাণীটি হলো– "কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু, আয় চলে আয় রে ধূমকেতু, আঁধারে বাঁধ অগ্নিসেতু, দুর্দিনের এই দুর্গশিরে উড়িয়ে দে তোর বিজয় কেতন।"*

এ পত্রিকার আগামনী সংখ্যায় নজরুলের প্রচ্ছন্ন রাজনীতি-সম্পৃক্ত কবিতা 'আনন্দময়ীর আগমনে' প্রকাশিত হলে ৮ নভেম্বর পত্রিকার ঐ সংখ্যাটি নিষিদ্ধ করা হয়।

13. কোন কবিকে ভারত সরকার 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত করেন?
ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর ⓑ কাজী নজরুল ইসলাম
ⓒ অমিয় চক্রবর্তী ⓓ দ্বিজেন্দ্রলাল রায়
[Note : *ভারত সরকার বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে ১৯৬০ সালে এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য- সচিব, সাহিত্যিক ও শিক্ষাবিদ অমিয় চক্রবর্তীকে ১৯৭০ সালে 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত করে।]*

14. 'বাঁশরী আমার হারায়ে গিয়েছে বালুর চরে, কেমনে ফিরিব গোধন লইয়া গাঁয়ের ঘরে।'– এটি কোন কবির রচনা?
ⓐ ইদ্রিস আলী ⓑ গোবিন্দচন্দ্র দাশ
ⓒ কাজী নজরুল ইসলাম ⓓ জসীমউদদীন
Hints : *পল্লীকবি জসীমউদদীনের বিখ্যাত গানের সংকলন 'রঙিলা নায়ের মাঝি' (১৯৩৫) এর অন্তর্ভুক্ত 'বাঁশরী আমার হারায়ে গিয়েছে' এর প্রথম চরণ হলো 'বাঁশরী আমার হারায়ে গিয়েছে বালুর চরে, কেমনে ফিরিব গোধন লইয়া গাঁয়ের ঘরে।' জসীমউদদীনের আরও কয়েকটি গানের সংকলন হলো 'গাঙ্গের পাড় (১৯৬৪), 'জারিগান' (১৯৬৮) প্রভৃতি।*

15. 'অন্বেষণ'-এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ⓐ অন্বে + ষন ⓑ অনে + এষন
ⓒ অনু + এষন ⓓ অনু + এষণ
Hints : *উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ-এর স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন : অনু + এষণ = অন্বেষণ, সু + অল্প = স্বল্প, সু + আগত = স্বাগত, তনু + ঈ = তন্বী ইত্যাদি।*

16. 'নিশীথ রাতে বাজছে বাঁশি' বাক্যে 'নিশীথ' কোন পদ?
ⓐ বিশেষণের বিশেষণ ⓑ বিশেষ্যের বিশেষণ
ⓒ বিশেষ্য ⓓ বিশেষণ
Hints : *বিশেষণ বাক্যে ব্যবহৃত শব্দকে বিশেষিত করা শব্দের অর্থকে বিশদ বা সীমিত করে। বিশেষণ যখন কোন কিছুর গুণ বা বৈশিষ্ট্য প্রকাশ করে– তখন বিশেষ্য শব্দের অর্থ বিশদ হয়ে যায়। যেমন– নীল আকাশ, ঠান্ডা হাওয়া, ভীতু লোক ইত্যাদি। তাই এখানে 'নিশীথ রাতে বাজছে বাঁশি' বাক্যে 'রাত' বিশেষ্য শব্দটির পূর্বে 'নিশীথ' শব্দটি বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়েছে। আবার, 'গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত' বাক্যে– 'নিশীথে' শব্দটি বিশেষ্য হিসেবে বসেছে।*

Ans.	
09	d
10	c
11	d
12	c
13	Note
14	d
15	d
16	d

17. 'আত্তানা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ⓐ আরবি ⓑ ফারসি ⓒ ফরাসি ⓓ হিন্দি
Hints : *'আত্তানা' শব্দটি ফারসি ভাষা থেকে এসেছে। আরও কতিপয় ফারসি শব্দ হলো– খোদা, দোজখ, নামাজ, রোজা, চশমা, তোশক, দোকান, কারখানা, আমদানি, জানোয়ার ইত্যাদি।*

18. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়?
ⓐ চোরা ⓑ চালক ⓒ পূজক ⓓ সত্যবাদী
Hints : *বাংলা তদ্ধিত প্রত্যয় (আ) যোগে আদর বা তুচ্ছার্থে বিশেষ্য বা বিশেষণ শব্দ গঠনের কয়েকটি উদাহরণ হলো : চোর + আ = চোরা, পাগল + আ = পাগলা, বামন + আ = বামনা, কেষ্ট + আ = কেষ্টা ইত্যাদি।*

19. নিম্নের কোন পত্রিকার প্রকাশনা উপলক্ষে রবীন্দ্রনাথ ঠাকুর আশীর্বাণী পাঠিয়েছিলেন?
ⓐ সবুজপত্র ⓑ শনিবারের চিঠি
ⓒ কল্লোল ⓓ ধূমকেতু
Hints : *কাজী নজরুল ইসলাম সম্পাদিত অর্ধ-সাপ্তাহিক পত্রিকা 'ধূমকেতু'। বিপ্লবীদের মুখপত্র এ পত্রিকাটি ১৩২৯ বঙ্গাব্দের ২৬ শ্রাবণ (১১ আগস্ট ১৯২২) আত্মপ্রকাশ করে। রবীন্দ্রনাথ ঠাকুর একটি বাণী দিয়ে ধূমকেতুকে অভিনন্দন জানান, যা প্রতি সংখ্যায় পত্রিকার শিরোনামের নিচে ছাপা হতো। আশীর্বাণীটি হলো– "কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু, আয় চলে আয় রে ধূমকেতু, আঁধারে বাঁধ অগ্নিসেতু, দুর্দিনের এই দুর্গশিরে উড়িয়ে দে তোর বিজয় কেতন।"*
এ পত্রিকার আগমনী সংখ্যায় নজরুলের প্রচ্ছন্ন রাজনীতি-সম্পৃক্ত কবিতা 'আনন্দময়ীর আগমনে' প্রকাশিত হলে ৮ নভেম্বর পত্রিকার ঐ সংখ্যাটি নিষিদ্ধ করা হয়।

20. ৭ই মার্চের পটভূমিতে রচিত কবিতা—
ⓐ 'বাতাসে লাশের গন্ধ' রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ
ⓑ 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো'– নির্মলেন্দু গুণ
ⓒ 'বুক তার বাংলাদেশের হৃদয়'– শামসুর রাহমান
ⓓ 'আমার পরিচয়'- সৈয়দ শামসুল হক
Hints : *৭ মার্চের পটভূমিতে রচিত কবিতা হলো কবি নির্মলেন্দু গুণের 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো'। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ, স্বাধীনতা ও দেশপ্রেমের প্রেরণা জাগ্রত করাই হলো কবিতাটির উদ্দেশ্য।*

21. You are dull — hearing.
ⓐ after ⓑ by ⓒ in ⓓ of
Hints : *Dull of hearing অর্থ কানে খাটো।*

22. He is engaged — writing a book.
ⓐ in ⓑ an ⓒ above ⓓ over
Hints : *Engaged in অর্থ 'নিমগ্ন'।*

23. Water is flowing — the danger point.
ⓐ up ⓑ an ⓒ above ⓓ over
Hints : *Flow over অর্থ উপর দিয়ে প্রবাহিত হওয়া। "পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে" । Option (d) সঠিক উত্তর।*

24. What — last night?
ⓐ you did ⓑ did you do
ⓒ had you done ⓓ did you
Hints : *প্রশ্নোক্ত sentence-এর 'Last night' দেখে বোঝা যায় এটি past indefinite tense। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (b)। 'What did you do last night?' অর্থ : তুমি গতকাল রাতে কী করেছিলে?*

25. 'Once in blue moon' means—
ⓐ always ⓑ very rarely
ⓒ nearly ⓓ hourly
Hints : *'Once in a blue moon' অর্থ কদাচিৎ বা প্রায় কখনো না। অর্থাৎ very rarely।*

26. The antonym of the word 'delete' is —
ⓐ Insert ⓑ Contract ⓒ Discrete ⓓ Dull
Hints : *Delete শব্দের অর্থ মুছে ফেলা; অন্যদিকে insert অর্থ সন্নিবেশ করা। সুতরাং সঠিক উত্তর অপশন (a)। Contract – যুক্তি, discrete – পৃথক করা, dull – নিস্তেজ।*

27. "I am one who loved not wisely but too well." is a quotation from—
ⓐ Milton ⓑ William Shakespeare
ⓒ T. S. Eliot ⓓ Ruskin
Hints : *প্রদত্ত Quotation টি William Shakespeare-এর tragedy 'Othello' থেকে নেওয়া হয়েছে।*

28. What is antonym of 'Famous'?
ⓐ Opaque ⓑ Illiterate ⓒ Obscure ⓓ Immature
Hints : *Famous অর্থ বিখ্যাত; obscure অর্থ অখ্যাত। অন্যদিকে opaque – অস্বচ্ছ, illiterate – অশিক্ষিত, Immature – অপরিপক্ব।*

29. Which of the following is a correct sentence :
ⓐ He was to clever not to miss the point.
ⓑ He was so clever to miss the point.
ⓒ He was too clever to miss the point.
ⓓ He was too clever to grasp the point

Ans.	
17	b
18	a
19	d
20	b
21	d
22	a
23	d
24	b
25	b
26	a
27	b
28	c
29	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : *এখানে অতিরিক্ত কোনো কিছু থাকলে too ... to ব্যবহৃত হয়। He was too clever to miss the point অর্থ– মূল বিষয়টি বোঝার জন্য তিনি পর্যাপ্ত চতুর ছিলেন।*

30. 'An ordinance' is—
ⓐ a book ⓑ an arms of factory
ⓒ a law ⓓ a newspaper journal
Hints : *Ordinance হলো জরুরি বিধি, অধ্যাদেশ। জরুরি পরিস্থিতি মোকাবিলা করার জন্য যে নিয়মনীতি বা বিধি জারি করা হয় তাকে 'Ordinance বলে। সুতরাং অপশন (c) সঠিক উত্তর।*

31. A bull market means share prices are—.
ⓐ falling ⓑ rising ⓒ moving ⓓ static
Hints : *Bull market হলো এমন এক ধরনের বাজার পরিস্থিতি যেখানে শেয়ারের মানসমূহের উর্ধ্বগতি দেখা যায়। সুতরাং সঠিক উত্তর (b) rising।*

32. সততা সর্বোৎকৃষ্ট পন্থা—
ⓐ Honesty is the best virtue.
ⓑ Honesty is a good way.
ⓒ Honesty is the better way.
ⓓ Honesty is the best policy.
Hints : *Honesty is the best policy– সততা সর্বোৎকৃষ্ট পন্থা।*

33. The word 'sibling' means—
ⓐ A brother ⓑ A sister
ⓒ An infant ⓓ A brother or sister
Hints : *Sibling শব্দের অর্থ সহোদর; ভাই/বোন। সুতরাং সঠিক উত্তর অপশন (d)।*

34. What is the verb of 'Significance'?
ⓐ sign ⓑ significant
ⓒ signify ⓓ signature
Hints : *Significance (n.) অর্থ তাৎপর্য, এর verb signify অর্থ বোঝানো। অন্যদিকে, sign (n.) অর্থ চিহ্ন, significant (adj.) অর্থ অর্থপূর্ণ, signature (n.) অর্থ স্বাক্ষর।*

35. Who is the poet of Victorian age?
ⓐ Helen Keller ⓑ Matthew Arnold
ⓒ Shakespeare ⓓ Robert Browning
Hints : *Matthew Arnold (1822-1888) ছিলেন Victorian যুগের অন্যতম একজন কবি। Victorian period ছিল (1832-1901) পর্যন্ত।*

36. The word 'Offspring' means—
ⓐ Twins ⓑ Children
ⓒ Strength ⓓ Winter
Hints : *Offspring শব্দের অর্থ বংশধর; সন্তানসন্ততি।*

37. I do not — his address.
ⓐ recollect ⓑ remember
ⓒ remind ⓓ recall
Hints : *কোনো চেষ্টা না করেই মনে করা বোঝাতে remember ব্যবহৃত হয়। অন্যদিকে recollect এবং recall চেষ্টা করে মনে করাকে বোঝায়, remind অন্য কাউকে মনে করানোকে বোঝায়।*

38. What is the meaning of 'premium'?
ⓐ Contaminate ⓑ Condone
ⓒ Best ⓓ Large
Hints : *Premium অর্থ সেরা; উচ্চমানের। সুতরাং অপশন (c) সঠিক উত্তর।*

39. 'Few know where he is' Here few is used as—
ⓐ Pronoun ⓑ Adjective
ⓒ Noun ⓓ Adverb
Hints : *Few একটি indefinite pronoun.*

40. Verb of the word 'able' is —
ⓐ ability ⓑ enable
ⓒ able ⓓ disable
Hints : *Able (adj.) -এর verb – enable. Ability – (n), disable – (adj.)*

41. ১, ৫, ৬, ১১, ১৭, ২৮, ... সংখ্যাগুলোর পরবর্তী সংখ্যাটি কী?
ⓐ ৩৩ ⓑ ৪৫ ⓒ ৫০ ⓓ ৫৬
Hints : *প্রদত্ত ধারা : ১, ৫, ৬, ১১, ১৭, ২৮, ... এটি একটি ফিবোনাক্কি ধারা। তাই আগের দুই সংখ্যার যোগফল হবে পরবর্তী সংখ্যা এবং এভাবে ক্রমবর্ধমান।*
∴ পরবর্তী সংখ্যাটি = ১৭ + ২৮ = ৪৫

42. ১ হতে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?
ⓐ ২১টি ⓑ ২৫টি ⓒ ২৩টি ⓓ ২৯টি
Hints : *১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২৫টি।*

43. একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে তার লাভ হবে–
ⓐ ১০% ⓑ ১২% ⓒ ১৩% ⓓ ১২ ½%

Ans.	
30	c
31	b
32	d
33	d
34	c
35	b
36	b
37	b
38	c
39	a
40	b
41	b
42	b
43	b

Hints : *১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা*
∴ ২ " " " ২৫ × ২ = ৫০ টাকা
আবার, ২ হালি ডিমের বিক্রয়মূল্য ৫৬ টাকা
∴ লাভ = (৫৬ – ৫০) টাকা = ৬ টাকা
৫০ টাকায় লাভ হয় ৬ টাকা
∴ ১ " " " $\frac{৬}{৫০}$ "
∴ ১০০ " " " $\frac{৬ \times ১০০}{৫০}$ " = ১২ টাকা

44. একজন সৌড়বিদ ৪০০ মিটার বিশিষ্ট গোলাকার ট্রাকে ২৪ চক্কর সৌড়ালে, সে কত দূরত্ব সৌড়াল?
ⓐ ৯.৬ কিমি ⓑ ৯ কিমি ⓒ ১২ কিমি ⓓ ৮ কিমি
Hints : *১ চক্কর সৌড়ালে দূরত্ব অতিক্রম করে ৪০০ মিটার*
∴ ২৪ " " " " (৪০০ × ২৪)"
= ৯৬০০ মিটার
= $\frac{৯৬০০}{১০০০}$ কিমি
= ৯.৬ কিমি

45. ১ কিলোমিটার সমান—
ⓐ ১.৬১ মাইল ⓑ ০.৬২ মাইল
ⓒ ০.৬৯ মাইল ⓓ ০.৬১ মাইল
Hints : *আমরা জানি, ১ কিলোমিটার = ০.৬২ মাইল।*

46. এককের আন্তর্জাতিক পদ্ধতি—
i. এর বৈশিষ্ট্য দশ গুণোত্তর; ii. অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সে প্রথম চালু হয়; iii. বাংলাদেশে ১ জুলাই ১৯৮১ সালে চালু হয়
নিচের কোন উত্তরটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii
Hints : *এককের আন্তর্জাতিক পদ্ধতিকে International System of Unit বা সংক্ষেপে SI পদ্ধতি বলা হয়। এ পরিমাপের বৈশিষ্ট্য হলো এটা দশগুণোত্তর। অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সে প্রথম এ পদ্ধতি প্রবর্তন করা হয়। আন্তর্জাতিকভাবে এ পদ্ধতি চালু হয় ১৯৬০ সালে আর বাংলাদেশে ১ জুলাই ১৯৮২ সাল থেকে এ পদ্ধতি চালু করা হয়। অর্থাৎ সঠিক উত্তর (a)।*

47. দুটি সংখ্যার যোগফল 60 ও বিয়োগফল 20 হলে, সংখ্যা দুটি হলো :
ⓐ 35 ও 25 ⓑ 15 ও 45
ⓒ 10 ও 50 ⓓ 40 ও 20
Hints : *মনে করি, সংখ্যা দুটি x ও y; x > y*
শর্তমতে, x + y = 60 ... (i)
এবং x – y = 20 ... (ii)

(i) + (ii)	আবার, (i) – (ii)
x + y = 60	x + y = 60
x – y = 20	x – y = 20
2x = 80	(–) (+) (–)
∴ x = 40	2y = 40
	∴ y = 20

∴ সংখ্যা দুটি 40 ও 20।

48. ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?
ⓐ ৬১ ⓑ ৬৯ ⓒ ৭১ ⓓ ৭৩
Hints : *৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা যথাক্রমে ৯৭ ও ৪১।*
∴ মৌলিক সংখ্যাদ্বয়ের গড় = $\frac{৯৭ + ৪১}{২}$
= $\frac{১৩৮}{২}$ = ৬৯

49. m-এর মান কত হলে $4x^2 - mx + 9$ একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
ⓐ 16 ⓑ 12
ⓒ 10 ⓓ 9
Hints : *$4x^2 - mx + 9 = (2x)^2 + (3)^2 - 2.2x.3 - mx + 2.2x.3 = (2x - 3)^2 + 12x - mx$*
রাশিটি পূর্ণবর্গ হবে যদি 12x – mx = 0
12x = mx
∴ m = 12

50. ০.০০০০০১ × ০.৯০০১ = ?
ⓐ ০.০০০০০০৯০০১ ⓑ ০.০০০০০৯০০১
ⓒ ০.০০৯০১ ⓓ ০.০০০০৯০১
Hints : *০.০০০০০১ × ০.৯০০১*
= $\frac{১}{১০০০০০০} \times \frac{৯০০১}{১০০০০}$
= $\frac{৯০০১}{১০০০০০০০০০}$
= ০.০০০০০৯০০১

51. দুটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল ২৪ এবং একটি সংখ্যা ১৩ হলে অপরটি হবে?
ⓐ ১১ ⓑ ৯
ⓒ ১৫ ⓓ ৭
Hints : *মনে করি, অপর সংখ্যাটি x*
শর্তমতে, x + ১৩ = ২৪
বা, x = ২৪ – ১৩
∴ x = ১১


Ans.	
44	a
45	b
46	a
47	d
48	b
49	b
50	a
51	a

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

52. প্রবৃদ্ধ কোণের মান—
ⓐ ১৮০° এর চেয়ে বেশি ⓑ ১৮০° এর সমান
ⓒ ১৮০° এর চেয়ে কম ⓓ ৩৬০°
Hints : *১৮০° এর চেয়ে বড় কিন্তু ৩৬০° এর চেয়ে ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।*

53. পিথাগোরাস একজন—
ⓐ দার্শনিক ও গণিতবিদ ⓑ পদার্থবিদ
ⓒ রসায়নবিদ ⓓ অর্থনীতিবিদ
Hints : *পিথাগোরাস (৫৫৭-৪৯৭ খ্রিষ্ট পূর্বাব্দ) একজন গ্রিক দার্শনিক ও গণিতবিদ ছিলেন। তিনি অধিবিদ্যা, নীতিশাস্ত্র, সংগীত, ধর্ম, রাজনীতি ইত্যাদি বিষয়ে নিয়ে আগ্রহী ছিলেন।*

54. সমবাহু ত্রিভুজের একটি বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের যোগফল কত ডিগ্রি?
ⓐ ১০০° ⓑ ১৪০° ⓒ ২৪০° ⓓ ৩৪০°
Hints :



সমবাহু ত্রিভুজে উৎপন্ন প্রত্যেকটি বহিঃস্থ কোণের মান ১২০°। এখানে একটি বাহুকে উভয়দিকে বর্ধিত করায় দুটি বহিঃস্থ কোণ উৎপন্ন হয়েছে।
∴ উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের সমষ্টি = ১২০° + ১২০° = ২৪০°

55. রম্বসের—
i. চারটি বাহু পরস্পর সমান
ii. বিপরীত কোণগুলো পরস্পর সমান
iii. কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে
নিচের কোন উত্তরটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii
Hints : *সামান্তরিকের কোনো এক সন্নিহিত বাহুদ্বয় সমান হলে এবং একটি কোণও সমকোণ না হলে, তাকে রম্বস বলা হয়।*
রম্বসের চারটি বাহুই সমান।
বিপরীত কোণদ্বয় পরস্পর সমান।
রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
∴ প্রদত্ত অপশন অনুযায়ী সঠিক উত্তর (d)।

56. ২০টি স্বাভাবিক সংখ্যার যোগফল—
ⓐ ২২০ ⓑ ২১০ ⓒ ১১০ ⓓ ১২০
Hints : *এখানে, $n = ২০$*
∴ ২০টি স্বাভাবিক সংখ্যার যোগফল $= \frac{২০ \times (২০+১)}{২}$
$\left[\text{সমষ্টি} = \frac{n(n+১)}{২}\right]$
$= ১০ \times ২১$
$= ২১০$

57. একটি বৃত্তের ব্যাস $\frac{৭}{১১}$ সেমি হলে, এর পরিধি কত?
ⓐ ২ সে.মি. ⓑ ৭ সে.মি. ⓒ ২২ সে.মি. ⓓ ৩ সে.মি.
Hints : *দেওয়া আছে, বৃত্তের ব্যাস, $২r = \frac{৭}{১১}$*
∴ বৃত্তের পরিধি = ২πr
$= \frac{৭}{১১} \times \frac{২২}{৭} \left[\because \pi = \frac{২২}{৭}\right]$
$= ২$ সেমি।

58. a, b, c ক্রমিক সমানুপাতিক হলে নিচের কোনটি সঠিক?
ⓐ $a^2 = bc$ ⓑ $b^2 = ac$
ⓒ $ab = bc$ ⓓ $a = b = c$
Hints : *a, b, c ক্রমিক সমানুপাতিক হলে,*
আমরা জানি, $a : b = b : c$
$\Rightarrow \frac{a}{b} = \frac{b}{c}$
$\therefore b^2 = ac$

59. একটি বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে তার ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পায়?
ⓐ ২ গুণ ⓑ ৩ গুণ ⓒ ৪ গুণ ⓓ ৬ গুণ
Hints : *মনে করি, বর্গের বাহুর দৈর্ঘ্য $= x$*
∴ বর্গের ক্ষেত্রফল $= x^2$
বাহুর দৈর্ঘ্য ২ গুণ করলে নতুন দৈর্ঘ্য $= ২x$
∴ " " ২ " " " ক্ষেত্রফল $= (২x)^2$
$= ৪x^2$
$= ৪ \times x^2$
∴ ক্ষেত্রফল ৪ গুণ বৃদ্ধি পাবে।

60. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৬ সেমি ও ৪ সেমি হলে এর ক্ষেত্রফল কত?
ⓐ 24 সেমি ⓑ 24 বর্গ সেমি
ⓒ 24 বর্গমিটার ⓓ 24 মিটার
Hints : *সমকোণী ত্রিভুজের*
ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল
$= \left(\frac{1}{2} \times ৬ \times ৪\right)$ বর্গ সেমি
$= ২৪$ বর্গ সেমি

Ans.	
52	a
53	a
54	c
55	d
56	b
57	a
58	b
59	c
60	b

61. 'আতাকামা' মরুভূমি কোন দেশে অবস্থিত?
ⓐ চিলি ⓑ ইকুয়েডর
ⓒ দ. আফ্রিকা ⓓ সৌদিআরব
Hints : *আতাকামা মরুভূমি উত্তর চিলিতে অবস্থিত একটি শীতল, শুষ্ক, বৃষ্টিবিহীন মরুভূমি। এই মরুভূমির উত্তর অংশের সাথে পেরুর সীমান্ত রয়েছে। উল্লেখ্য, পৃথিবীর বৃহত্তম মরুভূমি 'সাহারা' আফ্রিকা মহাদেশে অবস্থিত।*

62. ২০২৩ সালে জাতিসংঘ পানি সম্মেলন কোথায় হয়?
ⓐ ওয়াশিংটন ⓑ লন্ডন ⓒ নিউইয়র্ক ⓓ জেনেভা
Hints : *জাতিসংঘ পানি সম্মেলন ২২ মার্চ ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিত হয়। ১৯৭৭ সালের পর তথা ৪৬ বছর পর জাতিসংঘ আয়োজিত এটি প্রথম আন্তর্জাতিক পানি সম্মেলন। ২০২৩ সালে জাতিসংঘ পানি সম্মেলনের সহসভাপতি নির্বাচিত হয় বাংলাদেশ।*

63. ১৩ বিশ্বকাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?
ⓐ ভারত ⓑ শ্রীলংকা
ⓒ পাকিস্তান ⓓ নিউজিল্যান্ড
Hints : *১৩তম ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপ ১০টি দলের অংশগ্রহণে ৫ অক্টোবর–১৯ নভেম্বর ২০২৩ ভারতে অনুষ্ঠিত হয়। এ বিশ্বকাপের ফাইনালে ৬ উইকেটে ভারতকে হারিয়ে অস্ট্রেলিয়া ষষ্ঠবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।*

64. পৃথিবীর গভীরতম স্থান কোনটি?
ⓐ ম্যারিয়ানা ট্রেঞ্চ ⓑ ডেড সী
ⓒ বৈকাল হ্রদ ⓓ প্রশান্ত মহাসাগর
Hints : *পৃথিবীর গভীরতম স্থান মারিয়ানা ট্রেঞ্চ ফিলিপাইনের পূর্বে, প্রশান্ত মহাসাগরের পশ্চিমে অবস্থিত। এর গভীরতম অংশের গভীরতা ১১,০৩৪ মিটার বা ৩৬,২০১ ফুট।*

65. ফেসবুকের সদর দপ্তর—
ⓐ সিয়াটল ⓑ ক্যালিফোর্নিয়া
ⓒ ওয়াশিংটন ⓓ নিউইয়র্ক
Hints : *সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook ২০০৪ সাল থেকে এর যাত্রা শুরু করে। এর সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।*

66. কোনটি প্রাচীন সভ্যতা?
ⓐ গ্রিস ⓑ রোম
ⓒ সিন্ধু ⓓ মেসোপটেমিয়া
Hints : *সেচনির্ভর প্রাচীন মেসোপটেমিয়া সভ্যতাটি গড়ে উঠেছিল ইউফ্রেটিস ও টাইগ্রিস (ফোরাত ও দজলা) নদীর তীরে। ইরাক, ইরান, সিরিয়া ও তুরস্ক অঞ্চল জুড়েও বিস্তৃতি ছিল বিশ্বের সবচেয়ে প্রাচীন এ সভ্যতার।*

67. ফিফা বিশ্বকাপ ফুটবল কখন প্রথম অনুষ্ঠিত হয়?
ⓐ ১৯২৯ ⓑ ১৯৩০ ⓒ ১৯৩১ ⓓ ১৯৩২
Hints : *১৯৩০ সালে ফিফা বিশ্বকাপ ফুটবল প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় উরুগুয়েতে। বিশ্বকাপ ফুটবলের প্রথম আসরে চ্যাম্পিয়ন হয় উরুগুয়ে এবং রানার্সআপ হয় আর্জেন্টিনা। ১৩ জুলাই ১৯৩০ বিশ্বকাপ ফুটবলের প্রথম ম্যাচটি অনুষ্ঠিত হয় ফ্রান্স ও মেক্সিকোর মধ্যে। উল্লেখ্য, ফিফা বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর সর্বশেষ ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত হয়। চ্যাম্পিয়ন হয় আর্জেন্টিনা ও রানার্সআপ হয় ফ্রান্স। বিশ্বকাপ ফুটবলের ২৩তম ২০২৬ সালে আসর যৌথভাবে অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয়।*

68. IRRI কোথায় অবস্থিত?
ⓐ ভারত ⓑ বাংলাদেশ ⓒ চীন ⓓ ফিলিপাইন
Hints : *International Rice Research Institute (IRRI) বা আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তর ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অবস্থিত। এটি ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়। সংস্থাটি ভিটামিন 'এ' সমৃদ্ধ গোল্ডেন রাইস উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উল্লেখ্য, Bangladesh Rice Research Institute (BRRI) গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত।*

69. সুয়েজ খাল কোথায় অবস্থিত?
ⓐ মিসর ⓑ সৌদিআরব ⓒ ইরান ⓓ জর্ডান
Hints : *সুয়েজ খাল অবস্থিত মিসরে। সুয়েজ খালের খনন শুরু হয় ১৮৫৯ সালে এবং উদ্বোধন করা হয় ১৮৬৯ সালে। আর খালটি জাতীয়করণ করা হয় ১৯৫৬ সালে। সুয়েজখাল ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে যুক্ত করেছে।*

70. ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন উদ্বোধন হয়—
ⓐ ২০২৩ সালে ⓑ ২০২২ সালে
ⓒ ২০২১ সালে ⓓ ২০২০ সালে
Hints : *ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপ লাইন ১৮ মার্চ ২০২৩ উদ্বোধন করা হয়। এই পাইপ লাইনের দৈর্ঘ্য ১৩০ কিমি। ভারত থেকে ডিজেল আমদানি করার জন্য ভারতের শিলিগুড়ি হতে বাংলাদেশের দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলা পর্যন্ত পাইপলাইনটি স্থাপন করা হয়েছে।*

Ans.	
61	a
62	c
63	a
64	a
65	b
66	d
67	b
68	d
69	a
70	a

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

71. 'গণহত্যা জাদুঘর' কোথায় অবস্থিত?
ⓐ ঢাকা ⓑ চট্টগ্রাম
ⓒ কুমিল্লা ⓓ খুলনা
Hints : *ইতিহাসবিদ ড. সুলতাসীর মাসুদের উৎসাহে ২০১৪ সালের ১৭ মে খুলনায় ১৯৭১ : গণহত্যা নির্যাতন আর্কাইভ ও জাদুঘরের যাত্রা শুরু হয়। সংক্ষেপে এটি 'গণহত্যা জাদুঘর' নামে পরিচিত। এটি দক্ষিণ এশিয়ার একমাত্র গণহত্যা জাদুঘর। উল্লেখ্য, দুকলসর বধ্যভূমি এখানে অবস্থিত।*

72. আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা—
ⓐ কুমিল্লা ⓑ রাঙামাটি
ⓒ ময়মনসিংহ ⓓ চট্টগ্রাম
Hints : *আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙামাটি। জনসংখ্যায় বাংলাদেশের বৃহত্তম জেলা ঢাকা। আয়তনে বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা নারায়ণগঞ্জ। জনসংখ্যায় বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা বান্দরবান।*

73. 'মণিপুরী' ক্ষুদ্র নৃগোষ্ঠী কোন জেলায় বাস করে?
ⓐ খুলনা ⓑ পটুয়াখালী
ⓒ মৌলভীবাজার ⓓ নেত্রকোণা
Hints : *মণিপুরী বাংলাদেশের অন্যতম ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়। বর্তমানে মণিপুরীরা সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলায় বসবাস করছে।*

74. কত সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা হবে?
ⓐ ২০৩৯ ⓑ ২০৩০ ⓒ ২০৪১ ⓓ ২০৪০
Hints : *২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন উপলক্ষে স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। স্মার্ট বাংলাদেশের ভিত্তি ৪টি। যথা : ১. স্মার্ট সিটিজেন, ২. স্মার্ট ইকোনমি, ৩. স্মার্ট গভর্নমেন্ট এবং ৪. স্মার্ট সোসাইটি।*

75. দেশের একমাত্র বিদ্যুৎ সঞ্চালন সংস্থার নাম—
ⓐ PGCB ⓑ PCGB ⓒ BGCP ⓓ TBCP
Hints : *বাংলাদেশের একমাত্র বিদ্যুৎ সঞ্চালন প্রতিষ্ঠান পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (PGCB)। এটি ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, বাংলাদেশে বিদ্যুৎ বিতরণ সংস্থা রয়েছে ৬টি।*

76. মুক্তিযুদ্ধের সময় কয়টি সেক্টর বিভক্ত ছিল?
ⓐ ৯ ⓑ ১০ ⓒ ১১ ⓓ ১২
Hints : *জেনারেল এম. এ. জি. ওসমানী আনুষ্ঠানিকভাবে সশস্ত্র বাহিনী এবং মুক্তিবাহিনীর প্রধান সেনাপতির দায়িত্ব গ্রহণ করে মুক্তিযুদ্ধ পরিচালনার সামরিক কৌশল হিসেবে তৎকালীন পূর্ব পাকিস্তানের সমগ্র ভৌগোলিক এলাকাকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব-সেক্টরে ভাগ করেন।*

77. 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর সংগীতশিল্পীর নাম—
ⓐ জর্জ রবার্ট ⓑ জর্জ ওয়াকার
ⓒ জর্জ হারিসন ⓓ জর্জ হ্যারিসন
Hints : *'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠানটি ১ আগস্ট ১৯৭১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয়। এটি ছিল মুক্তিযুদ্ধকালে বাংলাদেশি শরণার্থীদের পক্ষে জনমত ও তহবিল সংগ্রহের জন্য আয়োজিত কনসার্ট। 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর উদ্যোক্তা ছিলেন জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর এবং অনুষ্ঠানটির পরিচালক ছিলেন সল সুইমার।*

78. বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি—
ⓐ ৫টি ⓑ ৪টি ⓒ ৩টি ⓓ ৬টি
Hints : *গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮নং অনুচ্ছেদ অনুযায়ী সংবিধানের মূলনীতি ৪টি। যথা- জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। উল্লেখ্য, বাংলাদেশের সংবিধানে ১১টি ভাগ, ১৫৩টি অনুচ্ছেদ এবং ৭টি তফসিল রয়েছে।*

79. যুক্তরাষ্ট্র কত সালে স্বাধীনতা লাভ করে?
ⓐ ১৭৭৬ ⓑ ১৮৭৬
ⓒ ১৮৭২ ⓓ ১৭৭২
Hints : *৪ জুলাই ১৭৭৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা ঘোষণা করে। ৩ সেপ্টেম্বর ১৭৮৩ প্যারিস শান্তি চুক্তির মাধ্যমে দেশটি ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে।*

80. বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি কে?
ⓐ জনাব শাহাবুদ্দিন আহমেদ
ⓑ জনাব লতিফুর রহমান
ⓒ জনাব আফজল
ⓓ জনাব এ. এস. এম সায়েম
Hints : *বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি ছিলেন জনাব আবু সাদাত মোহাম্মদ সায়েম। বর্তমানে দেশের প্রধান বিচারপতি ওবায়দুল হাসান (২৪তম)। উল্লেখ্য, সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান বিচারপতিকে নিয়োগ দেন।*

Ans.
71 d
72 b
73 c
74 c
75 a
76 c
77 d
78 b
79 a
80 d

BANGLADESH BANK
Officer Cash 2023
Examination Held On : 21.07.2023; Time : 1 Hours; Total Marks : 100

01. জীবনানন্দ দাশের প্রকাশিত প্রথম কবিতা কোনটি?
ⓐ বর্ষ আবাহন ⓑ ঝরাপালক
ⓒ দেশবন্ধুর প্রয়াণে ⓓ মহাপৃথিবী
Hints : *কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদের 'ব্রহ্মবাদী' পত্রিকার ২০তম বর্ষের বৈশাখ সংখ্যায় (বাংলা ১৩২৬, ইংরেজি ১৯২০) দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় জীবনানন্দ দাশের 'বর্ষ আবাহন' কবিতাটি দেখতে পান। প্রথমে 'শ্রী' নামে লেখকের নাম থাকলেও পরবর্তীতে চৈত্র সংখ্যায় জীবনানন্দ দাশ বি.এ. নামে লেখকের নাম পাওয়া যায়। এটিই জীবনানন্দ দাশের প্রথম কবিতা। অন্যদিকে, 'ঝরা পালক' (১৯২৮) তার প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রয়াণ উপলক্ষ্যে কবি লেখেন 'দেশবন্ধুর প্রয়াণে' কবিতাটি।*

02. 'ঘ'-এর উচ্চারণস্থানগত অবস্থান কী?
ⓐ কণ্ঠ ⓑ তালব্য
ⓒ দন্তমূলীয় ⓓ মূর্ধন্য ব্যঞ্জন
Hints : *উচ্চারণস্থানগত অবস্থান অনুযায়ী তালব্য বর্ণগুলো হলো– চ, ছ, জ, ঝ, ঞ, শ, য, য়। অন্যদিকে, কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ– ক, খ, গ, ঘ, ঙ। মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ– ট, ঠ, ড, ঢ, ণ, ষ, র, ড়, ঢ়।*

03. কোনটি নিলীন বর্ণ?
ⓐ অ ⓑ ই ⓒ আ ⓓ ও
Hints : *'নিলীন' অর্থ বিলীন বা নিমগ্ন থাকা। শব্দের মধ্যে অন্য বর্ণের সঙ্গে বিলীনভাবে ব্যবহৃত বা নিলীন বর্ণ হলো 'অ'। যেমন– কর, বল। এখানে ক এবং র আর ব এবং ল বর্ণের সঙ্গে অ বিলীন হয়ে আছে। (ক্ + অ + র্ + অ; ব্ + অ + ল্ + অ)।*

04. 'এ'-এর বিবৃত উচ্চারণ কোনটি?
ⓐ এ্যা ⓑ আ ⓒ এ ⓓ ঐ
Hints : *'এ'-ধ্বনির উচ্চারণ দুই রকম। যথা : সংবৃত ও বিবৃত। 'এ'-এর বিবৃত উচ্চারণ হলো 'অ্যা'। যেমন : খেলা - (খ্যালা)। 'বিবৃত' শব্দের অর্থ– প্রকাশিত, বর্ণিত, প্রসারিত, বিস্তৃত, উন্মুক্ত ও খোলা। 'এ'-ধ্বনির এই বিবৃত উচ্চারণ কেবল শব্দের আদিতেই পাওয়া যায়, শব্দের মধ্যে ও অন্তে পাওয়া যায় না।*

05. 'ভবিষ্যৎ' শব্দটির উচ্চারণ কোনটি?
ⓐ ভোবিশ্‌শত্ ⓑ ভবিশ্‌শতো
ⓒ ভোবিষ্যত ⓓ ভোবিষ্‌শত্
Hints : *'ভবিষ্যৎ' শব্দের উচ্চারণ হলো ভোবিশ্‌শত্। এরকম আরও গুরুত্বপূর্ণ শব্দের উচ্চারণ : আহ্বান - আওভান্, অক্ষর - ওক্‌খোর্, অনুশাসন - অনুশাশোন্, সুন্দর - শুন্দর, সম্মান - শম্মান্, যুগ্ম - জুগ্মো।*

06. নিচের কোনটি সমীভবনের উদাহরণ?
ⓐ করতে > কত্তে ⓑ লেবু > নেবু
ⓒ শাক > শাগ ⓓ বসু > বোস
[Note : *অপশনে সঠিক উত্তর নেই। সম্পৃক্তর্ষ বা ধ্বনিলোপ বা স্বরলোপের ক্ষেত্রে আধুনিক চলিত বাংলায় অনেক ক্ষেত্রে র-কার লোপ পায় এবং পরবর্তী ব্যঞ্জন দ্বিত্ব হয়। যেমন– করতে > কত্তে। পদের অন্তর্গত কোনো বর্ণ পরিবর্তিত হয়ে নতুন রূপ ধারণ করলে তাকে ধ্বনিবিকার বা বর্ণবিকৃতি বা ব্যঞ্জনবিকৃতি বলে। যেমন : শাক > শাগ, লেবু > নেবু। ধ্বনিলোপের ক্ষেত্রে শব্দের শেষের স্বরধ্বনি উচ্চারণ থেকে বাদ গেলে তাকে অন্ত্যস্বর লোপ বলে। যেমন : বসু > বোস। তাই এগুলো সমীভবন-এর উদাহরণ নয়।]*

07. বাংলা একাডেমি কত সালে 'প্রমিত বানানের নিয়ম' প্রণয়ন করে?
ⓐ ১৯৯১ সালে ⓑ ১৯৯২ সালে
ⓒ ১৯৩৬ সালে ⓓ ১৯৮৮ সালে
Hints : *বাংলা বানানের নিয়ম বেঁধে দেওয়ার প্রথম দায়িত্ব পালন করে কলকাতা বিশ্ববিদ্যালয় ১৯৩৬ সালে। এ যাবৎ কলকাতা বিশ্ববিদ্যালয় নির্দেশিত নিয়ম অনুসরণ করে চলা হলেও নানা বানানের বিশৃঙ্খলতা ও বিভ্রান্তি দূরীকরণে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ১৯৮৮ সালে কর্মশালা করে। যেখানে বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করা হয় এবং চূড়ান্তভাবে তা গৃহীত হয়। ফলে বাংলা একাডেমি ১৯৯২ সালের এপ্রিলে প্রমিত বাংলা বানানের নিয়ম নির্ধারণের জন্য উদ্যোগ গ্রহণ করে এবং ১৯৯৪ সালে তা চূড়ান্তভাবে গৃহীত হয়।*

Ans.
01 a
02 b
03 a
04 b
05 a
06 Note
07 b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

08. নিচের কোনটি শুদ্ধ?
ⓐ পোষ্ট ⓑ ষ্টেশন ⓒ কর্ণেল ⓓ বাদ্যুন
[Note : আরবি, ফারসি, ইংরেজি ইত্যাদি বিদেশি ভাষা থেকে আগত শব্দে 'ষ' হয় না। তাই 'পোস্ট' ও 'স্টেশন' বানান দুটি সঠিক। আবার 'বাদ্যুন' শব্দটিও সঠিক ॥]

09. নিচের কোনটি সঠিক?
ⓐ √গে + কি = গীতি ⓑ √গে + ক্তী = গীতি
ⓒ √গে + কি = গিতী ⓓ √গে + কি = গীতি
Hints : বিশেষ নিয়মে গঠিত নিপাতনে সিদ্ধ সংস্কৃত কৃৎ-প্রত্যয় হলো- √গে + কি = গীতি, √সিধ্ + কি = সিদ্ধি, √বৃধ্ + কি = বৃদ্ধি, √শক্ + কি = শক্তি।

10. ঠাকুরের নিম্নোক্ত কোন তিনটি গল্পেই মুসলমান চরিত্র রয়েছে?
ⓐ মুকুট, ছুটি ও মুসলমানীর গল্প
ⓑ কাবুলিওয়ালা, মুসলমানীর গল্প ও সমাপ্তি
ⓒ ক্ষুধিত পাষাণ, মুকুট ও সুভা
ⓓ সমস্যাপূরণ, মুকুট ও সুভা
[Note : রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পে মুসলমান চরিত্র হিসেবে- মুকুট (সেনাপতি ইশা খাঁ), মুসলমানীর গল্প (হবির খাঁ), কাবুলিওয়ালা (রহমত শেখ), ক্ষুধিত পাষাণ (মেহের আলী), সমস্যাপূরণ (মির্জাবিবি, অছিমদ্দি বিশ্বাস) আছে। কিন্তু ছুটি, সমাপ্তি ও সুভা ছোটগল্পে কোনো মুসলমান চরিত্র না থাকায় অপশনে সঠিক উত্তর নেই ॥]

11. 'এ ভরা বাদর, মাহ ভাদর শূন্য মন্দির মোর'— কে লিখেছেন?
ⓐ চণ্ডীদাস ⓑ বিদ্যাপতি
ⓒ গোবিন্দ দাস ⓓ বিবেকানন্দ
Hints : বাংলা ভাষায় কোনো পঙ্‌ক্তি না লিখেও বাঙালিদের কাছে নমস্য বৈষ্ণব কবি ও পদ সংগীত ধারার রূপকার বিদ্যাপতি। বাংলা ও মৈথিলি ভাষার সমন্বয়ে গঠিত ব্রজবুলি ভাষায় তিনি বৈষ্ণবপদ রচনা করেন। এছাড়া মৈথিলি, অবহট্‌ঠ ও সংস্কৃত ভাষায়ও তিনি পদ রচনা করেন। রাধার প্রেমলীলার বিচিত্র পরিচয় তার পদে বিধৃত। এ প্রসঙ্গে কবির 'বর্ষাবিরহ'-এর শ্রেষ্ঠ পদটি হলো–

সখি হমারি দুখক নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ॥

12. 'গড্ডলিকা' ছোটগল্প কার রচিত?
ⓐ রাজশেখর বসু ⓑ সুবোধ ঘোষ
ⓒ প্রমথ চৌধুরী ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর
Hints : বাংলা সাহিত্যে 'পরশুরাম' ছদ্মনামে ব্যঙ্গ ও হাস্যরসের গল্প লিখে প্রভূত খ্যাতি অর্জন করেন রাজশেখর বসু (১৮৮০–১৯৬০)। তার উল্লেখযোগ্য ছোটগল্প– গড্ডলিকা (১৯২৪), কজ্জলী, হনুমানের স্বপ্ন, গল্পকল্প, কৃষ্ণকলি, আনন্দীবাঈ। তার 'চলন্তিকা' (১৯৩৭) বাংলা ভাষায় বহুল প্রচলিত একটি জনপ্রিয় অভিধান।

13. অভিধানে কোন শব্দটি আগে বসবে?
ⓐ চাঁদা ⓑ চানা ⓒ চালা ⓓ চাঁটি
Hints : অভিধানে ক্রমানুসারে বসবে চাঁটি, চাঁদা, চানা ও চালা।

14. নিচের কোন শব্দটি তুর্কি শব্দ?
ⓐ ফিতা ⓑ পেয়ারা ⓒ কোর্মা ⓓ শিশি
Hints : বাংলা ভাষায় আগত তুর্কি ভাষার কিছু শব্দ– কোর্মা, চাকর, চাকু, তোপ, দারোগা, কুলি, বাবা, বেগম, বাবুর্চি, লাশ, সওগাত, কাঁচি, তালাশ ইত্যাদি।

15. উভয় পদের অর্থ প্রধান থাকে কোন সমাসে?
ⓐ অব্যয়ীভাব সমাস ⓑ তৎপুরুষ সমাস
ⓒ দ্বন্দ্ব সমাস ⓓ বহুব্রীহি সমাস
Hints : যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের বা উভয় পদের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন– তাল ও তমাল = তাল-তমাল, দোয়াত ও কলম = দোয়াত-কলম। এখানে তাল ও তমাল এবং দোয়াত ও কলম প্রতিটি পদেরই অর্থের প্রাধান্য সমস্তপদে রক্ষিত হয়েছে।

16. বাংলাদেশের প্রথম ছাপাখানা কোনটি?
ⓐ বার্তাবহ যন্ত্র ⓑ বাংলা প্রেস
ⓒ রংপুর বার্তা ⓓ মিলন বার্তা প্রেস
Hints : উপমহাদেশে প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় ১৫৫৬ খ্রিষ্টাব্দে গোয়ায় পর্তুগিজ ভাষার মুদ্রণযন্ত্র হিসেবে। ১৭৭৮ খ্রিষ্টাব্দে হুগলিতে চার্লস উইলকিন্স প্রথম বাংলা ছাপাখানা স্থাপন করেন এবং তার নির্দেশনা অনুযায়ী পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন। আর বাংলাদেশের প্রথম ছাপাখানা হিসেবে ১৮৪৭–৪৮ খ্রিষ্টাব্দে রংপুরে প্রতিষ্ঠিত হয় 'বার্তাবহ যন্ত্র'। 'ঢাকা প্রেস' নামে ঢাকায় প্রথম ছাপাখানা স্থাপন হলেও ১৮৬০ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত 'বাংলা প্রেস' বা 'বাংলা যন্ত্র' ছাপাখানায় বাংলা মুদ্রণের কাজ প্রথম শুরু হয়।

17. 'যে অরণ্যে আলো নেই' নাটকের নাট্যকার হলেন–
ⓐ সৈয়দ শামসুল হক ⓑ আলাউদ্দিন আল আজাদ
ⓒ মমতাজউদ্দীন আহমেদ ⓓ নীলিমা ইব্রাহিম

Ans.	
08 Note	
09 a	
10 Note	
11 b	
12 a	
13 d	
14 c	
15 c	
16 a	
17 d	

Hints : বাংলাদেশের বিখ্যাত শিক্ষাবিদ, সাহিত্যিক ও সমাজকর্মী ড. নীলিমা ইব্রাহিমের (১৯২১–২০০২) মুক্তিযুদ্ধভিত্তিক বিখ্যাত নাটক হলো– 'যে অরণ্যে আলো নেই' (১৯৭৪)। তার আরও কয়েকটি নাটক হলো– দুয়ে দুয়ে চার, সূর্যাস্তের পর, রোদ জ্বলা বিকেল। মুক্তিযুদ্ধভিত্তিক তার একটি বিখ্যাত প্রবন্ধগ্রন্থ হলো– 'আমি বীরাঙ্গনা বলছি' (১৯৯৬)।

18. 'জলে ফেলা' বাগ্‌ধারাটির অর্থ কী?
ⓐ সুপাত্রে পড়া ⓑ জলের নিত্য ব্যবহার
ⓒ অপচয় করা ⓓ বিপদে পড়া
Hints : 'জলে ফেলা' বাগ্‌ধারার অর্থ– অপচয় করা। আরও কয়েকটি গুরত্বপূর্ণ বাগ্‌ধারা : গড্ডলিকা প্রবাহ– অন্ধ অনুকরণ, ভুশণ্ডির কাক- দীর্ঘজীবী, পাথরে পাঁচকিল– প্রবল সৌভাগ্য, রাই কুড়িয়ে বেল – ক্ষুদ্র থেকে বড়, বাঘের আধুলি – সামান্য সম্পদ।

19. 'সব বিষয়ে অল্প জ্ঞান যার' এককথায় প্রকাশ–
ⓐ পল্লগ্রাহী ⓑ সমা ⓒ অজয়া ⓓ স্মার্ত
Hints : 'সব বিষয়ে অল্প জ্ঞান যার'-এককথায় প্রকাশ হলো পল্লগ্রাহী। অন্যদিকে, স্মৃতিশাস্ত্রে পন্ডিত যিনি- স্মার্ত।

20. 'তার দুই হাতেই আংটি' বাক্যে 'হাতেই' শব্দটি কী অর্থে ব্যবহার করা হয়েছে?
ⓐ দক্ষতা ⓑ প্রাচুর্যতা
ⓒ আঙুল ⓓ কর্তৃত্ব
Hints : বাংলা ভাষায় কতকগুলো বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়া-জাতীয় পদ রয়েছে যেগুলো বাক্যে বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয় এবং একই শব্দ ভিন্ন ভিন্ন বাক্যে ব্যবহৃত হয়ে ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করে। এদের আভিধানিক অর্থের সঙ্গে ব্যবহারিক অর্থের যথেষ্ট পার্থক্য থাকে। যেমন– 'তার দুই হাতেই আংটি' এই বাক্যে 'হাতেই' শব্দটি 'আঙুল' অর্থ প্রকাশ করে।

21. 'রাজায় রাজায় যুদ্ধ হয়' বাক্যে 'রাজায় রাজায়' কোন ধরনের কর্তৃকারক?
ⓐ প্রযোজ্য কর্তা ⓑ ব্যতিহার কর্তা
ⓒ সাধন কর্তা ⓓ উক্ত কর্তা
Hints : কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমন– 'রাজায় রাজায় যুদ্ধ হয়' বাক্যে 'রাজায় রাজায়' এবং 'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়' বাক্যে 'বাঘে-মহিষে' ব্যতিহার কর্তা।

22. নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?
ⓐ এবার মাছ ধরা যাক
ⓑ তোমার বেড়ানো হলো
ⓒ কোথা থেকে আসা হচ্ছে?
ⓓ সবকটি
Hints : যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়। ভাববাচ্যের কর্তায় ষষ্ঠী, দ্বিতীয়া অথবা তৃতীয়া বিভক্তি প্রযুক্ত হয়। তাই 'এবার মাছ ধরা যাক', 'তোমার বেড়ানো হলো' বাক্য দুটি ভাববাচ্য। আবার কখনো কখনো ভাববাচ্যে কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়। তাই 'কোথা থেকে আসা হচ্ছে?' বাক্যটি ভাববাচ্য।

23. নিচের কোন উপসর্গটি বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে পাওয়া যায়?
ⓐ নি ⓑ কু ⓒ প্র ⓓ সা
Hints : বাংলা উপসর্গ মোট ২১টি এবং তৎসম (সংস্কৃত) উপসর্গ ২০টি। এর মধ্যে আ, সু, বি, নি এই ৪টি উপসর্গ বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে পাওয়া যায়।

24. নিচের কোনটি ব্যতিক্রম?
ⓐ গীতাঞ্জলি ⓑ গীতালি
ⓒ গীতবিতান ⓓ গীতিগুচ্ছ
Hints : 'গীতাঞ্জলি' রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কাব্যগ্রন্থ, যার ইংরেজি অনুবাদ 'Song Offerings'। এর জন্য তিনি নোবেল পুরস্কারে ভূষিত হন। রবীন্দ্রনাথের আরেকটি কাব্য 'গীতবিতান' গ্রন্থের স্বরবিতানের স্বদেশ পর্যায়ের অন্তর্ভুক্ত হলো বাংলাদেশের জাতীয় সংগীত। 'গীতালি' (১৯১৪) রবীন্দ্রনাথের আরেকটি কাব্যগ্রন্থ। অন্যদিকে, 'গীতিগুচ্ছ' (১৯৬৫) সুকান্ত ভট্টাচার্যের একটি কাব্যগ্রন্থ।

25. 'সত্য মিথ্যা' ভাবানুবাদ উপন্যাসের লেখক কে?
ⓐ আলাউদ্দিন আল আজাদ
ⓑ আবু রুশদ
ⓒ আবুল মনসুর আহমেদ
ⓓ আবুল ফজল
Hints : বিশিষ্ট সাহিত্যিক ও সফল সাংবাদিক আবুল মনসুর আহমদ (১৮৯৮–১৯৭৯) তার সাহিত্যে সমকালীন সমাজজীবনে বিরাজমান অন্যায়-

Ans.	
18 c	
19 a	
20 c	
21 b	
22 d	
23 a	
24 d	
25 c	

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

অত্যাচারের চিত্র ব্যঙ্গাত্মক ভাষায় উপস্থাপন করেছেন। 'সত্য মিথ্যা' (১৯৫৩) তার একটি উপন্যাস, যেটি Johan Bojer-এর 'The Power of a Lie' গ্রন্থের বাংলা অনুবাদ। তার আরও দুটি উপন্যাস হলো 'জীবনক্ষুধা' (১৯৫৫) ও 'আবে হায়াত' (১৯৬৮)। তার উল্লেখযোগ্য গল্পগ্রন্থ : 'আমনা' (১৯৩৫) ও 'ফুড কনফারেন্স' (১৯৪৪)।

26. Which of the following word is plural?
ⓐ Physics ⓑ Ethics
ⓒ Scissors ⓓ News
Hints : *Scissors শব্দটি plural। অপশনের অন্য শব্দগুলোর শেষে s থাকলেও সেগুলো singular।*

27. Which one is noun?
ⓐ Nostalgic ⓑ Nostalgical
ⓒ Nostalgica ⓓ Nostalgia
Hints : *Nostalgia অর্থ স্মৃতিকাতরতা বা অতীত কাতরতা। এটি noun।*

28. The term VIGOR is the same is—
ⓐ Warmth ⓑ Courage
ⓒ Boldness ⓓ Strength
Hints : *Vigor অর্থ শারীরিক শক্তি বা তেজ। এটির সমার্থক শব্দ strength।*

29. Synonym of the word PROLIFIC is—
ⓐ Plenty ⓑ Fertile
ⓒ Conceptual ⓓ Predominant
Hints : *Prolific অর্থ উর্বর, প্রচুর পরিমাণে উৎপাদনশীল। এটির synonym fertile। Plenty, conceptual, predominant-এর অর্থ যথাক্রমে প্রাচুর্য, ধারণামূলক, কর্তৃত্বকর বা প্রভাবশালী।*

30. Antonym of the word FRINGE is—
ⓐ Center ⓑ Proximity
ⓒ Breadth ⓓ Outlet
Hints : *Fringe অর্থ পাড়, প্রান্ত। এটির antonym হচ্ছে center (কেন্দ্র)।*

31. Which of the following is the opposite of the word BONDAGE?
ⓐ Liberty ⓑ Thardom
ⓒ Enslavement ⓓ Serfdom
Hints : *Bondage অর্থ দাসত্ব। এটির opposite শব্দ liberty (স্বাধীনতা)।*

32. Which one of the following is the analogy of TROPHY : CONTESTANT?
ⓐ Baton : Runner ⓑ Loan : Cashier
ⓒ Honors : Student ⓓ Pride : Parent
Hints : *কোনো প্রতিযোগিতায় জিতলে প্রতিযোগী (contestant) trophy পায়। একইভাবে, কোনো student সাফল্যের সাথে ডিগ্রি অর্জন করলে honors (সম্মান) সার্টিফিকেট পায়।*

33. Which of the following resembles LOGIC : REASONING?
ⓐ Ethics : Behavior
ⓑ Sensitivity : Morality
ⓒ Bravery : Charisma
ⓓ Creativity : Enthusiasm
Hints : *যুক্তির (logic) সাহায্যে সিদ্ধান্তে পৌঁছানোর প্রক্রিয়াই reasoning। একইভাবে, ethics (নীতিশাস্ত্র বা নীতিকথা) আমাদের behaviour (আচরণ)-কে পরিচালনা করে।*

34. Which one of the following is the analogy of BENCH : STOOL?
ⓐ Room : Veranda ⓑ Table : Cupboard
ⓒ Cup : Saucer ⓓ Yardstick : Foot rule
Hints : *Bench ও stool উভয়ই বসার জন্য ব্যবহৃত হয়। একইভাবে, yardstick ও foot rule উভয়ই দৈর্ঘ্য মাপতে ব্যবহৃত হয়।*

35. Fill the gap in the sentence : 'He died—his country'. Choose the right preposition—
ⓐ for ⓑ of
ⓒ on ⓓ by
Hints : *দেশের জন্য বা কোনো মহৎ উদ্দেশ্যে মারা যাওয়া অর্থে die-এর পরে preposition হিসেবে for বসে।*

36. Fill in the gap of the sentence : 'You cannot get this book—such a price'.
ⓐ for ⓑ at ⓒ with ⓓ on
Hints : *এই দামে বা এত দামে বোঝাতে such a price-এর আগে at বসে।*

37. Which one of the following spelling is correct?
ⓐ Miscelaneous ⓑ Miscellaneous
ⓒ Miscelleneous ⓓ Misellaneous
Hints : *সঠিক বানান miscellaneous, যার অর্থ বিবিধ।*

Ans.	
26	c
27	d
28	d
29	b
30	a
31	a
32	c
33	a
34	d
35	a
36	b
37	b

38. Choose the correct spelling from the following—
ⓐ Sunami ⓑ Shunami
ⓒ Tsunami ⓓ Tsuname
Hints : *সঠিক বানান Tsunami (সুনামি)। জাপানি শব্দ 'tsunami' অর্থ harbour wave বা পোতাশ্রয়ের ঢেউ।*

39. Identify a substitute word for the following sentence : 'A name wrongly or unsuitably applied to a person or an object'—
ⓐ Misnaming ⓑ Misnomer
ⓒ Misreferring ⓓ Assigning
Hints : *নামের ভুল প্রয়োগকে misnomer বলে।*

40. Identify a substitute word for the following sentence : 'One who believes that all things and events in life are predetermined' —
ⓐ Egoist ⓑ Puritan ⓒ Fatalist ⓓ Tyrant
Hints : *যে ব্যক্তি বিশ্বাস করে সবকিছু পূর্ব নির্ধারিত বা ভাগ্যে বা তকদিরে লেখা থাকার কারণে ঘটে থাকে এবং তা নিয়ন্ত্রণ করা যায় না, তাকে fatalist বলে।*

41. Select the most appropriate option to complete the sentence : 'Do not quarrel over the money. Share it—the five of you'.
ⓐ among ⓑ between
ⓒ equally ⓓ by
Hints : *দুয়ের অধিক ব্যক্তির মধ্যে কোনোকিছু ভাগ করে দেওয়া বোঝালে among বসে।*

42. Pick appropriate word and complete the sentence : — at the top of my voice, I tried to warn everybody.'
ⓐ Having shouted ⓑ Being shouted
ⓒ Since I shouted ⓓ Shouting
Hints : *Simple sentence-এ finite verb ছাড়া অন্য verb বসাতে হলে তাকে non-finite (v + ing) form এ বসাতে হয়।*

43. Which one of the following sentences is correct?
ⓐ I found his pulse.
ⓑ I examined his pulse.
ⓒ I saw his pulse.
ⓓ I felt his pulse.
Hints : *Pulse চেক করা বোঝাতে take/feel pulse হয়।*

44. The word 'Itinerary' means—
ⓐ list of items to be discussed
ⓑ list of events of a fixed time
ⓒ plan of a journey
ⓓ record of events occurred in a day
Hints : *Itinerary অর্থ ভ্রমণসূচি। তাই সঠিক উত্তর (c) plan of a journey।*

45. Choose from the following options for correcting the underlined portion of the sentence : 'Matin is one of the few students who has brought real honor to the college'.
ⓐ has brought real honor to
ⓑ has really honored
ⓒ had brought real honor for
ⓓ have brought real honor to
Hints : *বাক্যে who দ্বারা few students বোঝাচ্ছে, তাই who-এর পরে have বসবে।*

Hints : *১৯৪৮ সালের ১ ডিসেম্বর হুবাবেই ব্যাংক, বেহাই ব্যাংক ও ডিবি আই ফার্মার ব্যাংকের একত্রীকরণের মাধ্যমে পিপলস ব্যাংক অব চায়না প্রতিষ্ঠিত হয়। এটি বিশ্বের বৃহত্তম কেন্দ্রীয় ব্যাংক। বর্তমানে এর সদর দপ্তর বেইজিংয়ে অবস্থিত। ১৯৫০-১৯৭৮ সাল পর্যন্ত চীনের এই ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংকিং ও বাণিজ্যিক ব্যাংকিং উভয় কার্যক্রম পরিচালনা করত। বিশ্বের প্রথম ব্যাংক 'ব্যাংক অব শক্তি' প্রতিষ্ঠিত হয় চীনে, আর বিশ্বের প্রথম কেন্দ্রীয় ব্যাংক সুইডেনের রিকস ব্যাংক। উল্লেখ্য, বিশ্বের প্রথম আধুনিক কেন্দ্রীয় ব্যাংক হলো ব্যাংক অব ইংল্যান্ড।*

82. DNA stands of —.
ⓐ Dioxyribosnucleic acid
ⓑ Deoxyribonucleic acid
ⓒ Dihydralnucleic acid
ⓓ Disacchrideic acid
Hints : *DNA-এর পূর্ণরূপ হলো Deoxyribo Nucleic Acid. DNA ক্রোমোজোমের প্রধান উপাদান এবং জীবের চারিত্রিক বৈশিষ্ট্যের ধারক এবং বাহক, যা জীবের চারিত্রিক বৈশিষ্ট্য সরাসরি বহন করে মাতাপিতা থেকে তাদের বংশধরে নিয়ে যায়।*

83. 'Rajbondir Jabanbondi' was wirtten by —.
ⓐ Kazi Nazrul Islam
ⓑ Rabindranath Tagore
ⓒ Sikandar Abu Zafar
ⓓ Munier Choudhury
Hints : *'রাজবন্দীর জবানবন্দী' কাজী নজরুল ইসলাম রচিত প্রবন্ধগ্রন্থ। এছাড়াও- যুগবাণী, দুর্দিনের যাত্রী ও রুদ্রমঙ্গল তার রচিত প্রবন্ধগ্রন্থ।*

84. Which country first recognized Bangladesh as an independent nation?
ⓐ India ⓑ Poland
ⓒ Bhutan ⓓ Sri Lanka
Hints : *বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান (৬ ডিসেম্বর ১৯৭১)। ভুটানের কিছু সময় পর ভারতও ৬ ডিসেম্বর ১৯৭১ দ্বিতীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয়।*

85. 'Rupiah' is the currency of—
ⓐ India ⓑ Pakistan
ⓒ Nepal ⓓ Indonesia
Hints : *ইন্দোনেশিয়ার মুদ্রার নাম রুপিয়া ও রাজধানী জাকার্তা। আর পাকিস্তান, নেপাল ও ভারতের মুদ্রা রুপি।*

86. In 1997 UNESCO declared the 'Sundarbans' as the —
ⓐ 798th World Heritage Site
ⓑ 997th World Heritage Site
ⓒ 879th World Heritage Site
ⓓ 789th World Heritage Site
Hints : *১৯৯৭ সালের ৬ ডিসেম্বর ইউনেস্কো সুন্দরবনকে ৭৯৮তম বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়।*

87. The first floating solar power project of Bangladesh has been undertaken is —
ⓐ Kapasia, Gazipur
ⓑ Mongla, Bagerhat
ⓒ Keshobpur, Jashore
ⓓ Hakimpur, Dinajpur
Hints : *২০১৯ সালে দেশের প্রথম ১৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ভাসমান সৌরবিদ্যুৎ কেন্দ্র মোংলার কুমারখালিতে স্থাপনের কাজ শুরু হয়। আর মে ২০২৩ দেশের প্রথম ভাসমান সৌর বিদ্যুৎকেন্দ্র হিসেবে ২.৩০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন চাঁপাইনবাবগঞ্জে অবস্থিত বিদ্যুৎকেন্দ্র জাতীয় গ্রিডে যুক্ত হয়।*

Ans.	
79	c
80	b
81	a
82	b
83	a
84	c
85	d
86	a
87	b

88. ECNEC stands for —
ⓐ Executive Committee of the National Economic Council
ⓑ Executive Committee of the National Economical Council
ⓒ Executive Nationwide Committee for Economic Council
ⓓ Executive Committee of the National Economic Council
Hints : *১৯৮২ সালে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তে জাতীয় অর্থনৈতিক পরিষদ কমিটির গঠন কাঠামো ও কার্যাবলি নিরূপণ করা হয়। Executive Committee of the National Economic Council (ECNEC) হলো বাংলাদেশের অর্থনৈতিক নীতি ও উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের সর্বোচ্চ কর্তৃপক্ষ।*

89. What is the length of the first expressway of Bangladesh?
ⓐ 50 km ⓑ 53 km
ⓒ 55 km ⓓ 65 km
Hints : *জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক বা ঢাকা-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে বাংলাদেশের সর্বপ্রথম এক্সপ্রেসওয়ে। এক্সপ্রেসওয়েটির নির্মাণ কাজ শুরু হয় ২০১৬ সালে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২০ সালের মার্চ মাসে এটি উদ্বোধন করেন। সর্বোপরি, পদ্মাসেতুতে যানবাহন নির্বিঘ্নে চলাচল করতে ঢাকা থেকে মাওয়া এবং জাজিরা থেকে ভাঙ্গা পর্যন্ত ৫৫ কি. মি. দৈর্ঘ্যের এক্সপ্রেসওয়ের নির্মাণ করা হয়।*

90. Which country launched E-passport as the first country in South Asia?
ⓐ Bangladesh ⓑ India
ⓒ Sri Lanka ⓓ Nepal
Hints : *২২ জানুয়ারি ২০২০ বাংলাদেশ ই-পাসপোর্ট বিতরণ কার্যক্রম উদ্বোধনের মধ্য দিয়ে দক্ষিণ এশিয়ার প্রথম ও বিশ্বের ১১৯তম ই-পাসপোর্ট চালুকারী দেশ হিসেবে পরিচিতি লাভ করে। ই-পাসপোর্টে একজন ব্যক্তির বায়োমেট্রিক ও বায়োগ্রাফিক ৪১টি তথ্য অন্তর্ভুক্ত থাকে।*

91. The process of copying files to a CD-ROM is known as—
ⓐ Burning ⓑ Zipping
ⓒ Digitizing ⓓ Ripping
Hints : *কম্পিউটার থেকে কোনো ফাইল সিডি বা ডিভিটি-তে কপি করাকে বলে Burning। আর সিডি বা ডিভিডি থেকে কম্পিউটারে কোনো ফাইল কপি করাকে বলা হয় Ripping। কোনো ফাইলকে কম্প্রেস করাকে বলা হয় Zipping।*

92. RTGS is a (n) —
ⓐ Governance system
ⓑ Payment system
ⓒ Right-based group
ⓓ Anti-virus software
Hints : *RTGS-এর পূর্ণরূপ হলো- Real Time Gross Settlement। এটি ব্যাংকের একটি ইলেকট্রনিক্স ফান্ড ট্রান্সফার সিস্টেম যেখানে একটি ব্যাংকের অ্যাকাউন্ট থেকে অন্য ব্যাংকের অ্যাকাউন্টে রিয়েল টাইমে অর্থ স্থানান্তর হয়। অর্থাৎ লেনদেন সাথে সাথেই হয়ে থাকে।*

93. Which of the following is strongest password?
ⓐ ABCD 1234 ⓑ A1B2C3D4
ⓒ PasSwOrD ⓓ $AxY59*&
Hints : *Alphabet, numerical number, upper case, lower case, symbol ইত্যাদির সমন্বয়ে গঠিত পাসওয়ার্ড শক্তিশালী হয় অর্থাৎ অন্য কেউ সহজে অনুমান করতে পারে না।*

94. The keyboard command to reboot a computer is —.
ⓐ Ctrl + Alt + Tab
ⓑ Ctrl + Shift + Del
ⓒ Ctrl + Alt + Del
ⓓ Ctrl + Alt + Shift
Hints : *কম্পিউটার Reboot করার শর্টকাট কমান্ড হলো Ctrl + Alt + Del বাটনগুলো একসাথে চাপা। এই বাটন তিনটিকে একসাথে বলা হয় 'Three finger salute'।*

Ans.	
88	a, d
89	c
90	a
91	a
92	b
93	d
94	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

95. **If we want to connect a few computers in a small office, all the computers in one building, or all the computers in severl buildings in close proximity, which type of network is required?**
ⓐ PAN ⓑ LAN
ⓒ MAN ⓓ SAN
Hints : *10km বা তার কম পরিসরের মধ্যে কম্পিউটার বা পেরিফেরাল ডিভাইস LAN (Local Area Network) নেটওয়ার্কের মাধ্যমে যুক্ত করা হয়। নিকটবর্তী ডিভাইসগুলোর ক্ষেত্রে PAN (Personal Area Network) এবং একই শহরের বিভিন্ন স্থানের ডিভাইসগুলোর ক্ষেত্রে MAN (Metropolitan Area Network) নেটওয়ার্ক ব্যবহার করা হয়।*

96. **Which one is Utility Software?**
ⓐ MS Word ⓑ Win-Zip
ⓒ Firebox ⓓ Face book
Hints : *ইউটিলিটি সফটওয়্যার হলো এক বিশেষ ধরনের সিস্টেম সফটওয়্যার যা কম্পিউটারকে সহজে ও দ্রুত গতিতে বিভিন্ন কাজ করতে সাহায্য করে। যেমন : Disk management tools, Compression tools, antivirus, file management ইত্যাদি। Win-Zip একটি compression tools।*

97. **Which one is the most popular Alternative Delivery Channels (ADCs) in Bangladesh?**
ⓐ MFS ⓑ ATM
ⓒ POST ⓓ Internet Banking
Hints : *Alternative Delivery Channels (ADCs) বলতে একজন গ্রাহকের ব্যাংকে না গিয়ে বিকল্প মাধ্যমে আর্থিক সেবা গ্রহণকে বুঝিয়ে থাকে। মাধ্যমগুলোর মধ্যে এটিএম, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ওয়ালেট অন্যতম। এগুলোর মধ্যে বাংলাদেশে সবচেয়ে জনপ্রিয় 'ইন্টারনেট ব্যাংকিং'।*

98. **Which one is the High-Level Programming language?**
ⓐ MS Power Point
ⓑ MS Windows 10
ⓒ Python
ⓓ MySQL
Hints : *MS Windows হলো অপারেটিং সিস্টেম, MySQL হলো ডাটাবেজ সফটওয়্যার, MS Power Point একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার। Python-কে বলা হয় হাই লেভেল প্রোগ্রামিং ল্যাংগুয়েজ।*

99. **URL stand for —**
ⓐ Uniform Resource Locator
ⓑ Uniform Resource Location
ⓒ Uniform Resource Line
ⓓ Uniform of Resource Locator
Hints : *URL-এর পূর্ণরূপ : Uniform Resource Locator। URL হলো কোনো ওয়েবসাইটের একটি সুনির্দিষ্ট ও অদ্বিতীয় অ্যাড্রেস বা ঠিকানা, যার সাহায্যে ওয়েবসাইটগুলোকে ইন্টারনেটে খুঁজে পাওয়া যায়।*

100. **A Gigabyte is equal to —**
ⓐ 1024 Bytes ⓑ 1024 Kilobytes
ⓒ 1024 Megabytes ⓓ 1024 Terabytes
Hints : *1 Kilobyte = 1024 Bytes*
1 Megabyte = 1024 Kilobytes
1 Gigabyte = 1024 Megabytes
1 Terabyte = 1024 Gigabytes

Ans.
95 b
96 b
97 d
98 c
99 a
100 c

PROBASHI KALLYAN BANK
Office Assistant 2023
Examination Held On : 05.05.2023. Time : 1 Hour. Total Marks : 50

01. **Fill in the gap with preposition : He died — overeating.**
ⓐ by ⓑ for ⓒ due to ⓓ from
Hints : *কোনো কিছুর পরিণতি বা প্রতিক্রিয়ায় মারা গেলে die from হয়। অন্যদিকে অপঘাত, আত্মহত্যা বা দুর্ঘটনায় মৃত্যুর ক্ষেত্রে die by এবং কোনো বিশ্বাসের ওপর অটল থেকে বা দেশের জন্য আত্মত্যাগ করলে সেক্ষেত্রে die for হয়।*

02. **Choose the countable noun :**
ⓐ water ⓑ newspaper
ⓒ fire ⓓ sand
Hints : *'Newspaper' countable noun। অন্যদিকে water, fire, sand সবগুলোই uncountable noun।*

03. **What is superlative degree of 'good'?**
ⓐ goods ⓑ better ⓒ best ⓓ good
Hints : *Good-এর comparative ও superlative degree যথাক্রমে better ও best। অন্যদিকে, goods অর্থ পণ্য।*

04. **নিচের সংখ্যাগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?**
ⓐ $\frac{৩}{৫}$ ⓑ $\frac{৭}{১০}$ ⓒ $\frac{৯}{১২}$ ⓓ $\frac{৮}{১৫}$
Hints : *এখানে,*
$\frac{৩}{৫} \times \frac{১০}{১০} \times \frac{৭}{১০} \Rightarrow ৩০ < ৩৫ \therefore \frac{৩}{৫}$ *ছোট*
$\frac{৩}{৫} \times \frac{১২}{১২} \times \frac{৯}{১২} \Rightarrow ৩৬ > ৩৫ \therefore \frac{৯}{১২}$ *ছোট*
$\frac{৯}{১২} \times \frac{১৫}{১৫} \times \frac{৮}{১৫} \Rightarrow ১০৫ > ৯৬ \therefore \frac{৮}{১৫}$ *ছোট*
$\therefore$ *ক্ষুদ্রতম সংখ্যাটি* $= \frac{৩}{৫}$।

05. **একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হয়। ঘড়িটির ক্রয়মূল্য কত?**
ⓐ ৪০০ টাকা ⓑ ৫০০ টাকা
ⓒ ৬০০ টাকা ⓓ ৭০০ টাকা
Hints : *২০% ক্ষতিতে,*
বিক্রয়মূল্য (১০০ − ২০) বা ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
$\therefore$ " ১ " " " $\frac{১০০}{৮০}$ "
$\therefore$ " ৫৬০ " " " $\frac{১০০ \times ৫৬০}{৮০}$ "
$= ৭০০$ টাকা

06. **১ ডজন ডিমের দাম ৫৪ টাকা হলে ৪৫ টাকায় কয়টি ডিম পাওয়া যাবে?**
ⓐ ১০টি ⓑ ৮টি ⓒ ৯টি ⓓ ১১টি
Hints : *৫৪ টাকায় পাওয়া যায় ১২টি ডিম*
$\therefore$ ১ " " " $\frac{১২}{৫৪}$ " "
$\therefore$ ৪৫ " " " $\frac{১২ \times ৪৫}{৫৪}$ "
$= ১০$টি ডিম

07. **বার্ষিক ৭% হার সুদে ১৮০০ টাকার ৬ বছরের সুদ কত?**
ⓐ ৭৫০ টাকা ⓑ ৭৫৬ টাকা
ⓒ ৭৭৬ টাকা ⓓ ৬৮৮ টাকা
Hints : সুদ, $I = \frac{Pnr}{১০০} = \frac{১৮০০ \times ৬ \times ৭}{১০০}$
$= ৭৫৬$ টাকা

08. **০.১ × ০.০১ × ০.০০১ = কত?**
ⓐ ০.০০২ ⓑ ০.০০০১
ⓒ ০.০০০৩ ⓓ ০.০০০০০১
Hints : $০.১ \times ০.০১ \times ০.০০১ = \frac{১}{১০} \times \frac{১}{১০০} \times \frac{১}{১০০০} = \frac{১}{১০০০০০০}$
$= ০.০০০০০১$

09. **কোন সংখ্যাকে ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ ৩ হয়?**
ⓐ ৩৩ ⓑ ৬৩ ⓒ ১২৩ ⓓ ২৩৪
Hints : *৪, ৫ ও ৬ এর ল.সা.গু. = ৬০*
$\therefore$ *নির্ণেয় সংখ্যা* $= ৬০ + ৩ = ৬৩$

10. **a + b = 7 এবং ab = 10 হলে, (a − b) = কত?**
ⓐ 4 ⓑ 3 ⓒ 2 ⓓ 8
Hints : $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$= 7^2 - 4.10 = 49 - 40 = 9$
$\Rightarrow (a-b)^2 = 3^2$
$\Rightarrow a - b = 3$

11. $a^2 + b^2 = ?$
ⓐ $(a+b)^2 + 2ab$ ⓑ $(a+b)^2 - 2ab$
ⓒ $(a+b)^2 + 4ab$ ⓓ $(a+b)^2 - 4ab$
Hints : $a^2 + b^2 = (a+b)^2 - 2ab$

Ans.
01 d
02 b
03 c
04 d
05 d
06 a
07 b
08 d
09 b
10 b
11 b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

12. কোন চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় সমান ও সমান্তরাল এবং কোণগুলো সমকোণ নয় তাকে কী বলে?
ⓐ আয়তক্ষেত্র ⓑ বর্গক্ষেত্র
ⓒ রম্বস ⓓ ট্রাপিজিয়াম
Hints : *রম্বসের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমান নয়।*



13. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ৪০০ মিটার। এর ক্ষেত্রফল কত?
ⓐ ১০ বর্গমিটার ⓑ ১০০ বর্গমিটার
ⓒ ১০০০ বর্গমিটার ⓓ কোনোটিই নয়
Hints : *মনে করি, বর্গটির বাহুর দৈর্ঘ্য = a*
∴ পরিসীমা = 8a
প্রশ্নমতে, 8a = 400 ⇒ a = 100
∴ ক্ষেত্রফল = $a^2 = 100^2 = 10,000$ বর্গমি.

14. একটি ত্রিভুজের ভূমি ও উচ্চতা যথাক্রমে ৪ সেমি ও ৭ সেমি। ত্রিভুজের ক্ষেত্রফল কত?
ⓐ ৫৬ বর্গ সেমি ⓑ ২৮ বর্গ সেমি
ⓒ ১৪ বর্গ সেমি ⓓ ১২.৫ বর্গ সেমি
Hints : *ক্ষেত্রফল = $\frac{1}{2} \times 8 \times 7 = 14$ বর্গ সেমি*

15. $(x+y)^2 - (x-y)^2 = ?$
ⓐ xy ⓑ 2xy ⓒ 3xy ⓓ 4xy
Hints : *আমরা জানি, $4xy = (x+y)^2 - (x-y)^2$*

16. বৃত্তের কেন্দ্রগামী জ্যা-কে কী বলে?
ⓐ ব্যাস ⓑ পরিধি ⓒ বৃত্তচাপ ⓓ ব্যাসার্ধ
Hints : *কেন্দ্রগামী বৃহত্তম জ্যা-কে ব্যাস বলে।*



17. সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের মান কত?
ⓐ ৪৫ ডিগ্রি ⓑ ৩০ ডিগ্রি ⓒ ৬০ ডিগ্রি ⓓ ৯০ ডিগ্রি
Hints : *একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি বাহু সমান হওয়ায় প্রত্যেকটি কোণের মানও সমান।*
আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180°
∴ প্রত্যেকটি কোণের মান = $\frac{180^\circ}{3} = 60^\circ$



18. ছয়দফা দাবি কত সালে উত্থাপিত হয়?
ⓐ ১৯৬৬ ⓑ ১৯৬৪ ⓒ ১৯৭১ ⓓ ১৯৫৪
Hints : *১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলগুলোর এক সম্মেলনে শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক 'ছয় দফা' দাবি পেশ করেন। পরবর্তীতে ২৩ মার্চ ১৯৬৬ আনুষ্ঠানিকভাবে 'ছয় দফা' ঘোষণা করেন। স্বয়ং বঙ্গবন্ধু একে 'পূর্ব পাকিস্তানের বাঁচার দাবি' বলে অভিহিত করেন।*

19. Sustainable Development Goals (এসডিজি)-এর লক্ষ্যমাত্রা কতটি?
ⓐ ৪৭টি ⓑ ১৭টি ⓒ ১৬টি ⓓ ১০টি
Hints : *Sustainable Development Goals (SDGs) হলো টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, যা Millennium Development Goals (MDGs)-এর স্থলে প্রতিস্থাপন করা হয়। SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য অন্তর্ভুক্ত রয়েছে।*

20. বাংলাদেশ ক্রিকেট ওয়ানডে স্ট্যাটাস লাভ করে কত সালে?
ⓐ ১৯৯৫ ⓑ ১৯৯৭ ⓒ ২০০১ ⓓ ২০০৫
Hints : *বাংলাদেশ ১৯৭৭ সালে আন্তর্জাতিক ক্রিকেট সংস্থার সহযোগী দেশ হিসেবে সদস্যপদ লাভ করে। ১৫ জুন ১৯৯৭ বাংলাদেশ ওয়ানডে মর্যাদা পায় এবং ১০ম টেস্ট খেলুড়ে দেশ হিসেবে ২৬ জুন ২০০০ আইসিসির পূর্ণ সদস্যপদ লাভ করে।*

21. মুক্তিযুদ্ধবিষয়ক গ্রন্থ 'হাঙর নদী গ্রেনেড' কে লিখেছেন?
ⓐ হুমায়ূন আহমেদ ⓑ শওকত ওসমান
ⓒ সেলিনা হোসেন ⓓ জাহানারা ইমাম
Hints : *সেলিনা হোসেন রচিত 'হাঙর নদী গ্রেনেড' (১৯৭৬) মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। 'যুদ্ধ' সেলিনা হোসেনের মুক্তিযুদ্ধভিত্তিক আরেকটি উপন্যাস। অন্যদিকে, হুমায়ূন আহমেদের আগুনের পরশমণি, শ্যামল ছায়া, জোছনা ও জননীর গল্প, শওকত ওসমানের জলাংগী, জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক, নেকড়ে অরণ্য মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস।*

22. ১ জিবি = কত?
ⓐ ৫১২ কেবি ⓑ ১০২৪ এমবি
ⓒ ১০২৪ কেবি ⓓ ৫১২ এমবি
Hints : *১ জিবি = ১০২৪ এমবি। অন্যদিকে, ১ এমবি = ১০২৪ কেবি।*

23. কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?
ⓐ ০ ডিগ্রি ⓑ ৪ ডিগ্রি ⓒ ১০ ডিগ্রি ⓓ ৫ ডিগ্রি
Hints : *পানির ঘনত্ব সবচেয়ে বেশি হয় 4°C তাপমাত্রায়। 4°C থেকে তাপমাত্রা বাড়লেও পানির ঘনত্ব কমে যায়, 4°C থেকে তাপমাত্রা কমলেও পানির ঘনত্ব কমে যায়। 4°C তাপমাত্রায় পানির ঘনত্ব $1000 kgm^{-3}$ অথবা $1 g/cm^3$।*

Ans.	
12	c
13	d
14	c
15	d
16	a
17	c
18	a
19	b
20	b
21	c
22	b
23	b

24. ২০২২ সালে চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন কে?
ⓐ ডেভিস জুলিয়াস ⓑ আরভেম পাতাপুতিয়ান
ⓒ অ্যাস্টন জেলিঙ্গার ⓓ সোয়ান্তে প্যাবো
Hints : *বিলুপ্ত হোমিনিনদের জিনোম ও মানব বিবর্তন বিষয়ক গবেষণায় অবদান রাখায় ২০২২ সালে চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন সুইডেনের জিনতাত্ত্বিক বিজ্ঞানী সাভান্তে প্যাবো। উল্লেখ্য, চিকিৎসাবিজ্ঞানে যৌথভাবে নোবেল পুরস্কার ২০২৩ লাভ করেন ক্যাটালিনা কারিকো ও ড্রু ওয়েইজম্যান।*

25. কোনটি বিশ্বব্যাংকের অঙ্গ প্রতিষ্ঠান নয়?
ⓐ IBRD ⓑ IDA ⓒ IFC ⓓ IMF
Hints : *১-২২ জুলাই, ১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার-এর ব্রেটন উডসে অনুষ্ঠিত 'ব্রেটন উডস সম্মেলন'– এর মাধ্যমে International Monetary Fund (IMF) প্রতিষ্ঠিত হয়। তবে এটি ২৭ ডিসেম্বর ১৯৪৫ সালে আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৭ সালের ১ মার্চ কার্যক্রম শুরু করে। সংস্থাটির সদর দপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত।*

26. 'অপয়া' কোন সমাস?
ⓐ কর্মধারয় সমাস ⓑ বহুব্রীহি সমাস
ⓒ তৎপুরুষ সমাস ⓓ অব্যয়ীভাব সমাস
Hints : *নঞর্থক অব্যয়পদের সঙ্গে বিশেষ্য পদের বহুব্রীহি সমাস হলে তাকে নঞর্থক বহুব্রীহি সমাস বলে। যেমন : নেই পয় (ভাগ্য) যার = অপয়া, অ (নেই) বুঝ যার = অবুঝ, রে (নেই) হায়া যার = বেহায়া ইত্যাদি।*

27. 'গবাক্ষ'-এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ⓐ গোবা + অক্ষ ⓑ গৌ + অক্ষ
ⓒ গো + অক্ষ ⓓ গুবা + অক্ষ
Hints : *যেসব সন্ধি ব্যাকরণের প্রচলিত নিয়ম অনুযায়ী হয় না, তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। 'গবাক্ষ' নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ। এ সন্ধির আরও উদাহরণ : বৃহৎ + পতি = বৃহস্পতি, পর + পর = পরস্পর, আ + চর্য = আশ্চর্য।*

28. 'সৌন্দর্য' শব্দের বিশেষণ কোনটি?
ⓐ সুন্দর ⓑ সৌন্দর্যপ্রিয়
ⓒ সুন্দরতম ⓓ কোনোটিই নয়
Hints : *'সৌন্দর্য' বিশেষ্য পদ যার বিশেষণ 'সুন্দর'। বিশেষ্য থেকে বিশেষণের আরও উদাহরণ : অনুরাগ-অনুরক্ত, আবিষ্কার-আবিষ্কৃত, বিদেশ-বৈদেশিক, শয়ন-শায়িত।*

29. 'ভোজন করার ইচ্ছা' এক কথায় কী হবে?
ⓐ পেটুক ⓑ ভোজন বিলাসী
ⓒ বুভুক্ষা ⓓ খাদক
Hints : *'ভোজন করার ইচ্ছা'-এর এককথায় প্রকাশ 'বুভুক্ষা'। এরূপ আরও উদাহরণ : হত্যা করার ইচ্ছা– জিঘাংসা, পান করার ইচ্ছা– পিপাসা, বাঁচার ইচ্ছা– জিজীবিষা।*

30. 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ হলো—
ⓐ অসম্ভব বস্তু ⓑ সুসময় ⓒ দুঃসময় ⓓ গ্রহের ফের
Hints : *'একাদশে বৃহস্পতি' বাগধারার অর্থ- 'সুসময়'। এর সমার্থক বাগধারা 'পোয়াবারো'। বাক্যে প্রয়োগ : ভালো ঘরে বিয়ের পর রাহাত সরকারি চাকরিও পেল, তার এখন একাদশে বৃহস্পতি। 'অসম্ভব বস্তু' অর্থে বাগধারা হয় 'কাঁঠালের আমসত্ত্ব', 'দুঃসময়' অর্থে বাগধারা হয় 'শনির দশা'।*

31. 'দেশের জন্য সেবা কর'— এখানে 'দেশের' কোন কারকে কোন বিভক্তি?
ⓐ কর্তায় শূন্য ⓑ কর্মে শূন্য
ⓒ কর্মে ষষ্ঠী ⓓ সম্প্রদানে ষষ্ঠী
Hints : *যাকে স্বত্বত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয় তাকে সম্প্রদান কারক বলে। 'দেশের জন্য সেবা কর' বাক্যে 'দেশের' সম্প্রদানে ষষ্ঠী বিভক্তি হয়। কর্তায় শূন্য– হামিদ বই পড়ে। কর্মে শূন্য– ডাক্তার ডাক। কর্মে ষষ্ঠী– তোমার দেখা পেলাম না।*

32. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓐ অর্ণব ⓑ অর্ক ⓒ প্রসূন ⓓ পল্লব
Hints : *'সূর্য' শব্দের সমার্থক শব্দ 'অর্ক'। এর আরও প্রতিশব্দ– তপন, আফতাব, আদিত্য, সবিতা, রবি। 'অর্ণব' সমুদ্রের, 'প্রসূন' ফুলের এবং 'পল্লব' পাতার সমার্থক শব্দ।*

33. 'তিমির'-এর বিপরীত শব্দ কোনটি?
ⓐ অন্ধকার ⓑ আলো ⓒ রাত ⓓ কোনোটিই নয়
Hints : *'তিমির'-এর সমার্থক শব্দ অন্ধকার। 'অন্ধকার'-এর বিপরীত শব্দ 'আলো'। 'রাত'-এর বিপরীত শব্দ 'দিন'। আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : জঙ্গম-স্থাবর, আকুঞ্চন-প্রসারণ এবং প্রসূন-বিষণ্ন।*

34. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী?
ⓐ নদী ⓑ রাত ⓒ অমাবস্যা ⓓ মেঘমালা
Hints : *'কাদম্বিনী' শব্দের অর্থ 'মেঘমালা'। এরূপ আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শব্দার্থ : অনীক-সৈনিক, নির্নিমেষ-অপলক, বায়স-কাক, কুমুদ-পদ্ম।*

35. নিচের কোন বানানটি সঠিক?
ⓐ সমিচিন ⓑ সমীচিন ⓒ সমীচীন ⓓ সমিচীন
Hints : *সঠিক বানান 'সমীচীন'। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শব্দের বানান– পরিবহণ, ক্ষতিগ্রস্ত, শ্রদ্ধাঞ্জলি, নিরূপণ, বহির্ভূত।*

Ans.	
24	d
25	d
26	b
27	c
28	a
29	c
30	b
31	d
32	b
33	b
34	d
35	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

36. 'কবর' নাটকের রচয়িতা কে?
ⓐ জসীমউদ্দীন ⓑ মুনীর চৌধুরী
ⓒ হুমায়ূন আহমেদ ⓓ কাজী নজরুল ইসলাম
Hints : *'কবর' মুনীর চৌধুরী রচিত বিখ্যাত নাটক। ১৯৫২ সালে ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে নাটকটি রচিত। নাটকটি ১৯৫৩ সালে রচিত এবং ১৯৬৬ সালে প্রকাশিত হয়। মুনীর চৌধুরীর কারাগারে অবস্থানকালেই নাটকটি রচিত হয়েছিল। মুনীর চৌধুরী রচিত অন্যান্য নাটক– রক্তাক্ত প্রান্তর, দণ্ডকারণ্য, চিঠি, মানুষ, নষ্ট ছেলে ইত্যাদি। জসীমউদ্দীন রচিত নাটক– 'বেদের মেয়ে, মধুমালা', এবং কাজী নজরুল ইসলাম রচিত নাটক– 'পুতুলের বিয়ে, ঝিলিমিলি'।*

37. শরৎচন্দ্রের 'দেবদাস' উপন্যাসের প্রধান নারী চরিত্র কোনটি?
ⓐ কবিতা ⓑ পার্বতী ⓒ হৈমন্তী ⓓ লাবণ্য
Hints : *'দেবদাস' (১৯১৭) শরৎচন্দ্রের অন্যতম জনপ্রিয় একটি উপন্যাস। 'দেবদাস' উপন্যাসের প্রধান নারী চরিত্র 'পার্বতী'। যার ডাকনাম ছিল 'পারু'। তার জন্য প্রেমিক দেবদাসের ট্রাজিক পরিণতি ঘটে। তার অন্যান্য জনপ্রিয় উপন্যাস– শ্রীকান্ত, পথের দাবী, দেনাপাওনা। 'হৈমন্তী' রবীন্দ্রনাথের একই নামের গল্পের প্রধান চরিত্র, 'লাবণ্য' তার 'শেষের কবিতা' উপন্যাসের প্রধান চরিত্র।*

38. 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?
ⓐ নাটক ⓑ উপন্যাস ⓒ ছোটগল্প ⓓ কবিতা
Hints : *'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুরের জনপ্রিয় রোমান্টিক কাব্যধর্মী উপন্যাস। অমিত রায়, লাবণ্য ও কেতকী এ উপন্যাসের প্রধান তিন চরিত্র। উপন্যাসের কতিপয় বাক্য আজ প্রবাদের মর্যাদা পেয়েছে। যেমন : 'ফ্যাশনটা হলো মুখোশ, স্টাইলটা হলো মুখশ্রী'। উপন্যাসটি শেষ হয়েছে 'কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও'– এই কবিতা দিয়ে।*

39. 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
ⓐ বিপরীত ⓑ বিকৃত ⓒ অভাব ⓓ নিকৃষ্ট
Hints : *'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি বিপরীত অর্থে ব্যবহৃত হয়েছে। এ অর্থে ব্যবহৃত আরও শব্দ 'অপকার, অপচয়'। 'অপ' উপসর্গটি বিকৃত অর্থে ব্যবহৃত শব্দ 'অপমৃত্যু'; নিকৃষ্ট অর্থে ব্যবহৃত শব্দ 'অপকর্ম, অপসৃষ্টি'। এটি তৎসম উপসর্গ।*

40. What is the synonym of 'ability'?
ⓐ properly ⓑ appropriately
ⓒ capability ⓓ disability
Hints : *Ability অর্থ সামর্থ্য। এটির synonym হলো capability।*

41. What is the correct spelling?
ⓐ aggressive ⓑ agressive
ⓒ agrassive ⓓ aggrasive
Hints : *সঠিক বানান aggressive, যার অর্থ আক্রমণাত্মক।*

42. Fill in the gap with article : He is — M. A. in English.
ⓐ a ⓑ an ⓒ the ⓓ none
Hints : *Abbreviation-এর শুরুতে F, M, N, S থাকলে vowel-এর মতো উচ্চারণের কারণে এদের পূর্বে an বসে।*

43. কোন পুস্তকটি Charles Dickens-এর লেখা?
ⓐ David Copperfield ⓑ As You Like It
ⓒ The Old Man and The Sea ⓓ Paradise Lost
Hints : *Charles Dickens-এর বিখ্যাত লেখাসমূহ : A Tale of Two Cities, David Copperfield, Great Expectations, Oliver Twist ইত্যাদি।*

44. Which sentence is correct?
ⓐ Never tells a lie. ⓑ Never tell a lie.
ⓒ Never tell lie. ⓓ Never tell the lie.
Hints : *মিথ্যা বোঝাতে a lie এবং মিথ্যা বলা বোঝাতে tell বসে। তাই সঠিক উত্তর : (b)।*

45. 'ভুল করা মানুষের স্বভাব' Translate into English.
ⓐ To err is humans. ⓑ To err is human.
ⓒ To err is human. ⓓ To err are human.
Hints : *ভুল করা বোঝাতে to err হয়। সঠিক translation : To err is human।*

46. Which one is plural number?
ⓐ School ⓑ Food ⓒ Oxen ⓓ Man
Hints : *Ox-এর plural 'oxen'।*

47. What is the opposite gender of 'Ram'?
ⓐ Eue ⓑ Ewe ⓒ Rams ⓓ Eew
Hints : *Ram (ভেড়া)-এর feminine gender 'ewe'।*

48. The patient had died before the doctor came.
ⓐ Past indefinite ⓑ Present perfect
ⓒ Past perfect ⓓ Present perfect
Hints : *অতীতকালে ঘটা দুটি ঘটনার মধ্যে before-এর পূর্বে past perfect tense হয়। Past perfect tense-এর গঠন : Subject + had + v3 + object।*

49. He is a nice man. Here 'nice' is—
ⓐ Adjective ⓑ Noun ⓒ Adverb ⓓ Verb
Hints : *Nice শব্দটি man-কে modify করেছে। তাই এটি adjective।*

50. The word 'Incredible' means—
ⓐ বিশাল ⓑ বিশদ ⓒ অবিশ্বাস্য ⓓ বিরাট
Hints : *Incredible অর্থ অবিশ্বাস্য।*

Ans.

36	b
37	b
38	b
39	a
40	c
41	a
42	b
43	a
44	b
45	b,c
46	c
47	b
48	c
49	a
50	c

BANKERS' SELECTION COMMITTEE (BSC)

9 GOVT. BANKS & FINANCIAL INSTITUTIONS

BDBL ▸ ICB ▸ SBL ▸ JBL ▸ RAKUB ▸ PKB ▸ Karmasangsthan ▸ Agrani ▸ IDLC ▸ Etc

Officer (General) 2023

Examination Held On : 10.03.2023; Time : 1 Hour; Total Marks : 100 Set : E

Section-A : Bangla 1 × 25 = 25

01. 'শন্ শন্' কী ধরনের দ্বিরুক্ত শব্দ?
ⓐ শব্দের দ্বিরুক্তি ⓑ পদের দ্বিরুক্তি
ⓒ অনুকার দ্বিরুক্তি ⓓ কোনোটিই নয়
Hints : *কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় শব্দের দুইবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি বা অনুকার দ্বিরুক্তি। যেমন : শন শন, ভেউ ভেউ, মড় মড়, ঝমাঝম, হু হু, ঘচাঘচ ইত্যাদি।*

02. পৃথিবীতে কয়টি জাত মহাকাব্য আছে?
ⓐ ২টি ⓑ ৩টি ⓒ ৫টি ⓓ ৪টি
Hints : *মহাকাব্য দুভাগে বিভক্ত– জাত মহাকাব্য এবং সাহিত্যিক বা অনুকৃত মহাকাব্য। জাত মহাকাব্য কোনো বিশেষ কবির রচনা নয়, তাতে বহু অজানা কবির অসংখ্য রচনা পরবর্তীকালে কেউ একত্রিত করে অখণ্ড কাব্যে রূপ দেন। বাল্মীকির 'রামায়ণ', ব্যাসদেবের 'মহাভারত' এবং গ্রিক কবি হোমারের 'ইলিয়াড' ও 'ওডেসি' এই ৪টি হলো জাত মহাকাব্য।*

03. নিচের কোন সাহিত্যে প্রাচীন হিন্দু ও আগত মুসলিম সংস্কৃতির চমৎকার মিথস্ক্রিয়া লক্ষ করা যায়?
ⓐ নাথসাহিত্য ⓑ শায়ের
ⓒ মৈমনসিংহ গীতিকা ⓓ মর্শিয়া সাহিত্য
Hints : *বৃহত্তর ময়মনসিংহের ব্রহ্মপুত্র নদের পূর্বাংশে নেত্রকোণা, কিশোরগঞ্জ জেলার হাওড়, বিল, নদ-নদী প্লাবিত ভাটি অঞ্চলে যে গীতিকা বিকশিত হয়েছিল তা 'মৈমনসিংহ গীতিকা' নামে পরিচিত। ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও সার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় এ গীতিকাগুলো সংগ্রহ করেন চন্দ্রকুমার দে। এ পালাগুলোর মধ্যে সাম্প্রদায়িক কোনো সংঘাতের পরিচয় নেই। বরং এখানে প্রবীণ হিন্দু ও আগত মুসলিম (ফারসি/উর্দু) সংস্কৃতির মিথস্ক্রিয়া বিদ্যমান।*

04. নিচের কোনটি উপন্যাস?
ⓐ কাকজ্যোৎস্না ⓑ কোকিলারা
ⓒ এখন দুঃসময় ⓓ প্রথম যৌবন
Hints : *'কাকজ্যোৎস্না' (১৯৩১) অচিন্ত্যকুমার সেনগুপ্তের একটি উপন্যাস। অন্যদিকে, আবদুল্লাহ আল মামুনের 'কোকিলারা' (১৯৯০) এক চরিত্রবিশিষ্ট নাটক। 'এখন দুঃসময়' (১৯৭৫) তার আরও একটি নাটক। 'প্রথম যৌবন' জান্নাতুল ফেরদৌস লাকীর একটি কবিতা।*

05. 'মেঘ বলে চৈত্রে যাবো' কী জাতীয় রচনা?
ⓐ উপন্যাস ⓑ নাটক ⓒ সম্পাদনা ⓓ কাব্যগ্রন্থ
Hints : *'মেঘ বলে চৈত্রে যাবো' (১৯৭৬) আহসান হাবীবের একটি কাব্যগ্রন্থ। তার আরও কয়েকটি কাব্যগ্রন্থ হলো– ছায়া হরিণ (১৯৬২), সারা-দুপুর, দুই হাতে দুই আদিম পাথর, বিদীর্ণ দর্পণে মুখ, প্রেমের কবিতা।*

06. 'ধূসরতার কবি' নামে কে পরিচিত?
ⓐ নীলিমা ইব্রাহিম ⓑ কাজী নজরুল ইসলাম
ⓒ কামিনী রায় ⓓ জীবনানন্দ দাশ
Hints : *'ধূসর পাণ্ডুলিপি' (১৯৩৬) নামে একটি কাব্যগ্রন্থ আছে জীবনানন্দ দাশের। কিন্তু শুধু এ কারণেই তাঁকে 'ধূসরতার কবি' বলা হয়– তা নয়। মৃত্যুচেতনা প্রায় প্রথম থেকেই তাঁর কবিতায় দেখা যায়। শ্মশান, মরুবালু, আলেয়া ইত্যাদি কবিতার পটভূমি মৃত্যু। হতাশা আর বিবর্ণের কথা আছে তাঁর বহু কবিতায়। তাঁর কবিতার চালচিত্রে আছে ধূসর বর্ণ। তাই জীবনানন্দ দাশকে 'ধূসরতার কবি' বলা হয়।*

07. নিচের কোনটি সূর্যের প্রতিশব্দ?
ⓐ অবনী ⓑ সবিতা ⓒ সুধাকর ⓓ কলানিধি
Hints : *'সূর্য' শব্দের সমার্থক শব্দ– সবিতা, দিবাকর, প্রভাকর, তপন, অর্ক, আফতাব, দীনেশ, বিভাবসু, বালার্ক, মিহির, অরুণ ইত্যাদি।*

08. 'কোন দেশেতে তরুলতা, সকল দেশের চাইতে শ্যামল' 'চাইতে' ক্রিয়াটির ব্যবহার কোন ধরনের?
ⓐ অনন্বয়ী অব্যয় ⓑ ক্রিয়াসাপেক্ষ বিশেষণ
ⓒ বিশেষণ বাচকতা ⓓ অনুসর্গ তৈরি
Hints : *অনুসর্গ এক ধরনের শব্দ যা বাক্যে কখনো স্বাধীন পদরূপে, কখনো-বা বিভক্তির ন্যায় ব্যবহৃত হয়। 'চাইতে' শব্দে 'তে' বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়াটি অনুসর্গরূপে ব্যবহৃত হয়েছে।*

Ans.

01	c
02	d
03	c
04	a
05	d
06	d
07	b
08	d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

09. 'ছেলেটি গোল্লায় গেছে'-এ বাক্যের ক্রিয়াপদ কোনটি?
ⓐ মিশ্র ক্রিয়া ⓑ যৌগিক ক্রিয়া
ⓒ ণিজন্তক ক্রিয়া ⓓ প্রযোজক ক্রিয়া
Hints : *বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়, ধর, মার্ প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমন– ছেলেটি গোল্লায় গেছে, আমরা তাজমহল দর্শন করলাম, তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম।*

10. 'অপরাজেয় কথাশিল্পী' কার ছদ্মনাম?
ⓐ সত্যেন্দ্রনাথ দত্ত ⓑ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓒ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓓ মধুসূদন দত্ত
[Note : *শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপাধি হলো অপরাজেয় কথাশিল্পী। অনিলা দেবী হলো তার ছদ্মনাম। অন্যদিকে, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এবং মাইকেল মধুসূদন দত্তের ছদ্মনাম যথাক্রমে কমলাকান্ত এবং এ নেটিভ ॥*

11. 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই'-কে বলেছেন?
ⓐ চণ্ডীদাস ⓑ বিদ্যাপতি
ⓒ রামকৃষ্ণ পরমহংস ⓓ বিবেকানন্দ
Hints : *চণ্ডীদাসকে বলা হয় বাংলা সাহিত্যের প্রথম মানবতাবাদী কবি। তিনিই প্রথম মানবতার বাণী শুনিয়ে বলেছেন– 'শুনহ মানুষ ভাই/সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।'*

12. কোন বানানটি সঠিক?
ⓐ মুমূর্ষু ⓑ মুমূর্ষু ⓒ মুমুর্ষু ⓓ মুমুর্ষ
Hints : *শুদ্ধ বানান 'মুমূর্ষু' শব্দটির অর্থ মরণাপন্ন বা মরণোন্মুখ (মুমূর্ষু অবস্থা)।*

13. 'হিমাংশু' শব্দের প্রতিশব্দ কোনটি?
ⓐ হিমবাহ ⓑ নির্ঝর ঝরনা ⓒ সূর্য ⓓ চন্দ্র
Hints : *'হিমাংশু' শব্দের প্রতিশব্দ– চাঁদ, শশধর, নিশাকর, সুধাকর, মৃগাঙ্ক, শশী, হিমকর, কলানিধি, সুধাংশু, সোম, শশাঙ্ক, বিধু ইত্যাদি।*

14. নিচের কোনটি তৎসম শব্দ?
ⓐ পছন্দ ⓑ ধুলি ⓒ হিসাব ⓓ কোনোটি না
Hints : *তৎসম শব্দ হলো– ধূলি। আরও কয়েকটি তৎসম বা সংস্কৃত শব্দ– চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভুবন, ধর্ম, মস্তক, গৃহ, আকাশ, বৃক্ষ, পুষ্প, বর্ষা, বৃক্ষ, ক্ষতি ইত্যাদি। অন্যদিকে, 'পছন্দ' ও 'হিসাব' যথাক্রমে ফারসি ও আরবি শব্দ।*

15. 'গড্ডলিকা প্রবাহ' একটি বাগধারা, এখানে 'গড্ডল' মানে কী?
ⓐ একত্র ⓑ স্রোত ⓒ ভেড়া ⓓ কোনোটিই না
Hints : *'গড্ডল' শব্দের অর্থ– ভেড়া, মেষ, গাড়ল।*

16. কোন শাসকের অনুশাসনের সময় এ উপমহাদেশে আর্যভাষার প্রাচীনতম বর্ণমালার সন্ধান পাওয়া যায়?
ⓐ সম্রাট জাহাঙ্গীর ⓑ সম্রাট অশোক
ⓒ সম্রাট আকবর ⓓ সম্রাট বাবর
Hints : *ভারতীয় উপমহাদেশে আর্য ভাষার প্রাচীনতম যে বর্ণমালার সন্ধান পাওয়া যায়, তা খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের, অশোকের অনুশাসনের সময়ে। বগুড়ার মহাস্থানগড়ে যে লিপি পাওয়া গেছে তার সাথে উপর্যুক্ত প্রাপ্ত লিপির সাদৃশ্য আছে। এই লিপিকে ব্রাহ্মী লিপি বলে। বাংলা লিপি ব্রাহ্মী লিপির কুটিল রূপ থেকে সৃষ্টি হয়েছে।*

17. ব্যাকরণে সার্বিক আলোচ্য বিষয় কয়টি?
ⓐ ৬টি ⓑ ৪টি ⓒ ৩টি ⓓ ২টি
Hints : *ভাষা হলো বাক্যের সমষ্টি। বাক্য গঠিত হয় শব্দ দিয়ে। আবার শব্দ তৈরি হয় ধ্বনি দিয়ে। এদিক থেকে ভাষার ক্ষুদ্রতম উপাদান হলো ধ্বনি। এই ধ্বনি, শব্দ, বাক্য– প্রত্যেকটি অংশই ব্যাকরণের আলোচ্য বিষয়। এছাড়া শব্দের ও বাক্যের বহু ধরনের অর্থ হয়। সেসব অর্থ নিয়েও ব্যাকরণে আলোচনা করা হয়। তাই ব্যাকরণের সার্বিক আলোচ্য বিষয় বিভক্ত হয় অন্তত চারটি ভাগে। যথা– ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব বা শব্দতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।*

18. নিচের কোন ব্যাকরণ ভাষার ধ্বনিগত মাধুর্য স্থাপন ও সম্পাদন করে?
ⓐ সমাস ⓑ কারক ⓒ সন্ধি ⓓ ধ্বনি
Hints : *সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন– আশা + অতীত = আশাতীত। সন্ধির উদ্দেশ্য হলো– স্বাভাবিক উচ্চারণে সহজ প্রবণতা, ধ্বনির পরিবর্তন ও ধ্বনিগত মাধুর্য সম্পাদন।*

19. নিচের কোন বানানটি শুদ্ধ?
ⓐ বিভিষীকা ⓑ দুরাবস্থা ⓒ মুহুর্মুহু ⓓ ধস
Hints : *সঠিক বানান হলো 'ধস', যা একটি সংস্কৃতজাত শব্দ ও বিশেষ্য পদ। অন্যদিকে, বিভিষীকা, দুরাবস্থা ও মুহুর্মুহু অশুদ্ধ বানানগুলোর শুদ্ধরূপ যথাক্রমে বিভীষিকা, দুরবস্থা ও মুহুর্মুহু।*

20. 'কপোল ভাসিয়া গেল নয়নের জলে' - বাক্যটিতে কোন কারকে কোন বিভক্তি ব্যবহৃত হয়েছে?
ⓐ করণে ৭মী ⓑ কর্মে শূন্য
ⓒ করণে ষষ্ঠী ⓓ অপাদানে ৩য়া
Hints : *যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন– 'কপোল ভাসিয়া গেল নয়নের জলে'।*

Ans.	
09	a
10	Note
11	a
12	b
13	d
14	b
15	c
16	b
17	b
18	c
19	d
20	b

21. 'সৌম্য'-এর বিপরীত শব্দ কী?
ⓐ উদ্ধত ⓑ উগ্র ⓒ কঠিন ⓓ শান্ত
Hints : *'সৌম্য'-এর বিপরীত শব্দ– উগ্র। অন্যদিকে উদ্ধত, কঠিন ও শান্ত শব্দ তিনটির বিপরীত শব্দ যথাক্রমে বিনীত, কোমল ও অশান্ত।*

22. 'ফুরেজি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ⓐ গ্রিক ⓑ তুর্কি ⓒ ফারসি ⓓ পর্তুগিজ
Hints : *'ইংরেজি' শব্দটি পর্তুগিজ ভাষা থেকে এসেছে। আরও কতিপয় পর্তুগিজ শব্দ– আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি ইত্যাদি।*

23. 'রাজবন্দীর জবানবন্দী' কার লেখা?
ⓐ কাজী নজরুল ইসলাম ⓑ ফররুখ আহমদ
ⓒ মুনীর চৌধুরী ⓓ জহির রায়হান
Hints : *'রাজবন্দীর জবানবন্দী' কাজী নজরুল ইসলাম রচিত একটি প্রবন্ধ। কাজী নজরুল ইসলাম সম্পাদিত অর্ধ-সাপ্তাহিক 'ধূমকেতু' পত্রিকা ১৯২৩ সালে ব্রিটিশ সরকার নিষিদ্ধ করে। সেই পত্রিকায় প্রকাশিত নজরুলের কবিতা 'আনন্দময়ীর আগমনে'- ও নিষিদ্ধ হয়। নজরুলকে জেলে আটকে রাখার পর তার বক্তব্য জানতে চাইলে তিনি লিখিতভাবে আদালতে উপস্থাপন করেন চার পৃষ্ঠার বক্তব্য। তা-ই 'রাজবন্দীর জবানবন্দী' নামে পরিচিত।*

24. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ⓐ রূপতত্ত্বে ⓑ ধ্বনিতত্ত্বে
ⓒ বাক্যতত্ত্বে ⓓ অর্থতত্ত্বে
Hints : *সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। সন্ধি ছাড়াও ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় ধ্বনির উচ্চারণপ্রণালী, উচ্চারণস্থান, ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, ধ্বনির পরিবর্তন ও লোপ, ণত্ব ও ষত্ব বিধান ইত্যাদি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।*

25. 'গায়ক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ⓐ গা + অক ⓑ গৈ + অক ⓒ গা + ণক ⓓ গো + অক
Hints : *এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব ও আব হয়। যেমন– গৈ + অক = গায়ক, পো + অন = পবন, গো + আদি = গবাদি, পো + ইত্র = পবিত্র, নৌ + ইক = নাবিক ইত্যাদি।*

Section-B : English 1 × 25 = 25

26. The analogy of FOOD : GOURMET is—
ⓐ Book : Critic ⓑ Art : Connoisseur
ⓒ Sports : Fan ⓓ Craft : Skill
Hints : *Food অর্থ খাদ্য ও gourmet অর্থ খাদ্য ও পানীয় সম্পর্কে জানেন যিনি। অন্যদিকে, art অর্থ শিল্প ও connoisseur অর্থ শিল্প, খাদ্য বা গানের সৌন্দর্য বা দক্ষতা যাচাইয়ে দক্ষ যিনি। Food ও gourmet শব্দদ্বয়ের মধ্যে যে সম্পর্ক, art ও connoisseur শব্দদ্বয়ের মধ্যেও অনুরূপ সম্পর্ক বিদ্যমান। তাই অপশন (b)-ই সঠিক উত্তর।*

27. The analogy of CONFIDENT : HAUGHTY is—
ⓐ Diminished : Forsaken
ⓑ Liberal : Brusque
ⓒ Provident : Penurious
ⓓ Autonomous : Subordinate
Hints : *Confident অর্থ আত্মবিশ্বাসী ও haughty অর্থ উদ্ধত। অন্যদিকে, provident অর্থ মিতব্যয়ী বা দূরদর্শী ও penurious অর্থ নগণ্য, অভাবগ্রস্ত। Confident দ্বারা এমন একজন ব্যক্তিকে বোঝায়, যিনি তার কর্মদক্ষতার কারণে কোনো বিষয়ে সফলতা লাভ করার ব্যাপারে নির্ভার ও শান্ত থাকেন। কিন্তু haughty দ্বারা বোঝায় যে ব্যক্তি অন্যের চেয়ে নিজেকে শ্রেয় ভাবে ও বাজে আচরণ করে। confident ও haughty শব্দদ্বয়ের সম্পর্কের সাথে মিল রয়েছে provident ও penurious শব্দযুগলের কারণ, provident দ্বারা বোঝায়– সতর্ক ও বিচক্ষণ ব্যক্তিকে যিনি অহেতুক অপব্যয় না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করেন ও penurious দ্বারা অভাবগ্রস্ত ব্যক্তিকে বোঝায় যিনি সামর্থ্যহীনতার কারণে খরচ করতে পারেন না।*

28. Mercenary : Money : :
ⓐ Vindictive : Revenge
ⓑ Scholarly : Library
ⓒ Immaculate : Cleanliness
ⓓ Thirsty : Water
Hints : *একজন mercenary (অর্থলোভী) যেমন money (টাকা) খোঁজে, একজন vindictive (প্রতিহিংসাপরায়ণ) লোক revenge (প্রতিশোধ) খোঁজে। Scholarly-পাণ্ডিত্যপূর্ণ; library-গ্রন্থাগার; immaculate-নির্মল; cleanliness-পরিচ্ছন্নতা; thirsty-তৃষ্ণার্ত; water-পানি।*

29. Lullaby : Song : :
ⓐ Narrative : Volume ⓑ Diatribe : Discourse
ⓒ Lecture : Tutor ⓓ Invective : Complement
Hints : *Lullaby (ঘুমপাড়ানি মৃদু সংগীত) যেমন এক ধরনের song (গান), তেমনি diatribe (দীর্ঘ*

Ans.	
21	b
22	d
23	a
24	b
25	b
26	b
27	c
28	a
29	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

বিতর্ক বা আলোচনা) ও এক ধরনের discourse (বক্তৃতা)। Narrative-কৃত্তান্ত; volume-পুস্তকের খণ্ড; lecture-শিক্ষা দেওয়ার জন্য বক্তৃতা; tutor-গৃহশিক্ষক; invective-গালিগালাজ; complement-পূরক।

30. **REPTILE is to LIZARD as FLOWER is to —**
ⓐ Petal ⓑ Stem ⓒ Alligator ⓓ Daisy
Hints : *Lizard (টিকটিকি) যেমন এক ধরনের reptile (সরীসৃপ), তেমনি daisy হচ্ছে এক ধরনের flower (ফুল)। Petal-পাপড়ি; stem-বোঁটা; alligator-কুমির।*

31. **— is characteristic of —**
ⓐ Courage, Hero ⓑ Flaw, Perfection
ⓒ Chapter, Novel ⓓ Classroom, Teacher
Hints : *Courage is a characteristic of a hero. অর্থাৎ সাহসিকতা হচ্ছে একজন নায়কের বৈশিষ্ট্য। Flaw-দোষ; perfection-উৎকর্ষ; chapter-অধ্যায়; novel-উপন্যাস; classroom-শ্রেণিকক্ষ; teacher-শিক্ষক।*

32. **— creates —.**
ⓐ Mechanic, Wrench ⓑ Moan, Pain
ⓒ Poet, Sonnet ⓓ Virus, Illness
Hints : *Poet creates sonnet অর্থাৎ কবি সনেট তৈরি করে। তবে ভাইরাসের দ্বারাও মানুষ অসুস্থ হতে পারে। Mechanic-মিস্ত্রি; wrench-যন্ত্রবিশেষ; moan-আর্তনাদ; pain-ব্যথা।*

33. **Antonym of the Word EXTEMPORE is—**
ⓐ Spontaneous ⓑ Unplanned
ⓒ Unrehearsed ⓓ Rehearsed
Hints : *Extempore (পূর্বপ্রস্তুতিহীন)-এর antonym হচ্ছে rehearsed (পূর্ব অনুশীলনকৃত)। Spontaneous-কৃতঃস্ফূর্ত; unplanned-পরিকল্পনাবিহীন; unrehearsed-পূর্বপ্রস্তুতিহীন।*

34. **Antonym of the word JOCOSE is—**
ⓐ Diseased ⓑ Playful
ⓒ Dull ⓓ Humorous
Hints : *Jocose (উৎফুল্ল/প্রাণবন্ত)-এর antonym হচ্ছে dull (নিরানন্দ/নিষ্প্রভ)। Disease-ব্যাধি; playful-প্রাণবন্ত; humorous-হাস্যরসাত্মক।*

35. **The antonym of the underlined word in the sentence "The place was indeed grotesque" is —**
ⓐ Good ⓑ Decent
ⓒ Filthy ⓓ Congruous
Hints : *Grotesque (সামঞ্জস্যহীন/অদ্ভুত)-এর antonym হচ্ছে congruous (উপযুক্ত/মানানসই)। তবে grotesque-এর antonym হিসেবে অর্থাৎ বাক্যের অর্থের সাথে মিল রেখে good এবং decent-ও ব্যবহার করা যায়।*

36. **The antonym of the underlined word in the sentence "All his neighbor is aware of his acrimonious nature" is—**
ⓐ Informal ⓑ Sympathetic
ⓒ Cooperative ⓓ Charitable
Hints : *Acrimonious (কদমেজাজি/কটু)-এর antonym হচ্ছে sympathetic (সহানুভূতিশীল)। তবে acrimonious-এর antonym হিসেবে cooperative (সহযোগী) এবং charitable (মহানুভব) ও ব্যবহার করা যায়।*

37. **Synonym of the word 'SPURIOUS' is—**
ⓐ Cursory ⓑ Sham ⓒ Disparate ⓓ Passing
Hints : *Spurious (মিথ্যা/জাল)-এর synonym হচ্ছে sham (ভান/ছল)। Cursory-তড়িঘড়িতে করা কাজ; disparate-অসম।*

38. **Synonym of the word MOOT is—**
ⓐ Controversial ⓑ Invisible
ⓒ Obsequious ⓓ Unexpected
Hints : *Moot (বিতর্কিত প্রসঙ্গ)-এর synonym হচ্ছে controversial (বিতর্কিত)। Invisible-অদৃশ্য; obsequious-মাত্রাতিরিক্ত শ্রদ্ধা প্রদর্শনকারী।*

39. **Her — should not be confused with miserliness, as long as I have known her, she has always been willing to assist those who are in need.**
ⓐ intemperance ⓑ intolerance
ⓒ frugality ⓓ diffidence
Hints : *প্রদত্ত বাক্যের শূন্যস্থানে frugality (মিতব্যয়িতা) বসালে বাক্যটির অর্থ যথার্থ হবে। Intemperance-অসংযম; intolerance-অসহিষ্ণুতা; diffidence-আত্মপ্রত্যয়হীনতা।*

40. **In his short story, the author depicts the complexity of modern life and the — modern man.**
ⓐ picture ⓑ predicament
ⓒ inclinations ⓓ life
Hints : *প্রদত্ত বাক্যের শূন্যস্থানে predicament (দুঃখদুর্দশা) বসালে বাক্যটির অর্থ যথার্থ হবে।*

41. **He has been very indulgent — his children.**
ⓐ to ⓑ of ⓒ by ⓓ in
Hints : *'কারও প্রতি প্রশ্রয়শীল হওয়া' অর্থে indulgent-এর পরে preposition হিসেবে to বসে।*

Ans.	
30	d
31	a
32	c
33	d
34	c
35	d
36	b
37	b
38	a
39	c
40	b
41	a

42. **Passengers are not allowed to use cell phones — airplanes.**
ⓐ with ⓑ at ⓒ of ⓓ on
Hints : *উড়োজাহাজ চড়াকালীন বোঝাতে preposition হিসেবে on ব্যবহৃত হয়।*

43. **Which one of the following sentences is correct?**
ⓐ I don't like discussing politics
ⓑ I don't like to discuss about politics
ⓒ I don't like to discuss politics
ⓓ I don't like discussing in politics
Hints : *'Like' verb-এর পরে gerund (v + ing) বসে। Discuss-এর পরে সাধারণত কোনো preposition বসে না। অতএব শুদ্ধ বাক্য : I don't like discussing politics.*

44. **Which underlined part of the following sentence has an error?**
He gave me a ticket so that I may visit the book fair.
ⓐ ⓑ ⓒ ⓓ
Hints : *প্রদত্ত বাক্যের অপশন (c)-তে may visit-এর পরিবর্তে might visit বসালে বাক্যটি সঠিক হবে। কারণ, so that-যুক্ত বাক্যের উভয় অংশেই একই tense বসে।*

45. **Select substitute word for the sentence "Persistent high inflation combine with high unemployment and saturated demand in an economy"**
ⓐ Recession ⓑ Depression
ⓒ Stagflation ⓓ Stagnation
Hints : *অর্থনীতিতে উচ্চ বেকারত্ব এবং সম্পৃক্ত চাহিদার সাথে সাথে উচ্চ মূল্যস্ফীতিকে stagflation (মুদ্রাস্ফীতি) বলে। Recession-মন্দা; depression-বিষাদ; stagnation-অচলাবস্থা।*

46. **Select substitute word for the sentence 'Of the relationship between a trustee and his principal'**
ⓐ Feudal ⓑ Trust ⓒ Agent ⓓ Fiduciary
Hints : *মূলধন এবং মূলধনের তত্ত্বাবধায়কের মধ্যে সম্পর্ককে Fiduciary (আস্থাভাজন) বলে। Feudal-সামন্ততান্ত্রিক; Trust-বিশ্বাস; Agent-প্রতিনিধি।*

47. **Find the odd word from the given options.**
ⓐ Obscure ⓑ Limpid
ⓒ Diaphanous ⓓ Crystalline
Hints : *অপশনগুলোর মধ্যে obscure (অস্পষ্ট/অস্বচ্ছ) শব্দটি অন্যদের থেকে আলাদা। এছাড়া limpid, diaphanous, crystalline শব্দগুলোর অর্থ- স্বচ্ছ।*

48. **Find the odd word form the given options.**
ⓐ Strident ⓑ Discordant
ⓒ Dulcet ⓓ Guttural
Hints : *প্রদত্ত অপশনগুলোর মধ্যে dulcet (সুমিষ্ট/সুমধুর) শব্দটি অন্যান্যদের থেকে আলাদা। Strident, discordant, guttural-বেসুরো/কর্কশ।*

49. **The passive form of the sentence 'He won't give you any chance' is—**
ⓐ You won't be giving any chance
ⓑ You won't be given any chance by him
ⓒ No chance won't have given him by you
ⓓ Any chance won't have given him by you
Hints : *Modal Auxiliary verb-যুক্ত active voice-কে passive voice-এ রূপান্তর করার নিয়ম : object-কে sub + modal auxiliary verb + be + v_3 + বাকি অংশ (যদি থাকে) + sub-কে obj.*

50. **The passive form of the sentence 'Did the boy catch a bird?' is—**
ⓐ Was a bird catching by the boy?
ⓑ Was the boy caught by a bird?
ⓒ Did the bird was caught by the boy?
ⓓ Was a bird caught by the boy?
Hints : *Past indefinite tense-এ থাকা interrogative sentence-কে active থেকে passive করার নিয়ম : was/were + obj-কে sub + v_3 + by + sub-কে obj.*

Section-C : General Mathematics and Quantitative Skill 1 × 20 = 20

51. **If two jeans and three shirts cost Tk. 4000 and three jeans and two shirts cost Tk. 3500, then how much does a jeans cost?**
ⓐ Tk. 500 ⓑ Tk. 1,000
ⓒ Tk. 1,500 ⓓ Tk. 2,000
Hints : *মনে করি, 1টি জিন্স এর দাম = x টাকা*
এবং 1 " শার্ট " " = y "
প্রশ্নমতে, $2x + 3y = 4000$ ... (i)
এবং $3x + 2y = 3500$ ... (ii)

Ans.	
42	d
43	a
44	c
45	c
46	d
47	a
48	c
49	b
50	d
51	a

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

(i) ×2 − (ii) ×3 ⇒
$4x + 6y = 8000$
$9x + 6y = 10500$
(−) (−) (−)
$-5x = -2500$
$\Rightarrow x = 500$
∴ 1টি জিনিসের দাম 500 টাকা

52. If x = y = 2z and xyz = 256, then x = ?
ⓐ 2 ⓑ 4 ⓒ 8 ⓓ None of these
Hints : দেওয়া আছে, $x = y = 2z$
$\therefore y = x$
এবং $z = \frac{x}{2}$
আবার, $xyz = 256$
$\Rightarrow x.x.\frac{x}{2} = 256$
$\Rightarrow x^3 = 256 \times 2$
$\Rightarrow x^3 = 512$
$\Rightarrow (x)^3 = (8)^3$
$\therefore x = 8$

53. One-third of Ratan's investment in National Savings Certificate is equal to one-half of his investment in FDR. If he has Tk. 1,50,000 as total investment, how much he invested in savings certificate?
ⓐ Tk. 30,000 ⓑ Tk. 50,000
ⓒ Tk. 60,000 ⓓ Tk. 90,000
Hints : ধরি, National savings certificate-এ Investment = x টাকা
∴ FDR-এ Investment = (150000 − x) টাকা
প্রশ্নমতে, $\frac{1}{3}x = \frac{1}{2}(150000 - x)$
$\Rightarrow \frac{x}{3} = \frac{150000 - x}{2}$
$\Rightarrow 2x = 450000 - 3x$
$\Rightarrow 2x + 3x = 450000$
$\Rightarrow 5x = 450000$
$\therefore x = 90000$
∴ National saving certificate-এ Investment 90000 টাকা।

54. A man bought some eggs of which 10% are rotten. He gives 80% of the remainder to his neighbors. Now he is left out with 36 eggs. How many eggs he bought?
ⓐ 40 ⓑ 100 ⓒ 200 ⓓ 72
Hints : মনে করি, ডিমের সংখ্যা = x টি
পচে যায় = x এর 10% = $\frac{x}{10}$ টি
∴ পচে যাওয়ার পর অবশিষ্ট থাকে = $x - \frac{x}{10} = \frac{9x}{10}$ টি
প্রতিবেশিদের দেয় = $\frac{9x}{10}$ এর 80%
$= \frac{9x}{10} \times \frac{80}{100} = \frac{18x}{25}$ টি
∴ অবশিষ্ট থাকে = $\frac{9x}{10} - \frac{18x}{25}$
$= \frac{45x - 36x}{50} = \frac{9x}{50}$
প্রশ্নমতে, $\frac{9x}{50} = 36$
$\Rightarrow x = \frac{36 \times 50}{9}$
$\therefore x = 200$

55. The sum of the squares of three numbers is 138, while the sum of their products taken two at a time is 131. Their sum is—
ⓐ 20 ⓑ 30
ⓒ 40 ⓓ Cannot be determined
Hints : মনে করি, সংখ্যা তিনটি যথাক্রমে a, b, c
প্রশ্নমতে, $a^2 + b^2 + c^2 = 138$ ...(i)
এবং $ab + bc + ca = 131$ ...(ii)
আমরা জানি,
$(a + b + c)^2 = (a^2 + b^2 + c^2) + 2(ab + bc + ca)$
$= 138 + 2.131 = 138 + 262$
$\Rightarrow (a + b + c)^2 = 400$
$\Rightarrow (a + b + c)^2 = (20)^2$
$\Rightarrow a + b + c = 20$

56. The sum of the ages of the father and son is 80 years. If ten years ago the age of father was three times that of his son, find the present age of the son.
ⓐ 55 ⓑ 25 ⓒ 15 ⓓ 45
Hints : মনে করি, পুত্রের বর্তমান বয়স = x বছর
∴ পিতার " " = (80 − x)"
প্রশ্নমতে, $3(x - 10) = 80 - x - 10$
$\Rightarrow 3x - 30 = 70 - x$
$\Rightarrow 3x + x = 70 + 30$
$\Rightarrow 4x = 100$
$\therefore x = 25$
∴ পুত্রের বর্তমান বয়স = 25 বছর

Ans.
52 c
53 d
54 c
55 a
56 b

57. The monthly income of two persons are in the ratio 4 : 5 and their monthly expenditures are in the ratio of 7 : 9. If each saves BDT 50 per month, find their monthly income.
ⓐ 400 and 600 ⓑ 400 and 500
ⓒ 500 and 400 ⓓ None of these
Hints : মনে করি,
১ম লোকটির মাসিক আয় = 4x
এবং ২য় " " " = 5x
আবার, ১ম লোকটির মাসিক খরচ = 7y
এবং ২য় " " " = 9y
প্রশ্নমতে, $4x - 7y = 50$ ... (i)
এবং $5x - 9y = 50$ ... (ii)
(i) নং হতে পাই,
$-7y = -4x + 50$
$\Rightarrow -7y = -(4x - 50)$
$\Rightarrow y = \frac{4x - 50}{7}$
আবার, (ii) নং হতে পাই,
$5x - 9\left(\frac{4x - 50}{7}\right) = 50$
$\Rightarrow 35x - 36x + 450 = 350$
$\Rightarrow -x = -100$
$\therefore x = 100$
∴ ১ম লোকটির আয় = 4 × 100 = 400 টাকা
২য় " " = 5 × 100 = 500 টাকা

58. Simple interest on a certain sum at the rate of 4.5% p.a. for 4 years and 6 years differs by BDT 216. The sum is—
ⓐ BDT 2100 ⓑ BDT 2400
ⓒ BDT 1800 ⓓ None of these
Hints : মনে করি, আসল = p টাকা
4 বছর পর মুনাফা $I_1 = p \times 4 \times \frac{4.5}{100}$
এবং 6 " " " $I_2 = p \times 6 \times \frac{4.5}{100}$
প্রশ্নমতে, $\frac{p \times 6 \times 4.5}{100} - \frac{p \times 4 \times 4.5}{100} = 216$
$\Rightarrow 27p - 18p = 21600$
$\Rightarrow 9p = 21600$
$\therefore p = 2400$

59. If the product of three consecutive integers is 210, then the sum of integers is—.
ⓐ 14 ⓑ 15 ⓒ 18 ⓓ 21
Hints : 2 | 210
3 | 105
5 | 35
7
$\therefore 210 = 2 \times 3 \times 5 \times 7$
$= 5 \times 6 \times 7$
∴ যোগফল = 5 + 6 + 7 = 18

60. In a right triangle, the length of one of the legs is 3 and the length of the hypotenuse is 5. What is the length of the other leg?
ⓐ 4 ⓑ 8 ⓒ 16 ⓓ None of these
Hints : মনে করি, অপর বাহুর দৈর্ঘ্য x,
সমকোণী ত্রিভুজে পীথাগোরাসের সূত্রানুযায়ী,
$x^2 + 3^2 = 5^2$
$\Rightarrow x^2 + 9 = 25$
$\Rightarrow x^2 = 16$
$\therefore x = 4$

61. If $x = a + \frac{1}{a}$ and $y = a - \frac{1}{a}$ then $x^4 + y^4 - 2x^2y^2 = ?$
ⓐ 4 ⓑ 8
ⓒ 16 ⓓ None of the above
Hints : দেওয়া আছে, $x = a + \frac{1}{a}$
এবং $y = a - \frac{1}{a}$
$\therefore x + y = 2a$
এবং $x - y = a + \frac{1}{a} - a + \frac{1}{a} = \frac{2}{a}$
প্রদত্ত রাশি $= x^4 + y^4 - 2x^2y^2$
$= (x^2)^2 + (y^2)^2 - 2.x^2.y^2$
$= (x^2 - y^2)^2$
$= \{(x + y)(x - y)\}^2$
$= \left\{2a.\frac{2}{a}\right\}^2$
$= (4)^2 = 16$

62. The present ratio of students to teachers at a certain school is 30 to 1. If the student enrollment were to increase by 50 students and the number of teachers were to increase by 5, the ratio of students to teachers would then be 25 to 1. What is the present number of teachers?
ⓐ 8 ⓑ 10 ⓒ 12 ⓓ 15
Hints : মনে করি, ছাত্র সংখ্যা = x
এবং শিক্ষক " = y

Ans.
57 b
58 b
59 c
60 a
61 c
62 d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

প্রশ্নমতে, $x : y = 30 : 1$

$\Rightarrow \frac{x}{y} = \frac{30}{1}$

$\Rightarrow x = 30y$ ...(i)

আবার, $x + 50 : y + 5 = 25 : 1$

$\Rightarrow \frac{x+50}{y+5} = \frac{25}{1}$

$\Rightarrow x + 50 = 25y + 125$

$\Rightarrow 30y + 50 = 25y + 125$ [∵ (i) হতে]

$\Rightarrow 5y = 75$

$\Rightarrow y = 15$

∴ শিক্ষক সংখ্যা = 15 জন

63. A worker was hired for 7 days. Each day, he was paid Tk. 10 more than what he was paid for the previous day of work. The total amount he was paid in the first 4 days of work equaled the total amount he was paid in the last 3 days. What was his starting pay?

ⓐ Tk. 90 ⓑ Tk. 138 ⓒ Tk. 150 ⓓ Tk. 160

Hints : মনে করি, ১ম দিনের বেতন = x টাকা

∴ ২য় দিনের বেতন $(x + 10)$ টাকা

৩য় " " $(x + 20)$ "

৪র্থ " " $(x + 30)$ "

৫ম " " $(x + 40)$ "

৬ষ্ঠ " " $(x + 50)$ "

৭ম " " $(x + 60)$ "

প্রশ্নমতে, $x + (x + 10) + (x + 20) + (x + 30)$

$= (x + 40) + (x + 50) + (x + 60)$

$\Rightarrow 4x + 60 = 3x + 150$

$\Rightarrow 4x - 3x = 150 - 60$

$\Rightarrow x = 90$

∴ প্রথম দিনের বেতন ছিল 90 টাকা

64. The average daily wage of 10 workers is Tk. 400. If the lowest wage is Tk. 300, then what is the possible maximum wage?

ⓐ 800 ⓑ 1000 ⓒ 1200 ⓓ 1300

Hints : দেওয়া আছে,

10 জন শ্রমিকের গড় মজুরি 400 টাকা

∴ 10 " " মোট " $10 \times 400 = 4000$ টাকা

এখন, 9 জন শ্রমিকের গড় মজুরি 300 টাকা

∴ 9 " " মোট " $9 \times 300 = 2700$ টাকা

∴ 1 জনের সর্বোচ্চ মজুরি = $4000 - 2700 = 1300$ টাকা

65. A monkey climbs a 12-meters-high slippery pillar. In his first minute, he climbs 2 meters, and in the next minute, he slips one meter down. In this way, how much time will he take to reach the top of the pillar?

ⓐ 10 minutes ⓑ 12 minutes

ⓒ 11 minutes ⓓ 21 minutes

Hints : যেহেতু বানরটি প্রথম মিনিটে ওঠে 2 মি.

এবং দ্বিতীয় " নামে 1 মি.

সেহেতু 2 মিনিট শেষে ওঠে $(2 - 1) = 1$ মি.

আবার, শেষ 1 মিনিটে বানরটি 2 মিটার ওঠে আর নিচে নামার প্রয়োজন না থাকায়, বানরটি উঠানামা করে $= (12 - 2) = 10$ মিটার

এখন, বানরটি 1 মিটার ওঠে 2 মিনিটে

∴ " 10 " " $2 \times 10 = 20$ "

তাহলে, 12 মিটার ওঠতে বানরটির মোট সময় লাগবে $= 20 + 1 = 21$ মিনিট

66. A clock seen through a minor, shows quarter past three. What is the correct time shown by the clock?

ⓐ 3 : 15 ⓑ 7 : 15 ⓒ 8 : 45 ⓓ 9 : 45

Hints : 11 : 60

3 : 15

[(-) করে] 8 : 45

∴ সঠিক সময় = 8 : 45

67. A batsman makes a score of 80 runs in the 16th innings and increases average by 3. What is his average after 16th innings?

ⓐ 25 ⓑ 29 ⓒ 32 ⓓ 35

Hints : মনে করি, 16তম ইনিংসের আগে অর্থাৎ 15তম ইনিংস পর্যন্ত গড় রান = x

∴ 15তম ইনিংস পর্যন্ত মোট রান = $15x$

আবার, 16তম ইনিংস শেষে গড় রান = $x + 3$

∴ 16 " " " মোট " $= 16(x + 3)$

প্রশ্নমতে, $16(x + 3) - 15x = 80$

$\Rightarrow 16x + 48 - 15x = 80$

$\Rightarrow x = 32$

∴ 16তম ইনিংস শেষে গড় রান = $32 + 3 = 35$

68. After fillings the car's fuel tank, a driver drove from P to Q and then to R. He used 2/5th portion of the fuel driving from P to Q. If she used another 7 liters to drive from Q to R and still had 1/4th of the tank left, how many liters does the tank hold?

ⓐ 12 ⓑ 18 ⓒ 20 ⓓ 21

Ans.	
63	a
64	d
65	d
66	c
67	d
68	c

Hints : মনে করি,

ট্যাংকটিতে ফুয়েল ধরে x লিটার

P Q R

প্রশ্নমতে, $\frac{2x}{5} + 7 + \frac{x}{4} = x$

$\Rightarrow \frac{2x}{5} + \frac{x}{4} - x = -7$

$\Rightarrow \frac{8x + 5x - 20x}{20} = -7$

$\Rightarrow -7x = -7 \times 20$

$\Rightarrow x = 20$

∴ ট্যাংকটিতে ফুয়েল ধরে 20 লিটার।

69. A merchant has 1000 kg of sugar, part of which he sells at 8% and the remaining at 18% profit. He gains 14% on the whole. Find the quantity of sugar that he sold at 18% profit.

ⓐ 400 kg ⓑ 560 kg ⓒ 600 kg ⓓ 640 kg

Hints : ধরি, 8% লাভে বিক্রয় করে x কেজি

∴ 18% " " " $(1000 - x)$ "

প্রশ্নমতে, $\frac{8x}{100} + \frac{18(1000 - x)}{100} = 1000 \times \frac{14}{100}$

$\Rightarrow 8x + 18(1000 - x) = 1000 \times 14$

$\Rightarrow 8x + 18000 - 18x = 14000$

$\Rightarrow -10x = 14000 - 18000$

$\Rightarrow 10x = 4000$

∴ $x = 400$

∴ 18% লাভে বিক্রয় করে $= (1000 - 400) = 600$ কেজি

70. The average weight of A, B and C is 45 kg. If the average weight of A and B is 40 kg and that of B and C is 43 kg, then the weight of B is —.

ⓐ 17 kg ⓑ 31 kg

ⓒ 20 kg ⓓ None of these

Hints : দেওয়া আছে, $\frac{A + B + C}{3} = 45$

$\Rightarrow A + B + C = 135$ ...(i)

আবার, $\frac{A + B}{2} = 40$

$\Rightarrow A + B = 80$ ...(ii)

এবং $\frac{B + C}{2} = 43$

$\Rightarrow B + C = 86$ ...(iii)

(ii) + (iii) $\Rightarrow$

$A + B + B + C = 80 + 86$

$\Rightarrow A + 2B + C = 166$ ...(iv)

(iv) − (i) $\Rightarrow$

$A + 2B + C - A - B - C = 166 - 135$

∴ $B = 31$

∴ B এর ওজন = 31 kg

Section-D : General Knowledge 1×20 = 20

71. The old name of RAJUK is —.

ⓐ BIIT ⓑ DIT ⓒ BAT ⓓ None of these

Hints : 1953 সালে প্রণীত The Town Improvement Act, 1953 আইনের আওতায় ১৯৫৬ সালে ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকাসমূহের উন্নয়ন ও পরিবর্ধনের বিশেষ ক্ষমতা নিয়ে সর্বপ্রথম 'ঢাকা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট' (ডিআইটি) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮৭ সালে উক্ত আইন সংশোধনের মাধ্যমে এটি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ বা রাজউক হিসেবে আত্মপ্রকাশ করে।

72. USA film industry Hollywood is located in—

ⓐ Maryland ⓑ Virginia

ⓒ California ⓓ New York

Hints : যুক্তরাষ্ট্রের চলচ্চিত্র শিল্পের জন্য প্রসিদ্ধ স্থান 'হলিউড'। এটি ক্যালিফোর্নিয়া রাজ্যের লস এঞ্জেলেস শহরে অবস্থিত। এইচ. জে. হোয়াইটলিকে 'হলিউড' শহরের রূপকার বলা হয়। হলিউডকে বিশ্ব চলচ্চিত্রের রাজধানী বলা হয়। এই শহরকে কেন্দ্র করে গড়ে উঠেছে বিশ্ববিখ্যাত স্টুডিও এবং চলচ্চিত্র শিল্পের সাথে সংশ্লিষ্ট বিবিধ প্রতিষ্ঠান।

73. What is the name of the largest cotton-producing country as of 2022?

ⓐ Pakistan ⓑ France ⓒ USA ⓓ China

Hints : ২০২২ সালে বিশ্বে তুলা উৎপাদনে শীর্ষ দেশ চীন। দেশটি ৫,৮৭৯ মেট্রিক টন তুলা উৎপাদন করে। আর তুলা উৎপাদনে বিশ্বে দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে আছে যথাক্রমে ভারত ও যুক্তরাষ্ট্র।

74. Martin Cooper is known for his invention of—

ⓐ Digital Camera ⓑ X-ray

ⓒ Solar Energy ⓓ Mobile Phone

Hints : মার্কিন ইঞ্জিনিয়ারিং মার্টিন কুপার মোবাইল ফোনের জনক। ৩ এপ্রিল ১৯৭৩ তিনি মোবাইল বা সেলফোন উদ্ভাবনের পর নিউইয়র্ক হতে প্রথম কল করেন। আর ১৯৯৪ সালে প্রথম 'স্মার্টফোন' বাজারে নিয়ে আসে যুক্তরাষ্ট্রের প্রযুক্তি প্রতিষ্ঠান 'আইবিএম'।

Ans.	
69	c
70	b
71	b
72	c
73	d
74	d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

75. What is the name of data center the EU unveils to probe crimes in Ukraine?
ⓐ Tulip ⓑ Metro
ⓒ Game Changer ⓓ None of these
Hints : ২০২৩ সালে ইউরোপীয় ইউনিয়নের Judicial Cooperation agency (Eurojust) 'গেম চেঞ্জার' ডাটা সেন্টার উদ্বোধন করে। এর লক্ষ্য হলো রাশিয়া কর্তৃক ইউক্রেনে হামলার ফলে যে অপরাধগুলো সংঘটিত হয়েছে তার তথ্য-প্রমাণ সংগ্রহ করে বিশ্লেষণ করা। এটি ডিজিটাল প্রামাণ্য তথ্য হিসেবে ছবি, ভিডিও, রেকর্ডিং, স্যাটেলাইট ও ড্রোন ফুটেজ সংঘটিত অপরাধের প্রমাণ হিসেবে সংগ্রহ করবে ও ইউরোপীয় ইউনিয়নের দেশগুলোকে সরবরাহ করবে।

76. The designer of the National Martyrs' Monument is—
ⓐ Syed Mainul Hossain
ⓑ Hamidur Rahman
ⓒ Shaymol Chowdhury
ⓓ Syed Abdulla Khalid
Hints : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের স্মৃতিকে চির অম্লান রাখার উদ্দেশ্যে ঢাকা শহর থেকে প্রায় ২০ মাইল দূরে সাভারের নবীনগরে জাতীয় স্মৃতিসৌধ নির্মাণ করা হয়। ৮৪ একর আয়তনের ওপর নির্মিত এ স্তম্ভের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। ৭টি মিনার সংবলিত এ স্তম্ভটির উচ্চতা ১৫০ ফুট। আর বাংলাদেশের শহিদ মিনারের স্থপতি চিত্রশিল্পী হামিদুর রহমান।

77. Time difference of Bangladesh with 'Greenwich Mean Time' is—
ⓐ 6 hours ⓑ 12 hours
ⓒ 18 hours ⓓ 24 hours
Hints : গ্রিনিচ মান সময়ের (জিএমটি) সঙ্গে বাংলাদেশের সময়ের পার্থক্য GMT + 6 বা আন্তর্জাতিক সময় থেকে ছয় ঘণ্টা বেশি। অর্থাৎ গ্রিনিচের ০° দ্রাঘিমার সাথে আমাদের দ্রাঘিমার পার্থক্য ৯০°। প্রতি ডিগ্রি দ্রাঘিমার জন্য সময়ের ব্যবধান ৪ মিনিট, সে হিসাবে ৯০° × ৪ = ৩৬০ = ৬ ঘণ্টা।

78. Which of the following in not in Asia?
ⓐ Israel ⓑ Libya
ⓒ Saudi Arabia ⓓ Lebanon
Hints : 'লিবিয়া' আফ্রিকা মহাদেশে অবস্থিত একটি দেশ। দেশটি উত্তর আফ্রিকায় অবস্থিত। এর রাজধানী ত্রিপলি। আর সৌদি আরব, লেবানন ও ইসরায়েল এশিয়া মহাদেশের পশ্চিমে অবস্থিত।

79. What is the capital of Australia?
ⓐ Melbourne ⓑ Sydney
ⓒ Adelaide ⓓ Canberra
Hints : বিশ্বের ক্ষুদ্রতম মহাদেশ ওশেনিয়ার অন্তর্গত বৃহত্তম দেশ অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরা। আর মেলবোর্ন, সিডনি ও অ্যাডিলেড অস্ট্রেলিয়ার তিনটি প্রসিদ্ধ শহর।

80. The highest densely populated country of the world is—
ⓐ Bangladesh ⓑ China
ⓒ Monaco ⓓ Indonesia
Hints : ইউরোপের ক্ষুদ্রতম দেশ মোনাকো পৃথিবীর জনসংখ্যার ঘনত্বের দিক দিয়ে শীর্ষদেশ। দেশটির আয়তন দুই বর্গ কিলোমিটার। মোট জনসংখ্যা ৪০,০৪৯ জন, যার প্রতি বর্গ কিলোমিটারে প্রায় ২০,০০০ মানুষ বসবাস করে।

81. Which country has launched the 'Commercial Arms Transfer (CAT)' policy?
ⓐ Russia ⓑ China ⓒ USA ⓓ Iran
Hints : ২০২৩ সালে যুক্তরাষ্ট্র সমরাস্ত্র রপ্তানির নীতিমালা হিসেবে Commercial Arms Transfer (CAT) পদ্ধতি সংস্কার করে প্রণয়ন করে। এই নীতিমালায় বাণিজ্যের চেয়ে মানবাধিকারের প্রতি গুরুত্বারোপ করা হয়েছে। মানবাধিকার লঙ্ঘনকারী দেশে যুক্তরাষ্ট্র সমরাস্ত্র সরবরাহ করবে না বা রপ্তানির অনুমোদন দেবে না।

82. In August 2021, China inaugurated a new trade route via shop, road and rail through–
ⓐ India ⓑ Myanmar
ⓒ Sri Lanka ⓓ Pakistan
Hints : আগস্ট ২০২১ চীন নতুন বাণিজ্যিক রুট হিসেবে মিয়ানমারের মধ্যে দিয়ে জাহাজ, সড়ক ও ট্রেন যোগাযোগ ব্যবস্থার উদ্বোধন করে। এটি দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর সঙ্গে চীনের বাণিজ্যকে আরো সম্প্রসারিত করবে এবং দেশটি ভারত মহাসাগরে প্রবেশের পথ সুগম হবে। ২০১৩ সালে চীনের উদ্যোগে শুরু হওয়া 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' (বিআরআই) প্রকল্পের অংশ হিসেবে এই প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

83. 'Sheesh Mahal' was built by—
ⓐ Shah Jahan ⓑ Aurangzeb
ⓒ Akbar ⓓ Sher Shah Suri

Ans.	
75	c
76	a
77	a
78	b
79	d
80	c
81	c
82	b
83	a

Hints : ১৬৩১ সালে 'Prince of Builders' নামে খ্যাত মুঘল সম্রাট শাহজাহান নান্দনিক শীশমহল নির্মাণ শুরু করে। এটি পাকিস্তানের লাহোরে অবস্থিত আগ্রা দুর্গের অভ্যন্তরে অবস্থিত। শীশ মহলের দেয়াল ও সিলিংয়ে প্রচুর কাচ ব্যবহার করায়, এটি 'palace of Mirrors' নামেও পরিচিত।

84. Russia launched war Against Ukraine on –
ⓐ 22 February, 2022 ⓑ 24 February, 2022
ⓒ 20 February, 2022 ⓓ None of these
Hints : ২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া 'Special Military Operation' নামে ইউক্রেনে সামরিক হামলা শুরু করে। এই হামলার অন্যতম কারণ ছিল ইউক্রেনকে ইউরোপীয় ইউনিয়ন এবং সামরিক জোট ন্যাটোতে যোগ দেওয়া হতে বিরত রাখা।

85. Who is the first chief election commissioner of Bangladesh?
ⓐ Justice Mohammed Idris
ⓑ Md. Abdur Rouf
ⓒ A. K. M. Nurul Islam
ⓓ Sultan Hossain Khan
Hints : ৭ জুলাই ১৯৭২ বিচারপতি মোহাম্মদ ইদ্রিস বাংলাদেশের প্রথম প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। উল্লেখ্য, বাংলাদেশের বর্তমান (১৩তম) প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। আর বাংলাদেশের প্রথম নারী নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম।

86. What is the name of the river that does not cross by any bridges?
ⓐ Yangtze ⓑ Amazon ⓒ Nile ⓓ Mwogo
Hints : পৃথিবীর বৃহত্তম, প্রশস্ততম ও সবচেয়ে বেশি পানি প্রবাহিত হওয়া নদী অ্যামাজন। এই নদীর ওপর কোনো ব্রিজ বা সেতু নির্মিত হয়নি। আর বিশ্বের দীর্ঘতম নদী নীলনদ যা ১১টি দেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে।

87. JANA is the news agency of which country?
ⓐ Libya ⓑ South Africa
ⓒ Syria ⓓ Pakistan
Hints : Jamahiriya News Agency (JANA) হলো লিবিয়ার রাষ্ট্রীয় সংবাদ সংস্থা। এটি ১৯৬৪ সালে Libyan News Agency (LANA) নামে প্রতিষ্ঠিত হয়। উল্লেখ, Syrian Arab News Agency (SANA) সিরিয়ার রাষ্ট্রীয় সংস্থা। আর South News Agency (SANA) নামে পাকিস্তানেরও একটি সংবাদ সংস্থা রয়েছে।

88. Which country has recently signed an agreement with Bangladesh to establish a coastal Surveillance radar system?
ⓐ USA ⓑ China ⓒ India ⓓ Russia
Hints : ২০১৯ সালে ভারত 'কোস্টাল রাডার সিস্টেম' স্থাপনে বাংলাদেশের সাথে চুক্তি করে। বিভিন্ন নিরাপত্তা বিশ্লেষক মনে করেন, বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে ভারতের রাডার স্থাপনের অন্যতম লক্ষ্য এ অঞ্চলে যাতায়াতকারী চীনের জাহাজগুলোর গতিবিধির ওপর নজর রাখা।

89. The name of the digital financial service by the Bangladesh Post Office is—
ⓐ Post Cash ⓑ eCash
ⓒ PostPay ⓓ Nagad
Hints : বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ফোনভিত্তিক ডিজিটাল আর্থিক সেবা প্রদানকারী প্ল্যাটফর্ম 'নগদ'। এটি ২৬ মার্চ ২০১৯ কার্যক্রম শুরু করে। উল্লেখ্য, বিকাশ, রকেট ও এমক্যাশ হলো যথাক্রমে ব্র্যাক ব্যাংক, ডাচবাংলা ব্যাংক ও ইসলামি ব্যাংকের মোবাইল ব্যাংকিং সেবার নাম।

90. The famous novel 'A Tale of Two Cities' is written by—
ⓐ JK Rowling ⓑ Charles Dickens
ⓒ Jane Austen ⓓ George Eliot
Hints : বিখ্যাত ইংরেজ লেখক ও ঔপন্যাসিক চার্লস ডিকেন্সের কালজয়ী ঐতিহাসিক উপন্যাস 'A Tale of Two Cities' (1859)। এই উপন্যাসে লন্ডন ও প্যারিস শহরের কথা বর্ণিত হয়েছে। তার রচিত আরও কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হলো– Great Expectations, David Copperfield, Oliver Twist, Bleak House।

Section-E : Basic Computer Knowledge 1 × 10 = 10

91. dbase III is—
ⓐ Hardware ⓑ Application Software
ⓒ Firmware ⓓ Operating System
Hints : dbase III এক ধরনের Application software যার সাহায্যে Database Management এর কাজ করা হয়। ব্যবহারিক সমস্যা সমাধানের জন্য তৈরি সফটওয়্যারকে অ্যাপ্লিকেশন সফটওয়্যার বলে। যেমন : MS Powerpoint, MS Word, MS Excel ইত্যাদি। অন্যদিকে MS DOS, MS windows, Unix, Unix Android ইত্যাদি হলো অপারেটিং সিস্টেম।

Ans.	
84	b
85	a
86	b
87	a
88	c
89	d
90	b
91	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

92. The main memory of a computer system is—
ⓐ Volatile ⓑ None-volatile
ⓒ Restricted ⓓ Unrestricted
Hints : *Main memory-র মধ্যে RAM-ই প্রধান। RAM এর পূর্ণরূপ Random Access Memory। এটি কম্পিউটারের অস্থায়ী বা volatile বা উদ্বায়ী মেমোরি। কম্পিউটারের পাওয়ার চলে গেলে এ স্মৃতিতে রক্ষিত সকল তথ্য হারিয়ে যায়।*

93. The computers system which use a drum plotter is known as?
ⓐ Mainframe Computer ⓑ Mini Computer
ⓒ Both 'a' and 'b' ⓓ None of these
Hints : *প্লটার হলো একটি আউটপুট ডিভাইস, যা প্রিন্টারের মতই কাজ করে। আর এতে প্রিন্টিংয়ের জন্য কলম ব্যবহৃত হয়। ইঞ্জিনিয়ারিং ড্রয়িংয়ের জন্য প্লটার ব্যবহৃত হয়। এটি ২ ধরনের হয়ে থাকে। যথা– i. ফ্ল্যাটবেড প্লটার ও ii. ড্রাম প্লটার। ড্রাম প্লটার তার কাজ সম্পাদনের জন্য মেইনফ্রেম ও মিনি কম্পিউটার ব্যবহার করে।*

94. The command to reboot a computer is—
ⓐ Ctrl + Alt + Tab ⓑ Ctrl + Shift + Del
ⓒ Ctrl + Alt + Del ⓓ Ctrl + Alt + Shift
Hints : *Ctrl + Alt + Del এক সঙ্গে চাপলে টাস্ক ম্যানেজার উইন্ডো আসে যেখান থেকে কম্পিউটারে চালু থাকা বিভিন্ন প্রোগ্রামের তালিকা দেখা যায়, যেকোনো প্রোগ্রাম বন্ধ করা যায়, নতুন প্রোগ্রাম চালু করা যায় এবং কম্পিউটার reboot করা যায়।*

95. Bluetooth operations use—
ⓐ Magnetic technology
ⓑ optical technology
ⓒ laser technology
ⓓ radio technology
Hints : *ব্লুটুথ হলো স্বল্প দূরত্বে (১০ থেকে ১০০ মিটার) ডেটা আদান-প্রদানের জন্য ব্যবহৃত একটি ওপেন ওয়্যারলেস প্রোটোকল। এটিতে রেডিও ওয়েভ পদ্ধতি প্রযুক্তি ব্যবহার করে ডেটা স্থানান্তর করা হয়।*

96. Readymade styles that can be use for a word document are called—
ⓐ Presentations ⓑ Letters
ⓒ Templates ⓓ None of these
Hints : *Templates হলো প্রি-ডিফাইন্ড ডকুমেন্ট, যেখানে নির্দিষ্ট লেআউট, স্টাইল, নির্দিষ্ট ফিল্ড এবং টেক্সট ব্যবহার করে একটি প্যাটার্ন তৈরি করে রাখা হয়।*

97. A bit can be—
ⓐ 1 or 0 ⓑ 1
ⓒ 0 ⓓ None of these
Hints : *কম্পিউটারে তথ্য প্রকাশের ক্ষুদ্রতম ইউনিট হলো bit. Bit হলো binary digit-এর সংক্ষিপ্ত রূপ। 0 অথবা 1 হলো এই Bit।*

98. PROM stands for—
ⓐ Programmable Read Only Memory
ⓑ Primary Read Only Memory
ⓒ Programmable Only Memory
ⓓ None of these
Hints : *PROM-এর পূর্ণরূপ হলো Programmable Read Only Memory। PROM-এ কেবলমাত্র একবারই প্রোগ্রাম করা যায়। এটি একটি স্থায়ী মেমোরি।*

99. Identify the oldest phone hacking technique used by hackers to make free calls.
ⓐ Cracking ⓑ Phishing
ⓒ Phreaking ⓓ Spamming
Hints : *যখন কম্পিউটার সিস্টেম প্রচলিত ছিল না তখন হ্যাকাররা টেলিফোন হ্যাকিং পরিচালনা করত। Phreaking শব্দটি Freak (phone) থেকে এসেছে। এর মাধ্যমে হ্যাকাররা ফ্রি কল করতে পারত। অন্যদিকে, Cracking, Phishing, Spamming সবগুলোই কম্পিউটার সিস্টেমে হ্যাকিং ব্যবস্থা।*

100. Which one of the following techniques, is used to hide information inside a picture?
ⓐ Bitmapping ⓑ Image rendering
ⓒ Rootkits ⓓ Steganography
Hints : *স্টেগানোগ্রাফি হলো ডকুমেন্ট, অডিও, ভিডিও, পিকচার, প্রোগ্রাম ইত্যাদি ডিজিটাল ফাইলে নিহিত করে তথ্য গোপন করার একটি পদ্ধতি। অন্যদিকে, Bitmapping হলো picture file সংরক্ষণের এমন একটি ব্যবস্থা সেখানে ছবিতে অবস্থিত প্রতিটি Pixel-কে কতকগুলো বিটের মাধ্যমে প্রকাশ করা হয়।*

Ans.	
92	a
93	c
94	c
95	d
96	c
97	a
98	a
99	c
100	d

BANKERS' SPECIAL [SOLVED QUESTION BANK]

8 GOVT. BANKS & 1 FINANCIAL INSTITUTION

Sonali ▸ Janata ▸ Agni ▸ RBL ▸ BKB ▸ RAK ▸ Karmasangsthan ▸ Pubali ▸ IFIC ▸ ...

Senior Officer (General) 2023 [MCQ]

Examination Held On : 20.01.2023 Time : 1 Hours Total Marks : 100

01. উপসর্গ কোনটি?
ⓐ অতি ⓑ চেয়ে ⓒ থেকে ⓓ সবগুলো
Hints : *যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সেগুলোকে উপসর্গ বলে। 'অতি' সংস্কৃত উপসর্গ। এ উপসর্গটি দ্বারা গঠিত আরও কয়েকটি শব্দ- অতিশয়, অতিকায়, অতিক্রম, অতিমাত্রা।*

02. 'বঙ্গদর্শন' পত্রিকা কোন সালে প্রথম প্রকাশিত হয়?
ⓐ ১৯৬২ সালে ⓑ ১৮৭২ সালে
ⓒ ১৯৮২ সালে ⓓ কোনোটিই নয়
Hints : *বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত 'বঙ্গদর্শন' পত্রিকা ১৮৭২ সালে প্রথম প্রকাশিত হয়। এটি উনিশ শতকের অন্যতম প্রধান সাহিত্যবিষয়ক সাময়িকপত্র।*

03. কোনটি বিশেষণবাচক শব্দ?
ⓐ জীবনী ⓑ জীবন ⓒ জীবিকা ⓓ জীবাণু
Hints : *'জীবনী' বিশেষণবাচক শব্দ। অন্যদিকে 'জীবন, জীবিকা, জীবাণু' তিনটিই বিশেষ্যবাচক শব্দ।*

04. কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে?
ⓐ আপনি আসবেন ⓑ আমরা যাচ্ছি
ⓒ তোরা যাসনে ⓓ ওরা কি করে?
Hints : *বক্তা যখন অনুপস্থিত কারও সম্পর্কে বলে তাকে নাম পুরুষ বলে। 'ওরা' নাম পুরুষের, 'আপনি, তোরা' মধ্যম পুরুষের এবং 'আমরা' উত্তম পুরুষের উদাহরণ।*

05. কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে?
ⓐ ঠগি ⓑ পাঠক ⓒ পানস ⓓ সেলামি
Hints : *'পাঠক' শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়েছে যার প্রকৃতি ও প্রত্যয় = √পঠ + অক। এটি কৃৎপ্রত্যয়ের উদাহরণ।*

06. বাংলাদেশে 'সিরাজউদ্দৌলা' নাটকটি কে রচনা করেছেন?
ⓐ নুরুল মোমেন ⓑ আসকার সাইখ
ⓒ মুনীর চৌধুরী ⓓ সিকান্দার আবু জাফর
Hints : *বাংলাদেশে 'সিরাজউদ্দৌলা' নাটক রচনা করেন সিকান্দার আবু জাফর। এই ঐতিহাসিক নাটক ১৯৬৫ সালে রচিত।*

07. 'দ্রবণ' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়–
ⓐ দ্র + অন ⓑ দ্রো + অন
ⓒ দ্র + ওন ⓓ দ্রো + বন
Hints : *'দ্রবণ'-এর সন্ধিবিচ্ছেদ = দ্রো + অন। এটি স্বরসন্ধির উদাহরণ। এমন আরও উদাহরণ– বে + অন = বয়ন।*

08. 'হেড-মৌলভী' কোন কোন ভাষার শব্দ সহযোগে গঠিত?
ⓐ ইংরেজি + ফারসি ⓑ ইংরেজি + আরবি
ⓒ ইংরেজি + তুর্কি ⓓ কোনোটিই নয়
Hints : *'হেড-মৌলভী' শব্দটি একটি মিশ্র শব্দ যার মধ্যে ইংরেজি ও ফারসির মিশ্রণ ঘটেছে। এরূপ আরও কয়েকটি মিশ্র শব্দ– ডাক্তারখানা (বাংলা + ফারসি), হাটবাজার (বাংলা + ফারসি)।*

09. কোন চরণটি সঠিক?
ⓐ ধন ধান্যে পুষ্পে ভরা ⓑ ধন্য ধান্যে পুষ্পে ভরা
ⓒ ধন ধান্যে পুষ্পে ভরা ⓓ সবকটি
[Note : *উল্লিখিত সব উদাহরণই ভুল। সঠিক চরণটি হবে– ধনধান্যে পুষ্পভরা।]*

10. 'নষ্ট হবার স্বভাব যার' এককথায় কী হবে?
ⓐ নিদাগ ⓑ নষ্টমাস ⓒ নশ্বর ⓓ অবিনশ্বর
Hints : *কতিপয় গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যা কখনও নষ্ট হয় না– অবিনশ্বর, যা সহ্য করা যায় না– দুর্বিসহ, বোধ নেই যার– নির্বোধ।*

11. 'সংশয়'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ⓐ বিস্ময় ⓑ নির্ভর ⓒ প্রত্যয় ⓓ দ্বিধা
Hints : *'সংশয়'-এর বিপরীত শব্দ 'প্রত্যয়' এবং 'দ্বিধা' শব্দের বিপরীত শব্দ নির্দ্বিধা'।*

12. বিভক্তিযুক্ত ধাতু ও শব্দকে কী বলে?
ⓐ শব্দ ⓑ কারক ⓒ ক্রিয়াপদ ⓓ পদ
Hints : *বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে। শব্দ হলো অর্থবোধক ধ্বনিসমষ্টি, কারক হচ্ছে যা ক্রিয়া সম্পাদন করে এবং ক্রিয়াপদ হলো যে পদ দ্বারা কাজ বোঝায়।*

13. কোন দ্বিরুক্তি শব্দজুটি বহুবচন সংকেত করে?
ⓐ নরম নরম হাত ⓑ গরম গরম ভাত
ⓒ পাকা পাকা আম ⓓ কোনোটিই নয়
Hints : *'পাকা পাকা আম' বাক্যে 'পাকা পাকা' বলতে অনেকগুলো আমকে বোঝাচ্ছে। তাই এটি বহুবচনজ্ঞাপক দ্বিরুক্তি।*

Ans.	
01	a
02	b
03	a
04	d
05	b
06	d
07	b
08	a
09	Note
10	c
11	c
12	d
13	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

14. বাংলা ভাষায় প্রথম সার্থক কমেডি নাটক কোনটি?
ⓐ ভদ্রার্জুন ⓑ পদ্মাবতী
ⓒ শর্মিষ্ঠা ⓓ কৃষ্ণকুমারী
Hints : *বাংলা ভাষায় প্রথম সার্থক কমেডি নাটক 'পদ্মাবতী'। মাইকেল মধুসূদন দত্ত রচিত এ নাটকটি ১৮৬০ সালে প্রকাশিত হয়। অন্যদিকে, 'ভদ্রার্জুন' বাংলা ভাষায় রচিত প্রথম নাটক।*

15. 'মাগো ভাবনা কেন' গানটির গীতিকার কে?
ⓐ আপেল মাহমুদ
ⓑ গৌরীপ্রসন্ন মজুমদার
ⓒ আব্দুল গাফ্ফার চৌধুরী
ⓓ গাজী মাজহারুল আনোয়ার
Hints : *গৌরীপ্রসন্ন মজুমদার রচিত দেশাত্মবোধক গান– 'মাগো ভাবনা কেন'। অন্যদিকে আব্দুল গাফ্ফার চৌধুরী রচিত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি', গাজী মাজহারুল আনোয়ার রচিত– 'জয় বাংলা বাংলার জয়', 'একাত্তরা তুই দেশের কথা বলরে এবার বল' এবং আপেল মাহমুদের সুর করা একটি দেশাত্মবোধক গান 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে'।*

16. 'খনার বচন'-এর মূল ভাব কী?
ⓐ সামাজিক মঙ্গলবোধ ⓑ রাষ্ট্র পরিচালনা নীতি
ⓒ শুদ্ধ জীবনযাপন রীতি ⓓ কোনোটিই নয়
Hints : *খনার বচন কৃষিভিত্তিক ছড়া। এ বচনগুলো আনুমানিক ৮ম থেকে ১২শ শতাব্দীর মধ্যে রচিত হয়েছিল। প্রচলিত আছে খনা নাম্নী এক বিদুষী বাঙালি নারী খনার বচন রচনা করেন। এর মূলভাব হলো শুদ্ধ জীবনযাপন রীতি।*

17. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?
ⓐ ত্রিভুজ ⓑ শূন্য ⓒ পূন্য ⓓ ভুবন
[Note : *প্রদত্ত অপশনে শুদ্ধ বানানে লেখা হয়েছে 'ত্রিভুজ' ও 'শূন্য' শব্দ দুটি। অন্যদিকে, 'পূন্য' ও 'ভুবন' বানান দুটি অশুদ্ধ। পূন্য ও ভুবন শব্দদ্বয়ের শুদ্ধরূপ হলো যথাক্রমে √পূ + ঊন্য = পূণ্য ও √ভূ + অন = ভুবন। এই শব্দ দুটি সংস্কৃতি কৃৎ প্রত্যয়যোগে গঠিত।]*

18. কোনটি মৌলিক শব্দ?
ⓐ মানব ⓑ ধাতব
ⓒ একাত্ম ⓓ কোনোটিই নয়
Hints : *গঠন অনুসারে বাংলা শব্দ দু প্রকার। যথা– মৌলিক শব্দ এবং সাধিত শব্দ। যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না, সেসব শব্দকে মৌলিক শব্দ বলে। যেমন– গোলাপ, তিন, নাক, লাল, মা, পা ইত্যাদি। অন্যদিকে, মানব [মনু + ষ্ণ (অ)], ধাতব [ধাতু + ষ্ণ (অ)] ও একাত্ম [এক + আত্মন্] সাধিত শব্দ।*

19. নিচের কোন শব্দে ণত্ব বিধি অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে?
ⓐ বিপণি ⓑ নিকুন ⓒ প্রবণ ⓓ কল্যাণ
Hints : *'কল্যাণ', 'নিক্কণ' ও 'বিপণি' শব্দগুলোতে স্বভাবতই 'ণ' বসে। অন্যদিকে প্র, পরা, পরি, নির– এ চারটি উপসর্গের পর 'ণ'-বর্ণের ৫টি (প, ফ, ব, ভ, ম) বর্ণ থাকলে তারপরে 'ন' ধ্বনি থাকলে তা মূর্ধন্য 'ণ' হয়। যেমন : প্রবণ, প্রমাণ, পরিণাম, নির্ণয় ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর (c)।*

20. কোন বাক্যটি শুদ্ধ?
ⓐ দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
ⓑ দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
ⓒ দৈন্য সর্বদা মহত্ত্বে পরিচায়ক নয়
ⓓ দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
[Note : *অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার, বিশেষ্যের বিশেষণরূপে ও বিশেষণের বিশেষ্যরূপে ব্যবহার, বচনঘটিত, লিঙ্গঘটিত, অন্বয়ঘটিত ইত্যাদি কারণে বাক্যের ব্যবহারে ভুল হতে পারে। প্রদত্ত অপশনে সঠিক বাক্য নেই। শুদ্ধ বাক্যটি হলো– দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়।]*

21. 'মাটির ময়না' চলচ্চিত্রের নির্মাতা কে?
ⓐ তারেক মাসুদ ⓑ হুমায়ূন আহমেদ
ⓒ আলমগীর কবির ⓓ কোনোটিই নয়
Hints : *'মাটির ময়না' ২০০২ সালে মুক্তিপ্রাপ্ত বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র। এটি রচনা ও পরিচালনা করেন তারেক মাসুদ। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রাক্কালে গণঅভ্যুত্থানের পটভূমিতে রচিত এ চলচ্চিত্রটি তারেক মাসুদের প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। চলচ্চিত্রটি শ্রেষ্ঠ শিশু শিল্পী ও শ্রেষ্ঠ চিত্রনাট্যকার বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করে।*

22. 'নীল দর্পণ' নাটকটির মূল বিষয়বস্তু কী?
ⓐ ভাষা আন্দোলন ⓑ নীলকরদের অত্যাচার
ⓒ অসহযোগ আন্দোলন ⓓ তেভাগা আন্দোলন
Hints : *দীনবন্ধু মিত্র রচিত 'নীলদর্পণ' (১৮৬০) নাটকটি ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ। নীলকরদের অত্যাচার ও নীলচাষীদের দুঃখ-কষ্ট নিয়ে রচিত এ নাটকের কাহিনি মেহেরপুর অঞ্চলের। তার রচিত আরও কয়েকটি নাটক : নবীন তপস্বিনী, লীলাবতী, জামাই বারিক, কমলে কামিনী।*

23. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত গল্প?
ⓐ পদ্মরাগ ⓑ পদ্মপুরাণ
ⓒ পদ্মগোখরা ⓓ সবকটি
Hints : *১৯৩১ সালে প্রকাশিত কাজী নজরুল ইসলামের 'শিউলিমালা' কাব্যগ্রন্থের গল্পগুলো হলো– পদ্মগোখরা, জিনের বাদশা, অগ্নিগিরি ও শিউলিমালা।*

24. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কী?
ⓐ গৌড়ীয় ব্যাকরণ ⓑ মাগধীয় ব্যাকরণ
ⓒ ভাষা ও ব্যাকরণ ⓓ মাতৃভাষা
Hints : *রাজা রামমোহন রায় রচিত বাংলা ভাষার প্রথম ব্যাকরণ গ্রন্থ 'Bengalee Grammar in the English Language' (প্রকাশ ১৮২৬)। ১৮৩৩ খ্রিষ্টাব্দে বাংলায় অনুবাদ করে গ্রন্থটির নাম দেওয়া হয় 'গৌড়ীয় ব্যাকরণ'। যা বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ।*

25. 'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দযোগে হয়েছে?
ⓐ সংস্কৃত + আরবি ⓑ ফারসি + আরবি
ⓒ সংস্কৃত + ফারসি ⓓ বাংলা + আরবি
Hints : *'চৌ-হদ্দি' হলো চৌ + হদ্দি। এখানে 'চৌ' অংশটুকু ফারসি এবং 'হদ্দ' অংশটুকু আরবি ভাষার শব্দ। ফারসি 'চৌ' অর্থ চার এবং 'হদ্দ' অর্থ সীমানা। সুতরাং চৌ-হদ্দি শব্দের অর্থ চতুঃসীমা। যেমন– বাড়ি বা জমির চৌহদ্দি। এটি ৯ম-১০ম বোর্ড বই অনুসারে। অন্যদিকে আধুনিক বাংলা অভিধান অনুসারে বাংলা + ফারসি এবং ব্যবহারিক বাংলা অভিধান অনুসারে 'সংস্কৃত + আরবি'।*

26. One who knows everything is —
ⓐ Omnipotent ⓑ Omnivorous
ⓒ Omniscient ⓓ Omnipresent
Hints : *যিনি সবকিছু জানেন, তাঁকে omniscient বলে। এছাড়া omnipotent– সর্বশক্তিমান, omnipresent– সর্বব্যাপী এবং omnivorous– সর্বভুক।*

27. Habitually silent or talk less is —
ⓐ Taciturn ⓑ Servile
ⓒ Unequivocal ⓓ Quiet
Hints : *স্বভাবই নিশ্চুপ বা কম কথা বলেন এমন ব্যক্তিকে taciturn বলে।*

28. Which one of the following spelling correct?
ⓐ Sintillating ⓑ Scintillating
ⓒ Scintilating ⓓ Cintillating
Hints : *সঠিক বানান scintillating, যার অর্থ জ্বলজ্বলে।*

29. Find the odd word from the given options—
ⓐ Significant ⓑ Generous
ⓒ Ample ⓓ Trifling
Hints : *Trifling অর্থ তুচ্ছ। এটি নিন্দার্থে ব্যবহৃত হয়। অন্যদিকে significant, generous ও ample-এর অর্থ যথাক্রমে তাৎপর্যপূর্ণ, উদার ও প্রচুর। এগুলো ইতিবাচক অর্থে ব্যবহৃত হয়।*

30. What is the passive form of the sentence 'Have you played football'?
ⓐ Has been football played by you?
ⓑ Has football played by you?
ⓒ Has football been played by you?
ⓓ Is football by you?
Hints : *প্রদত্ত বাক্যটি present perfect tense-এ রয়েছে। তাই (c)-ই সঠিক উত্তর।*

31. Choose the correct spelling :
ⓐ Amatuer ⓑ Amature
ⓒ Amateur ⓓ Ameteur
Hints : *সঠিক spelling (c) amateur (অপেশাদার)।*

32. 'I already told him about the party'. Here, 'already' is—
ⓐ an adjective ⓑ an adverb
ⓒ a preposition ⓓ an interjection
Hints : *Subject ও verb-এর মাঝে adverb বসে।*

33. Choose the correct prefix/suffix from the following—
ⓐ Unassuming ⓑ Unabated
ⓒ Undaunted ⓓ None of these
[Note : *Unassuming, unabated, undaunted শব্দসমূহের Prefix সঠিকভাবে ব্যবহৃত হয়েছে। তাই সবগুলোই সঠিক শব্দ।]*

34. Which of the following contrasts FALLOW?
ⓐ Abundant ⓑ Valuable
ⓒ Necessary ⓓ In Use
Hints : *Fallow অর্থ অনাবাদি বা পতিত (জমি)। তাই (d) in use-ই সঠিক উত্তর।*

35. Which of the following is the opposite of the word INGENIOUS?
ⓐ Crafty ⓑ Inane
ⓒ Incompetent ⓓ Skillful
Hints : *Ingenious অর্থ প্রতিভাধর, উদ্ভাবনশক্তিবিশিষ্ট। এর antonym inane, যার অর্থ নির্বোধ, অন্তঃসারশূন্য। অন্যদিকে, craftu, incompetent, skillful-এর অর্থ যথাক্রমে ধূর্ত, অযোগ্য, সুদক্ষ।*

Ans.

14	b
15	b
16	c
17	Note
18	d
19	c
20	Note
21	a
22	b
23	c
24	a
25	b
26	c
27	a
28	b
29	d
30	c
31	c
32	b
33	Note
34	d
35	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

36. Pick appropriate word and complete the sentence : 'Taking the time to eat a good breakfast is simply a way to make the morning — and the day —.
ⓐ better, easier ⓑ best, easiest
ⓒ ease, easier ⓓ easy, easier
Hints : *তুলনামূলক অবস্থা বোঝানোয় শূন্যস্থানদ্বয়ে comparative degree বসবে।*

37. Select from the following and complete the sentence : 'The police — to be alert as the criminal was dangerous'.
ⓐ was told ⓑ was telling
ⓒ were told ⓓ were telling
Hints : *Police দ্বারা একাধিক পুলিশ সদস্য বোঝানোয় এটি plural। তাই plural subject অনুযায়ী (c) were told-ই সঠিক।*

38. Fill in the gap of the sentence from the following choices : 'I hope you must have — by now that failures are the stepping stones of success.'
ⓐ known ⓑ felt
ⓒ decided ⓓ realized
Hints : *অর্থগত দিক থেকে (d) realized-ই যথার্থ।*

39. Choose appropriate option and complete : 'The manager — to resign because all his proposals were — down by his superiors.'
ⓐ offered, thrown ⓑ threatened, turned
ⓒ gave, held ⓓ willing, knocked
Hints : *Threaten অর্থ হুমকি দেওয়া ও turn down অর্থ প্রত্যাখ্যান করা। অপশন (b) threatened, turned শূন্যস্থানে বসালে বাক্যের যথাযথ অর্থ বজায় থাকে।*

40. Pick appropriate preposition and complete : 'The man is absorbed — meditation.'
ⓐ for ⓑ by ⓒ of ⓓ in
Hints : *Absorbed-এর পরে appropriate preposition হলো in।*

41. Choose appropriate preposition and complete : 'He was born — exactly 2 am'.
ⓐ at ⓑ of ⓒ by ⓓ in
Hints : *সময়ের নির্দিষ্ট ক্ষণ বোঝালে ঐ সময়ের পূর্বে at বসে।*

42. The term DISINTER is same as —
ⓐ Bury ⓑ Befool
ⓒ Unearth ⓓ Disguise
Hints : *Disinter অর্থ আবিষ্কার করা, মাটি খুঁড়ে বের করা। Unearth অর্থও মাটি খুঁড়ে বের করা।*

43. The synonym of ENIGMA is —
ⓐ Obstruction ⓑ Nonsense
ⓒ Flaw ⓓ Puzzle
Hints : *Enigma অর্থ ধাঁধা, কুহেলিকা। Puzzle অর্থও ধাঁধা। তাই শব্দদ্বয় সমার্থক।*

44. Which underlined part of the following sentence has an error?
Body temperature is usually highest ⓐ during the afternoon or evening. ⓑ ⓒ ⓓ
Hints : *Highest-এর পরিবর্তে higher বসবে। তুলনা বোঝানোর কারণে comparative degree হবে।*

45. Identify the correct replacement of the underlined portion of the sentence : 'Aman has the guts to rise from the occasion and come out successful'.
ⓐ to rise against ⓑ in rising from
ⓒ to rise to ⓓ ro raise with
Hints : *To rise to (something) অর্থ অনাকাঙ্ক্ষিত কোনো পরিস্থিতি বা সমস্যা সামলে ওঠার সক্ষমতা দেখানো।*

46. Identify the correct replacement of the underlined portion of the sentence : 'As constrasted with the honeybee, the yellow jacket can sting repeatedly without dying and carries a potent venom that can cause intense pain.'
ⓐ as constrasted with the honeybee
ⓑ in constrast to the honeybee's
ⓒ unlike that of the honeybee
ⓓ unlike the honeybee
Hints : *Parallel structure অনুযায়ী (d) unlike the honeybee সঠিক। কারণ, yellow jacket-এর সাথে honeybee-এর তুলনা বোঝাচ্ছে।*

47. Which of the following words is required to make the sentence correct?
'The chief guest of the seminar spoke to the audience concerning career'.
ⓐ with ⓑ their ⓒ about ⓓ for

Ans.	
36	a
37	c
38	d
39	b
40	d
41	a
42	c
43	d
44	b
45	c
46	d
47	b

Hints : *প্রদত্ত বাক্যে concerning-এর পরে their বসালে বাক্যটি সঠিক হবে।*

48. Which of then following words is required to make the sentence correct?
'In a debate, it is sometimes necessary to remind speakers about the main points which are considered'.
ⓐ even ⓑ for ⓒ never ⓓ being
Hints : *Debate চলাকালীন যে বিষয় বিবেচনা করা হয় তা মনে করিয়ে দেওয়ার ব্যাপারটা debate চলতে থাকা অবস্থায় ঘটে, কাজেই which-এর পরের tense-টি present continuous tense হবে।*

49. Which of the following is the analogy of CREASE : FOLDING?
ⓐ Serration : Braiding
ⓑ Hole : Perforation
ⓒ Dent : Weakening
ⓓ Break : Setting
Hints : *Crease ও folding শব্দ দুটির অর্থ ভাঁজ করা। শব্দ দুটি synonymous। একইভাবে hole ও perforation অর্থ গর্ত বা ছিদ্র-এ শব্দ দুটি সমার্থক। তাই অপশন (b) সঠিক উত্তর।*

50. Which of the following resembles STARE : GLANCE?
ⓐ Gulp : Sip
ⓑ Scorn : Admire
ⓒ Participate : Observe
ⓓ Hunt : Stalk
Hints : *Stare ও glance অর্থ এক দৃষ্টিতে ও এক নজর দেখা তাকানো। একইভাবে gulp ও sip অর্থ সমার্থক। এদের অর্থও বড় করে ঢোক গেলা ও সামান্য চুমুক দিয়ে পান করা। তাই অপশন (a)-ই সঠিক উত্তর।*

51. In a class, 120 students are male and 100 students are female, 25% of male students and 20% of female students are engineering students. 20% of the male engineering students and 25% of the female engineering students passed the final exam. What percentage of engineering students passed the exam?
ⓐ 10% ⓑ 16% ⓒ 22% ⓓ 25%
Hints : *Now, Male engineering students = 120 of 25% $= 120 \times \frac{25}{100} = 30$*
Female engineering students
$= 100 \text{ of } 20\% = 100 \times \frac{20}{100} = 20$
∴ Passed Male engineering students $= 30 \times \frac{20}{100} = 6$
∴ Passed Female engineering students $= 20 \times \frac{25}{100} = 5$
∴ Percentage of passed engineering students
$= \left(\frac{6+5}{30+20} \times 100\right)\% = \left(\frac{11}{50} \times 100\right)\% = 22\%$

52. M is a girl and has the same number of brothers as sisters. N is a boy and has twice as many sisters as brothers. M and N are the children of Q. How many children does Q have?
ⓐ 2 ⓑ 3 ⓒ 5 ⓓ 8
[Note : *Number of children : x + x + (M = 1) = 2x + 1*
Number of brothers = x and number of sisters = x + 1
For, N : 2 (x − 1) = x + 1 ⇒ 2x − 2 = x + 1 ∴ x = 3
∴ Number of children = 2 × 3 + 1 = 7]

53. The area of then floor of an auditorium is 600 sq. meter. How many unkbroken tiles of dimension 10 × 30 cm² will be required to cover the floor completely?
ⓐ 200 ⓑ 15000 ⓒ 10000 ⓓ 20000
Hints : *Area of tiles* $= 10 \times 30 \text{cm}^2$
$= \frac{300}{100 \times 100} \text{m}^2 = \frac{3}{100} \text{m}^2$
∴ Required number of tiles $= \frac{600}{\frac{3}{100}} = 600 \times \frac{100}{3} = 20000$

54. The average daily wage of 10 workers is Tk. 400. If the lowest wage is Tk. 300, then what is the possible maximum wage?
ⓐ 1300 ⓑ 1200 ⓒ 1000 ⓓ 800
Hints : *Possible maximum wage = total wage − other 9 workers wage*
$= (400 \times 10) - (300 \times 9)$
$= 4000 - 2700 = 1300$

55. Ruby's height is 5'2". Ana is taller than Ruby but she is not taller than Pamela. Pamela is shorter than her cousin Rony but she is not shorter than Ruby. Who is the tallest in the group?
ⓐ Ana ⓑ Rony
ⓒ Pamela ⓓ Ruby

Ans.	
48	d
49	b
50	a
51	c
52	Note
53	d
54	a
55	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : *Here,*
Ana > Ruby, Ana < Pamela, Pamela < Rony
Rony > Pamela > Ana > Ruby
So, Rony is the tallest in the group.

56. A clock seen through a mirror, shows quarter past three. What is the correct time shown by the clock?
ⓐ 3 : 15 ⓑ 7 : 15 ⓒ 8 : 45 ⓓ 9 : 45
Hints : 11.60
(–) 3.15
∴ *Time in mirror = 8.45*

57. If x/y = 1/3, then the value of $(x^2 + y^2)/(x^2 - y^2)$ is –
ⓐ –10/9 ⓑ 5/4 ⓒ –5/3 ⓓ –5/4
Hints : *Here,* $\frac{x}{y} = \frac{1}{3}$
$\Rightarrow \frac{x^2}{y^2} = \frac{1}{9}$
$\therefore \frac{x^2+y^2}{x^2-y^2} = \frac{1+9}{1-9} = \frac{10}{-8} = -\frac{5}{4}$

58. What is the total sum of all the interior angles of a parallelogram?
ⓐ 180° ⓑ 240° ⓒ 360° ⓓ 540°
Hints : *Sum of angle* $= (2n-4) \times 90°$
$= (2 \times 4 - 4) \times 90°$
$= (8-4) \times 90° = 4 \times 90°$
$= 360°$

59. The diameter of the driving wheel of a bus is 140 cm. How many revolutions per minute must the wheel make in order to keep a speed of 66 km per hour?
ⓐ 200 ⓑ 250 ⓒ 300 ⓓ 350
Hints : *Here, Diameter, 2r = 140 cm*
∴ *Perimeter of the wheel* $= 2\pi r$
$= \frac{140}{100} \times \frac{22}{7}$ m $= \frac{44}{10}$ m
Here, Speed = 66 kmph $= 66 \times \frac{5}{18} = \frac{55}{3}$ *m/s*
∴ *required revolutions* $= \frac{\frac{55}{3}}{\frac{44}{10}} = \frac{55}{3} \times \frac{10}{44} \times 60 = 250$

60. The perimeter of a rectangle is 20cm. If the length of the rectangle is 6cm, then its breadth will be—
ⓐ 4 cm ⓑ 6 cm ⓒ 10 cm ⓓ 14 cm
Hints : *Let, breadth is x*
Now, 2(6 + x) = 20
$\Rightarrow 6 + x = 20$
$\Rightarrow x = 10 - 6 = 4$

61. A man needs money for 120 days. He asked the banker for a loan and the banker charged Tk. 360@ 6% per annum. What is the amount of loan?
ⓐ Tk. 15000 ⓑ Tk. 16000
ⓒ Tk. 18000 ⓓ None of these
Hints : *Now, n = 120 days = 4 months*
$I = Pnr$
Here, $360 = P \times \frac{4}{12} \times \frac{6}{100}$
$\therefore P = \frac{360 \times 12 \times 100}{4 \times 6} = 18000$

62. The average monthly income of P and Q is Tk. 5050. The average monthly income of Q and R is Tk. 6250 and the average monthly income of P and R is tk. 5200. Calculate the monthly income of P.
ⓐ Tk. 4000 ⓑ Tk. 6100
ⓒ Tk. 6400 ⓓ Tk. 16500
Hints : *Total income of P and Q* $= 5050 \times 2$
$= 10100$ *Tk*
Total income of Q and R $= 6250 \times 2$
$= 12500$ *Tk*
Total income of R and P $= 5200 \times 2$
$= 10400$ *Tk*
Total income of P, Q and R $= \frac{10100 + 12500 + 10400}{2}$ *Tk.*
$= \frac{33000}{2} = 16500$ Tk
∴ *Monthly income of P* $= (16500 - 12500) = 4000$ Tk.

63. The present ratio of students to teachers at a certain school is 30 to 1. If the number of students were to increase by 50 and that of teachers were to increase by 5, the ratio of students to teachers would then be 25 to 1. What is the present number of teachers?
ⓐ 8 ⓑ 10 ⓒ 12 ⓓ 15
Hints : *Let, the present number of teacher and studentse be x and 30x respectively*

Ans.	
56	c
57	d
58	c
59	b
60	a
61	c
62	a
63	d

Now, $\frac{30x+50}{x+5} = \frac{25}{1}$
$\Rightarrow 30x + 50 = 25x + 125$
$\Rightarrow 5x = 75$
$\therefore x = \frac{75}{5} = 15$

64. A worker was hired for 7 days. Each day, he was paid Tk. 10 more than waht he was paid for the previous day of work. The total amount he was paid in the first 4 days of work equaled the total amount he was paid in the last 3 days. What was his starting pay?
ⓐ Tk. 90 ⓑ Tk. 138 ⓒ Tk. 150 ⓓ Tk. 160
Hints : *Let, His starting pay x Tk*
ATQ, $x + (x + 10) + (x + 20) + (x + 30) = (x + 40) + (x + 50) + (x + 60)$
$\Rightarrow 4x + 60 = 3x + 150$
$\Rightarrow x = 150 - 60 = 90$
$\therefore x = 90$ *Tk.*

65. A man sells 2 commodities for Tk. 4000 each, neither losing nor gaining in the deal. If he sold one commodity at a gain of 25%, then what is the cost price of another commodity?
ⓐ Tk. 3200 ⓑ Tk. 4800
ⓒ Tk. 4000 ⓓ Tk. 3600
Hints : *At 25% gain selling price* $= (100 + 25)$
$= 125$ *Tk*
Here, For 1 commodity, CP : SP $= 100 : 125$
$= 3200 : 4000$
Gain $= (4000 - 3200)$ *Tk.* $= 800$ *Tk.*
∴ *CP of another commodity* $= 4000 + 800$
$= 4800$ *Tk.*

66. Find the number of zeroes in 10 × 20 × 30 × ..... × 1000.
ⓐ 100 ⓑ 124 ⓒ 130 ⓓ 154
Hints : *Here,* $10 \times 20 \times 30 \times 40 \times ..... \times 1000$
$= (10 \times 1) \times (10 \times 2) \times (10 \times 3) \times (10 \times 4) ..... (10 \times 100)$
$= 10^{100} \times (1 \times 2 \times 3 \times 4 \times ..... \times 100)$
$= 10^{100} \times 1000!$
In 100! the number of zeroes $= \frac{100}{5} + \frac{20}{5} = 20 + 4 = 24$
∴ *Total number of zeroes* $= 100 + 24 = 124$

67. The total number obtained by student in Physics, Chemistry and Mathematics together is 120 more than the marks obtained by him in Chemistry. What is the average mark obtained by him in Physics and Mathematics together?
ⓐ 40 ⓑ 60
ⓒ 120 ⓓ Cannot be determined
Hints : *ATQ,* $(P + C + M) - C = 120$
$\Rightarrow P + M = 120$
$\therefore \frac{P+M}{2} = \frac{120}{2} = 60$

68. In a factory, there are workers, executives and clerks. 58% of the employees are workers, 660 are executives and the remaining 264 employees are clerks. How many employees are there in the factory?
ⓐ 1500 ⓑ 2000 ⓒ 2200 ⓓ 2500
Hints : *Here,* $(100 - 58)\% = 660 + 264$
$\Rightarrow 42\% = 924$
$\therefore 100\% = \frac{924}{42} \times 100 = 2200$

69. Salam earns Tk. 8.50 per hour on days other than Friday and twice than the rate on Friday. Last week he worked a total of 50 hours including 8 hours on Friday. What is his earning for the week?
ⓐ Tk. 340 ⓑ Tk. 398
ⓒ Tk. 408 ⓓ Tk. 493
Hints : *Rate of Friday* $= 8.50 \times 2 =$ *Tk. 17*
∴ *Required earning of the week* $= 17 \times 8 + (50 - 8) \times 8.50 =$ *Tk.* $(136 + 357) =$ *Tk. 493*

70. A train 240m long passes a pole in 24 seconds. How long will it take to pass a platform 650m long?
ⓐ 80 sec ⓑ 89 sec ⓒ 90 sec ⓓ 95 sec
Hints : *Speed* $= \frac{240}{24} = 10 ms^{-1}$
∴ *Required time* $= \frac{650 + 240}{10} = \frac{890}{10} = 89$ seconds

71. Which country in the world shares its border with the most countries?
ⓐ Brazil ⓑ Germany
ⓒ Russia ⓓ Japan

Ans.	
64	a
65	b
66	b
67	b
68	c
69	d
70	b
71	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : *পূর্ব ইউরোপে অবস্থিত পৃথিবীর বৃহত্তম দেশ রাশিয়ার সাথে ১৪টি দেশের সীমান্ত রয়েছে। উল্লেখ্য, পূর্ব এশিয়ার দেশ চীনের সাথেও বিশ্বের ১৪টি দেশের সীমান্ত রয়েছে আর বিশ্বের দীর্ঘতম স্থল সীমান্ত রয়েছে যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যে।*

72. Which of the following desert is located in Mongolia?
ⓐ Gobi Desert ⓑ Sahara Desert
ⓒ Takla Makan Desert ⓓ Kalahari Desert
Hints : *এশিয়ার বৃহত্তম মরুভূমি হলো গোবি মরুভূমি, যার বৃহৎ অংশ মঙ্গোলিয়ার দক্ষিণে অবস্থিত। গোবি মরুভূমির একটি অংশ চীনের উত্তরাঞ্চলে অবস্থিত। আর আফ্রিকার দুঃখ হিসেবে পরিচিত ও বিশ্বের বৃহত্তম মরুভূমি 'সাহারা' উত্তর আফ্রিকায় অবস্থিত। 'কালাহারি মরুভূমি' বতসোয়ানা, নামিবিয়া ও দক্ষিণ আফ্রিকায় অবস্থিত।*

73. Shakib Al Hasan has recently been selected as the best athlete in the history of Bangladesh by—
ⓐ BFF ⓑ BSPA ⓒ FIFA ⓓ ICC
Hints : *সাকিব আল হাসানকে বাংলাদেশের ইতিহাসে সেরা ক্রীড়াবিদ হিসেবে নির্বাচিত করে দেশের ক্রীড়া সাংবাদিক ও লেখকদের সংগঠন বাংলাদেশ স্পোর্টস প্রেস অ্যাসোসিয়েশন (বিএসপিএ)। ৩০ ডিসেম্বর ২০২২ প্রতিষ্ঠানটির ৬০ বছর পূর্তি (হীরক জয়ন্তী) উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে সেরা ক্রীড়াবিদের সম্মাননা পুরস্কার প্রদান করা হয় সাকিব আল হাসানকে।*

74. Which of the following has the highest number of green apparel factories in the world?
ⓐ China ⓑ India
ⓒ Vietnam ⓓ Bangladesh
Hints : *United States Green Building Council (USGBC) স্বীকৃত বিশ্বের সর্বাধিক সংখ্যক 'green apparel factories' বাংলাদেশে অবস্থিত। 'USGBC' প্রদত্ত বাংলাদেশের ২১৪টি কারখানা Leadership in Environmental and Energy in Design (LEED) সনদ লাভ করেছে।*

75. A Chronometer is used to measure —
ⓐ Time ⓑ Velocity
ⓒ Current ⓓ Temperature
Hints : *ক্রোনোমিটার হলো সূক্ষ্মভাবে সময় পরিমাপ করার ও সমুদ্রের দ্রাঘিমা নির্ণায়ক যন্ত্র। বিদ্যুৎ প্রবাহ পরিমাপক যন্ত্র অ্যামিটার। আর তাপ পরিমাপক যন্ত্র ক্যালরিমিটার।*

76. The 7th March speech of Bangabandhu was recognized as part of the world's documentary heritage by—
ⓐ UNESCO ⓑ UNICEF
ⓒ UNDP ⓓ UNFCCC
Hints : *৩০ অক্টোবর ২০১৭ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা (UNESCO) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ হিসেবে স্বীকৃতি প্রদান করে। যা ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত করা হয়েছে।*

77. The Nobel Prize for Literature in 2022 has been awarded to —
ⓐ Bob Dylan ⓑ Annie Ernaux
ⓒ Louise Gluck ⓓ Olga Tokarczuk
Hints : *২০২২ সালে অ্যানি আর্নক্স ফ্রান্সের প্রথম নারী লেখক হিসেবে সাহিত্য নোবেল পুরস্কার লাভ করেন। তার লেখা কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হলো : Cleaned Out, A Man's Place, The Happening, The Years ইত্যাদি। উল্লেখ্য, ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন নরওয়ের জন ফসে।*

78. The third largest economy in the world is -
ⓐ United Kingdom ⓑ China
ⓒ Japan ⓓ Germany
Hints : *অর্থনীতি ও বাণিজ্যবিষয়ক গবেষণা সংস্থা Center for Economic and Business Research (CEBR) প্রকাশিত রিপোর্ট 'World Economic League Table 2024' অনুসারে জিডিপি'র ভিত্তিতে বিশ্বের শীর্ষ ৩ অর্থনীতির দেশ যথাক্রমে– যুক্তরাষ্ট্র, চীন ও জার্মানি।*

79. Which one is the second highest mountain on the earth?
ⓐ Makalu ⓑ Himalayas
ⓒ Annapurna ⓓ K2
Hints : *বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ গডউইন অস্টিন বা K2 (উচ্চতা ৮,৬১১ মিটার)। পাকিস্তান ও চীন জুড়ে অবস্থিত কারাকোরাম পর্বতমালার সর্বোচ্চ শৃঙ্গ K2। আর বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট (উচ্চতা ৮,৮৪৮ মিটার), যা হিমালয় পর্বতমালার শীর্ষ শৃঙ্গ। আর হিমালয় পর্বতমালার আরও দুটি পর্বতশৃঙ্গ হলো মাকালু ও অন্নপূর্ণা।*

Ans.	
72	a
73	b
74	d
75	a
76	a
77	b
78	d
79	d

80. Which one is the top country in terms of per capita greenhouse gas emission?
ⓐ Japan ⓑ China ⓒ USA ⓓ Brazil
Hints : *বিশ্বে মাথাপিছু গ্রিনহাউস গ্যাস নির্গমনে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র। আর পৃথিবীতে মোট গ্রিনহাউস গ্যাস নির্গমনে শীর্ষ দেশ চীন। উল্লেখ্য, বৈশ্বিক উষ্ণতা রোধে গ্রিনহাউস গ্যাসের নির্গমন হ্রাসকরণ চুক্তি হলো কিয়োটো প্রটোকল, যা স্বাক্ষরিত হয় ১১ ডিসেম্বর ১৯৯৭।*

81. What was the capacity of the crane ship to install the span of the Padma Bridge?
ⓐ 3600 tons ⓑ 2600 tons
ⓒ 3500 tons ⓓ 4500 tons
Hints : *পদ্মা সেতুর স্প্যান বসাতে যে ক্রেন ব্যবহৃত হয়েছে তার নাম 'তিয়ান ই'। ২০১৭ সালে বিশ্বের অন্যতম বৃহৎ ভাসমান ক্রেনবাহী এই জাহাজটিকে চীন থেকে নিয়ে আসা হয়। এর ধারণক্ষমতা ৩,৬০০ টন। মিশন শেষে ২০২০ সালে এটিকে ফেরত পাঠানো হয়।*

82. What is the extreme poverty rate of Bangladesh as per the Economics Index, 2022?
ⓐ 5.1% ⓑ 15.5% ⓒ 10.5% ⓓ 7.25%
[Note : *বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বর্তমানে দেশে দারিদ্র্যের হার ১৮.৭% এবং চরম দারিদ্র্যের হার ৫.৬%।]*

83. Who is the founder of 'Space X'?
ⓐ Eric Yuan ⓑ Elon Musk
ⓒ Ray Tomlinson ⓓ Larry Page
Hints : *SpaceX একটি মহাকাশ সেবা দানকারী প্রতিষ্ঠান। এর পূর্ণরূপ– 'Space Exploration Technologies Corp.'। ২০০২ সালে ইলন মাস্ক এটি প্রতিষ্ঠা করেন। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অবস্থিত।*

84. The southernmost town of the world resides in—
ⓐ Norway ⓑ Austraila
ⓒ Chile ⓓ New Zealand
Hints : *পৃথিবীর সর্ব দক্ষিণের নগরী চিলির পুয়ের্তো উইলিয়ামস এবং সর্ব উত্তরের নগরী নরওয়ের হ্যামারফাস্ট।*

85. Who is the World's first wicket keeper to score double century in test cricket?
ⓐ MS Dhoni ⓑ Kumar Sangakkara
ⓒ Adam Gilchrist ⓓ Mushfiqur Rahim
[Note : *টেস্ট ক্রিকেটে এ পর্যন্ত ৯ জন খেলোয়াড় উইকেট কিপার হিসেবে ডাবল সেঞ্চুরি করেছেন। ১৯৫৫ সালে সর্বপ্রথম এ কৃতিত্ব অর্জন করেন পাকিস্তানের ইমতিয়াজ আহমেদ। বাংলাদেশের মুশফিকুর রহিম বিশ্বের একমাত্র খেলোয়াড় যিনি উইকেট কিপার হিসেবে টেস্টে দুটি ডাবল সেঞ্চুরি করেছেন। তার মোট ডাবল সেঞ্চুরি তিনটি।]*

86. Who has written the famous novel 'Pather Panchali'?
ⓐ Satyajit Roy
ⓑ Bibhutibhushan Bandyopadhyay
ⓒ Chintha Lakshmi Sinhaarachchi
ⓓ K. Roy and Margaret Chatterjee
Hints : *'পথের পাঁচালী' উপন্যাসের রচয়িতা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪–১৯৫০)। এটি তার প্রথম উপন্যাস। এই উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় ১৯৫৫ সালে 'পথের পাঁচালী' চলচ্চিত্র নির্মাণ করেন।*

87. What is the position of Bangladesh according to World Bank, in terms of recipient of Remittance in 2021?
ⓐ 5th ⓑ 7th ⓒ 8th ⓓ 6th
[Note : *২০২৩ সালে প্রকাশিত বিশ্ব ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী প্রবাসী আয়ে শীর্ষ দেশ ভারত (১১১.২ বিলিয়ন মার্কিন ডলার)। ২১.৫ বিলিয়ন মার্কিন ডলার গ্রহণ করে বাংলাদেশের অবস্থান বিশ্বে ৭ম এবং দক্ষিণ এশিয়ায় তৃতীয়।]*

88. What is the name of the country where no prime minister had ever served a full term?
ⓐ Afghanistan ⓑ Lebanon
ⓒ Uzbekistan ⓓ Pakistan
Hints : *১৯৪৭ সালের ১৪ আগস্টে স্বাধীনতা লাভের পর এ পর্যন্ত ২৩ জন পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। কিন্তু কোনো প্রধানমন্ত্রীই তাদের পাঁচ বছরের পূর্ণ মেয়াদ শেষ করতে পারেননি। সর্বশেষ ইমরান খান মেয়াদ শেষ হওয়ার পূর্বেই প্রধানমন্ত্রীর পদ হারান।*

89. How many districts are touched by the Sundarbans?
ⓐ 4 ⓑ 7 ⓒ 5 ⓓ 8
[Note : *সুন্দরবনের মোট আয়তন প্রায় ১০ হাজার বর্গ কিলোমিটার। বাংলাদেশ অংশে এ বনের আয়তন ৬,০১৭ বর্গ কিলোমিটার। বন অধিদপ্তরের তথ্যমতে, এ বন বাংলাদেশের ৩টি জেলা জুড়ে অবস্থিত যথা– খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট। আবার প্রচলিত তথ্যমতে, এ বন দেশের ৫টি জেলাকে স্পর্শ করেছে। জেলাগুলো হলো– খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা।]*

Ans.	
80	c
81	a
82	Note
83	b
84	c
85	Note
86	b
87	Note
88	d
89	Note

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

90. The documentary film, based on the liberation war, 'Rupali Shoikote' was directed by—
ⓐ Alamgir Kabir ⓑ Tanvir Mokammel
ⓒ Tanvir Kabir ⓓ Tarek Masood
Hints : *১৯৭৯ সালে মুক্তিপ্রাপ্ত 'রূপালী সৈকতে' আলমগীর কবির পরিচালিত মুক্তিযুদ্ধভিত্তিক একটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। এ পরিচালকের মুক্তিযুদ্ধভিত্তিক দুটি প্রামাণ্য চিত্র হলো– শিবারেশন ফাইটার্স ও এক সাগর রক্তের বিনিময়ে।*

91. A terabyte is equal to—
ⓐ 1024 Megabytes ⓑ 1024 Kilobytes
ⓒ 1024 Gigabytes ⓓ 1024 Bytes
Hints : *১ গিগাবাইট = ১০২৪ মেগাবাইট; ১ টেরাবাইট = ১০২৪ গিগাবাইট; ১ পেটাবাইট = ১০২৪ টেরাবাইট।*

92. RTGS is a—
ⓐ Payment system ⓑ Government system
ⓒ Right-based group ⓓ An anti-virus software
Hints : *RTGS-এর পূর্ণরূপ Real Time Gross Settlement। এটি একটি পেমেন্ট সিস্টেম।*

93. An offline UPS will typically take — to transfer power.
ⓐ 15 milliseconds ⓑ 8 milliseconds
ⓒ 4 milliseconds ⓓ None of these
Hints : *UPS-এর পূর্ণরূপ Uninterruptible Power Supply। অফলাইন UPS পাওয়ার ট্রান্সফার করতে ৮ মিলিসেকেন্ড সময় প্রয়োজন।*

94. A chatbot or chatterbot is—
ⓐ Hardware ⓑ Firmware
ⓒ Humanware ⓓ Software
Hints : *হিউম্যানওয়্যার হচ্ছে কম্পিউটারের বিভিন্ন কাজের সাথে সম্পর্কিত ব্যক্তিবর্গের সমষ্টি। এসব কাজের মধ্যে রয়েছে ডেটা সংগ্রহ, প্রোগ্রাম বা ডেটা সংরক্ষণ ও পরীক্ষণ, কম্পিউটার চালানো তথা প্রোগ্রাম লেখা, সিস্টেমগুলো ডিজাইন ও রেকর্ড লিপিবদ্ধকরণ এবং সংরক্ষণ, সফটওয়্যার ও হার্ডওয়্যারের মধ্যে সমন্বয় সাধন ইত্যাদি।*

95. For keeping internet activity anonymous and private by users, which one is used?
ⓐ Dark Fiber ⓑ Dark Net
ⓒ Dark Web ⓓ None of these
Hints : *Dark Web হলো ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবের একটি অংশ যা ডার্ক নেটে বিদ্যমান। এই ওয়েবসাইটগুলোতে Publicly Access করা সম্ভব নয়। এতে ডার্ক ওয়েবের মাধ্যমে ইউজার নিজের পরিচয় গোপন করতে পারে।*

96. Which of the following format is usually used to store data?
ⓐ Decimal ⓑ BCD
ⓒ Octal ⓓ Hexadecimal
Hints : *BCD-এর পূর্ণরূপ Binary Coded Decimal। Data-কে স্টোর করার জন্য সাধারণত BCD ব্যবহৃত হয়।*

97. Which of the following is not the components of a microprocessor?
ⓐ ALU ⓑ Register Array
ⓒ Hard Disk ⓓ Control Unit
Hints : *Hard Disk একটি Secondary বা Auxiliary Memory। অন্যদিকে, ALU বা Arithmetic Logic Unit, Register Array এবং Control Unit মাইক্রোপ্রসেসরের অংশ।*

98. Microsoft Office is an example of a—
ⓐ Closed source software
ⓑ Open source software
ⓒ Horizontal market software
ⓓ Vertical market software
Hints : *Microsoft Office একটি Horizontal Market Software। Horizontal Market Software হচ্ছে এমন এক ধরনের Application Software যেটা বিস্তৃত শিল্পে কার্যকর।*

99. Identify the lauguage which is mainly used for Artificial Intelligence—
ⓐ JAVA ⓑ J2EE
ⓒ C ⓓ Prolog
Hints : *Prolog-এর পূর্ণরূপ Programming Logic। Prolog একটি প্রোগ্রামিং ভাষা যেটি মূলত Artificial Intelligence বা কৃত্রিম বুদ্ধিমত্তায় ব্যবহৃত হয়।*

100. Electronic trespassing or criminal hacking is known as—
ⓐ Cracking ⓑ Jacking
ⓒ Spoofing ⓓ Smarming
Hints : *ক্রিমিনাল হ্যাকিং বলতে ক্র্যাকিং বোঝায়। Account Cracking, Password Cracking, Software Cracking, Hardware Cracking প্রভৃতি Cracking-এর অন্তর্গত।*

90	a
91	c
92	a
93	b
94	c
95	c
96	b
97	c
98	c
99	d
100	a

ISLAMI BANK BANGLADESH PLC
Field Officer 2024

Examination Held On : 01.03.2024; Time : 1 Hours; Total Marks : 100

১. প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ⓐ কুষ্টিয়া ⓑ বগুড়া
ⓒ কুমিল্লা ⓓ চাঁপাইনবাবগঞ্জ
Hints : *প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। কুষ্টিয়া প্রাচীন বঙ্গ জনপদের অংশবিশেষ। সিলেট প্রাচীন হরিকেল জনপদের অংশবিশেষ। আর বাংলার সর্বপ্রাচীন জনপদ 'পুণ্ড্র'-এর রাজধানী পুণ্ড্রনগর (বর্তমান মহাস্থানগড়) বগুড়া জেলায় অবস্থিত।*

২. বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা কোনটি?
ⓐ নারায়ণগঞ্জ ⓑ নরসিংদী
ⓒ মেহেরপুর ⓓ সাতক্ষীরা
Hints : *আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা নারায়ণগঞ্জ। 'প্রাচ্যের ডান্ডি' হিসেবে পরিচিত এই জেলার আয়তন ৬৮৪.৩৭ বর্গ কিমি। ঐতিহাসিক পানাম নগর, বৃহত্তম নদীবন্দর, বাংলার তাজমহল ও 'গ্রান্ড ট্রাঙ্ক রোড' এই জেলায় অবস্থিত। আর আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙামাটি।*

৩. বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেন–
ⓐ ফা-হিয়েন ⓑ ইবনে বতুতা
ⓒ ইবনে খালদুন ⓓ কোনোটিই নয়
Hints : *বিখ্যাত পর্যটক ইবনে বতুতা মরক্কোর নাগরিক। তিনি ১৩৪৬ সালে ফখরুদ্দিন মুবারক শাহের শাসনামলে বাংলাদেশে এসেছিলেন। তার রচিত বিখ্যাত গ্রন্থ কিতাবুল রিহলা বা ভ্রমণকাহিনিতে তিনি বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' হিসেবে অভিহিত করেন।*

৪. ত্বরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন?
ⓐ মুহম্মদ ঘুরী ⓑ লক্ষ্মণ সেন
ⓒ পৃথ্বীরাজ ⓓ জয়চন্দ্র
Hints : *১১৯২ সালে মুহাম্মদ ঘুরী ও পৃথ্বীরাজ চৌহানের মধ্যে দ্বিতীয় ত্বরাইনের যুদ্ধ সংঘটিত হয়। ঐ যুদ্ধে মুহাম্মদ ঘুরী পৃথ্বীরাজকে পরাজিত করেন। আর ১১৯১ সালের প্রথম ত্বরাইনের যুদ্ধে পৃথ্বীরাজ চৌহান মুহাম্মদ ঘুরিকে পরাজিত করেন।*

৫. সুলতান মাহমুদ কতবার ভারতবর্ষ আক্রমণ করেন?
ⓐ ১৫ বার ⓑ ১৬ বার ⓒ ১৭ বার ⓓ ১৮ বার
Hints : *আফগানিস্তানের গজনির শাসক সুলতান মাহমুদ ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করেন। তিনি ছিলেন একজন সাহসী যোদ্ধা ও সাহিত্যানুরাগী। মহাকবি ফেরদৌসী তার জগদ্বিখ্যাত মহাকাব্য 'শাহনামা' সুলতান মাহমুদকে উৎসর্গ করেন।*

৬. বঙ্গবন্ধু লাহোরে ঐতিহাসিক ছয়-দফা পেশ করেন?
ⓐ ১৮ ফেব্রুয়ারি ১৯৬৫ ⓑ ৫ ফেব্রুয়ারি ১৯৬৬
ⓒ ১১ মার্চ ১৯৬৮ ⓓ ১০ এপ্রিল ১৯৬৯
Hints : *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয়-দফা' কর্মসূচি উত্থাপন করেন। তিনি আনুষ্ঠানিকভাবে 'ছয়-দফা' ঘোষণা করেন ২৩ মার্চ ১৯৬৬। এ কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে। বঙ্গবন্ধু স্বয়ং এ 'ছয়-দফা'কে পূর্ব পাকিস্তানের 'বাঁচার দাবি' বলে আখ্যায়িত করেন।*

৭. অর্ধপরিবাহী পদার্থ কোনটি?
ⓐ তামা ⓑ রূপা ⓒ সিলিকন ⓓ রাবার
Hints : *পরিবাহী : রূপা, সোনা, মারকারি, তামা, পিতল, ভেজামাটি।*
অর্ধপরিবাহী : সিলিকন, জার্মেনিয়াম, পানি, মানবদেহ, গন্ধক, গ্যালিয়াম।
অপরিবাহী : কাচ, প্লাস্টিক, কাগজ, শুষ্ক বাতাস, রাবার, মোম, রজন।

৮. পানি বরফে পরিণত করা হলে এর আয়তন–
ⓐ বেড়ে যাবে ⓑ কমে যাবে
ⓒ অপরিবর্তিত থাকবে
ⓓ বাড়তেও পারে, কমতেও পারে
Hints : *পানি হচ্ছে তরল অবস্থা আর বরফ হচ্ছে কঠিন অবস্থা। পানি বরফে পরিণত হওয়া মানে তরল থেকে কঠিনে পরিণত হওয়া। পানির অণুর আন্তঃআণবিক আকর্ষণ বরফের তুলনায় কম। তাই পানি বরফে পরিণত হলে আয়তন বেড়ে যাবে।*

০১	খ
০২	ক
০৩	খ
০৪	গ
০৫	গ
০৬	খ
০৭	গ
০৮	ক

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

৯. 'ছত্রপতি' নামে কে পরিচিত?
ক অশোক খ হর্ষবর্ধন
গ শিবাজি ঘ কোনোটিই নয়
Hints : *ছত্রপতি শিবাজি ছিলেন মারাঠা সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তার রাজ্যের রাজধানী ছিল রায়গড়ে। তাকে হিন্দু রাষ্ট্রের পথপ্রদর্শক বলা হয়।*

১০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পান–
ক ৯ জানুয়ারি ১৯৭২ খ ১৬ ডিসেম্বর ১৯৭২
গ ৮ জানুয়ারি ১৯৭২ ঘ ১০ জানুয়ারি ১৯৭২
Hints : *৮ জানুয়ারি ১৯৭২ পাকিস্তান সরকার আন্তর্জাতিক চাপে বঙ্গবন্ধুকে পাকিস্তানের কারাগার থেকে মুক্তি দেয়। সেদিনই বঙ্গবন্ধুকে ঢাকার উদ্দেশ্যে লন্ডনে পাঠানো হয়। লন্ডন থেকে ঢাকা আসার পথে বঙ্গবন্ধু দিল্লিতে যাত্রাবিরতি করেন। বিমানবন্দরে ভারতের রাষ্ট্রপতি ভি.ভি. গিরি ও প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধী বঙ্গবন্ধুকে স্বাগত জানান। পরবর্তীতে বঙ্গবন্ধু ১০ জানুয়ারি ঢাকায় পৌঁছালে তাকে অবিস্মরণীয় সংবর্ধনা জ্ঞাপন করা হয়।*

১১. আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন–
ক মানসিংহ খ জয়পাল
গ দাহির ঘ লাটম
Hints : *৭০৮ সালে একটি মুসলিম জাহাজবহর সিন্ধুর দেবল বন্দরের কাছে আক্রান্ত ও লুণ্ঠিত হয়। ইরাকের গভর্নর হাজ্জাজ বিন ইউসুফ বিষয়টি অবগত হয়ে সিন্ধুর রাজা দাহিরকে এক পত্রের মাধ্যমে কৈফিয়ত তলব করেন এবং অপহৃত সকলকে ফেরত দেওয়ার দাবি জানান। কিন্তু সিন্ধু রাজা পত্রের ঔদ্ধত্যপূর্ণ জবাব দেন। ফলে হাজ্জাজ বিন ইউসুফ রাজা দাহিরের বিরুদ্ধে সামরিক অভিযান পরিচালনা করেন। দুটি অভিযান ব্যর্থ হওয়ার পর মুহাম্মদ বিন কাসিম ৭১২ সালে সিন্ধু জয় করেন।*

১২. 'হুমায়ুননামা' কে লিখেছিলেন?
ক হুমায়ুন খ ফিরদৌসী
গ আবুল ফজল ঘ গুলবদন বেগম
Hints : *গুলবদন বেগম রচিত 'হুমায়ুননামা' মুঘল সম্রাট হুমায়ুনের ইতিহাস ও জীবনী সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ গ্রন্থ। মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা সম্রাট বাবরের কন্যা ছিলেন গুলবদন বেগম। তিনি ১৫৮৭ সালে আকবরের উৎসাহে 'হুমায়ুননামা' গ্রন্থটি রচনা করেন।*

১৩. হিজরতের পূর্বে যে সকল সূরা নাযিল হয়েছে সেগুলোকে কী বলে?
ক মাক্কি সূরা খ লাইলী সূরা
গ মাদানি সূরা ঘ কোনোটিই নয়
Hints : *মহানবী হযরত মুহম্মদ (স.) এর মক্কা থেকে মদিনায় হিজরতের পূর্বে নাযিল হওয়া সূরাসমূহকে মাক্কি সূরা বলা হয়। পবিত্র কুরআনে সর্বমোট ১১৪টি সূরা রয়েছে তন্মধ্যে ৮৬টি মাক্কি সূরা ও ২৮টি মাদানি সূরা। মাক্কি সূরার বৈশিষ্ট্য হলো– আয়াত ও সূরার আকার তুলনামূলক ছোট, শরিয়তের সকল সাধারণ নীতিমালা উল্লেখ আছে এবং তাওহিদ ও রিসালাতের পথে আহ্বান জানানো হয়েছে।*

১৪. বিজ্ঞানের কোন শাখায় শক্তি নিয়ে আলোচনা করা হয়?
ক উদ্ভিদবিজ্ঞান খ রসায়ন
গ প্রাণিবিজ্ঞান ঘ পদার্থবিজ্ঞান
Hints : *বিজ্ঞানের যে শাখায় পদার্থ ও শক্তি নিয়ে আলোচনা করা হয় সেই শাখাকে বলে পদার্থবিজ্ঞান। রসায়নে বস্তু বা পদার্থের গঠন, প্রস্তুতপ্রণালী, ধর্মাবলী, ব্যবহার ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়। উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞানে যথাক্রমে উদ্ভিদ ও প্রাণীর শ্রেণিবিন্যাস, বিকাশ, বিবর্তন, বাস্তুসংস্থান, শারীরস্থান ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়।*

১৫. মহানবী (স.) ব্যবসার উদ্দেশ্যে কোন দেশে গিয়েছিলেন?
ক মিসর খ ইরাক
গ আবিসিনিয়া ঘ সিরিয়া
Hints : *যখন হযরত মুহাম্মদ (স.) এর বয়স মাত্র ৯ বছর তখন চাচা আবু তালেব তাকে নিয়ে ব্যবসার উদ্দেশ্যে সিরিয়ায় গমন করেন। যৌবনে উপনীত হলে তিনি বিবি খাদিজা (রা.)-এর ব্যবসা-বাণিজ্য দেখাশোনা করতেন। বিবি খাদিজা (রা.) সিরিয়ায় পণ্যসামগ্রী নিয়ে যাওয়ার জন্য মুহাম্মদ (স.) কে নিযুক্ত করেন।*

১৬. রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?
ক অক্সিজেন পরিবহন করা
খ রোগপ্রতিরোধ করা
গ রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
ঘ উপরে উল্লিখিত সব কয়টি
Hints : *রক্তের লৌহঘটিত উপাদান হিমোগ্লোবিনের প্রধান কাজ হলো অক্সিজেন পরিবহণ করা। হিমোগ্লোবিনের কারণেই রক্তের বর্ণ লাল দেখায়।*

Ans.
০৯ গ
১০ গ
১১ গ
১২ ঘ
১৩ ক
১৪ ঘ
১৫ ঘ
১৬ ক

১৭. শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?
ক মিসর খ ইরাক
গ ইরান ঘ থাইল্যান্ড
Hints : *দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ থাইল্যান্ডের পূর্বনাম শ্যামদেশ। থাইল্যান্ড শব্দের অর্থ স্বাধীন ভূমি বা মুক্তভূমি। এটি 'শ্বেত হাতির দেশ' হিসেবে খ্যাত। অন্যদিকে, ইরান ও ইরাক পূর্বে যথাক্রমে পারস্য ও মেসোপটেমিয়া নামে পরিচিত ছিল।*

১৮. জাপানের পার্লামেন্টের নাম–
ক ডায়েট খ পিনসাল
গ নেসেট ঘ কোনোটিই নয়
Hints : *পূর্ব এশিয়া বা দূরপ্রাচ্যের দেশ জাপানের আইনসভার নাম ডায়েট। এটি দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা। যার উচ্চকক্ষ 'হাউজ অব কাউন্সিলর্স' ও নিম্নকক্ষ 'হাউজ অব রিপ্রেজেন্টেটিভস' নামে পরিচিত। আর ইসরায়েলের পার্লামেন্টের নাম নেসেট।*

১৯. আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে কোন প্রণালী?
ক ফ্লোরিডা খ কঙ্গ
গ জিব্রাল্টার ঘ বেরিং
Hints : *আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে বেরিং প্রণালি। আর এটি উত্তর সাগর ও বেরিং সাগরকে সংযুক্ত করেছে। অন্যদিকে, জিব্রাল্টার প্রণালি আফ্রিকা-ইউরোপকে পৃথক করেছে এবং উত্তর আটলান্টিক ও ভূমধ্যসাগরকে সংযুক্ত করেছে। ফ্লোরিডা প্রণালি যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা ও কিউবাকে পৃথক করেছে।*

২০. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কী দিয়ে?
ক অ্যালুমিনিয়াম খ সিলিকন
গ প্লাস্টিক ঘ কোনোটিই নয়
Hints : *সিলিকন অন্যান্য উপাদানের তুলনায় সস্তায়, সহজলভ্য এবং অন্য উপাদানের সাথে সহজে ব্যবহার করা যায় বলে কম্পিউটারের চিপ, ট্রানজিস্টর, সিলিকন ডায়োড মেমোরি এবং অন্যান্য ইলেকট্রনিক্স সার্কিট তৈরিতে বহুলরূপে ব্যবহৃত হয়।*

২১. নোবেল পুরস্কার বিজয়ী 'তাওয়াক্কুল কারমান' কোন দেশের নাগরিক?
ক ইরান খ ইন্দোনেশিয়া
গ তুরস্ক ঘ ইয়েমেন
Hints : *২০১১ সালে নোবেল বিজয়ী প্রথম আরব নারী হিসেবে ইয়েমেনের তাওয়াক্কুল কারমান শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। আর ২০০৩ সালে ইরানের শিরিন এবাদি প্রথম মুসলিম নারী হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। উল্লেখ্য, ১৯৭৮ সালে মিসরের সাবেক প্রেসিডেন্ট আনোয়ার সা'দত প্রথম মুসলমান হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।*

২২. মৌমাছির চাষ হলো–
ক এপিকালচার খ সেরিকালচার
গ পিসিকালচার ঘ হর্টিকালচার
Hints : লিনা : শালো = (35000 × 8) : (42000 × 10)
= 280000 : 420000
= 28 : 42
= 2 : 3
অনুপাতভয়ের যোগফল = 2 + 3 = 5
∴ লিনার লাভের পরিমাণ = $31570 \times \frac{2}{5}$ টাকা
= 12,628 টাকা

৯৪. If 50% of (x – y) = 30% of (x + y), then what percent of x is y?
ⓐ 25 ⓑ 30
ⓒ 35 ⓓ 40
Hints : দেওয়া আছে,
50% (x – y) = 30% of (x + y)
বা, $\frac{50}{100}(x - y) = \frac{30}{100}(x + y)$
বা, $\frac{x - y}{2} = \frac{3(x + y)}{10}$
বা, $10(x - y) = 6(x + y)$
বা, $10x - 10y = 6x + 6y$
বা, $10y + 6y = 10x - 6x$
বা, $16y = 4x$
বা, $y = \frac{4x}{16}$
∴ $y = (\frac{x}{4} \times 100)\% = 25\%$ of x

৯৫. 0.01 is what percent of 0.1?
ⓐ $\frac{1}{100}$ ⓑ $\frac{1}{10}$
ⓒ 10 ⓓ 100

৮১ গ	৯১ ক
৮২ গ	৯২ গ
৮৩ খ	৯৩ ক
৮৪ গ	৯৪ খ
৮৫ খ	৯৫ খ
৮৬ গ	৯৬ ক
৮৭ গ	৯৭ গ
৮৮ ক	৯৮ গ
	৯৯ ক
	৯০ গ
	৯১ ক
	৯২ খ
	৯৩ খ
	৯৪ ক
	৯৫ গ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : ধরি, সংখ্যাটি x
শর্তমতে, $0.1 \times x\% = 0.01$
বা, $\frac{1}{10} \times \frac{x}{100} = \frac{1}{100}$
বা, $x = \frac{10 \times 100}{100}$
$\therefore x = 10$

৯৬. If a number x is 10% less than another number y and y is 10% more than 125, then x is equal to :
ⓚ 123.75 ⓛ 140.55
ⓜ 143 ⓝ 150

Hints : $x = y - y \times \frac{10}{100}$
$\therefore x = y - \frac{y}{10} = \frac{9y}{10}$
এবং $y = 125 + 125 \times \frac{10}{100}$
$= 125 + 12.5$
$= 137.5$
$\therefore x = \frac{9 \times 137.5}{10}$
$= 123.75$

৯৭. A sells an article which costs him Tk. 400 to B at a profit of 20%. B then sells it to C, making a profit of 10% on the price he paid to A. How much does C pay to B?
ⓚ Tk. 472 ⓛ Tk. 476
ⓜ Tk. 528 ⓝ Tk. 532

Hints : এখানে, A এর বিক্রয়মূল্য = B এর ক্রয়মূল্য
মনে করি, ক্রয়মূল্য = 100 টাকা
B এর ক্রয়মূল্য $= \left(\frac{120 \times 400}{100}\right)$ টাকা
$= 480$ টাকা
আবার, B এর বিক্রয়মূল্য = C এর ক্রয়মূল্য
B এর 10% লাভের ক্ষেত্রে
C এর ক্রয়মূল্য $= \left(\frac{110 \times 480}{100}\right)$ টাকা
$= 528$ টাকা
$\therefore$ C, B কে পরিশোধ করবে 528 টাকা।

৯৮. In a camp, there is a meal for 120 men or 200 children. If 150 children have taken the meal, how many men will be catered to with the remaining meal?
ⓚ 20 ⓛ 30 ⓜ 40 ⓝ 50

Hints : এখানে, 200 জন শিশুর খাবার আছে
$\therefore$ খাবার বাকি আছে = (200 − 150) জন শিশুর
= 50 জন শিশুর
200 জন শিশু = 120 জন পুরুষ
$\therefore 1$ " " $= \frac{120}{200}$ " "
$\therefore 50$ " " $= \frac{120 \times 50}{200}$ " "
$= 30$ জন পুরুষ
$\therefore$ অবশিষ্ট খাবার 30 জন পুরুষকে খাওয়ানো যাবে।

৯৯. A person crosses a 600 m long street in 5 minutes. What is his speed in km per hour?
ⓚ 3.6 ⓛ 7.2 ⓜ 8.4 ⓝ 10

Hints : গতিবেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$
$= \frac{600}{5 \times 60}$ m/s
$= 2$ m/s
$= \left(2 \times \frac{18}{5}\right)$ km/h
$= 7.2$ km/h

১০০. A takes twice as much time as B or thrice as much time as C to finish a piece of work. Working together, they can finish the work in 2 days. B can do the work alone in :
ⓚ 4 days ⓛ 6 days
ⓜ 8 days ⓝ 12 days

Hints : মনে করি,
B কাজটি করতে পারে $3x$ দিনে
$\therefore A$ " " " $(3x \times 2)$ বা $6x$ দিনে
এবং C " " " $2x$ দিনে
শর্তমতে, $\frac{1}{6x} + \frac{1}{3x} + \frac{1}{2x} = \frac{1}{2}$
বা, $\frac{1+2+3}{6x} = \frac{1}{2}$
বা, $\frac{6}{6x} = \frac{1}{2}$
বা, $\frac{1}{x} = \frac{1}{2}$
বা, $x = 2$
$\therefore 3x = 6$
$\therefore$ B কাজটি করতে পারে 6 দিনে।

Ans.
৯৬ ক
৯৭ গ
৯৮ খ
৯৯ খ
১০০ খ

PUBALI BANK PLC
Junior Officer (PJO) 2023
Examination Held On : 30.09.2023; Time : 1 Hours; Total Marks : 100

[প্রতিটি প্রশ্নের মান সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য .২৫ নম্বর কাটা যাবে।]

১. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?
ⓚ ২৮টি ⓛ ৩২টি
ⓜ ২৬টি ⓝ ৩০টি

Hints : বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ ৩২টি। এর মধ্যে ব্যঞ্জনবর্ণ ২৬টি এবং স্বরবর্ণ ৬টি। স্বরবর্ণ– অ, আ, ই, ঈ, উ, ঊ। ব্যঞ্জনবর্ণ – ক, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ত, দ, ন, ন, ফ, ব, ভ, ম, য, র, ল, ষ, স, হ, ড়, ঢ, য়। মনে রাখার উপায় : "মাত্রাসহ বত্রিশ বর্ণ মাত্রাবিহীন দশ, অর্ধমাত্রার আটটি ধরে, মোট বর্ণ পঞ্চাশ।"

২. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা?
ⓚ সঞ্চিতা ⓛ কালান্তর
ⓜ মহাপৃথিবী ⓝ কাঁদো নদী কাঁদো

Hints : 'কালান্তর' (১৯৩৭) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভারতীয় রাজনৈতিক সমস্যাবিষয়ক একটি প্রবন্ধগ্রন্থ। অন্যদিকে, 'সঞ্চিতা' (১৯২৮) কাজী নজরুল ইসলাম রচিত কাব্য সংকলন, যা তিনি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেন; 'মহাপৃথিবী' (১৯৪৪) জীবনানন্দ দাশ রচিত একটি কাব্যগ্রন্থ; 'কাঁদো নদী কাঁদো' (১৯৬৮) সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাস।

৩. বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি কে?
ⓚ চন্দ্রাবতী ⓛ স্বর্ণকুমারী দেবী
ⓜ সুফিয়া কামাল ⓝ বেগম রোকেয়া

Hints : চন্দ্রাবতী বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি। তিনি মনসামঙ্গলের কবি দ্বিজ বংশীদাসের মেয়ে ছিলেন। পিতার আদেশে তিনি 'রামায়ণ' রচনা করেন। অন্যদিকে, বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী। তিনি মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের দশম সন্তান ছিলেন। বাংলাদেশের প্রথম আধুনিক মহিলা কবি সুফিয়া কামালকে 'জননী সাহসিকা' বলা হয়। বাঙালি মুসলিম নারী জাগরণের অগ্রদূত ছিলেন বেগম রোকেয়া।

৪. 'বন্দী শিবির থেকে' কাব্যটি কে লিখেছেন?
ⓚ আলাউদ্দিন আল আজাদ
ⓛ সৈয়দ শামসুল হক
ⓜ হাসান হাফিজুর রহমান
ⓝ শামসুর রাহমান

Hints : 'বন্দী শিবির থেকে' শামসুর রাহমান রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ। ১৯৭২ সালে কলকাতা থেকে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। মুক্তিযুদ্ধের বাস্তবতার প্রেক্ষাপটে কাব্যগ্রন্থটি রচিত হয়েছিল। আলাউদ্দিন আল আজাদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা 'স্মৃতিসৌধ'। সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাট্য 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। হাসান হাফিজুর রহমান ছিলেন 'একুশে ফেব্রুয়ারি' নামক সাহিত্য সংকলনের সম্পাদক, যা ভাষা আন্দোলনের চেতনার প্রতীক।

৫. কোনটি উপন্যাস?
ⓚ জন্ম যদি তব বঙ্গে ⓛ জাহান্নম হইতে বিদায়
ⓜ ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী ⓝ মনিব ও তাহার কুকুর

Hints : শওকত ওসমান রচিত বিখ্যাত উপন্যাস 'জাহান্নম হইতে বিদায়' (১৯৭১)। ১৯৭১-এর সেপ্টেম্বরে কলকাতায় থাকাকালীন উপন্যাসটি রচনা করেন। মুক্তিযুদ্ধের প্রত্যক্ষ অভিজ্ঞতায় উপন্যাসটি রচিত হয়েছে। তার মুক্তিযুদ্ধভিত্তিক অন্যান্য গ্রন্থ– নেকড়ে অরণ্য, দুই সৈনিক, জলাঙ্গী। 'জন্ম যদি তব বঙ্গে' তার মুক্তিযুদ্ধভিত্তিক গল্পগ্রন্থ। 'ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী, মনিব ও তাহার কুকুর' এ দুটিও তার গল্পগ্রন্থ।

৬. 'পদ্মাবতী' কাব্যের লেখক কে?
ⓚ দৌলত কাজী ⓛ মুহম্মদ কবীর
ⓜ আলাওল ⓝ সাবিরিদ খান

Hints : মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি আলাওল রচিত 'পদ্মাবতী' বিখ্যাত একটি কাব্য। প্রখ্যাত হিন্দি কবি মালিক মুহাম্মদ জায়সীর 'পদুমাবৎ' কাব্য অবলম্বনে আলাওল 'পদ্মাবতী' রচনা করেন। জায়সী ১৫৪০ সালে 'পদুমাবৎ' রচনা করেন এবং আলাওল ১৬৪৮ সালে আরাকান রাজ্যের প্রধানমন্ত্রী কোরেশী মাগন ঠাকুরের অনুরোধে 'পদ্মাবতী' রচনা করেন। দৌলত কাজী, মুহম্মদ কবীর, সাবিরিদ খান তিনজনই মধ্যযুগের কবি।

৭. 'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে?
ⓚ ১৯০৭ ⓛ ১৯১৬
ⓜ ১৯১০ ⓝ ১৯০৬

Ans.
০১ খ
০২ খ
০৩ ক
০৪ ঘ
০৫ খ
০৬ গ
০৭ ক

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন 'চর্যাপদ'। ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজদরবারের গ্রন্থাগার থেকে এটি আবিষ্কার করেন। ১৯১৬ সালে তাঁরই সম্পাদনায় 'হাজার বছরের পুরাণ বাঙ্গলা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক এটি প্রকাশিত হয়। চর্যাপদে ৪৬টি পূর্ণাঙ্গ এবং একটি খণ্ডিত পুঁথি পাওয়া যায়। চর্যাপদের টীকাকারের নাম মুনিদত্ত।

৮. 'শূন্যপুরাণ' কোন যুগের সাহিত্যিক নিদর্শন?
ক প্রাচীন যুগ খ আধুনিক যুগ
গ মধ্যযুগ ঘ অন্ধকার যুগ

Hints : বাংলা সাহিত্যে ১২০১ থেকে ১৩৫০ এই দেড়শো বছর সময়কালকে অন্ধকার যুগ বলা হয়। এ সময়কালে উল্লেখযোগ্য সাহিত্যকর্ম রচিত হয়নি বলে একে অন্ধকার যুগ বলা হয়। তবে এ সময়েও কিছু সাহিত্যকর্মের নমুনা পাওয়া যায়। যেমন– রামাই পণ্ডিতের 'শূন্যপুরাণ'। এটি একটি চম্পুকাব্য। এতে ৫১টি অধ্যায় আছে যার প্রথম ৫টিতে সৃষ্টিতত্ত্বের কথা বলা হয়েছে। বাংলা সাহিত্যে যুগ বিভাগ : প্রাচীন যুগ ৬৫০-১২০০ পর্যন্ত, মধ্যযুগ ১২০১ – ১৮০০ পর্যন্ত এবং আধুনিক যুগ ১৮০১ – বর্তমান পর্যন্ত।

৯. 'বাংলা গদ্যের জনক' বলা হয় কাকে?
ক রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ উইলিয়াম কেরি

Hints : বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা গদ্যের অবয়ব নির্মাণে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বিশিষ্ট ভূমিকা পালন করেন। তার বলিষ্ঠ প্রতিভার জাদুস্পর্শে বাংলা গদ্য উৎকর্ষের এক উচ্চতর পরিসীমায় উন্নীত হয়। রাজা রামমোহন রায় বাংলা গদ্যে অবদান রাখেন এবং প্রথম বাংলা ব্যাকরণ 'গৌড়ীয় ব্যাকরণ' রচনা করেন। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সার্থক বাংলা উপন্যাসের জনক। উইলিয়াম কেরি মিশনারি ও বাংলায় গদ্য পাঠ্যপুস্তকের প্রবর্তক।

১০. ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের অধ্যক্ষ কে ছিলেন?
ক রামরাম বসু খ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
গ উইলিয়াম কেরি ঘ হরপ্রসাদ রায়

Hints : ফোর্ট উইলিয়াম কলেজ ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলি প্রতিষ্ঠিত একটি প্রাচ্যবিদ্যার শিক্ষাকেন্দ্র। ১৮০০ সালে কলকাতার ফোর্ট উইলিয়াম চত্বরে এই কলেজ স্থাপিত হয়। ১৮০১ সালে কলেজে বাংলা বিভাগ চালু হয় এবং উইলিয়াম কেরি এ বিভাগে অধ্যক্ষ নিযুক্ত হন। তিনি ১৮০১-১৮৩১ পর্যন্ত শিক্ষকতা করেন। ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিত রামরাম বসুকে 'কেরি সাহেবের মুন্সি' বলা হয় এবং তিনি বাংলা ভাষায় মুদ্রিত মৌলিক গ্রন্থ 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' রচনা করেন। মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ফোর্ট উইলিয়াম কলেজের সর্বাধিক গ্রন্থপ্রণেতা।

১১. 'তাসের ঘর' অর্থ কী?
ক তাস খেলার ঘর খ পূর্ণস্থায়ী
গ দীর্ঘস্থায়ী ঘ ক্ষণস্থায়ী

Hints : 'তাসের ঘর' বাগধারার অর্থ 'ক্ষণস্থায়ী'। বাক্যে প্রয়োগ- এই দুনিয়া তাসের ঘর, এত অহংকার করে কী লাভ! আরও গুরুত্বপূর্ণ বাগধারা : ইতরবিশেষ– পার্থক্য, গড্ডলিকা প্রবাহ– অন্ধ অনুকরণ, কাক ভূশণ্ডি– দীর্ঘায়ু ব্যক্তি।

১২. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক অতি খ ইতি
গ পরি ঘ অব

Hints : 'ইতি' খাঁটি বাংলা উপসর্গ। 'ইতি' উপসর্গের ব্যবহার– 'এ' বা 'এর' অর্থদ্যোতকতায় 'ইতিকর্তব্য, ইতঃপূর্বে' এবং 'পুরনো' অর্থদ্যোতকতায় 'ইতিহাস, ইতিকথা' ইত্যাদি। 'অতি, পরি, অব' তৎসম উপসর্গ।

১৩. 'আহ্বান' শব্দের উচ্চারণ–
ক আওভান খ আওবান্
গ আউভান ঘ আহভান

Hints : 'আহ্বান' শব্দের উচ্চারণ 'আওভান'। আরও গুরুত্বপূর্ণ শব্দের উচ্চারণ : একাত্ম-একাত্‌তো, দারিদ্র্য– দারিদ্‌দ্রো, উদ্দেশ্য-উদ্‌দেশ্শো।

১৪. কোনটি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় নয়?
ক উপসর্গ খ সন্ধি
গ ধ্বনি পরিবর্তন ঘ ণত্ব ও ষত্ব বিধান

Hints : 'উপসর্গ' রূপতত্ত্বের আলোচ্য বিষয়, এটি ধ্বনিতত্ত্বের বিষয় নয়। 'সন্ধি, ধ্বনি পরিবর্তন, বাগ্‌যন্ত্র, ণত্ব ও ষত্ব বিধান' ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়। এ দুটি ছাড়াও ব্যাকরণে বাক্যতত্ত্ব এবং অর্থতত্ত্ব বা বাগর্থবিজ্ঞান নামে আরও দুটি আলোচ্য বিষয় রয়েছে।

১৫. 'রিতু পড়ে'–এ বাক্যে 'পড়ে' কোন ধরনের ক্রিয়া?
ক সমাপিকা খ সকর্মক
গ অসমাপিকা ঘ অকর্মক

Hints : 'রিতু পড়ে' এ বাক্যে 'পড়ে' অকর্মক ক্রিয়ার উদাহরণ। যে ক্রিয়ার কোনো কর্ম নেই তাকে অকর্মক ক্রিয়া বলে। 'রিতু পড়ে' বাক্যে 'কী পড়ে' প্রশ্ন করলে কোনো উত্তর পাওয়া যায় না। তাই 'পড়ে'

অকর্মক ক্রিয়া। যে ক্রিয়ায় বাক্যের পরিসমাপ্তি ঘটে তাকে সমাপিকা ক্রিয়া বলে। যে ক্রিয়ার কর্মপদ আছে তাকে সকর্মক ক্রিয়া বলে। যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না তাকে অসমাপিকা ক্রিয়া বলে।

১৬. 'আমি জানি যে সে চলে যাবে'– কোন ধরনের বাক্য?
ক খণ্ড খ জটিল
গ যৌগিক ঘ সরল

Hints : যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয় তাকে জটিল বাক্য বলে। 'আমি জানি যে সে চলে যাবে' এটি একটি জটিল বা মিশ্র বাক্য। খণ্ডবাক্য জটিল বাক্যেরই একটি অংশ। পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলে যে বাক্য গঠিত হয় তাকে যৌগিক বাক্য বলে। যে বাক্যে একটিমাত্র কর্তা ও একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে তাকে সরল বাক্য বলে।

১৭. 'ধূমকেতু' কী?
ক কাব্য খ উপন্যাস
গ নাটক ঘ অর্ধ-সাপ্তাহিক পত্রিকা

Hints : 'ধূমকেতু' কাজী নজরুল ইসলাম সম্পাদিত একটি অর্ধ-সাপ্তাহিক পত্রিকা। ১৯২২ সালে পত্রিকাটি আত্মপ্রকাশ করে। নজরুলের 'ধূমকেতু' কবিতাটি এ পত্রিকার প্রথম সংখ্যায় প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বাণী এ পত্রিকার প্রতি সংখ্যার শিরোনামের নিচে ছাপা হতো। এ পত্রিকার 'আগমনী' সংখ্যায় নজরুলের 'আনন্দময়ীর আগমনে' কবিতাটি ছাপা হলে সেই সংখ্যাটি নিষিদ্ধ হয় এবং তার বিরুদ্ধে দেশদ্রোহিতার অভিযোগ আনা হয়।

১৮. ওষ্ঠ্য বর্ণ কোনগুলো?
ক প, ফ, ব, ভ, ম খ চ, ছ, জ, ঝ, ঞ
গ ট, ঠ, ড, ঢ, ণ ঘ ত, থ, দ, ধ, ন

Hints : বাংলা ভাষায় 'প, ফ, ব, ভ, ম' এ বর্ণগুলোকে উচ্চারণস্থান অনুযায়ী ওষ্ঠ্য বর্ণ বলে। 'চ, ছ, জ, ঝ, ঞ' তালব্য বর্ণ। 'ট, ঠ, ড, ঢ, ণ' মূর্ধন্য বর্ণ। 'ত, থ, দ, ধ, ন' দন্ত্য বর্ণ।

১৯. 'বাংলাদেশ' শব্দে অক্ষর কয়টি?
ক ৫টি খ ৬টি
গ ৪টি ঘ ৩টি

Hints : 'বাংলাদেশ' শব্দে অক্ষর ৩টি– বাং + লা + দেশ। বাগ্‌যন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে অক্ষর বলে। ইংরেজিতে আমরা যাকে Syllable বলি বাংলায় সেটাই অক্ষর। আরও উদাহরণ : বন্ধন = বন্ + ধন্। এখানে দুটো অক্ষর আছে। অর্থাৎ শব্দে যতটি Syllable থাকবে ততটিই অক্ষর থাকবে।

২০. পূর্বপদের বিভক্তির লোপ হয় না কোন সমাসে?
ক নিত্য খ দ্বন্দ্ব
গ অলুক ঘ দ্বিগু

Hints : পূর্বপদের বিভক্তি লোপ হয় না 'অলুক' সমাসে। যেমন : গায়ে পড়া = গায়েপড়া– অলুক তৎপুরুষ সমাস। যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে তাকে নিত্য সমাস বলে। যে সমাসে সমাহার, সমষ্টি বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাকে দ্বিগু সমাস বলে। যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থ সমানভাবে প্রাধান্য পায় তাকে দ্বন্দ্ব সমাস বলে।

২১. 'যিনি বক্তৃতা দানে পটু' তাকে বলে–
ক সুবক্তা খ বাকপটু
গ অনলবর্ষী ঘ বাগ্মী

[**Note :** 'যিনি বক্তৃতা দানে পটু' তাকে 'বাগ্মী, সুবক্তা, বাকপটু' বলা হয়। এমন আরও বাক্য সংকোচন : যে অল্প কথা বলে– স্বল্পভাষী, যে বেশি কথা বলে– বাচাল, যে নারী প্রিয় কথা বলে– প্রিয়ংবদা।]

২২. 'চপল'-এর বিপরীতার্থক শব্দ–
ক গম্ভীর খ রাশভারী
গ ঠান্ডা ঘ স্তব্ধ

Hints : 'চপল'-এর বিপরীতার্থক শব্দ 'গম্ভীর' ও 'রাশভারী' দুটোই। 'ঠান্ডা'-র বিপরীত 'গরম' এবং 'স্তব্ধ'-র বিপরীত 'মুখর'।

২৩. 'নিরাময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক নিঃ + আময় খ নির + ময়
গ নিরা + ময় ঘ নির + আময়

Hints : অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিক্য ধ্বনি কিংবা য, র, ল, ব, হ-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন : নিঃ + আময় = নিরাময়, নিঃ + আকার = নিরাকার, দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।

২৪. কোন বানানটি শুদ্ধ নয়?
ক গণনা খ পূর্ব পরিচিত
গ কাহিনি ঘ কৃষিজীবী

Hints : 'গণনা' কাহিনি, কৃষিজীবী' তিনটি বানানই শুদ্ধ। 'পূর্ব পরিচিত' শব্দের শুদ্ধ রূপ 'পূর্বপরিচিতি'। আরও গুরুত্বপূর্ণ শব্দের শুদ্ধরূপ – মুমূর্ষু, মুহুর্মুহু, নীলিমা, দ্বন্দ্ব, গীতাঞ্জলি।

২৫. কোনটি শুদ্ধ বানান?
ক সরকারী খ পদবী
গ খেয়ালি ঘ মিতালী

Ans.
০৮ ঘ
০৯ খ
১০ গ
১১ ঘ
১২ খ
১৩ ক
১৪ ক
১৫ ঘ

Ans.
১৬ খ
১৭ ঘ
১৮ ক
১৯ ঘ
২০ গ
২১ Note
২২ ক,খ
২৩ ক
২৪ খ
২৫ গ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : বাংলা বানানের নিয়মে সকল অতৎসম অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র শব্দে কেবল ই এবং ঊ এবং এদের কারচিহ্ন ি ু ব্যবহৃত হবে। এ নিয়মানুসারে আরবি শব্দ 'খেয়ালি' বানানটি সঠিক। অন্যদিকে ফারসি শব্দ 'সরকারী' হবে 'সরকারি' এবং বাংলা শব্দ 'মিতালী' হবে 'মিতালি'। উল্লেখ্য বাংলা একাডেমির ব্যবহারিক অভিধান অনুযায়ী 'পদবি' ও 'পদবী' দুটি বানানই সঠিক।

Choose the odd one from the following :

২৬. (ক) Biscuits (খ) Chocolate
(গ) Cake (ঘ) Bread

Hints : অপশনসমূহের মধ্যে *chocolate* ব্যতীত *biscuits, cake* এবং *bread*-এর প্রস্তুত প্রণালীতে আটা-ময়দা ইত্যাদি উপকরণ হিসেবে ব্যবহার করা হয়। কিন্তু *chocolate* তৈরি করা হয় *coco powder* দিয়ে। তাই *chocolate* বাকি তিনটির চেয়ে ভিন্ন।

২৭. (ক) Actor (খ) Artist
(গ) Musician (ঘ) Poet

Hints : *Poet* ব্যতীত বাকি অপশনসমূহের (*actor, artist, musician*) সবাই *stage*-এ *perform* করে। তাই *poet* আলাদা।

২৮. (ক) Violet (খ) Blue
(গ) Green (ঘ) White

Hints : *Violet, blue* এবং *green* রংধনুতে দেখা গেলেও *white* দেখা যায় না। সাদা (*white*) রঙে সব আলো প্রতিফলিত হলেও বাকি রংগুলোতে সব আলো প্রতিফলিত হয় না। তাই *white* আলাদা।

২৯. (ক) Book (খ) Paper
(গ) Pencil (ঘ) Pen

Hints : কাগজ, কলম, পেনসিল লেখার জন্য ব্যবহার করা হয়, কিন্তু বই পড়া হয়। তাই *Book* বাকি তিনটি থেকে আলাদা।

৩০. (ক) Asia (খ) Argentina
(গ) Africa (ঘ) Australia

Hints : *Asia, Africa, Australia* তিনটি মহাদেশের নাম, কিন্তু *Argentina* একটি দেশের নাম।

Select the word that is most closely opposite to the word in capital letter :

৩১. **FALSE**
(ক) inaccurate (খ) incorrect
(গ) true (ঘ) defective

Hints : *False* – মিথ্যা, অন্যদিকে *true* – সত্য। এছাড়া *inaccurate* – বেঠিক, *incorrect* – ভুল, *defective* – ত্রুটিপূর্ণ।

৩২. **DISPLAY**
(ক) exhibit (খ) show
(গ) demonstrate (ঘ) conceal

Hints : *Display* অর্থ প্রদর্শন, যার বিপরীত হলো *conceal* (গোপন)। *Exhibit* – প্রদর্শন করা, *show* – প্রদর্শন। *demonstrate* – প্রদর্শন।

৩৩. **LIBERAL**
(ক) tolerant (খ) educated
(গ) progressive (ঘ) miser

Hints : *Liberal* অর্থ উদার; অকৃপণ, অন্যদিকে *miser* অর্থ কৃপণ। এছাড়া *Tolerant* – সহনশীল, *educated* – শিক্ষিত, *progressive* – উন্নতিশীল।

৩৪. **SPOIL**
(ক) improve (খ) blemish
(গ) destroy (ঘ) blight

Hints : *Spoil* অর্থ ধ্বংস করা, যার বিপরীত *improve* (উন্নত করা)। অন্যদিকে *Blemish* – কলঙ্ক, *destroy* – ধ্বংস করা, *blight* – ক্ষয় করা।

৩৫. **ASSIST**
(ক) aid (খ) help
(গ) hinder (ঘ) facilitate

Hints : *Assist* অর্থ সাহায্য করা, যার বিপরীত *hinder* (বাধা দেওয়া)। এছাড়া *Aid* – সাহায্য, *help* – সাহায্য করা, *facilitate*– সহজ করা।

Select from the alternatives that convey the same meaning as the word given in capital letters :

৩৬. **NAUTICAL**
(ক) perverse (খ) disgusting
(গ) naval (ঘ) unaffected

Hints : *Nautical* অর্থ নৌ বা নাবিক সংক্রান্ত; *Naval* অর্থও নৌ সম্বন্ধীয়। এছাড়া *perverse* – বিপথগামী, *disgusting* – বিরক্তিকর, *unaffected* – অক্ষুণ্ন।

৩৭. **HANDSOME**
(ক) polite (খ) noble
(গ) gentle (ঘ) good-looking

Hints : *Handsome* অর্থ সুদর্শন, যার সমার্থক *good - looking*। অন্যদিকে *polite* – ভদ্র, *noble* – সদাশয়, *gentle* – ভদ্র।

৩৮. **GRAPHIC**
(ক) pictorial (খ) squarish
(গ) geometrical (ঘ) mathematica

Hints : *Graphic* অর্থ চিত্রলেখসংক্রান্ত যার সমার্থক *pictorial* (চিত্রসম্বন্ধীয়)। এছাড়া *squarish* – বর্গাকৃতি, *geometrical* – জ্যামিতিক, *mathematica* – গণিত।

Ans.

২৬	খ
২৭	ঘ
২৮	ঘ
২৯	ক
৩০	খ
৩১	গ
৩২	ঘ
৩৩	ঘ
৩৪	ক
৩৫	গ
৩৬	গ
৩৭	ঘ
৩৮	ক

৩৯. **RIVAL**
(ক) friend (খ) partner
(গ) associate (ঘ) opponent

Hints : *Rival* অর্থ প্রতিদ্বন্দ্বী; *opponent* অর্থও প্রতিদ্বন্দ্বী। এছাড়া *friend* – বন্ধু, *partner* – অংশীদার, *associate* – সহযোগী।

৪০. **PLEASURE**
(ক) disappointment (খ) happiness
(গ) grief (ঘ) anxiety

Hints : *Pleasure* (আনন্দ)-এর সমার্থক *happiness*। *disappointment* – হতাশা, *grief* – বিষাদ, *anxiety* – উদ্বেগ।

Each sentence has one or two blanks. Choose the word or set of words that best completes the sentence meaningfully.

৪১. **The ties that bind us together in common activity are so — that they can disappear anytime.**
(ক) tentative (খ) tenuous
(গ) consistent (ঘ) restrictive

ব্যাখ্যা "যে বন্ধন আমাদের সাধারণ ক্রিয়াকলাপকে অটুট রাখে তা এতটাই হালকা যে যে-কোনো মুহূর্তে ছিন্ন হয়ে যেতে পারে।" প্রদত্ত *sentence*-টির যথোপযুক্ত অর্থ প্রকাশের জন্য অপশন (খ) *tenuous*-ই সঠিক। এছাড়া *tentative* অর্থ সম্ভাব্য, *consistent* অর্থ সামঞ্জস্যপূর্ণ, *restrictive* অর্থ নিয়ন্ত্রক।

৪২. **He went to the library — to find that it was closed.**
(ক) seldom (খ) never
(গ) only (ঘ) solely

Hints : "সে লাইব্রেরিতে গিয়ে দেখতে পেয়েছিল যে এটি বন্ধ রয়েছে"। উপর্যুক্ত *sentence*-টিতে *only* ব্যতীত অন্য অপশনসমূহ বসালে অর্থ সম্পূর্ণ হবে না।

৪৩. **Her reaction to his proposal was — She rejected it —.**
(ক) inevitable-vehemently (খ) subtle-violently
(গ) clever-abruptly (ঘ) sympathetic-angrily

Hints : *Her reaction to his proposal was inevitable* (অবশ্যম্ভাবী), *she rejected it vehemently* (তীব্রভাবে)। এছাড়া *subtle* – সূক্ষ্ম, *violently* – হিংস্রভাবে, *clever* – চালাক, *abruptly* – আচমকা, *sympathetic* – সহানুভূতিশীল, *angrily* – রাগান্বিতভাবে।

৪৪. **It would be difficult for one so — to believe that all men are equal irrespective of caste, race and religion.**
(ক) emotional (খ) democratic
(গ) intolerant (ঘ) liberal

Hints : *'Intolerant'* অর্থ সংকীর্ণমনা; যে পরের ধর্ম ও মতের প্রতি অসহিষ্ণু। উপর্যুক্ত শূন্যস্থানে *intolerant* বসালে *sentence*-টির সঠিক অর্থ হয়– "এত সংকীর্ণমনা ব্যক্তির পক্ষে এটি বিশ্বাস করা কঠিন হবে যে জাতি, বর্ণ, ধর্ম নির্বিশেষে সমস্ত মানুষ সমান।"

৪৫. **His — directions misled us we did not know which of the two roads to take.**
(ক) complicated (খ) ambiguous
(গ) narrow (ঘ) fantastic

Hints : *"His ambiguous* (অনিশ্চিত) *directions misled us we did not know which of the two roads to take."* অন্যদিকে *complicated* – জটিল, *narrow* – সংকীর্ণ, *fantastic* – চমৎকার।

From the following choose the correct spelling :

৪৬. (ক) FEASIBEL (খ) FEASIBLE
(গ) FASCIEBLE (ঘ) FEASEBLE

Hints : *Feasible (adj.)* – সম্ভাব্য।

৪৭. (ক) PARIMETER (খ) PERIMETER
(গ) PERIMOTOR (ঘ) PARIMETERE

Hints : *Perimeter (n)* – পরিসীমা।

৪৮. (ক) RELIGIAN (খ) RELIGOIN
(গ) RELIGION (ঘ) RELIGEN

Hints : *Religion (n)* – ধর্ম।

৪৯. (ক) FAVOURITE (খ) FAVOURET
(গ) FAVORETE (ঘ) FAVOURIET

Hints : *Favourite (adj.)* – প্রিয়।

৫০. (ক) VIOLENCE (খ) VOILENCE
(গ) VOLENCY (ঘ) VIOLANCE

Hints : *Violence (n)* – সহিংসতা।

৫১. **Which African country is known as the 'Rainbow Nation' due to its diverse population and history of apartheid?**
(ক) Kenya (খ) Nigeria
(গ) South Africa (ঘ) Ethiopia

Hints : দক্ষিণ আফ্রিকার ধর্মগুরু আর্চ বিশপ ডেসমন্ড টুটু দেশটির সকল নাগরিককে ঐক্যবদ্ধ করার প্রয়াস হিসেবে প্রথম *Rainbow Nation* (রংধনু জাতি) শব্দটি ব্যবহার করেন। দক্ষিণ আফ্রিকার জনসংখ্যা, সংস্কৃতি, ভাষা ও ইতিহাস-ঐতিহ্যের বৈচিত্র্যের কারণে দেশটিকে রংধনু জাতি হিসেবে অভিহিত করা হয়।

Ans.

৩৯	ঘ
৪০	খ
৪১	খ
৪২	গ
৪৩	ক
৪৪	গ
৪৫	খ
৪৬	খ
৪৭	খ
৪৮	গ
৪৯	ক
৫০	ক
৫১	গ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

৫২. **Which term is used to describe the situation where the people are trapped in poverty due to lack of access to credit and other resources?**
ⓚ Poverty line ⓛ Poverty trap
ⓜ Poverty cycle ⓝ Poverty reduction
Hints : *অর্থনৈতিক উপাদানসমূহের (উৎপাদন, আয়, বিনিয়োগ ও মূলধন) স্বল্পতার কারণবশত যে আবর্তিত ও অনিয়ন্ত্রিত চক্র তৈরি হয়, তাকে দারিদ্র্যের দুষ্টচক্র (Poverty cycle) বলে।*

৫৩. **What is the world's most widely used web browser?**
ⓚ Firefox ⓛ Safari
ⓜ Edge ⓝ Chrome
Hints : *সবথেকে বেশি ব্যবহৃত ওয়েব ব্রাউজার হলো Google's Chrome। এরপরের অবস্থানে রয়েছে যথাক্রমে Apple's safari, Microsoft's Edge, Mozilla's Firefox। উল্লেখ্য, ২ সেপ্টেম্বর ২০০৮ Chrome প্রথম বাজারজাত করা হয়।*

৫৪. **What is the name of the international trade agreement that entered into force in 2022, creating the world's largest free trade area by population?**
ⓚ NAFTA (North American Free Trade Agreement)
ⓛ CETA (Comprehensive Economic and Trade Agreement)
ⓜ RCEP (Regional Comprehensive Economic Partnership)
ⓝ TPP (Trans-Pacific Partneship)
Hints : *১ জানুয়ারি ২০২২ বিশ্বের বৃহত্তম মুক্ত বাণিজ্য চুক্তি Regional Comprehensive Economic Partnership (RCEP) বা আঞ্চলিক সমন্বিত অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি কার্যকর হয়। আর ১৫ নভেম্বর ২০২০ ভিয়েতনামের হ্যানয়ে অনুষ্ঠিত ভার্চুয়াল ASEAN সম্মেলনের মাধ্যমে এই চুক্তিটি স্বাক্ষরিত হয়। এই চুক্তিতে অন্তর্ভুক্ত দেশ ১৫টি।*

৫৫. **Which technology, commonly used for secure remote access to computer networks, requires multi-factor authentication and is often used by businesses for secure connections?**
ⓚ VPN (Virtual Private Network)
ⓛ FTP (File Transfer Protocol)
ⓜ HTTP (Hypertext Transfer Protocol)
ⓝ ISP (Internet Service Provider)
Hints : *VPN (Virtual Private Network) হলো এক ধরনের প্রাইভেট নেটওয়ার্ক, যা কোনো ডিভাইস থেকে নেটওয়ার্কে সুরক্ষিত ডেটা প্রবাহ নিশ্চিত করে। ডিভাইসের IP address মাস্কিং করে ফলে এর ব্রাউজিং হিস্টোরি, পরিচয়, স্থান ইত্যাদি শনাক্ত করা যায় না।*

৫৬. **Which telescope array was used to capture a black hole's first ever image?**
ⓚ Hubble Space Telescope
ⓛ Event Horizon Telescope
ⓜ James Webb Space Telescope
ⓝ Chandra X-ray Observatory
Hints : *ব্ল্যাক হোল বা মহাশূন্যের কৃষ্ণ গহ্বরের প্রথম ছবি প্রকাশ করে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল সাইন্স ফাউন্ডেশনের (NSF) জ্যোতির্বিজ্ঞানীরা। ১০ এপ্রিল ২০১৯ ইভেন্ট হরাইজন টেলিস্কোপের (EHT) গবেষণার ফলাফল হিসেবে মেসিয়ার ৮৭ (M 87) ছায়াপথে (গ্যালাক্সি) অবস্থানরত একটি বিশাল কৃষ্ণগহ্বরের তোলা ছবি প্রকাশ করে।*

৫৭. **What innovative device, introduced in 2007 by Apple, combined a phone, music player and internet communicator, changing how we communicate?**
ⓚ iPhone ⓛ iPod
ⓜ iPd ⓝ iMac
Hints : *২৯ জুন ২০০৭ সালে অ্যাপল কোম্পানি প্রথম iPhone বাজারজাত করে। এটি একটি সেলুলার ফোন যার সাহায্যে মিডিয়া প্লেয়ার, ইন্টারনেট সংযোগসহ আরও অনেক সুবিধা ভোগ করা যায়। iPod কোনো সেলুলার ফোন নয় এবং iMac হলো অ্যাপল কোম্পানির তৈরি PC।*

৫৮. **In which sea can you find the Galapagos Islands, known for their unique wildlife and Charles Darwins research?**
ⓚ Caribbean Sea ⓛ Mediterranean Sea
ⓜ Arabian Sea ⓝ Pacific Ocean
Hints : *পূর্ব প্রশান্ত মহাসাগরে অবস্থিত অনেকগুলো দ্বীপের সমন্বয়ে 'Galapagos' দ্বীপপুঞ্জ গড়ে উঠেছে। রাজনৈতিকভাবে গ্যালাপাগোস দক্ষিণ আমেরিকার দেশ ইকুয়েডরের অন্তর্ভুক্ত। চার্লস ডারউইন তার বিখ্যাত বিবর্তনবাদ তত্ত্ব তৈরিতে এখানকার প্রাণীদের পর্যবেক্ষণ করেছিলেন। বিবর্তনবাদ সম্পর্কে রচিত ডারউইনের বিখ্যাত গ্রন্থ 'The Origin of Species'।*

৫৯. **Which digital currency, introduced in 2009 by an anonymous person or group of people using the pseudonym Satoshi Nakamoto, is often called 'digital gold'?**
ⓚ Etherum ⓛ Litecoin
ⓜ Bitcoin ⓝ Ripple (XRP)
Hints : *জাপানের সাতোশি নাকামোতোকে বিটকয়েনের উদ্ভাবক বলা হয়। বিটকয়েন এক ধরনের ক্রিপ্টোকারেন্সি। পরিচয় গোপন রেখে এর মাধ্যমে লেনদেন করা যায়। কয়েন বিশারদরা অস্বাভাবিক মূল্যবৃদ্ধির জন্য একে 'ডিজিটাল গোল্ড' হিসেবে আখ্যায়িত করেন। বিশ্বের প্রথম দেশ হিসেবে 'বিটকয়েনকে' স্বীকৃতি দেয় এল সালভাদর। বিশ্বের কয়েকটি ক্রিপ্টোকারেন্সি হলো রিপল, লাইটকয়েন, ইথেরিয়াম, ড্যাশ, মোনেরো, জিক্যাশ প্রভৃতি।*

৬০. **What is the term for a sustained increase in the aggregate price level?**
ⓚ Recession ⓛ Stagflation
ⓜ Depression ⓝ Inflation
Hints : *একটি নির্দিষ্ট সময়ের ব্যবধানে পণ্য ও সেবার মূল্য স্থায়ীভাবে ক্রমাগত বৃদ্ধিকে মুদ্রাস্ফীতি (Inflation) বলে।*

৬১. **What handheld communication device, invented by martin Cooper in 1973, is considered the precursor to modern cell phones?**
ⓚ Pager ⓛ Walkie-Talkie
ⓜ Cordless phone ⓝ Brick phone
Hints : *যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী মার্টিন কুপার ১৯৭৩ সালে বিশ্বের প্রথম মোবাইল ফোন উদ্ভাবন করেন, যা 'Brick' ফোন নামে পরিচিত। এজন্য তাকে মোবাইল ফোনের জনক বলা হয়। বিশ্বের প্রথম বাণিজ্যিক মোবাইল ফোন বাজারে নিয়ে আসে মটোরোলা কোম্পানি, যার মডেল ছিল Dyna TAC 8000X।*

৬২. **Which global initiative, launched in 2000, focuses on reducing extreme poverty, improving healthcare, and promoting gender equality?**
ⓚ Global Initiative for Territorial Entities
ⓛ Sustainable Development Goals (SDGs)
ⓜ Millennium Development Goals (MDGs)
ⓝ Universal Declaration of Human Rights
Hints : *২০০০ সালের সেপ্টেম্বরে জাতিসংঘ আয়োজিত সহস্রাব্দ শীর্ষ বৈঠকে ২০১৫ সালের মধ্যে ৮টি লক্ষ্য পূরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা Millennium Development Goal (MDG) নামে পরিচিত। MDG-এর ৮টি লক্ষ্যের প্রথম লক্ষ্য হলো ক্ষুধা ও দারিদ্র্য দূর করা। উল্লেখ্য, MDG-এর মেয়াদ শেষ হওয়ায় ১৭টি লক্ষ্য পূরণের উদ্দেশ্যে SDG (২০১৬-৩০) বাস্তবায়ন শুরু হয়।*

৬৩. **In 2021, which country's space agency successfully landed its rover, Perseverance, on Mars, to search for signs of ancient life?**
ⓚ China ⓛ Russia
ⓜ United States ⓝ India
Hints : *২০২১ সালে যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা National Aeronautics and Space Administration (NASA) প্রেরিত মহাকাশযান (রোভার) 'Perseverance' মঙ্গলগ্রহে পৌঁছায়। মঙ্গলগ্রহে নাসার এই মিশনের অন্যতম লক্ষ্য হলো অতীতে মঙ্গলগ্রহে প্রাণের অস্তিত্ব ছিল কিনা তা অনুসন্ধান করা।*

৬৪. **Which programming language is often used for developing mobile apps for iOS devices, such as iPhones and iPads?**
ⓚ Java ⓛ Python
ⓜ Swift ⓝ Ruby
Hints : *iOS ডিভাইসের অ্যাপ তৈরির জন্য Swift প্রোগ্রামিং ল্যাংগুয়েজ বেশি ব্যবহৃত হয়। Python, Java, Ruby সাধারণত Artificial Intelligence-এ বেশি ব্যবহৃত হয়।*

৬৫. **Which term describes the process of creating genetically identical copies of an organism, often using advanced biotechnology techniques?**
ⓚ Cloning ⓛ Mutation
ⓜ Hybridization ⓝ Evolution
Hints : *ক্লোন (clone) শব্দের অর্থ হুবহু প্রতিরূপ। একই জিনোটাইপ বিশিষ্ট একাধিক জীব বা জীবাংশকে ক্লোন বলা হয়। জিন ক্লোনিং এর মাধ্যমে কাঙ্ক্ষিত জিনকে হুবহু কপি বা সংখ্যাবৃদ্ধি করা যায়।*

৬৬. **Which Nobel Laureate was awarded their second Nobel Prize in Chemistry in December 2022?**
ⓚ K. Barry Shrapless
ⓛ William Bradford Shockley
ⓜ John Bardeen
ⓝ Walter Houser Brattain

Ans.
৫২ গ
৫৩ ঘ
৫৪ গ
৫৫ ক
৫৬ খ
৫৭ ক
৫৮ ঘ
৫৯ গ
৬০ ঘ
৬১ ঘ
৬২ গ
৬৩ গ
৬৪ গ
৬৫ ক
৬৬ ক

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : *কে. ব্যারি শার্পলেস যৌথভাবে মর্টেন মেলডাল ও ক্যারোলিন আর. বার্তোজি এর সাথে ২০২২ সালে রসায়নে নোবেল পুরস্কার পান। তিনি পঞ্চম ব্যক্তি হিসেবে দ্বিতীয়বার নোবেল পুরস্কার লাভ করেন (প্রথমবার ২০০১ সালে)। উল্লেখ্য, রসায়নশাস্ত্রে ২০২৩ সালে নোবেল পুরস্কার অর্জনকারী তিন বিজ্ঞানী হলেন : মুঙ্গি বাওয়েন্ডি (ফ্রান্স), লুই ব্রুস (যুক্তরাষ্ট্র) ও অ্যালেক্সি ইয়াকিমভ (সাবেক সোভিয়েত ইউনিয়ন)। তারা কোয়ান্টাম ডট আবিষ্কার ও সংশ্লেষণের জন্য নোবেল পেয়েছেন।*

৬৭. What is the term for a type of cyberattack that involves tricking individuals into revealing sensitive information, such as passwords or credit card numbers, by posing as trustworthy?

ক MalWare খ Phishing
গ Ransomware ঘ Botnet

Hints : *কোনো সুপ্রতিষ্ঠিত ওয়েবসাইট সেজে প্রতারণার মাধ্যমে কারো কাছ থেকে ব্যক্তিগত তথ্য; যেমন : ক্রেডিট কার্ডের তথ্য, পাসওয়ার্ড ইত্যাদি সংগ্রহ করাকে phishing বলে। কম্পিউটারের জন্য ক্ষতিকারক প্রোগ্রাম যেমন– ভাইরাস, স্প্যাম, ওয়ার্ম ইত্যাদিকে ম্যালওয়্যার বলে। ম্যালওয়্যার ঢুকিয়ে অন্যের কম্পিউটারের ফাইল নিয়ন্ত্রণে নেওয়া এবং তা ফেরত পেতে টাকা চাওয়ার অপরাধ হলো র‍্যানসমওয়্যার।*

৬৮. What environmental issue involves the chemimls into bodies of water, causing oxygen depletion and harm to aquatic ecosystems?

ক Acid rain খ Eutrophication
গ Desertification ঘ Deforestation

Hints : *পানি দূষণজনিত কারণে জলাশয়ে অতিরিক্ত পুষ্টি উপাদান সৃষ্টির মাধ্যমে plankton-এর সংখ্যার অত্যধিক বৃদ্ধি ঘটে। যার ফলে জলাশয়ের গুণগত মানের ঘাটতি দেখা যায়, একে Eutrophication বলে। এর ফলে oxygen depletion ঘটে এবং জলজ Ecosystem ক্ষতিগ্রস্ত হয়।*

৬৯. What term is used to describe outsourcing business processes to companies in Bangladesh, which has become a key driver of the country's economic growth?

ক Insoursing খ Offshoring
গ Onshoring ঘ Homeshoring

Hints : *ব্যবসার মালিকের স্বদেশ ব্যতীত অন্য কোনো দেশে একটি কোম্পানি প্রতিষ্ঠা এবং ব্যবসা পরিচালনার কাজকে অফশোরিং (offshoring) বলে।*

৭০. What is the term for a network of interconnected devices and objects that can communicate and exchange data over the internet?

ক Internet of Things (IoT)
খ Artificial Intelligence (AI)
গ Quantum Computing
ঘ Virtual Reality (VR)

Hints : *IoT (Internet of Things) হলো নেটওয়ার্ক, প্রোগ্রাম সেন্সর আর মেশিনের সমন্বয়ে গঠিত একটি সিস্টেম যেটা দিয়ে ডিভাইসগুলো একে অপরের সাথে যোগাযোগ করতে পারে এবং ডেটা বিনিময় করতে পারে। যেমন : স্মার্ট হোম, স্মার্ট ফ্রীজ ইত্যাদি।*

৭১. Who served as the Prime Minister of Bangladesh from 12 Jan, 1972 to 25 January 1975?

ক Tajuddin Ahmad
খ Sheikh Mujibur Rahman
গ Muhammad Mansur Ali
ঘ Abu Sayeed Chowdhury

Hints : *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১২ জানুয়ারি ১৯৭২ থেকে ২৫ জানুয়ারি ১৯৭৫ পর্যন্ত বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বপালন করেন। আর ২৫ জানুয়ারি ১৯৭৫ বাংলাদেশের সংবিধানের চতুর্থ সংশোধনীর মাধ্যমে সংসদীয় শাসনপদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতিশাসিত শাসনপদ্ধতি চালু হলে তিনি রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।*

৭২. What term describes integrating digital information with the user's environment in real time, enhancing their perception of the physical world?

ক Artificial Intelligence খ Virtual Reality
গ Augmented Reality ঘ Mixed Reality

Hints : *AR বা Augmented Reality হলো ব্যবহারকারীর বাস্তব অভিজ্ঞতা বর্ধিত করার একটি প্রযুক্তি। এটি ভার্চুয়াল ও বাস্তব জগতের একটি সংমিশ্রণ। অন্যদিকে, VR বা Virtual Reality সম্পূর্ণই কাল্পনিক। এর জন্য হেডসেট, গ্লোভস ইত্যাদি ডিভাইস প্রয়োজন হয়।*

৭৩. What traditional Bengali sweet, made from chhana (cottage cheese) and often flavored with cardamom, is a popular dessert in Bangladesh?

ক Rasgulla খ Gulab Jamun
গ Jalebi ঘ Sandesh

Ans.
৬৭ খ
৬৮ খ
৬৯ খ
৭০ ক
৭১ খ
৭২ গ
৭৩ ঘ

Hints : *ঐতিহ্যবাহী বাঙালি বিচিত্র মিষ্টির মধ্যে সন্দেশ একটি জনপ্রিয় আইটেম। সন্দেশ তৈরির মূল উপাদান দুধ থেকে তৈরি ছানা। তবে এটিকে অধিক সুস্বাদু করার জন্য মেশানো হয় এলাচ গুঁড়া, চিনি, গাওয়া ও মাখন।*

৭৪. What does the acronym 'DNS' stand for in networking?

ক Digital Network Service
খ Data Network System
গ Domain Name System
ঘ Dynamic Network Server

Hints : *Domain Name System (DNS) কোনো ওয়েবসাইটের ডোমেইন নেম-কে IP Address-এ পরিবর্তিত করে। ICANN নামক প্রতিষ্ঠান সারা বিশ্বের সকল আইপি অ্যাড্রেস ও ডোমেইন নেম নিয়ন্ত্রণ করে।*

৭৫. As of 2022 which country was the world's largest importer of goods and services?

ক China খ Japan
গ USA ঘ India

Hints : *World Trade Statistical Review 2022 অনুযায়ী, আমদানিতে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র।*

৭৬. 8597 – ? = 7429 – 4358

ক 5426 খ 5706
গ 5526 ঘ 5476

Hints : *ধরি, সংখ্যাটি x*
∴ 8597 – x = 7429 – 4358
বা, 8597 – x = 3071
বা, x = 8597 – 3071
∴ x = 5526

৭৭. 666 ÷ 6 ÷ 3 = ?

ক 37 খ 333
গ 111 ঘ 84

Hints : $666 \div 6 \div 3 = 666 \times \frac{1}{6} \times \frac{1}{3} = 37$

৭৮. Find the highest common factor of 36 and 84.

ক 4 খ 6
গ 12 ঘ 18

Hints :
$36)\ 84(2$
$\underline{72}$
$12)\ 36\ (\ 3$
$\underline{36}$
0
∴ নির্ণেয় গ. সা. গু. = 12

৭৯. The ratio of two numbers is 3 : 4 and their H. C. F is 4. Their L. C. M is :

ক 12 খ 16
গ 24 ঘ 48

Hints : *দেওয়া আছে, সংখ্যা দুটির গ. সা. গু. = 4*
∴ সংখ্যাদ্বয় 3 × 4 = 12 এবং 4 × 4 = 16

$2 \mid 12, 16$
$2 \mid 6, 8$
$3, 4$

∴ 12 ও 16 এর ল. সা. গু. = 2 × 2 × 3 × 4 = 48

৮০. 12.1212 + 17.0005 – 9.1102 = ?

ক 20.0015 খ 20.0105
গ 20.0115 ঘ 20.1015

Hints : *12.1212 + 17.0005 – 9.1102*
= 29.1217 – 9.1102
= 20.0115

৮১. 0.014 × 0.014 = ?

ক 0.000196 খ 0.00196
গ 19.6 ঘ 196

Hints : *0.014 × 0.014 = 0.000196*

৮২. 100 × 10 – 100 + 2000 ÷ 100 = ?

ক 29 খ 780
গ 920 ঘ 979

Hints : *100 × 10 – 100 + 2000 ÷ 100*
= 100 × 10 – 100 + 20
= 1000 + 20 – 100
= 1020 – 100
= 920

৮৩. If 2 tables and 3 chairs cost Tk. 3500 and 3 tables and 2 chairs cost Tk. 4000, then how much does table cost?

ক Tk. 500 খ Tk. 750
গ Tk. 1000 ঘ Tk. 1500

Hints : *ধরি, টেবিলের মূল্য x টাকা এবং চেয়ারের মূল্য y টাকা*
প্রশ্নমতে, 2x + 3y = 3500 ... (i)
3x + 2y = 4000 ... (ii)
এখন, (i) × 2 – (ii) × 3 ⇒
4x + 6y – 9x – 6y = 7000 – 12000
⇒ – 5x = – 5000
∴ x = 1000

৮৪. The square root of ($272^2 - 128^2$) is :

ক 144 খ 200
গ 240 ঘ 256

Ans.
৭৪ গ
৭৫ গ
৭৬ গ
৭৭ ক
৭৮ গ
৭৯ ঘ
৮০ গ
৮১ ক
৮২ গ
৮৩ গ
৮৪ গ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : $272^2 - 128^2 = (272 + 128)(272 - 128)$
$= 400 \times 144$

$\therefore$ বর্গমূল $= \sqrt{400 \times 144} = 20 \times 12 = 240$

৮৫. The square root of $(7 + 3\sqrt{5})(7 - 3\sqrt{5})$:

ক $\sqrt{5}$ খ 2
গ 4 ঘ $3\sqrt{5}$

Hints : $(7+3\sqrt{5})(7-3\sqrt{5}) = (7)^2 - (3\sqrt{5})^2$
$= 49 - 45$
$= 4$

$\therefore$ বর্গমূল $= \sqrt{4} = 2$

৮৬. The average of 50 numbers is 30. If two numbers, 35 and 40, are discarded, then the average of the remaining numbers is nearly.

ক 28.32 খ 28.78
গ 29.27 ঘ 29.68

Hints : 35 ও 40 বাদে 48টি সংখ্যার যোগফল
$= (30 \times 50) - (35 + 40)$
$= 1500 - 75$
$= 1425$

$\therefore$ 48টি সংখ্যার গড় $= \frac{1425}{48} = 29.68$

৮৭. If one-third of one-fourth of a numbers is 15, then three-tenths of that number is :

ক 35 খ 36
গ 45 ঘ 54

Hints : ধরি, সংখ্যাটি x

শর্তমতে, $\frac{1}{3} \times \frac{1}{4} \times x = 15$

বা, $x = 15 \times 3 \times 4$
$\therefore x = 180$

$\therefore$ x এর $\frac{3}{10} = 180 \times \frac{3}{10} = 54$

৮৮. The sum of the two numbers is 22. Five times one number is equal to 6 times the other. The bigger of the two numbers is :

ক 10 খ 12
গ 15 ঘ 16

Hints : ধরি, সংখ্যা দুটি x ও y; $x > y$

শর্তমতে, $x + y = 22$ ... (i)
এবং $5x = 6y$
বা, $5x - 6y = 0$ ... (ii)

(i) $\times 6$ + (ii)
$6x + 6y = 132$
$5x - 6y = 0$
$11x = 132$
বা, $x = \frac{132}{11}$
$\therefore x = 12$

x এর মান (i) নং এ বসিয়ে পাই,
$12 + y = 22$
$\therefore y = 10$
$\therefore$ বড় সংখ্যাটি 12।

৮৯. Eighteen years ago, a father was three times as old as his son. Now, the father is only twice as old as his son. Then, the sum of the present ages of the son and the father is :

ক 54 খ 72
গ 105 ঘ 108

Hints : মনে করি,
১৮ বছর পূর্বে পুত্রের বয়স ছিল $= x$ বছর
এবং ১৮ " " পিতার " " $= 3x$ বছর
বর্তমানে পুত্রের বয়স $= (x + 18)$ বছর
এবং " পিতার " $= (3x + 18)$ বছর

শর্তমতে, $3x + 18 = 2(x + 18)$
বা, $3x + 18 = 2x + 36$
বা, $3x - 2x = 36 - 18$
$\therefore x = 18$

$\therefore$ বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি
$= (3x + 18 + x + 18)$ বছর
$= (4x + 36)$ বছর
$= (4 \times 18 + 36)$ বছর
$= 108$ বছর

৯০. $(17)^{3.5} \times (17)^{?} = 17^8$

ক 2.29 খ 2.75
গ 4.25 ঘ 4.5

Hints : $(17)^{3.5} \times (17)^{?} = 17^8$

বা, $(17)^{3.5+?} = (17)^8$ $\left[\because a^m \times a^n = a^{m+n}\right]$

বা, $3.5 + ? = 8$ $\left[\because a^x = a^y \text{ হলে } x = y\right]$
বা, $? = 8 - 3.5$
$\therefore ? = 4.5$

৯১. 88% of 370 + 24% of 210 – ? = 118. What stands for question mark?

ক 256 খ 258
গ 268 ঘ 358

Hints : 88% of 370 + 24% of 210 – ? = 118
বা, $\frac{88}{100} \times 370 + \frac{24}{100} \times 210 - ? = 118$
বা, $325.6 + 50.4 - ? = 118$
বা, $376 - ? = 118$
বা, $? = 376 - 118$
$\therefore ? = 258$

৯২. If a number x is 10% less than another number y and y is 10% more than 125, then x is equal to :

ক 123.75 খ 140.55
গ 143 ঘ 150

Hints : ১ম শর্তমতে,
$x = y - 10\%$ of y
বা, $x = y - \frac{10y}{100}$
বা, $x = y - \frac{y}{10}$
$\therefore x = \frac{9y}{10}$ ...(i)

২য় শর্তমতে,
$y = 125 + 10\%$ of 125
বা, $y = 125 + \frac{10 \times 125}{100}$
বা, $y = 125 + 12.5$
$\therefore y = 137.5$

y এর মান (i) নং এ বসিয়ে পাই,
$\therefore x = \frac{9y}{10} = \frac{9 \times 137.5}{10} = 123.75$

৯৩. The sale price of an article, including the sales tax is Tk. 616. The rate of sales tax is 10%. If the shopkeeper has made a profit of 12% then the cost price of the article is —

ক Tk. 500 খ Tk. 515
গ Tk. 550 ঘ Tk. 600

Hints : মনে করি, দ্রব্যটির ক্রয়মূল্য x টাকা
$\therefore$ 12% লাভে দ্রব্যটির বিক্রয়মূল্য $= (x + x$ এর 12%) টাকা
$= \left(x + x \text{ এর } \frac{12}{100}\right)$ "
$= \left(x + \frac{3x}{25}\right)$ "
$= \frac{28x}{25}$ টাকা

শর্তমতে, $\frac{28x}{25} + \frac{28x}{25} \times 10\% = 616$
বা, $\frac{28x}{25} + \frac{28x}{25} \times \frac{10}{100} = 616$
বা, $\frac{28x}{25} + \frac{28x}{250} = 616$
বা, $\frac{280x + 28x}{250} = 616$
বা, $\frac{308x}{250} = 616$
বা, $x = \frac{616 \times 250}{308}$
$\therefore x = 500$
$\therefore$ দ্রব্যটির ক্রয়মূল্য 500 টাকা।

৯৪. The length of the rectangular hall is 5 m more than its breadth. The area of the hall is 750 m^2. The length of the hall is :

ক 15 m খ 22.5 m
গ 25 m ঘ 30 m

Hints : মনে করি,
আয়তাকার ঘরের প্রস্থ $= x$ মিটার
এবং " " দৈর্ঘ্য $= (x + 5)$ "

শর্তমতে, $x(x + 5) = 750$
বা, $x^2 + 5x - 750 = 0$
বা, $x^2 + 30x - 25x - 750 = 0$
বা, $x(x + 30) - 25(x + 30) = 0$
বা, $(x + 30)(x - 25) = 0$
হয়, $x + 30 = 0$ অথবা, $x - 25 = 0$
$\therefore x = -30$ $\therefore x = 25$

কিন্তু $x \neq -30$, কারণ প্রস্থ ঋণাত্মক হতে পারে না।
$\therefore$ আয়তাকার ঘরের প্রস্থ $= 25$ মিটার
$\therefore$ " " দৈর্ঘ্য $= (25 + 5) = 30$ মিটার

৯৫. A and B invest in a business in a ratio of 3 : 2. If 5% of the total profit goes to charity. A's share is Tk. 855, the total profit is :

ক Tk. 1425 খ Tk. 1500
গ Tk. 1537.50 ঘ Tk. 1576

Hints : দেওয়া আছে,
A এবং B এর মূলধনের অনুপাত $= 3 : 2$
মনে করি,
A এর লাভের পরিমাণ $= 3x$ টাকা
এবং B " " " $= 2x$ টাকা
$\therefore$ মোট লাভ $= (3x + 2x)$ টাকা $= 5x$ টাকা
মোট লাভের 5% দাতব্য কাজে ব্যয় করা হয়।

Ans.
৮৫ খ
৮৬ ঘ
৮৭ ঘ
৮৮ খ
৮৯ ঘ
৯০ ঘ
৯১ খ
৯২ ক
৯৩ ক
৯৪ ঘ
৯৫ খ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

শর্তমতে, $(100-5)\% \times 3x = 855$

বা, $95\% \times 3x = 855$

বা, $\frac{95 \times 3x}{100} = 855$

বা, $x = \frac{855 \times 100}{95 \times 3}$

$\therefore x = 300$

$\therefore$ মোট লাভ $= (5 \times 300)$ টাকা $= 1500$ টাকা।

৯৬. 36 men can complete a piece of work in 18 days. In how many days will 27 men complete the same work?

ক 12 খ 18

গ 22 ঘ 24

Hints : 36 জন লোক কাজটি করতে পারে 18 দিনে

$\therefore 1$ " " " " " 18×36 "

$\therefore 27$ " " " " " $\frac{18 \times 36}{27}$ "

$= 24$ দিনে

৯৭. A works twice as fast as B. If B can complete a work in 12 days independently, the number of days in which A and B can together finish the work is :

ক 4 days খ 6 days

গ 8 days ঘ 18 days

Hints : দেওয়া আছে, A, B এর চেয়ে দ্বিগুণ কর্মক্ষম।

যেহেতু B এর কাজটি শেষ করতে সময় লাগে 12 দিন

$\therefore A$ " " " " " " 6 দিন

A 6 দিনে করতে পারে কাজটির 1 অংশ

$\therefore A$ 1 " " " " $\frac{1}{6}$ "

আবার, B 12 দিনে করতে পারে কাজটির 1 অংশ

$\therefore$ B 1 " " " " $\frac{1}{12}$ "

A ও B একত্রে 1 দিনে করতে পারে কাজটির $= \left(\frac{1}{6}+\frac{1}{12}\right)$ অংশ

$= \left(\frac{2+1}{12}\right)$ অংশ

$= \left(\frac{3}{12}\right)$ অংশ

$= \frac{1}{4}$ অংশ

A ও B একত্রে $\frac{1}{4}$ অংশ কাজ করতে পারে 1 দিনে

$\therefore A$ ও B " 1 বা সম্পূর্ণ " " " " 1×4 "

$= 4$ দিনে

৯৮. A person crosses a 600 m long street in 5 minutes. What is his speed in km per hour?

ক 3.6 খ 7.2

গ 8.4 ঘ 10

Hints : ব্যক্তির গতিবেগ $= \frac{600}{5 \times 60}$ মি/ঘণ্টা

$= ২$ মি./ সে.

$= \left(2 \times \frac{18}{5}\right)$ কিমি/ঘণ্টা

$= 7.2$ কিমি/ঘণ্টা

৯৯. A train 240 m long passed a pole in 24 seconds. How long will it take to pass a platform 650 m long?

ক 65 sec খ 89 sec

গ 100 sec ঘ 150 sec

Hints : প্লাটফর্মটি অতিক্রম করতে হলে ট্রেনটিকে তার নিজের দৈর্ঘ্য ও প্লাটফর্মের দৈর্ঘ্য অর্থাৎ $(240+650)$ বা 890 মিটার দূরত্ব অতিক্রম করতে হবে।

ট্রেনটি 240 মিটার অতিক্রম করে 28 সেকেন্ডে

$\therefore$ " 1 " " " $\frac{24}{240}$ "

$\therefore$ " 890 " " " $\frac{24 \times 890}{240}$ "

$= 89$ সেকেন্ডে

১০০. In how many years, Tk. 150 will produce the same interest @ 8% as Tk. 800 produce in 3 years @ $4\frac{1}{2}\%$

ক 6 খ 8

গ 9 ঘ 12

Hints : আমরা জানি, $I = Prn$

শর্তমতে, $150 \times n \times 8\% = 800 \times 3 \times 4\frac{1}{2}$

বা, $150 \times n \times \frac{8}{100} = 800 \times 3 \times \frac{9}{2 \times 100}$

বা, $12n = 108$

বা, $n = \frac{108}{12}$

$\therefore n = 9$ বছর।

PUBALI BANK PLC
Probationary Officer (PO) 2023

Examination Held On : 30.09.2023. Time : 1 Hours. Total Marks : 100

বাংলা

০১. 'ক্ষ' যুক্তব্যঞ্জনে কী কী বর্ণ আছে?

ক ষ্ + ণ খ ষ্ + ন

গ ষ্ + এ ঘ ষ + ণ

Hints : একাধিক বর্ণ যুক্ত হয়ে তৈরি হয় যুক্তবর্ণ। 'ক্ষ' যুক্তব্যঞ্জনে 'ষ' ও 'ণ' বর্ণ আছে। আরও কয়েকটি যুক্তবর্ণের উদাহরণ : ক্ষ = ক্ + ষ, জ্ঞ = জ্ + এ, ঞ্চ = ঞ্ + চ, হ্ন = হ্ + ন, হ্ম = হ্ + ণ, হ্ম = হ্ + ম।

০২. মৌলিক স্বরধ্বনি কয়টি?

ক ০৫টি খ ০৭টি

গ ০৩টি ঘ ০৬টি

Hints : ভাষার ক্ষুদ্রতম একক হলো ধ্বনি। বাংলা ভাষায় ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে। এর মধ্যে ৭টি মৌলিক স্বরধ্বনি আছে। যেমন : অ, আ, ই, উ, এ, অ্যা, ও। মৌলিক স্বরধ্বনিগুলো অন্য স্বরধ্বনির সাহায্য ছাড়াই উচ্চারিত হতে পারে।

০৩. নিচের কোন বানানটি শুদ্ধ?

ক বাঙালী খ ইংরেজী

গ হিজরি ঘ হেঁয়ালী

Hints : বাংলা একাডেমির 'আধুনিক বাংলা অভিধান' অনুযায়ী সকল অতৎসম অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র শব্দে কেবল ই ও উ এবং এদের কারচিহ্ন হিসেবে ি, ু ব্যবহৃত হবে। প্রশ্নের অপশনে 'হিজরি' বানানটি শুদ্ধ; কারণ এটি ফারসি শব্দ। অন্যদিকে, বাংলা শব্দ 'বাঙালী' এবং পর্তুগিজ শব্দ 'ইংরেজী'-এর শুদ্ধরূপ যথাক্রমে 'বাঙালি' ও 'ইংরেজি'। 'হেঁয়ালী' শব্দটি তৎসম বা সংস্কৃত শব্দ 'প্রহেলিকা' থেকে আগত যার শুদ্ধ বানান 'হেয়ালি'।

০৪. খাঁটি বাংলা উপসর্গ কয়টি?

ক ২০টি খ ২২টি

গ ২১টি ঘ ২৩টি

Hints : যে সকল অব্যয় শব্দ ধাতুর পূর্বে বসে নতুন নতুন শব্দ গঠন করে বাক্যের অর্থের সম্প্রসারণ, সংকোচন বা অন্য কোনো পরিবর্তন ঘটায় সেগুলোকে উপসর্গ বলে। বাংলা ভাষায় উপসর্গ মূলত তিন প্রকার। যথা : i. খাঁটি বাংলা উপসর্গ (সংখ্যা ২১টি), ii. তৎসম বা সংস্কৃত উপসর্গ (সংখ্যা ২০টি) এবং iii. বিদেশি উপসর্গ।

০৫. 'অন্বেষণ' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে—

ক অনু + এষণ খ অনুঃ + এষণ

গ অনু + এষন ঘ অন্ + এষণা

Hints : উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন : অনু + এষণ = অন্বেষণ, তনু + ঈ = তন্বী, অনু + ইত = অন্বিত, সু + আগত = স্বাগত, সু + অল্প = স্বল্প ইত্যাদি।

০৬. সন্ধিতে কীসের মিলন হয়?

ক বর্ণ খ শব্দ গ পদ ঘ ধ্বনি

Hints : সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন : আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটি আ + অ = আ (া) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ (া) হয়েছে। আবার, তৎ + মধ্যে = তন্মধ্যে, এখানে ত + ম = ন্ম হয়েছে।

০৭. নিচের কোনটি বাক্যের গুণ নয়?

ক যোগ্যতা খ আকাঙ্ক্ষা

গ আসক্তি ঘ আসত্তি

Hints : কতকগুলো পদের সমষ্টিতে বাক্য গঠিত হলেও যে কোনো পদসমষ্টিই বাক্য নয়। বাক্যের বিভিন্ন পদের মধ্যে পারস্পরিক সম্পর্ক বা অন্বয় থাকা প্রয়োজন। এ ছাড়া বাক্যের অন্তর্গত বিভিন্ন পদ দ্বারা মিলিতভাবে একটি অখণ্ড ভাব পূর্ণ রূপে প্রকাশিত হওয়া প্রয়োজন। তবেই তা বাক্য হবে। ভাষার বিচারে বাক্যের তিনটি গুণ থাকা প্রয়োজন। যেমন : i. আকাঙ্ক্ষা, ii. আসত্তি ও iii. যোগ্যতা। তাই 'আসক্তি' বাক্যের গুণ নয়।

০৮. নিচের কোনটি 'পানি' শব্দের সমার্থক?

ক ঢেউ খ তরঙ্গ

গ বারিধি ঘ বারি

Hints : 'পানি' শব্দের সমার্থক শব্দ : বারি, জল, সলিল, পয়ঃ, অম্বু, নীর, উদক, জীবন, অপ, অম্ভ, তোয়, অর্ণ ইত্যাদি। অন্যদিকে, ঢেউয়ের সমার্থক শব্দ– তরঙ্গ। 'বারিধি'-এর সমার্থক শব্দ হলো 'সাগর'।

০৯. নিচের কোন বাক্যটি অশুদ্ধ?

ক ক্ষমা একটি মহৎ গুণ খ বিপদগ্রস্থকে সাহায্য কর

গ তুমি নির্দোষ নও ঘ মাছগুলোর দাম কত?

Hints : 'বিপদগ্রস্থকে সাহায্য কর' বাক্যটিতে বানানঘটিত ভুল আছে। সঠিক বাক্যটি হবে– বিপদগ্রস্তকে সাহায্য কর।

Ans.

বাংলা	
০১	ক
০২	খ
০৩	গ
০৪	ঘ
০৫	ক
০৬	ঘ
০৭	গ
০৮	ঘ
০৯	খ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

১০. কোনটি ভাববাচক বিশেষ্য?
ক আনন্দ খ সৌন্দর্য
গ জনতা ঘ বাঙালি
Hints : *যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন : আনন্দ, গমন, দর্শন, ভোজন, শয়ন, দেখা, শোনা ইত্যাদি। অন্যদিকে, সৌন্দর্য- গুণবাচক বিশেষ্য, জনতা- সমষ্টিবাচক বিশেষ্য এবং বাঙালি- জাতিবাচক বিশেষ্য।*

১১. নিচের কোন শব্দটি প্রাতিপদিক?
ক লেখা খ দম্পতি
গ সাধিত ঘ লাঙ্গল
Hints : *বিভক্তিহীন নামশব্দকে প্রাতিপদিক বলে। প্রাতিপদিক তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি বলে প্রাতিপদিককে নাম-প্রকৃতিও বলা হয়। ধাতু যেমন- কৃৎ-প্রত্যয়ের প্রকৃতি, তেমনি প্রাতিপদিকও তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি। প্রত্যয় যুক্ত হলে ধাতুকে বলা হয় ক্রিয়া প্রকৃতি এবং প্রাতিপদিককে বলা হয় নাম-প্রকৃতি। 'লাঙ্গল' ছাড়া প্রাতিপদিকের আরও কয়েকটি উদাহরণ হলো- লাজ, বড়, ঘর ইত্যাদি। অন্যদিকে, দম + পতি = দম্পতি, লিখ্ + অ + আ = লেখা, √সাধি + ত = সাধিত শব্দ তিনটি বিভক্তিযুক্ত এবং প্রত্যয়সাধিত শব্দ।*

১২. 'অধ্যাপক' শব্দের উচ্চারণ হচ্ছে—
ক অদ্‌ধাপোক্ খ ওদ্‌ধাপোক্
গ ওধ্যাপোক্ ঘ ওদ্‌ধাপক্
Hints : *'অধ্যাপক' শব্দের উচ্চারণ হলো- ওদ্‌ধাপক্। আরও কতিপয় গুরুত্বপূর্ণ শব্দের উচ্চারণ হলো : কক্ষ- কোক্‌খো, ঐতিহ্য- ওইতিজ্‌ঝো, অধ্যবসায়- ওদ্‌ধোবশায়্, অভ্যাস-ওব্‌ভ্যাশ, প্রতীক্ষা- প্রোতিক্‌খা, যুগ্ম- জুগ্‌মো, পরীক্ষা- পোরিক্‌খা।*

১৩. কোন ছন্দে মুক্তাক্ষর ও বদ্ধাক্ষরকে এক মাত্রা গণনা করা হয়?
ক স্বরবৃত্ত খ অক্ষরবৃত্ত
গ অমিত্রাক্ষর ঘ মাত্রাবৃত্ত
Hints : *কবিতার নির্দিষ্ট একটি সুর বা গতি দেওয়ার জন্য ছন্দ ব্যাকরণ তৈরি হয়েছে। ছন্দ পর্ব ও মাত্রানির্ভর, তাই ছন্দের নামকরণ করা হয়েছে তিন ভাগে। যথা- অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত ও স্বরবৃত্ত। অক্ষরবৃত্ত ধীরগতির- তাই এর মাত্রা হবে মুক্তাক্ষর এক মাত্রা, বদ্ধাক্ষর এককভাবে দুই মাত্রা, শেষে দুই মাত্রা আর প্রথম ও মাঝে এক মাত্রা। মাত্রাবৃত্ত ছন্দে মুক্তাক্ষর এক মাত্রা ও বদ্ধাক্ষর দুই মাত্রার হয়। আর স্বরবৃত্ত ছন্দে মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর সবসময় এক মাত্রা গণনা করা হয়।'*

১৪. 'পদ্মা সেতু' বানানে কয়টি অক্ষর আছে?
ক পাঁচটি খ ছয়টি
গ চারটি ঘ সাতটি
Hints : *অক্ষর হচ্ছে বাগ্‌যন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছ। আর বর্ণ বা হরফ হচ্ছে ধ্বনির চক্ষুগ্রাহ্য লিখিতরূপ বা ধ্বনি নির্দেশক চিহ্ন বা প্রতীক। ইংরেজিতে আমরা যাকে Syllable বলে অভিহিত করি, তা-ই অক্ষর। বাংলা 'বন্ধন' শব্দে বন্ + ধন্- এ দুটো অক্ষর। কিন্তু ব + ন্ + ধ + ন এগুলো অক্ষর নয়; এগুলো বর্ণ বা হরফ। বাংলা 'পদ্মা সেতু' শব্দেও পদ্ + দা সে + তু এই চারটি অক্ষর। কিন্তু প + দ্ + দা সে + তু-এগুলো অক্ষর নয়; এগুলো বর্ণ বা হরফ।*

১৫. 'হঠাৎ আলোর ঝলকানি' বইটির লেখক কে?
ক আবদুল্লাহ আবু সায়ীদ খ সৈয়দ শামসুল হক
গ বুদ্ধদেব বসু ঘ আবুল ফজল
Hints : *ত্রিশের দশকের 'পঞ্চপাণ্ডব'-দের মধ্যে অন্যতম কবি বুদ্ধদেব বসু (১৯০৮-১৯৭৪) রচিত প্রবন্ধ হলো- 'হঠাৎ আলোর ঝলকানি'। এছাড়া তাঁর আরও কয়েকটি প্রবন্ধ হলো- কালের পুতুল (১৯৪৬), সাহিত্যচর্চা (১৯৫৪), রবীন্দ্রনাথ কথাসাহিত্য (১৯৫৫), স্বদেশ ও সংস্কৃতি (১৯৫৭), সঙ্গ নিঃসঙ্গতা ও রবীন্দ্রনাথ (১৯৬৩)।*

১৬. ভারতীয় আর্য ভাষার স্তর কয়টি?
ক পাঁচটি খ চারটি
গ দুইটি ঘ তিনটি
Hints : *বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় মূল ভাষাগোষ্ঠীর অন্তর্গত। ড. মুহম্মদ শহীদুল্লাহ্ মনে করেছেন, আনুমানিক খ্রিষ্টপূর্ব পাঁচ হাজার বছর আগে এই মূল ভাষার অস্তিত্ব ছিল। আনুমানিক আড়াই হাজার খ্রিষ্টপূর্বাব্দে মূল ভাষা থেকে বিচ্ছিন্ন হয়ে যেসব প্রাচীন শাখার সৃষ্টি হয়, তার অন্যতম হলো আর্য শাখা। এ থেকেই ভারতীয় আর্য ভাষার সৃষ্টি। এর কাল ১২০০ খ্রিষ্টপূর্ব। ভারতীয় আর্য ভাষার তিনটি স্তর :*
ক. প্রাচীন ভারতীয় আর্যভাষা (বৈদিক-সংস্কৃত), খ্রিষ্টপূর্ব দ্বাদশ থেকে খ্রিষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দী পর্যন্ত।
খ. মধ্য ভারতীয় আর্যভাষা (পালি, প্রাকৃত ও অপভ্রংশ) খ্রিষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দী থেকে খ্রিষ্টীয় দশম শতক পর্যন্ত।
গ. নব্য ভারতীয় আর্যভাষা (বাংলা, হিন্দি, মারাঠি, আসামি) খ্রিষ্টীয় দশম শতক থেকে আধুনিক কাল পর্যন্ত।

Ans.	
১০	ক
১১	ঘ
১২	ঘ
১৩	ক
১৪	গ
১৫	গ
১৬	ঘ

১৭. নিচের কোনটি শব্দালংকার নয়?
ক যমক খ উপমা
গ অনুপ্রাস ঘ শ্লেষ
Hints : *কাব্যের সৌন্দর্যকে বৃদ্ধি করবার জন্য যা দ্বারা কাব্যকে সজ্জিত হয় তাই অলংকার। অলংকারকে ধ্বনিগত ও অর্থগতভাবে দুভাবে ভাগ করা যায়। যথা : i. শব্দালংকার ও ii. অর্থালংকার। যে অলংকার ধ্বনির সৌন্দর্য বৃদ্ধি করে যা শ্রুতিসৌকর্যবিধায়ক তাকেই বলা হয় শব্দালংকার। যমক, অনুপ্রাস, শ্লেষ, বক্রোক্তি হলো শব্দালংকার। অন্যদিকে, উপমা, রূপক, উৎপ্রেক্ষা, অপহ্নুতি, সমাসোক্তি ইত্যাদি হলো অর্থালংকার।*

১৮. 'মুসলিম সাহিত্য-সমাজ'-এর লেখক নন—
ক শেখ আবদুর রহিম খ কাজী আবদুল ওদুদ
গ আবুল হুসেন ঘ কাজী মোতাহার হোসেন
Hints : *ঢাকার 'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়- ১৯২৬ সালের ১৯ জানুয়ারি; যার মূলমন্ত্র ছিল বুদ্ধির মুক্তি। কাজী আব্দুল ওদুদ ছিলেন এ সাহিত্য সমাজের অগ্রদূত। 'শিখা' পত্রিকা ছিল ঢাকা মুসলিম সাহিত্য সমাজের মুখপত্র, যা ১৯২৭ সালে প্রকাশিত হয়। এ পত্রিকার স্লোগান ছিল- 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।' এর প্রধান সম্পাদক ছিলেন আবুল হুসেন। কাজী আবদুল ওদুদ, কাজী মোতাহার হোসেন, আবুল ফজল, মোতাহের হুসেন চৌধুরী এ পত্রিকায় নিয়মিত লিখতেন। অন্যদিকে, শেখ আবদুর রহিম 'সুধাকর' (১৮৯৪), 'মিহির' (১৮৯২), 'মোসলেম ভারত' (১৯০০) প্রভৃতি পত্রিকার সম্পাদক ছিলেন।*

১৯. বাংলা লিপির উদ্ভব ব্রাহ্মী লিপির কোন শাখা থেকে?
ক ব্রহ্মী লিপি খ পূর্বী লিপি
গ পশ্চিমা লিপি ঘ মধ্যভারতীয় লিপি
34. Bangabandhu Sattelite-1 was launched in 2018 from the—

ⓐ Russian Space Center Kazakhstan

ⓑ Kenedy Space Center, Florida, USA

ⓒ Vikram Sarathi Space center (VSCC), Kerala

ⓓ None

Hints : *'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' বাংলাদেশের প্রথম স্যাটেলাইট। এটি ১১মে ২০১৮ (বাংলাদেশ সময় ১২ মে ২০১৮) যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। স্যাটেলাইটটি ফ্রান্সের প্রতিষ্ঠান 'থ্যালেস অ্যালেনিয়া' তৈরি করে। স্যার ইলন মাস্কের মহাকাশ গবেষণা সংস্থা 'SpaceX' এর ফালকন-৯ রকেটের মাধ্যমে স্যাটেলাইটটি মহাকাশে পাঠানো হয়। উল্লেখ্য, বাংলাদেশ মহাকাশে স্যাটেলাইট প্রেরণকারী ৫৭-তম দেশ।*

35. Which of the following statement is correct?

ⓐChina and Bangladesh are already set to launch trade in the Chinese Yuan

ⓑMalaysia and Bangladesh are already set to launch trade in the Malaysian Ringgit

ⓒIndia and Bangladesh are already set to launch trade in the Indian Rupee

ⓓNone

Hints : *১১ জুলাই ২০২৩ ভারতের সাথে বাংলাদেশের রুপিতে লেনদেন শুরু করে। বাংলাদেশ হতে ভারতে বছরে প্রায় দুই বিলিয়ন ডলার পণ্যের রপ্তানি হয়। রপ্তানি মূল্যের সমপরিমাণ আমদানি ব্যয় মেটাতে ভারতীয় রুপি খরচ করা যাবে। বাংলাদেশ অংশে সোনাদী, ইকনি ও*

Ans.	
31	c
32	a
33	b
34	b
35	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার মাধ্যমে এ বাণিজ্য হবে। ভারতের অংশে স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং আইসিআইসিআই ব্যাংকের মাধ্যমে লেনদেন হবে।

36. The name of the first Bangladeshi Vice President of the Asian Development Bank is —
ⓐ Fatima Yasmin ⓑ Dr. Fahmida Khatun
ⓒ Fahmida Nabi ⓓ None
Hints : এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রথম বাংলাদেশি ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ পেয়েছেন বাংলাদেশের প্রথম নারী অর্থসচিব ফাতিমা ইয়াসমিন। ২৮ জুলাই ২০২৩ তিনি ৩ বছরের জন্য এডিডিবি'র সেক্টর ও থিমের ভাইস প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন।

37. Bangladeshi Bank has approved the Digital Bank guideline keeping provision for paid up capital at—
ⓐ Tk. 500 crore ⓑ Tk. 125 crore
ⓒ Tk 100 crore ⓓ None
Hints : বাংলাদেশ ব্যাংক দেশে নতুন শাখাবিহীন ব্যাংকিং ব্যবস্থায় ডিজিটাল ব্যাংকের জন্য ন্যূনতম পরিশোধিত মূলধন ১২৫ কোটি টাকা আর প্রচলিত ধারার ব্যাংকের লাইসেন্স পেতে ন্যূনতম মূলধন নির্ধারণ করেছে ৫০০ কোটি টাকা। বাংলাদেশে প্রথম অনুমোদনপ্রাপ্ত দুটি ডিজিটাল ব্যাংক হলো– (i) নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি ও (ii) কড়ি ডিজিটাল ব্যাংক পিএলসি।

38. The name of the director of the film "Hawa" selected into the 'Best International Feature Film' category of the 95th Academy Awards, by the Oscar Committee, Bangaldesh is —
ⓐ Mejbaur Rahman ⓑ Chanchal Chowdhury
ⓒ Tareque Masud ⓓ None
Hints : মেজবাউর রহমান সুমন আলোচিত 'হাওয়া' চলচ্চিত্রের পরিচালক। ২৯ জুলাই ২০২২ সিনেমাটি মুক্তি লাভ করে। এটি সমুদ্রযাত্রা বা সমুদ্রকেন্দ্রিক চলচ্চিত্র। ২০২২ সালে ৯৫তম অ্যাকাডেমি পুরস্কারের জন্য 'বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম' বিভাগে চলচ্চিত্রটি মনোনিত হয়।

39. The 8th five years plan of Bangladesh has been formulated for the period—
ⓐ 2019-2024 ⓑ 2020-2024
ⓒ 2021-2025 ⓓ 2020-2025
Hints : বাংলাদেশে বর্তমানে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নাধীন, যার মেয়াদকাল ২০২১ থেকে ২০২৫। এই পরিকল্পনায় অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৮.৫১% এবং মুদ্রাস্ফীতি ৪.৬% ধরা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদকাল ছিল ১৯৭৩-১৯৭৮।

40. What is the current men's world record timing in 100 meter's Sprint?
ⓐ 9.69 seconds ⓑ 9.58 seconds
ⓒ 9.60 seconds ⓓ 9.75 seconds
Hints : দৌড় প্রতিযোগিতায় ১০০ মিটার স্প্রিন্টে টাইমিংয়ে শীর্ষে রয়েছেন জ্যামাইকার উসাইন বোল্ট। তিনি ২০০৯ সালে জার্মানির বার্লিনে অনুষ্ঠিত বিশ্ব অ্যাথলেটিক চ্যাম্পিয়নশীপের ফাইনালে পুরুষ বিভাগে ৯.৫৮ সেকেন্ডে ১০০ মিটারের দূরত্ব অতিক্রম করে দৌড়ের ইতিহাসে যা আজও বিশ্বরেকর্ড হয়ে আছে।

41. The novel 'The Brothers Karamazov' is written by—
ⓐ Ernest Hamingway ⓑ Honor de Balzae
ⓒ Fyodor Dostoevsky ⓓ William Faulkner
Hints : রাশিয়ান ঔপন্যাসিক, ছোট গল্পকার ও সাংবাদিক ফিউডোর দস্তয়ভোস্কি রচিত বিখ্যাত উপন্যাস 'The Brothers Karamazov' যা তার লেখা শেষ উপন্যাস। তার রচিত আরও কয়েকটি উল্লেখযোগ্য উপন্যাস হলো– Poor Folk, Crime and Punishment, The Idiot ও Demons প্রভৃতি।

42. Secured Overnight Financing Rate (SOFR) is a bechmark interest rate for—
ⓐ dollar-denominated derivatives
ⓑ dollar denominated loans
ⓒ dollar-denominated investments
ⓓ both (a) and (b)
Hints : ১ জুলাই ২০২৩ বৈশ্বিক সুদহার নির্ধারণে নতুন মানদণ্ড হিসেবে Secured Overnight Financing Rate (SOFR) আনুষ্ঠানিকভাবে বৃহৎ পরিসরে চালু হয়। SOFR নির্ধারিত হবে মার্কিন ব্যাংকগুলো পরস্পরকে দেওয়া এক রাতের সুদের ভিত্তিতে। মার্কিন ডলারে ঋণ নেওয়ার ক্ষেত্রে SOFR সুদহার নির্ধারিত হয়। LIBOR ব্যবস্থার বিকল্প হিসেবে SOFR চালু করা হয়।

43. Name the veins that carry oxygenated blood from the heart to other parts of the body?
ⓐ Arteries ⓑ Kidney ⓒ Lungs ⓓ None
Hints : যেসব রক্তনালির মাধ্যমে সাধারণত অক্সিজেনসমৃদ্ধ রক্ত হৃৎপিণ্ড থেকে সারাদেহে বাহিত হয় তাকে ধমনি (Artery) বলে। ফুসফুসীয় ধমনী এ ব্যতিক্রম। ফুসফুসীয় ধমনী কার্বন ডাই-অক্সাইডসমৃদ্ধ রক্ত হৃৎপিণ্ড থেকে ফুসফুসে পৌঁছে দেয়।

Ans.	
36	a
37	b
38	a
39	c
40	b
41	c
42	d
43	a

NRB COMMERICAL BANK PLC
TAO/TJO/TO 2023

Examination Held On : 16.06.2023; Time : 1 Hours, Total Marks : 60

Section-A :

English Language and Communication 1×20 = 20

Q. (1–4) : Read the passage carefully and choose the best answer.

Comfort is now one of the causes of its own spread. It has now become a physical habit, a fashion, an ideal to be pursued for its own sake. The more comfort is brought into the world, the more it is likely to be valued. To those who have known comfort, discomfort is real torture. The fashion which now decreases the worship of comfort is quite as imperious as any other fashion. Moreover, enormous material interests are bound up with the supply of means of comfort. The manufacturers of furniture, of heating apparatus, of plumbing fixtures cannot afford to let the live of comfort die. In modern advertisement, they have found a means of compelling it to live and grow. A man of means today, who builds a house, is in general concerned primarily with the comfort of his future residence, he will spend a great deal of money on room air-conditioning and interior decoration, and having spent he will regard his house as perfect. His counterpart in an earlier age would have been primarily concerned with the impressiveness and magnificence of his dwelling with beauty, in a word, rather than comfort. The money our contemporary would spend on decoration and air-conditioning would have been spent on marble staircases, frescoes, pictures and statutes. I am inclined to think that our present passion for comfort is little exaggerated. Though I personally enjoy comfort, I have lived most happily in a house devoid of everything that Anglo-Saxon deem indispensable. However, comfort for me has justification; it facilitates mental life. Discomfort handicaps thought; it is difficult to use the mind when the body is cold and aching.

1. How do people manage to keep the love of comfort alive?
ⓐ By pumping in more comfort goods in the market
ⓑ By sacrificing high profit on comfort goods
ⓒ By targeting youths in the sales campaign
ⓓ By appealing to the emotionality of people

2. Why does the author value comfort?
ⓐ It helps to project one's image
ⓑ It helps to protect your values
ⓒ It encourages a blend of materialistic and spiritual thinking
ⓓ It facilitates mental life

3. What were the characteristics of affluent man of an earlier age?
ⓐ He used to put higher premium on comfort
ⓑ He was relying much on advertisement
ⓒ He believed more in cheaper things
ⓓ His emphasis was on beauty

4. What changes have taken place in the attitude towards comfort?
ⓐ It is taken for granted in the modern way of living
ⓑ It has become now an ideal to be pursued for its own sake
ⓒ It is now believed that discomfort handicaps thoughts
ⓓ It is thought that comfort helps the body and mind to function effectively

Ans.	
01	a
02	d
03	d
04	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Q. (5-8): Find out which of the following underlined parts (a, b, c and d) of the sentences has an error.

5. To sing a song good, you must focus your (a) (b) attention not only on the music but on the (c) words as well. (d)

Hints : *To sing a song good-এর জায়গায় To sing a song well বসালে বাক্যটি অর্থবহ ও সঠিক হতো। কারণ good adjective কিন্তু well adverb, যা এই বাক্যে verb sing-কে modify করেছে।*

6. In order to save petrol motorists must have to be (a) (b) very cautious while driving on the highways. (c) (d)

Hints : *Have to এবং must একই অর্থ বহন করে। দুটো একত্রে দিলে Redundancy বা বাহুল্য দোষ ঘটে। ফলে must have to ভুল।*

7. Although a kangaroo normally uses its large feet (a) (b) and strong legs for hopping, but it can also swim. (c) (d)

Hints : *প্রদত্ত sentence-এ (d) তে but দ্বারা পরবর্তী বাক্যাংশে নেতিবাচক প্রতিক্রিয়া বোঝানো হয়েছে। কিন্তু তা সঠিক নয়।*

8. I would have asked you for dinner if I had (a) (b) known that you are staying here tonight. (c) (d)

Hints : *অপশন (d)তে are-এর জায়গায় were হবে। কেননা reporting clause-এ past perfect tense আছে। তাই reported clauseটি past tense-এ হবে।*

Q. (9-12): Choose the appropriate preposition to fill in the blanks for the following sentences.

9. Credit Tk. 5000— my account.
ⓐ in ⓑ with ⓒ to ⓓ against
Hints : *কারও ব্যাংক অ্যাকাউন্টে টাকা রাখা অর্থে 'Credit' verb-টির সাথে 'to' proposition ব্যবহৃত হয়। I have credited 5000tk to your account. কিন্তু টাকার পরিমাণটি যদি বাক্যে শেষে উল্লেখ হয়, তাহলে preposition 'with' ব্যবহৃত হয়। যেমন- Your account has been credited with 5000tk।*

10. The room is filled— smoke.
ⓐ By ⓑ on
ⓒ to ⓓ with
Hints : *Fill with অর্থ কোনোকিছুর দ্বারা পূর্ণ।*

11. He walked— the bank of the river.
ⓐ along ⓑ over
ⓒ below ⓓ on
Hints : *Walk along অর্থ কোনো জায়গার সমান্তরাল স্থানে হাঁটা।*

12. Zakia parted— her parents in tears.
ⓐ By ⓑ of
ⓒ from ⓓ with
Hints : *Parted from অর্থ কোনোকিছু থেকে পৃথক হওয়া, ছেড়ে যাওয়া।*

Q. (13-16): Substitute each of the following sentences into One Word.

13. Habitually silent or talking little.
ⓐ Unequivocal ⓑ Synoptic
ⓒ Servile ⓓ Taciturn
Hints : *অভ্যাসগতভাবে কম কথা বলা, বচনহীন মানুষকে বলা হয়- Taciturn. অপশনের বাকি শব্দগুলোর অর্থ- (a) Unequivocal- স্পষ্ট, (b) Synoptic- সংক্ষেপ, (c) Servile- ক্রীতদাসসুলভ*

14. A person who pretends to have more knowledge or skill than he really has.
ⓐ Renegade ⓑ Charlatan
ⓒ Renegade ⓓ Crook
Hints : *যা জানে তার থেকে বেশি জানার ভান করা লোককে বলা হয় Charlatan। অপশনের বাকি শব্দগুলোর অর্থ Renegade- দলত্যাগী, Crook- কুটিল, Apothesis- সন্ন্যাসী।*

15. Person who files a suit.
ⓐ Charger ⓑ Accuse
ⓒ Plaintiff ⓓ Suitor
Hints : *যে মামলা করে তাকে বলা হয় Plaintiff (বাদী) অপশনের অন্যান্য শব্দগুলোর অর্থ Charger- যুদ্ধের ঘোড়া, Suitor- বিবাহপ্রার্থী, Accuse- অভিযুক্ত করা।*

16. Persistent high inflation combined with high unemployment and saturated demand in an economy
ⓐ Recession ⓑ Depression
ⓒ Stagflation ⓓ Stagnation
Hints : *Inflation (মূল্যস্ফীতি) ও stagnation দুটি শব্দের সমন্বয়ে হয় stagflation (যখন উচ্চ মূল্যস্ফীতি ও উচ্চ বেকারত্বের সাথে চাহিদা ও উৎপাদন হ্রাস পায়)। অপশনের অন্যান্য শব্দগুলোর অর্থ Recession- মন্দা, Depression- বিষণ্নতা, Stagnation- স্থির অবস্থা।*

Q. (17-20): Select the pair that expresses a relationship similar to that expressed in the original pair.

17. ARTICULATE: SPEECH ::
ⓐ predictable: event
ⓑ coordinated: movement
ⓒ dangerous: disease
ⓓ active: thought
Hints : *Articulate (স্পষ্ট ভাষা) : Speech (বক্তব্য)*
(a) predictable (অনুমানযোগ্য) : event (বিষয়)
(b) coordinated (সমন্বিত) : movement (আন্দোলন)
(c) dangerous (বিপজ্জনক) : disease (রোগ)
(d) active (কর্মঠ) : thought (চিন্তা)
প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (b)-এর সমন্বিত আন্দোলনই প্রশ্নের সাথে প্রাসঙ্গিক। বক্তব্য যেমন স্পষ্ট হওয়া উচিত তেমনি আন্দোলন গোছানো বা সমন্বিত হওয়া উচিত।

18. SCINTILLATING: DULLNESS ::
ⓐ erudite: wisdom ⓑ desultory: error
ⓒ boisterous: calm ⓓ cautious: restraint
Hints : *Scintillating (জ্বলজ্বলে) : Dullness (নিষ্প্রভ)*
(a) erudite (পণ্ডিত) : wisdom (জ্ঞান)
(b) desultory (অবান্তর) : error (ভুল)
(c) boisterous (কর্কশ) : calm (শান্ত)
(d) cautious (সতর্ক) : restraint (সংবরণ)

19. PAIN: SEDATIVE ::
ⓐ Comfort: Stimulant ⓑ Grief : Consolation
ⓒ Trance : Narcotic ⓓ Ache : Extraction
Hints : *Pain (ব্যথা) : Sedative (উপশমকারী)*
(a) Comfort (আরাম) : Stimulant (উত্তেজক)
(b) Grief (দুঃখ) : Consolation (সান্ত্বনা)
(c) Trance (সমাধি) : Narcotic (মাদক)
(d) Ache (অবিরাম ব্যথা) : Extraction (দূরীকরণ)
Sedative-এ যেমন pain দূর হয়, তেমনি Consolation-এ দূর হয় Grief। তাই সঠিক অপশন (b)।

20. NOSE : FACE ::
ⓐ Knob: Door ⓑ Stem: Root
ⓒ Ring: Finger ⓓ Show: Foot
Hints : *Nose (নাক) : Face (মুখমণ্ডল)*
(a) Knob (দরজার গোল হাতল) : Door (দরজা)
(b) Stem (গাছের কাণ্ড) : Root (শেকড়)
(c) Ring (আংটি) : Finger (আঙুল)
(d) Shoe (জুতা) : Foot (পা)
মুখমণ্ডলের মাঝে যেমন নাক থাকে তেমনি দরজার মাঝেও নব থাকে। তাই সঠিক উত্তর (a)।

Section-B: Mathematics 1×20 = 20

Q. (21-40) : Choose the correct answer.

21. $y + [y - (x + y) - \{y - (y - x - y)\} + 2x] = ?$
ⓐ 0 ⓑ x ⓒ 4x ⓓ x/2
Hints : $y + [y - (x + y) - \{y - (y - x - y)\} + 2x]$
$= y + [y - x - y - \{y - y + x + y\} + 2x]$
$= y + [-x - \{y + x\} + 2x]$
$= y + [-x - y - x + 2x]$
$= y + [-2x - y + 2x]$
$= y - y$
$= 0$

22. A car parking charges n taka for the first hour and m taka for every additional hour. What amount it will charge if a car stayed for 5 hours?
ⓐ n + 5m ⓑ m+5n ⓒ m+4n ⓓ n + 4m

Ans.	
05	a
06	b
07	d
08	d
09	c
10	d
11	a
12	c
13	d
14	b
15	c
16	c
17	b
18	c
19	b
20	a
21	a
22	d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : দেওয়া আছে,
প্রথম 1 ঘন্টার চার্জ = n টাকা
অবশিষ্ট সময় (5 − 1) ঘন্টা = 4 ঘন্টা
পরবর্তী 1 ঘন্টার চার্জ = m টাকা
∴ " 4 " " = 4m "
∴ মোট চার্জ = (n + 4m) টাকা

23. The difference between two numbers is 7 and their product is 60, then one of the two numbers must be —
ⓐ 4 ⓑ 5
ⓒ 6 ⓓ 7

Hints : মনে করি, সংখ্যা দুটি x ও y; x > y
শর্তমতে, x − y = 7 ... (i)
এবং xy = 60

$$x + y = \sqrt{(x-y)^2 + 4xy}$$
$$= \sqrt{7^2 + 4 \times 60}$$
$$= \sqrt{289}$$

∴ x + y = 17 ... (ii)

(i) + (ii) আবার, (ii) − (i)

x − y = 7	x + y = 17
x + y = 17	x − y = 7
(−) (+) (−)	(−) (+) (−)
2x = 24	2y = 10
∴ x = 12	∴ y = 5

∴ সংখ্যা দুটি 12 ও 5 ।

24. Reena bought some chocolates to distribute to her friends. If she gives 3 chocolates to each friend, one friend will get only 2 chocolates. Also, if she gives 2 chocolates to each friend, she will be left with 15 chocolates. How many she buy?
ⓐ 47 ⓑ 44
ⓒ 50 ⓓ 35

Hints : মনে করি,
রিনা চকলেট কিনেছিল x টি
এবং রিনার মোট বন্ধু y জন
১ম শর্তমতে, 3 (y − 1) + 2 = x
বা, 3y − 3 + 2 = x
বা, x − 3y = −1 ... (i)
২য় শর্তমতে, 2y + 15 = x
∴ x − 2y = 15 ... (ii)
(i) × 2 − (ii) × 3
2x − 6y = −2
3x − 6y = 45
(−) (+) (−)
−x = −47
∴ x = 47
∴ রিনা চকলেট কিনেছিল 47 টি ।

25. 3 years ago, the average age of a family of 5 members was 17 years. With the birth of a new baby, the average remains the same even today. Find the age of the baby.
ⓐ 1 year ⓑ 2 year
ⓒ 2.5 year ⓓ 3 year

Hints : ধরি, বাচ্চাটির বর্তমান বয়স x বছর
শর্তমতে, $\frac{5 \times (17+3) + x}{6} = 17$
⇒ 102 = 100 + x
⇒ x = 102 − 100
∴ x = 2

26. In a survey of people owing cars or TVs it was revealed that 6% of those surveyed owned a car and 48% of those surveyed owned a TV. If 5% owned both a car and a TV, what percent of them owned neither a car nor a TV?
ⓐ 42% ⓑ 54% ⓒ 51% ⓓ 49%

Hints : এখানে, n (T) = 48%, n (C) = 6%,
n (T ∩ C) = 5% এবং n (T ∪ C) = 100%
আমরা জানি,
n (T ∪ C) = n (T) + n (C) − n (T ∩ C) + None
বা, 100% = 48% + 6% − 5% + None
বা, None = 100% − 49%
∴ None = 51%

27. A man sells 2 commodities for Tk. 4000 each, neither losing nor gaining in the deal. If he sold one commodity at a gain of 25%, then what is the cost price of another commodity?
ⓐ Tk.4800 ⓑ Tk.4000
ⓒ Tk.3600 ⓓ Tk.3200

Ans.	
23	b
24	a
25	b
26	c
27	a

Hints : ২টি পণ্যের মোট বিক্রয়মূল্য = (4000 × 2) টাকা
= 8000 টাকা
এবং ২টি " " ক্রয়মূল্য = (4000 × 2) "
= 8000 টাকা
25% লাভে, প্রথম পণ্যের ক্রয়মূল্য = $\left(\frac{100 \times 4000}{125}\right)$ টাকা
= 3200 টাকা
∴ দ্বিতীয় পণ্যের ক্রয়মূল্য = (8000 − 3200) টাকা
= 4800 টাকা

28. A boat sailing against a stream of river takes 6 hours to travel 24 km, while sailing with the stream it takes 4 hours to travel the same distance. What is the speed of the stream?
ⓐ 1/2 km/hr ⓑ 1 km/hr
ⓒ 2 km/hr ⓓ 1.5 km/hr

Hints : স্রোতের অনুকূলে বেগ = $\frac{24}{4}$ = 6 km/hr
এবং স্রোতের প্রতিকূলে বেগ = $\frac{24}{6}$ = 4 km/hr
ধরি, নৌকার বেগ u এবং স্রোতের বেগ v হলে,
u + v = 6
u − v = 4
(−) (+) (−)
(−) করে, 2v = 2
∴ v = 1
সুতরাং স্রোতের বেগ 1 km/hr ।

29. A cake is divided into 18 pieces. If Rehana takes 1/3rd of the cake and Rashed takes 1/3rd of the cake left, how many pieces are left?
ⓐ 8 ⓑ 6
ⓒ 4 ⓓ 10

Hints : কেকটিতে আছে = 18 টুকরা
রেহানা নেয় = $\left(18 \times \frac{1}{3}\right)$ টুকরা
= 6 টুকরা
অবশিষ্ট আছে = (18 − 6) টুকরা
= 12 টুকরা
রাশেদ নেয় = $\left(12 \times \frac{1}{3}\right)$ টুকরা = 4 টুকরা
∴ অবশিষ্ট আছে = (12 − 4) টুকরা
= 8 টুকরা

30. A man borrowed some money for 120 days. He asked the banker for the money and the banker charged Tk. 360 as interest @6% per annum. What was the amount he borrowed?
ⓐ Tk. 18,000 ⓑ Tk. 16,000
ⓒ Tk. 15,000 ⓓ None of these

Hints : আমরা জানি,
I = Pnr
বা, $P = \frac{I}{nr}$
$= \frac{360}{\frac{4}{12} \times \frac{6}{100}}$
$= \frac{360 \times 12 \times 100}{4 \times 6}$
= 18000 টাকা

এখানে,
n = 120 দিন
= 4 মাস = $\frac{4}{12}$ বছর
মুনাফা, I = 360 টাকা
মুনাফার হার, r = 6% = $\frac{6}{100}$
আসল, P = ?

31. How much would I have to pay for a book which cost Tk. 70 to produce, if the printing company sold it to a book seller at 20% profit and the book seller sold it to me at a profit of 25%?
ⓐ Tk. 90 ⓑ Tk. 95 ⓒ Tk. 105 ⓓ Tk. 110

Hints : 20% লাভে বই বিক্রেতার
ক্রয়মূল্য = (70 + 70 × 20%) টাকা
$= \left(70 + \frac{70 \times 20}{100}\right)$ "
= 84 টাকা
আবার,
25% লাভে বই বিক্রেতার বিক্রয়মূল্য = (84 + 84 × 25%) টাকা
$= \left(84 + 84 \times \frac{25}{100}\right)$ "
= 105 টাকা

32. In a T-20 cricket match, the number of boundaries scored was twice the number of over boundaries by a team. The team took 22 single runs, no two or three runs and could not score from 38 deliveries. How many runs did the team score?
ⓐ 124 ⓑ 144
ⓒ 150 ⓓ 302

Hints : T-20 ক্রিকেট ম্যাচে মোট বলের সংখ্যা = 120টি
বাউন্ডারি এবং ওভার বাউন্ডারি বলের সংখ্যা = 120 − (22 + 38)
= 60টি

Ans.	
28	b
29	a
30	a
31	c
32	d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

∴ বাউন্ডারি ও ওভার বাউন্ডারি রানের অনুপাত = 2 : 1 = 40 : 20

∴ মোট রান = (1 × 22) + (4 × 40) + (6 × 20)
= 22 + 160 + 120
= 302

33. A, B and C are boxes containing marbles in the ratio of 1 : 2 : 3. Total number of marbles is 60. The above ratio can be changed to 3 : 4 : 5 by transferring -

ⓐ 2 marbles from A to B
ⓑ 3 marbles from B to C
ⓒ 4 marbles from C to B
ⓓ 5 marbles from C to A

Hints : দেওয়া আছে, মোট মার্বেলের সংখ্যা = 60

১ম ক্ষেত্রে, অনুপাতগুলোর যোগফল = 1 + 2 + 3 = 6

১ম ক্ষেত্রে, A এর মার্বেলের সংখ্যা = $\left(60 \times \frac{1}{6}\right)$ টি = 10টি

" " B " " " = $\left(60 \times \frac{2}{6}\right)$ টি = 20টি

" " C " " " = $\left(60 \times \frac{3}{6}\right)$ টি = 30টি

২য় ক্ষেত্রে, অনুপাতগুলোর যোগফল = 3 + 4 + 5 = 12

২য় ক্ষেত্রে, A এর মার্বেলের সংখ্যা = $\left(60 \times \frac{3}{12}\right)$ টি = 15টি

" " B " " " = $\left(60 \times \frac{4}{12}\right)$ টি = 20টি

" " C " " " = $\left(60 \times \frac{5}{12}\right)$ টি = 25টি

∴ C হতে A-তে 5টি মার্বেল স্থানান্তরিত হয়েছে।

34. Two people were hired to clear a lawn for total of Tk. 450. They completed the job with one person working for 1 hour 20 minutes and the other working for 40 minutes. If they split the wage in proportion to the amount of time each spent working on the job, how much did the person who worked longer receive?

ⓐ Tk. 225 ⓑ Tk. 300
ⓒ Tk. 250 ⓓ Tk. 275

Hints : ১ম ব্যক্তির ক্ষেত্রে কাজটি করতে সময় লাগে = 1 ঘণ্টা 20 মিনিট
= 80 মিনিট

∴ ১ম ও ২য় ব্যক্তির ক্ষেত্রে কাজটি শেষ করার সময়ের অনুপাত = 80 : 40 = 2 : 1

∴ অনুপাতদ্বয়ের যোগফল = 2 + 1 = 3

অর্থাৎ ১ম ব্যক্তি বেশি টাকা গ্রহণ করবে, যেহেতু সে বেশি কাজ করে।

∴ ১ম ব্যক্তির টাকা গ্রহণের পরিমাণ = $\left(450 \times \frac{2}{3}\right)$ টাকা
= 300 টাকা

35. Sohana's mathematics test had 75 problems i.e. 10 arithmetic, 30 algebra and 35 geometry problems each carrying 1 mark. She answered 70% of the arithmetic, 40% of the algebra and 60% of the geometry problems correctly. She did not pass the test as she got less than 60% marks. How many more questions she would have needed to answer correctly to earn a 60% passing grade?

ⓐ 5 ⓑ 10 ⓒ 15 ⓓ 20

Hints : দেওয়া আছে,
গণিতের মোট সমস্যার সংখ্যা = 75

পাটিগণিতের সঠিক উত্তরের সংখ্যা = $\left(\frac{70 \times 10}{100}\right)$ টি = 7টি

বীজগণিতের " " " = $\left(\frac{40 \times 30}{100}\right)$ টি = 12টি

জ্যামিতির " " " = $\left(\frac{60 \times 35}{100}\right)$ টি = 21টি

মোট সঠিক উত্তরের সংখ্যা = (7 + 12 + 21)টি = 40টি

∴ শতকরা সঠিক উত্তর দেয় = $\left(\frac{40 \times 100}{75}\right)$ % = 53.3%

মোট সমস্যার সঠিক উত্তরের 60% = $\left(\frac{60 \times 75}{100}\right)$ টি = 45টি

∴ আরও সঠিক উত্তর দিতে হবে = (45 − 40) টি = 5টি

36. A culprit was spotted by a policeman from a distance of 250 meter. When the policeman started running towards the culprit at a speed of 10 km/h, the culprit also fled. If his speed was 8 km/h, find how far the culprit had run before he was overpowered?

ⓐ 1 km ⓑ 1.5 km
ⓒ 2 km ⓓ 0.8 km

Hints : দেওয়া আছে,
পুলিশের গতিবেগ = 10 কিমি/ঘণ্টা
এবং অপরাধীর " = 8 কিমি/ঘণ্টা

Ans.	
33	d
34	b
35	a
36	a

অপরাধীর সাপেক্ষে পুলিশের আপেক্ষিক গতিবেগ = (10 − 8) কিমি/ঘণ্টা
= 2 কিমি/ঘণ্টা

অর্থাৎ পুলিশ প্রতি ঘণ্টায় 2 কিমি সামনে আগায়।

250 মিটার = $\frac{250}{1000}$ কিমি = 0.25 কিমি

পুলিশ 2 কিমি আগায় 1 ঘণ্টায়

∴ " 1 " " $\frac{1}{2}$ "

∴ " 0.25 " " $\frac{0.25}{2}$ "
= 0.125 ঘণ্টায়

এই সময়ে অপরাধী অতিক্রম করে = (0.125 × 8) কিমি
= 1 কিমি

37. In a group of 5 men, 2 men have the same age. The eldest man is 50 years old and the youngest is 30 years old. If X years is the average age of the men in the group, which of the following best indicates all and only possible values of X? (All ages are in whole numbers)

ⓐ 30 < X < 50 ⓑ 31 < X < 49
ⓒ 35 < X < 45 ⓓ 33 < X < 46

Hints : X-এর মান সর্বোচ্চ এর ক্ষেত্রে বয়স : 30, 47, 48, 49, 50

∴ গড় = $\frac{30 + 47 + 48 + 49 + 50}{5}$ = 44.8

আবার,
X-এর মান সর্বনিম্ন এর ক্ষেত্রে বয়স : 30, 31, 32, 33, 50

∴ গড় = $\frac{30 + 31 + 32 + 33 + 50}{5}$ = 35.2

∴ নির্ণেয় অসমতা : 35 < X < 45

38. The length of the side of an equilateral triangle is 6 cm. What is its area in sq.cm?

ⓐ $3\sqrt{3}$ ⓑ $9\sqrt{3}$
ⓒ $6\sqrt{3}$ ⓓ $4\sqrt{3}$

Hints : দেওয়া আছে,
সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য, a = 6 সেমি

আমরা জানি,
সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক
= $\frac{\sqrt{3}}{4}6^2$ বর্গসেমি
= $9\sqrt{3}$ বর্গসেমি

39. If the length and width of a rectangular plot were each increased by 20%, what would be the percentage increase in the area of the plot?

ⓐ 20% ⓑ 24% ⓒ 36% ⓓ 44%

Hints : ক্ষেত্রফল বৃদ্ধি (%) = $\left(20 + 20 + \frac{20 \times 20}{100}\right)$%
= (40 + 4)%
= 44%

[Note : মান বৃদ্ধি পেলে (+) এবং হ্রাস পেলে (−) হয়]

40. A circle has center C. Area is 144π. The circle is divided into 6 equal parts. The perimeter of the shaded part is —

ⓐ 24 (1 + π) ⓑ 12 (2 + π)
ⓒ 4 (π + 6) ⓓ 12 (1 + 2π)



Hints : আমরা জানি, বৃত্তের ক্ষেত্রফল = πr^2

শর্তমতে, $\pi r^2 = 144\pi$

বা, $r^2 = 144$

∴ r = 12

∴ বৃত্তের ব্যাসার্ধ = 12

বৃত্তের পরিধি = $2\pi r = 2\pi \times 12 = 24\pi$

∴ ছায়া অংশের পরিধি = ব্যাসার্ধ × 2 + $\left(\frac{60}{360} \times 24\pi\right)$
= 12 × 2 + 4π
= 24 + 4π
= 4 (6 + π) = 4 (π + 6)

Section-C : Analytical Ability and Intelligent Quotient

Q. (41-43): Answer the questions based on the following information. **1x10=10**

The manager of the Bashundhara Cineplex is going to schedule six movies - M, N, P, Q, R and S - during the course of one week. He will schedule one movie each day from Monday through Saturday. The manager must schedule the movie according to the following conditions:

* M must be scheduled earlier in the week than R

Ans.	
37	c
38	b
39	d
40	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

* P must be scheduled on Tuesday
* Q must be scheduled on the day immediately before or immediately after the day on which N is scheduled.

41. If N is to be scheduled on Thursday, the earliest day on which R can be scheduled is:
ⓐ Monday ⓑ Tuesday
ⓒ Wednesday ⓓ Friday

Hints : *সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি*
M P R N Q S
N যদি বৃহস্পতিবারে হয়, তাহলে R বুধবারে রাখতে হবে। কারণ, মঙ্গলবার P-এর জন্য নির্ধারিত। M কে R-এর আগে রাখতে হবে এবং Q কে N-এর আগের দিন বা পরের দিন রাখতে হবে।

42. Which of the following movies can be scheduled on Monday?
ⓐ S ⓑ P
ⓒ Q ⓓ N

Hints : *সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি*
S P Q N M R
সোমবারে S রাখতে হবে। যদি Q বা N সোমবারে রাখা হয়, তাহলে Q বা N এর যে-কোনো একটি মঙ্গলবারে রাখতে হবে, যা সম্ভব নয়। কারণ, P এর জন্য মঙ্গলবার নির্ধারিত।

43. If Q is to be scheduled on Thursday, the latest day on which M can be scheduled is:
ⓐ Monday ⓑ Tuesday
ⓒ Wednesday ⓓ Friday

Hints : *সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি*
S P N Q M R
Q বৃহস্পতিবারে রাখলে পরের দুইদিনের মধ্যে M শুক্রবারে রাখতে হবে। কারণ, M অবশ্যই R এর আগে থাকবে।

Each of the questions given below (Q. 44-45) has five words. Arrange these words in a meaningful sequence.

44. Never = 1; Sometimes = 2; Generally = 3; Seldom = 4; Always = 5
ⓐ 5, 2, 1, 3, 4 ⓑ 5, 2, 4, 3, 1
ⓒ 5, 3, 2, 1, 4 ⓓ 5, 3, 2, 4, 1

Hints : *যেহেতু সবগুলো অপশন Always দিয়ে শুরু, সেহেতু ক্রমটি বেশি থেকে কমের দিকে যাবে। অর্থাৎ ক্রমটি হবে : Always (সর্বদা) → Generally (সাধারণত) → Sometimes (মাঝেমাঝে) → Seldom (কদাচিৎ) → Never (কখনোই না)।*

45. Type = 1; Print = 2; Open =3; Save = 4; Close = 5
ⓐ 3, 4, 1, 2, 5 ⓑ 3, 5, 4, 2, 1
ⓒ 3, 1, 4, 2, 5 ⓓ 3, 2, 1, 4, 5

Hints : *নিয়মানুযায়ী কম্পিউটার বা সফটওয়্যার প্রথমে Open করতে হয়, এরপর Type বা কিছু লিখে তা Save করতে হয়। তারপর ফাইলটি Print করে সবশেষে কম্পিউটার বা সফটওয়্যারটি Close বা বন্ধ করে দিতে হয়। সুতরাং ধাপগুলো হবে : 3, 1, 4, 2, 5।*

46. Fill in the missing alphabets of the series: AZ, CX, FU, —.
ⓐ JQ ⓑ IV
ⓒ IR ⓓ KP

Hints : *AZ, BY, CX, DW, EV, FU, GT, HS, IR, JQ ধারাটিতে দেখা যায়, ১ম ও ২য় পদের মাঝখানে একটি পদ রয়েছে এবং ২য় ও ৩য় পদের মাঝখানে দুটি পদ রয়েছে। সুতরাং ৩য় ও ৪র্থ পদের মাঝখানে তিনটি পদ থাকবে। সে অনুযায়ী ৪র্থ পদটি হবে JQ।*

47. In a row of trees, one tree is in the 7th from either end of the row. How many trees are there in the row?
ⓐ 11 ⓑ 12
ⓒ 13 ⓓ 14

Hints : *একটি গাছ সারিতে প্রথম ও শেষ উভয় দিক থেকে সপ্তম অবস্থানে রয়েছে। সুতরাং ঐ সারিতে মোট গাছের সংখ্যা হবে = 6 + 1 + 6 = 13 টি।*

48. Find the odd one out:
ⓐ Debit ⓑ Deposit
ⓒ Deduction ⓓ Withdrawal

ব্যাখ্যা *অপশনগুলোর মধ্যে debit (খরচ), deduction (কর্তন) এবং withdrawal (উত্তোলন) তিনটিই সমার্থক শব্দ। অন্যদিকে, deposit (জমা) বাকি তিনটি থেকে আলাদা।*


Ans.	
41	c
42	a
43	d
44	d
45	c
46	a
47	c
48	b

49. Find the minimum number of straight lines required to make the given figure.
ⓐ 12 ⓑ 14
ⓒ 16 ⓓ 17



Hints : *চিত্রটি তৈরি করতে সর্বনিম্ন ১৪টি সরলরেখা প্রয়োজন।*

50. Which of the following diagrams indicates the best relationship between teacher, men and women?



ⓐ ⓑ ⓒ ⓓ

Hints : *অপশন (c)-তে শিক্ষক, পুরুষ এবং মহিলার মধ্যে সঠিক সম্পর্ক বিদ্যমান। কারণ চিত্র অনুযায়ী, পুরুষ ও মহিলা উভয়ই শিক্ষক হতে পারেন আবার নাও হতে পারেন এবং পরস্পরের সাথে সম্পর্কযুক্ত যা অন্য তিনটি অপশনে নাই। সুতরাং সঠিক উত্তর অপশন (c)।*

Section-D : General Knowledge

Q. (51-60): Choose the correct answer. (1 × 10 = 10)

51. The 7th March speech of Bangabandhu, the Father of the Nation, was recognized as part of the world's documentary heritage by -
ⓐ UNESCO ⓑ UNICEF
ⓒ UNDP ⓓ UNFCCC

Hints : *৩০ অক্টোবর ২০১৭ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা (UNESCO) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ হিসেবে স্বীকৃতি প্রদান করে, যা ইউনেস্কোর মেমোরি অব দা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে।*

52. Who was the first finance minister of Bangladesh?
ⓐ Sayed Nazrul Islam
ⓑ Dr. A.R. Mallick
ⓒ Tajuddin Ahmad
ⓓ Captain Monsur Ali

Hints : *তাজউদ্দীন আহমদ ছিলেন বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর তিনি ১৯৭২-৭৩ অর্থবছরের জন্য প্রথম ৭৮৬ কোটি টাকার বাজেট উপস্থাপন করেন। আর ১০ এপ্রিল ১৯৭১ গঠিত মুজিবনগর সরকারের অর্থ, শিল্প ও বাণিজ্যমন্ত্রী ছিলেন ক্যাপ্টেন এম মনসুর আলী।*

53. The only foreigner who got the tittle Bir Protik is—
ⓐ W.A.S. Ouderland ⓑ Mark Tully
ⓒ Simon Dring ⓓ George Harrison

Hints : *বাংলাদেশের মুক্তিযুদ্ধে একমাত্র বিদেশি হিসেবে বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত ব্যক্তি হলেন, নেদারল্যান্ডস বা হল্যান্ডে জন্মগ্রহণকারী অস্ট্রেলিয়ান নাগরিক ডব্লিউ এ এস ওডারল্যান্ড। তিনি ১৯৭১ সালে ঢাকায় বাটা সু্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে এসেছিলেন। তিনি ২নং সেক্টরের অধীনে একজন সক্রিয় গেরিলা সদস্য হিসেবে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ প্রদান করেন।*

54. When will Bangladesh exit the LDC category?
ⓐ 2024 ⓑ 2025
ⓒ 2026 ⓓ 2027

Hints : *Least Developed Countries (LDC) বা স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বাংলাদেশ বের হওয়ার সুপারিশ লাভ করে ২০২১ সালে। আর ২০২৬ সালে পুরোপুরি 'এলডিসি' থেকে বাংলাদেশ বের হয়ে যাবে। এলডিসি থেকে বের হয়ে গেলে বাংলাদেশ বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) আওতায় যে শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা পায় তা বন্ধ হয়ে যাবে।*

55. Which of the following is the first published Novel of Kazi Nazrul Islam?
ⓐ Mukti ⓑ Agnibeena
ⓒ Jhinge Ful ⓓ Badhon Hara

Hints : *বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত প্রথম প্রকাশিত উপন্যাস বাঁধনহারা (১৯২৭)। এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস (পত্রসংখ্যা ১৮টি)। ১৯২১ সালে এটি মোসলেম ভারত পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। অন্যদিকে, 'মুক্তি' (১৯১৯) নজরুলের প্রথম প্রকাশিত কবিতা, 'অগ্নি-বীণা' (১৯২২) প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ ও 'ঝিঙে ফুল' (১৯২৬) নজরুল রচিত শিশুতোষ কাব্যগ্রন্থ।*

Ans.	
49	b
50	c
51	a
52	c
53	a
54	c
55	d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

56. **USA won liberty from which country?**
ⓐ UK ⓑ France
ⓒ Germany ⓓ Italy
Hints : *৪ জুলাই ১৭৭৬ মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা ঘোষণা করা হয়। ৩ সেপ্টেম্বর ১৭৮৩ প্যারিস শান্তি চুক্তির মাধ্যমে দেশটি ব্রিটেন থেকে স্বাধীনতা লাভ করে। যুক্তরাষ্ট্রের স্বাধীনতা সংগ্রামের নায়ক জর্জ ওয়াশিংটন (প্রথম প্রেসিডেন্ট)।*

57. **What is the range of Richter scale?**
ⓐ 1-7 ⓑ 1-10
ⓒ 1-9 ⓓ 0-10
Hints : *Richter magnitude scale বা সংক্ষেপে Richter scale হলো ভূমিকম্পের মাত্রা পরিমাপক মানদণ্ড বা স্কেল। ১৯৩৫ সালে যুক্তরাষ্ট্রের বিশিষ্ট পদার্থবিদ চার্লস এফ. রিখটার এটি উদ্ভাবন করেন। এই স্কেলের ভিত্তি ধরা হয় ১০। ভূমিকম্পের তীব্রতা পরিমাপের জন্য ও ভূমিকম্পের মাত্রা নিরূপণ করতে এই স্কেলে ১-১০ পর্যন্ত নির্দেশক রেখা বা চিহ্ন থাকে।*

58. **Which one of the following is not a primary colour?**
ⓐ Blue ⓑ Purple
ⓒ Yellow ⓓ Red
[Note : *যে রং অন্য কোনো দুই বা ততোধিক রঙের মিশ্রণে তৈরি হয় না, তাকে প্রথম স্তরের রং বা মৌলিক রং বলা হয়। মৌলিক রং তিনটি। যেমন : আসমানি বা নীল, সবুজ ও লাল। এদেরকে সংক্ষেপে 'আসল' বলা হয়। অপশন (b) ও (c) মৌলিক রং নয়।]*

59. **Who is the first Muslim woman to win the Nobel Peace Prize?**
ⓐ Mother Teresa ⓑ Monica Ali
ⓒ Shirin Ebadi ⓓ Benazir Bhutto
Hints : *প্রথম মুসলিম নারী হিসেবে ২০০৩ সালে ইরানের বিশিষ্ট আইনজীবী শিরিন এবাদি শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। ১৯০৫ সালে শান্তিতে নোবেল জয়ী প্রথম নারী হলেন বার্থাভন সুটনার (অস্ট্রিয়া)। উল্লেখ্য, প্রথম মুসলমান হিসেবে মিসরের সাবেক প্রেসিডেন্ট আনোয়ার সা'দত ১৯৭৮ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।*

60. **'Genome' is the key to tomorrow's medical practices because -**
ⓐ It unleashes an information revolution
ⓑ It is a new way of making drugs
ⓒ It provides a new outlook into medicine
ⓓ It can enable customized medicines
Hints : *Genome হলো একটি জীবের সম্পূর্ণ জেনেটিক উপাদান। চিকিৎসাক্ষেত্রে Genome এর তথ্য ব্যবহার করে Customized medicine তৈরি করা যাবে। এর ফলে অনেক চিকিৎসা সফলতার সাথে প্রদান করা যাবে।*

Ans.
56 a
57 b
58 Note
59 c
60 d

GRAMEEN BANK
Probationary Officer2023
Examination Held On : 03.03.2023. Time : 1 Hours. Total Marks : 3[illegible]

1. **বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?**
ⓐ ৮টি ⓑ ১০টি ⓒ ১১টি ⓓ ৩২টি
Hints : *বাংলা বর্ণমালায় ৫০টি বর্ণের মধ্যে মাত্রাহীন বর্ণ ১০টি। বর্ণগুলো হলো– এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ।*

2. **ভাষার মূল উপাদান হচ্ছে—**
ⓐ বর্ণ ⓑ বাক্য ⓒ শব্দ ⓓ ধ্বনি
Hints : *মানুষ তার মনের ভাব প্রকাশের জন্য কণ্ঠধ্বনির পাশাপাশি অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গের সাহায্যে ইঙ্গিত করে থাকে। কিন্তু কণ্ঠধ্বনির সাহায্যে মানুষ যত বেশি মনোভাব প্রকাশ করতে পারে ইঙ্গিতে ততটা পারে না। কণ্ঠধ্বনি বলতে মুখগহ্বর, কণ্ঠ, নাক ইত্যাদির সাহায্যে উচ্চারিত বোধগম্য ধ্বনি কিংবা ধ্বনিসমষ্টিকে বোঝায়। এই ধ্বনিই ভাষার মূল উপাদান।*

3. **লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?**
ⓐ সাহেব ⓑ সঙ্গী ⓒ বেয়াই ⓓ কবিরাজ
Hints : *'কবিরাজ' একটি উভয়লিঙ্গ জাতীয় শব্দ। এর লিঙ্গান্তর হয় না। লিঙ্গান্তর হয় না এমন আর কতিপয় শব্দ– কৃতদার, অকৃতদার। আর 'সাহেব', 'সঙ্গী', 'বেয়াই' শব্দগুলোর স্ত্রীলিঙ্গ যথাক্রমে– 'বিবি', 'সঙ্গিনী', 'বেয়াইন'।*

4. **'আইন' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ⓐ আরবি ⓑ ফারসি ⓒ উর্দু ⓓ সংস্কৃত
Hints : *'আইন' ফারসি শব্দ। আরও কয়েকটি ফারসি শব্দ– নামাজ, খোদা, বেহেশত, চশমা এবং আরবি শব্দ– জান্নাত, জাহান্নাম, কলম।*

5. **'থাইল্যান্ড' শব্দের অর্থ কী?**
ⓐ উচ্চ ভূমি ⓑ মুক্ত ভূমি ⓒ যুক্ত ভূমি ⓓ নিম্ন ভূমি
Hints : *'থাইল্যান্ড' অর্থ 'মুক্তভূমি'। থাইল্যান্ড কোনো দেশের উপনিবেশ ছিল না, তাই একে 'মুক্তভূমি' বলা হয়।*

6. **'Phonology'-এর বাংলা প্রতিশব্দ কোনটি?**
ⓐ Phone সংক্রান্ত বিদ্যা ⓑ দর্শনতত্ত্ব
ⓒ ভাষাতত্ত্ব ⓓ ভাষার ধ্বনিবিজ্ঞান
Hints : *ধ্বনিবিজ্ঞান হচ্ছে বাক্‌ধ্বনির বিশ্লেষণ। আধুনিকভাবে এর সংজ্ঞা– 'মানুষ যে-সকল ধ্বনি উৎপন্ন করে, বিশেষ করে মানববচনে ব্যবহৃত হয় যে সকল ধ্বনি সেগুলোর বৈশিষ্ট্যাবলি নিয়ে যে বিজ্ঞানে গবেষণা এবং যে বিজ্ঞান সে সকল ধ্বনি বর্ণনা, শ্রেণিকরণ এবং প্রতিবর্ণীকরণের পদ্ধতি প্রদান করে তাকে ধ্বনিবিজ্ঞান বলে।*

7. **'ষোড়শ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**
ⓐ সড় + শ ⓑ ষোড় + শ
ⓒ ষোড় + অশ ⓓ ষট্ + দশ
Hints : *যেসব সন্ধি স্বাভাবিক নিয়ম বা প্রচলিত নিয়মানুসারে হয় না সেগুলোকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। 'ষোড়শ' নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি। এর সন্ধিবিচ্ছেদ 'ষট্ + দশ'।*

8. **নিচের কোন বাক্যটি সঠিক?**
ⓐ আমার কথাই প্রমাণ হলো ⓑ আমার কথাই প্রমান হলো
ⓒ আমার কথাই প্রমাণীত হলো ⓓ আমার কথাই প্রমানীত হলো
[Note : *প্রদত্ত অপশনে সঠিক বাক্যটি নেই। সঠিক বাক্যটি হবে– আমার কথাই প্রমাণিত হলো। আরও কিছু সঠিক বাক্য– একটা গোপনীয় কথা বলি। দারিদ্র্য একটি অভিশাপ। সূর্য পূর্বদিকে উদিত হয়। তাহার জীবন সংশয়াপূর্ণ। আমি সন্তুষ্ট হলাম।]*

9. **শুদ্ধ বানান কোনটি?**
ⓐ মুহুর্মুহু ⓑ মুহুর্মুহ ⓒ মুহুর্মূহ ⓓ মুহূর্মুহু
Hints : *শুদ্ধ বানান 'মুহুর্মুহু'। আরও কতিপয় শুদ্ধ বানান– মুমূর্ষু, অনুকূল, সর্বস্বান্ত, মুহূর্ত, বুভুক্ষু, প্রোজ্জ্বল, আদ্যাক্ষর, অনসূয়া, নির্নিমেষ, গীতাঞ্জলি, ধস ইত্যাদি।*

10. **নিচের কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম?**
ⓐ বীরবল ⓑ ভীমরুল
ⓒ অনিলা দেবী ⓓ যাযাবর
Hints : *'অনিলা দেবী' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম। 'বীরবল' প্রমথ চৌধুরীর এবং 'যাযাবর' বিনয় মুখোপাধ্যায়ের ছদ্মনাম।*

11. **নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক?**
ⓐ আদায়-কাঁচকলায় ⓑ দা-কুমড়া
ⓒ রুই-কাতলা ⓓ অহি-নকুল
Hints : *'আদায়-কাঁচকলায়, দা-কুমড়া, অহি-নকুল' তিনটি বাগধারার অর্থই ভীষণ শত্রুতা। 'রুই-কাতলা' বাগধারার অর্থ 'গণ্যমান্য বা নেতৃস্থানীয় ব্যক্তি'। তাই এ বাগধারাটি ভিন্নার্থক।*

12. **"টাকায় সবই হয়।"-এখানে 'টাকায়' কোন কারকে কোন বিভক্তি?**
ⓐ কর্মে দ্বিতীয়া ⓑ সম্প্রদানে সপ্তমী
ⓒ অপাদানে সপ্তমী ⓓ করণে সপ্তমী
Hints : *ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককে করণ কারক বলে। 'কী উপায়ে, কীসের দ্বারা' প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তা-ই করণ কারক। 'টাকায়' শব্দে কী উপায়ে কর্ম সম্পাদিত হচ্ছে তা বোঝাচ্ছে, তাই এটি করণ কারক এবং 'য়' নিয়মে সপ্তমী বিভক্তি হয়। তাই 'টাকায়' করণে সপ্তমী।*

Ans.
01 b
02 d
03 d
04 b
05 b
06 d
07 d
08 Note
09 a
10 c
11 c
12 d

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

13. 'সংশয়'-এর বিপরীত শব্দ কোনটি?
ⓐ বিস্ময় ⓑ নির্ভয় ⓒ দ্বিধা ⓓ প্রত্যয়
Hints : *'সংশয়'-এর বিপরীত শব্দ 'প্রত্যয়'। 'নির্ভয়'-এর বিপরীত শব্দ 'ভয়' এবং 'দ্বিধা'-এর বিপরীত শব্দ 'নির্দ্বিধা'।*

14. 'রাজা' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓐ নরেন্দ্র ⓑ জমিদার ⓒ মহেন্দ্র ⓓ সফেদ
Hints : *'রাজা' শব্দের সমার্থক শব্দ 'নরেন্দ্র'। 'সফেদ' হলো 'সাদা'-র সমার্থক শব্দ। আরও কতিপয় সমার্থক শব্দ : রাত-বিভাবরী, শর্বরী; সূর্য- রবি, তপন।*

15. বাংলাদেশের দীর্ঘতম সেতু 'পদ্মা ব্রিজ'-এ কয়টি স্প্যান/সেকশন রয়েছে?
ⓐ ৩৩টি ⓑ ৪১টি ⓒ ৪৩টি ⓓ ৪৫টি
Hints : *নিজস্ব অর্থায়নে নির্মিত পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মি। এই সেতুর পিলার ৪২টি এবং স্প্যান ৪১টি। পদ্মা সেতু উদ্বোধন করা হয় ২৫ জুন ২০২২। এর আয়ুষ্কাল ধরা হয়েছে ১০০ বছর।*

16. কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের' দৈর্ঘ্য কত?
ⓐ ৩.২৮ কি.মি. ⓑ ৩.৩২ কি.মি.
ⓒ ৩.৪০ কি.মি. ⓓ ৩.৪২ কি.মি.
Hints : *কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল' চট্টগ্রামের পতেঙ্গা ও আনোয়ারায় অবস্থিত। মূল টানেলের দৈর্ঘ্য ৩.৩২ কিমি। এর নির্মাতা প্রতিষ্ঠান- চায়না কমিউনিকেশন্স কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (CCCC)।*

17. কোনটি বাংলাদেশের GI পণ্যের অন্তর্ভুক্ত নয়?
ⓐ ঢাকাই মসলিন কাপড় ⓑ কালিজিরা চাল
ⓒ রংপুরের শতরঞ্জি ⓓ দিনাজপুরের লিচু
Hints : *বর্তমানে বাংলাদেশের মোট ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য ২১টি। সর্বশেষ স্বীকৃতিপ্রাপ্ত GI পণ্য 'কুষ্টিয়ার তিলের খাজা (৯ জানুয়ারি ২০২৪)। ঢাকাই মসলিন, কালিজিরা চাল এবং রংপুরের শতরঞ্জি GI পণ্য হিসেবে স্বীকৃতি পায় ২০২১ সালের ১৭ জুন। দিনাজপুরের লিচু বাংলাদেশের GI পণ্যের অন্তর্ভুক্ত নয়।*

18. প্রথম কোন দেশ করোনা ভাইরাসের টিকা আবিষ্কার করে?
ⓐ রাশিয়া ⓑ চীন ⓒ জার্মানি ⓓ কোরিয়া
Hints : *বিশ্বের প্রথম দেশ হিসেবে রাশিয়ায় উদ্ভাবিত করোনা ভ্যাকসিন 'স্পুটনিক-ভি' অনুমোদন পায় ১১ আগস্ট ২০২০। ভ্যাকসিনটি তৈরি করেছে দ্য গ্যামালিয়া ন্যাশনাল সেন্টার।*

19. বাংলাদেশের পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশের মাথাপিছু আয় কত?
ⓐ ২৪৬২ মার্কিন ডলার ⓑ ২৫৩২ মার্কিন ডলার
ⓒ ২৭২৩ মার্কিন ডলার ⓓ ২৮২৪ মার্কিন ডলার
[**Note :** *বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী ২০২২-২৩ (চূড়ান্ত) অর্থবছরে বাংলাদেশের মাথাপিছু আয় ২,৭৩,৩৬০ টাকা। উল্লেখ্য, বিবিএস-এর চূড়ান্ত হিসাব অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশের মাথাপিছু আয় ২,৭৯৩ মার্কিন ডলার। অন্যদিকে, বিবিএস-এর ২০২২-২৩ অর্থবছরের (সাময়িক) তথ্যানুযায়ী মাথাপিছু আয় ২,৭৬৫ মার্কিন ডলার।*]

20. 'প্রাপকের হিসাবে দেয়' কথাটি কোন ধরনের চেকে লেখা থাকে?
ⓐ বাহক চেক ⓑ হুকুম চেক
ⓒ ভ্রমণকারীর চেক ⓓ দাগকাটা চেক
Hints : *যে চেকের বামদিকে ওপরের কোণায় আড়াআড়ি দুটি সমান্তরাল রেখা অঙ্কন করা হয় এবং 'এন্ড কোং', 'কেবলমাত্র প্রাপকের হিসাবে', কোম্পানির নাম, ব্যাংকের নাম বা শাখার নাম প্রভৃতি উল্লেখ থাকে তাকে দাগকাটা চেক বলে। দাগকাটা চেকের টাকা ব্যাংকের হিসাবের মাধ্যমে উত্তোলন করতে হয়।*

21. একটি ছক্কা নিক্ষেপ করলে যে কোনো বেজোড় সংখ্যা আসার সম্ভাবনা কত?
ⓐ $\frac{১}{৩}$ ⓑ $\frac{১}{২}$ ⓒ $\frac{১}{৬}$ ⓓ $\frac{২}{৩}$
Hints : *একটি ছক্কা নিক্ষেপ করলে মোট ফলাফল ৬টি এর বিজোড় সংখ্যা হওয়ার অনুকূল ফলাফল ১, ৩, ৫ অর্থাৎ ৩টি।*
∴ নির্ণেয় সম্ভাবনা = $\frac{৩}{৬} = \frac{১}{২}$।

22. গ্রামীণ ব্যাংক কত সালে প্রতিষ্ঠিত হয়?
ⓐ ১৯৭৬ ⓑ ১৯৮০ ⓒ ১৯৮৩ ⓓ ১৯৮৫
Hints : *গ্রামীণ ব্যাংক তফসিল বহির্ভূত স্থানীয় বেসরকারি ব্যাংক। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮৩ সালের ২ অক্টোবর টাঙ্গাইলে। বর্তমানে গ্রামীণ ব্যাংক 'গ্রামীণ ব্যাংক প্রকল্প' রূপে কাজ শুরু করে ১৯৭৬ সালে (চট্টগ্রামের বুড়িশ্চর ইউনিয়নের জোবরা গ্রামে)।*

23. গ্রামীণ ব্যাংক-এর নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?
ⓐ অর্থ মন্ত্রণালয় ⓑ বাংলাদেশ ব্যাংক
ⓒ NGO ব্যুরো ⓓ SME ফাউন্ডেশন
Hints : *গ্রামীণ ব্যাংক একটি তফসিল বহির্ভূত ব্যাংক। এই ব্যাংক-এর নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। উল্লেখ্য, তফসিলভুক্ত ব্যাংকের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংক।*

Ans.	
13	d
14	a
15	b
16	b
17	d
18	a
19	Note
20	d
21	b
22	c
23	a

24. গ্রামীণ ব্যাংক কী ধরনের ঋণ দেয়?
ⓐ জামানতবিহীন ⓑ দীর্ঘমেয়াদী
ⓒ জামানতসহ ⓓ বিবাহ ঋণ
Hints : *গ্রামীণ ব্যাংক গ্রামের ভূমিহীন ও দরিদ্র পরিবারকে জামানতবিহীন ক্ষুদ্রঋণ প্রদান করে। এই পাইলট প্রকল্প শুরু হয় চট্টগ্রামের জোবরা গ্রাম থেকে।*

25. গ্রামীণ ব্যাংকের বর্তমান চেয়ারম্যান-এর নাম কী?
ⓐ ড. মোহাম্মদ জোহাজ্জল হোসেন ⓑ ড. মুহাম্মদ ইউনুস
ⓒ ড. মোসলেহ উদ্দীন ⓓ ড. এ. কে. এম. সাইফুল মজিদ
Hints : *গ্রামীণ ব্যাংকের বর্তমান চেয়ারম্যান ড. এ.কে.এম. সাইফুল মজিদ (২৪ মার্চ ২০২২-বর্তমান)। উল্লেখ্য, গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনুস।*

26. IPO নিচের কোনটির সংক্ষিপ্ত রূপ?
ⓐ Initial Public Offering
ⓑ Initial Public Order
ⓒ International Policy Ordinance
ⓓ Internal Policy Offering
Hints : *Initial Public Offering বা প্রাথমিক গণপ্রস্তাব-এর সংক্ষিপ্ত রূপ IPO। কোনো কোম্পানি প্রথমবারের মতো জনসাধারণের নিকট পুঁজি বাজারে শেয়ার বিক্রয়ের প্রস্তাব করলে তাকে প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও) বলে।*

27. এশিয়ার দীর্ঘতম নদ কোনটি?
ⓐ হোয়াংহো ⓑ ইয়াংসিকিয়াং ⓒ পদ্মা ⓓ সিন্ধু
Hints : *এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংসিকিয়াং চীনের তিব্বতের মালভূমি থেকে উৎপন্ন হয়ে পূর্ব চীন সাগরে পতিত হয়েছে। এর দৈর্ঘ্য ৬,৩৮০ কিমি। উল্লেখ্য, চীনের দুঃখ' নামে পরিচিত হোয়াংহো নদীর দৈর্ঘ্য ৫,৪৬৪ কিমি।*

28. একটি বৈধ ব্যাংক চেকের মেয়াদ কত?
ⓐ ৬ মাস ⓑ ১৫ দিন ⓒ ১ বছর ⓓ ২ মাস
Hints : *চেক হলো ব্যাংক হতে কোনো ব্যক্তির হিসাবের অর্থ উত্তোলনের এক শর্তহীন লিখিত নির্দেশনামা, যা উপস্থাপিত হলে সংশ্লিষ্ট ব্যাংক আইনত অর্থ পরিশোধে বাধ্য থাকে। একটি বৈধ চেকের মেয়াদ ৬ মাস অর্থাৎ ১৮০ দিন।*

29. E-banking-এর সমার্থক কোনটি?
ⓐ Tele Banking ⓑ Pure Banking
ⓒ Automated Banking ⓓ Internet Banking
Hints : *ই-ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং/অনলাইন ব্যাংকিং/ওয়েব ব্যাংকিং প্রায় একই অর্থে ব্যবহৃত হয়। ই-ব্যাংকিং বা ইন্টারনেট ব্যাংকিং হলো এমন একটি সমন্বিত ব্যাংকিং ব্যবস্থা, যেখানে কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে গ্রাহকদের বিভিন্ন ব্যাংকিং সেবা ও সুবিধা প্রদান করা হয়।*

30. ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুযায়ী ব্যক্তি করদাতার ক্ষেত্রে করমুক্ত আয় কত টাকা?
ⓐ ২,০০,০০০ টাকা ⓑ ২,৫০,০০০ টাকা
ⓒ ৩,০০,০০০ টাকা ⓓ ৩,৫০,০০০ টাকা
Hints : *২০২২-২৩ অর্থবছরে বাজেটের পরিমাণ ছিল ৬,৭৮,০৬৪ কোটি টাকা। এই অর্থবছরের বাজেট অনুযায়ী ব্যক্তি (পুরুষ) করদাতার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ছিল ৩,০০,০০০ টাকা। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরের বাজেট অনুযায়ী ব্যক্তি (পুরুষ) করদাতার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ৩,৫০,০০০ টাকা প্রস্তাব করা হয়েছে।*

31. বিশ্বব্যাংকের সহযোগী প্রতিষ্ঠানের কোনটি দরিদ্রতম উন্নয়নশীল দেশগুলোতে শূন্য সুদে দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করে?
ⓐ International Development Association
ⓑ International Monetary Fund
ⓒ International Finance Corporation
ⓓ Asian Development Bank
Hints : *বিশ্বব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান ৫টি। যথা- IBRD, IDA, IFC, ICSID ও MIGA। এর মধ্যে International Development Association (IDA) বিশ্বের দারিদ্র্য ও উন্নয়নশীল দেশগুলোর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নমনীয় শর্তে ঋণ এবং Trustee হিসেবে অন্যান্য উন্নয়ন সহযোগীদের অনুদান পেতে সহায়তা করে থাকে। IDA-কে Soft Loan Window বলা হয়।*

32. আধুনিক অর্থনীতির জনক কে?
ⓐ John Maynard Keynes ⓑ Paul Samuelson
ⓒ Joseph Stiglitz ⓓ David Ricardo
Hints : *বিখ্যাত মার্কিন অর্থনীতিবিদ Paul Anthony Samuelson (১৯১৫-২০০৯)-কে আধুনিক অর্থনীতির জনক বলা হয়। Foundation of Economic Analysis তার একটি বিখ্যাত গ্রন্থ। তিনি ১৯৭০ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন।*

33. উচ্চ মুদ্রাস্ফীতির সময় নিচের কোনটি ঘটে না?
ⓐ বেকারত্বের হার বাড়ে ⓑ মূল্যস্তর বৃদ্ধি পায়
ⓒ অর্থের মূল্য কমে ⓓ অর্থের সরবরাহ বাড়ে
Hints : *মুদ্রাস্ফীতি বলতে সাধারণ দ্রব্য ও সেবার মূল্য বৃদ্ধি পাওয়া এবং অর্থের ক্রয়ক্ষমতা কমে যাওয়াকে বোঝায়। অর্থাৎ উচ্চ মুদ্রাস্ফীতির সময় বেকারত্বের হার বৃদ্ধি বাদে মূল্যস্তর বৃদ্ধি পায়, অর্থের মূল্য হ্রাস পায় এবং বাজারে অর্থের সরবরাহ বৃদ্ধি পায়।*

34. বুড়িমারি স্থলবন্দর নিচের কোন জেলায় অবস্থিত?
ⓐ কুড়িগ্রাম ⓑ রংপুর
ⓒ লালমনিরহাট ⓓ চাঁপাইনবাবগঞ্জ

Ans.	
24	a
25	d
26	a
27	b
28	a
29	d
30	c
31	a
32	b
33	a
34	c

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : *বাংলাদেশে মোট হ্রদবন্দর ২৪টি। এর মধ্যে 'বুড়িমারি' হ্রদবন্দর লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায়, 'বঙ্গ সোনাহাট' হ্রদবন্দর কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলায় এবং 'সোনা মসজিদ' হ্রদবন্দর চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত। উল্লেখ্য রংপুর জেলায় কোনো হ্রদবন্দর নেই।*

35. বাংলাদেশের ঢাকা ও পশ্চিমবঙ্গের কলকাতার মধ্যে চলাচলকারী ট্রেনটির নাম কী?
ⓐ বন্ধন ⓑ মৈত্রী ⓒ সৌহার্দ ⓓ মুক্তি
Hints : *বাংলাদেশের ঢাকা ও পশ্চিমবঙ্গের কলকাতার মধ্যে চলাচলকারী ট্রেনের নাম 'মৈত্রী এক্সপ্রেস', যেটি ২০০৮ সালের ১৪ এপ্রিল চালু হয়। উল্লেখ্য, ২০১৭ সালের ৯ নভেম্বর চালু হয় খুলনা হতে কলকাতা পর্যন্ত চলাচলকারী ট্রেন 'বন্ধন এক্সপ্রেস'।*

36. বাংলাদেশের অভ্যন্তরে উৎপাদিত, বিক্রিত ও ব্যবহৃত দ্রব্যের ওপর সরকার কর্তৃক আরোপিত করকে বলে—
ⓐ আয়কর ⓑ আবগারি কর
ⓒ বিক্রয় কর ⓓ বাণিজ্য কর
Hints : *বাংলাদেশের অভ্যন্তরে উৎপাদিত, বিক্রিত ও ব্যবহৃত দ্রব্যের ওপর সরকার কর্তৃক আরোপিত করকে আবগারি কর বলা হয়। রাজস্ব সংগ্রহ ছাড়াও বিভিন্ন ক্ষতিকর দ্রব্যের ভোগ হ্রাস করার উদ্দেশ্যেও আবগারি কর ধার্য করা হয়। বাংলাদেশে প্রধানত চা, সিগারেট, চিনি, তামাক প্রভৃতি দ্রব্যের ওপর আবগারি কর ধার্য করা হয়। উল্লেখ্য, কোনো ব্যক্তির ব্যক্তিগত আয়ের ওপর যে কর ধার্য করা হয় তাকে আয়কর বলে।*

37. জাতির পিতা বঙ্গবন্ধু কত সালে ৬ দফা ঘোষণা করেন?
ⓐ ১৯৫২ ⓑ ১৯৬৬ ⓒ ১৯৬৯ ⓓ ১৯৭১
Hints : *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয় দফা' কর্মসূচি উত্থাপন করেন। এই কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে। উল্লেখ্য, বঙ্গবন্ধু আনুষ্ঠানিকভাবে 'ছয় দফা' ঘোষণা করেন ১৯৬৬ সালের ২৩ মার্চ।*

38. বাংলাদেশে নির্মিতব্য প্রথম হাইটেক পার্ক কোথায়?
ⓐ মহাখালী, ঢাকা ⓑ টঙ্গী, গাজীপুর
ⓒ কালিয়াকৈর, গাজীপুর ⓓ আদমজী, নারায়ণগঞ্জ
Hints : *৩৫৫ একর জমির ওপর নির্মিতব্য দেশের প্রথম হাইটেক পার্ক 'বঙ্গবন্ধু হাইটেক সিটি' গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় অবস্থিত। পূর্বে এর নাম ছিল 'কালিয়াকৈর হাইটেক পার্ক'। পরবর্তীতে ২০১৬ সালে এর নাম পরিবর্তন করে রাখা হয় 'বঙ্গবন্ধু হাইটেক সিটি'।*

39. আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?
ⓐ চীন ⓑ ভারত
ⓒ ব্রাজিল ⓓ রাশিয়া
Hints : *দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি হিসেবে পরিচিত রাশিয়া আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ। এর আয়তন ১,৭০,৭৫,২০০ বর্গ কিমি। চীন, ভারত ও ব্রাজিলের আয়তন যথাক্রমে ৯৫,৯৬,৯৬০ বর্গ কিমি, ৩২,৮৭,২৬৩ বর্গ কিমি এবং ৮৫,১১,৯৬৫ বর্গ কিমি।*

40. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?
ⓐ মেঘনা ⓑ যমুনা
ⓒ পদ্মা ⓓ কর্ণফুলী
[Note : *পানি উন্নয়ন বোর্ডের তথ্যানুযায়ী দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতায় বাংলাদেশের বৃহত্তম নদী মেঘনা। এর দৈর্ঘ্য ৩৩০ কিমি এবং চাঁদপুরের কাছে প্রস্থ ১৩ কিমি এবং সর্বোচ্চ গভীরতা ৩৫ মিটার। আর জাতীয় নদীরক্ষা কমিশনের তথ্যানুযায়ী দেশের দীর্ঘতম নদী পদ্মা (দৈর্ঘ্য ৩৪১ কিমি)।]*

41. পাঁচটি বিড়াল পাঁচটি ইঁদুর ধরতে সময় নেয় পাঁচ মিনিট। ৩০টি বিড়াল ৩০টি ইঁদুর ধরতে কত সময় নেবে?
ⓐ ৬ মিনিট ⓑ ১ মিনিট ⓒ ৩০ মিনিট ⓓ ৫ মিনিট
Hints : *৫টি বিড়াল ৫টি ইঁদুর ধরে ৫ মিনিটে*

$\therefore$ ১ " " ১ " " " $\frac{৫ \times ৫}{৫}$ "

$\therefore$ ৩০ " " ১ " " " $\frac{৫ \times ৫}{৫ \times ৩০}$ "

$\therefore$ ৩০ " " ৩০ " " " $\frac{৫ \times ৫ \times ৩০}{৫ \times ৩০}$

$= ৫$ মিনিটে।

42. চন্দ্রে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের—
ⓐ দশ ভাগের এক ভাগ ⓑ ছয় ভাগের এক ভাগ
ⓒ দশ ভাগের এক ভাগ ⓓ চার ভাগের এক ভাগ
Hints : *চন্দ্রপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর $\frac{১}{৬}$ অংশ। সুতরাং চন্দ্রপৃষ্ঠে কোনো বস্তুর ওজন হবে পৃথিবীর ছয় ভাগের এক ভাগ।*

43. বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয় প্রতি বছর—
ⓐ ১ ডিসেম্বর ⓑ ১০ নভেম্বর
ⓒ ১০ অক্টোবর ⓓ ১০ ডিসেম্বর
Hints : *৩০টি অনুচ্ছেদবিশিষ্ট 'মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র' ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়। ১০ ডিসেম্বর ঘোষণাপত্রটি গৃহীত হওয়ার সম্মানে ১৯৫০ সাল থেকে বিশ্বের প্রতিটি দেশে ১০ ডিসেম্বর 'বিশ্ব মানবাধিকার দিবস' হিসেবে পালিত হয়ে আসছে।*

Ans.	
35	b
36	b
37	b
38	c
39	d
40	Note
41	d
42	b
43	d

44. বাংলাদেশের কোথায় গরম পানির ঝরনা রয়েছে?
ⓐ মাধবকুন্ড ⓑ হিমছড়ি ⓒ লালমাই ⓓ সীতাকুন্ড
Hints : *বাংলাদেশের একমাত্র গরম পানির ঝরনা চট্টগ্রামের সীতাকুন্ডের চন্দ্রনাথ পাহাড়ে অবস্থিত। বাংলাদেশের শীতল পানির ঝরনা কক্সবাজারের হিমছড়ি পাহাড়ে অবস্থিত। বাংলাদেশের বৃহত্তম জলপ্রপাত 'মাধবকুন্ড' মৌলভীবাজার জেলার বড়লেখায় অবস্থিত। অন্যদিকে, লালমাই কুমিল্লা জেলায় অবস্থিত নিচু পাহাড় শ্রেণি।*

45. 'ওরা আমার মুখে ভাষা কাইড়া নিতে চায়' গানটির রচয়িতা ও সুরকার কে?
ⓐ আব্দুল লতিফ ⓑ আব্দুল করিম
ⓒ আব্দুল গাফ্ফার চৌধুরী ⓓ আব্দুল মতিন
Hints : *'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়', 'দাম দিয়ে কিনেছি বাংলা', 'সোনা সোনা সোনা লোকে বলে সোনা' ইত্যাদি গানের রচয়িতা ও সুরকার শিল্পী আব্দুল লতিফ। অন্যদিকে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির গীতিকার আব্দুল গাফ্ফার চৌধুরী এবং 'আগে কী সুন্দর দিন কাটাইতাম' গানটির রচয়িতা ও সুরকার শাহ আব্দুল করিম।*

46. কোনো দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য বনাঞ্চল প্রয়োজন মোট ভূমির—
ⓐ ১৬% ⓑ ২০% ⓒ ২৫% ⓓ ৩০%
Hints : *একটি দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য বনাঞ্চল প্রয়োজন মোট ভূমির ২৫ শতাংশ। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশের বনাঞ্চলের পরিমাণ মোট ভূমির ১৯.৮৯ শতাংশ।*

47. সৌদি আরবের রাজধানী—
ⓐ জেদ্দা ⓑ মক্কা ⓒ মদিনা ⓓ রিয়াদ
Hints : *সৌদি আরবের রাজধানী এবং সবচেয়ে বড় শহর হলো রিয়াদ। অন্যদিকে, মক্কা ও মদিনা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ শহর।*

48. পতঞ্জলি শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ⓐ পতৎ + অঞ্জলি ⓑ পত + অঞ্জলি
ⓒ পতন + জলি ⓓ পতনজ্ + লি
Hints : *সংস্কৃত ব্যঞ্জনসন্ধির ক্ষেত্রে এমন কতকগুলো ব্যঞ্জনসন্ধি আছে যেগুলো কোনো নিয়মের মধ্যে পড়ে না। এসব সন্ধিকে 'নিপাতনে সিদ্ধ' সন্ধি বলে। যেমন : পতৎ + অঞ্জলি = পতঞ্জলি, তদ্ + কর = তস্কর, এক + দশ = একাদশ, দিব্ + লোক = দ্যুলোক, ষট্ + দশ = ষোড়শ, আ + চর্য = আশ্চর্য ইত্যাদি।*

49. জনসংখ্যা দিক থেকে মুসলিম বিশ্বে বাংলাদেশের অবস্থান—
ⓐ প্রথম ⓑ দ্বিতীয় ⓒ তৃতীয় ⓓ চতুর্থ
Hints : *জনসংখ্যার দিক থেকে মুসলিম বিশ্বে বাংলাদেশের অবস্থান চতুর্থ। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে ইন্দোনেশিয়া, পাকিস্তান ও নাইজেরিয়া।*

50. FIFA-র বর্তমান প্রেসিডেন্ট-এর নাম কী?
ⓐ Gianni Infantino ⓑ Aleksander Ceferin
ⓒ Mark Abbott ⓓ Patrice Motsepe
Hints : *FIFA-র পূর্ণরূপ– Federation of International Football Association। এর ৯ম ও বর্তমান প্রেসিডেন্ট Gianni Infantino। তিনি ২০১৬ সালের ২৬ ফেব্রুয়ারি দায়িত্ব গ্রহণ করেন। উল্লেখ্য, ফিফার সদর দপ্তর সুইজারল্যান্ডের জুরিখে অবস্থিত।*

51. ২০২৩ ক্রিকেট বিশ্বকাপ কোন দেশে অনুষ্ঠিত হবে?
ⓐ ভারত ⓑ শ্রীলংকা ⓒ অস্ট্রেলিয়া ⓓ ইংল্যান্ড
Hints : *১৩তম বিশ্বকাপ ক্রিকেট ২০২৩ সালে ভারতে অনুষ্ঠিত হয়। আর ১৪তম বিশ্বকাপ ক্রিকেট ২০২৭ সালে দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়ায় যৌথভাবে অনুষ্ঠিত হবে।*

52. ২০২২ সাফ নারী ফুটবল চ্যাম্পিয়ান—
ⓐ ভারত ⓑ বাংলাদেশ ⓒ নেপাল ⓓ চীন
Hints : *ষষ্ঠ নারী সাফ চ্যাম্পিয়নশিপ ২০২২ সালের ৬ থেকে ১৯ সেপ্টেম্বর নেপালে অনুষ্ঠিত হয়, এতে মোট ৭টি দল অংশগ্রহণ করে। নেপালকে ৩-১ গোলে পরাজিত করে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বাংলাদেশ। উল্লেখ্য, সর্বোচ্চ গোলদাতা এবং সেরা খেলোয়াড় নির্বাচিত হয় বাংলাদেশের সাবিনা খাতুন।*

53. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোটবেলার ডাকনাম কী?
ⓐ অপু ⓑ রত্ন ⓒ দুখু ⓓ খোকা
Hints : *স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জ জেলার পাটগাতি ইউনিয়নের টুঙ্গীপাড়ায় জন্মগ্রহণ করেন। ছোটবেলায় তার বাবা-মা তাকে আদর করে খোকা বলে ডাকতেন। উল্লেখ্য, দুখু মিয়া কাজী নজরুল ইসলামের ডাকনাম ছিল।*

54. বিটকয়েন হলো—
ⓐ কাগজের নোট ⓑ ইলেকট্রনিক মুদ্রা
ⓒ ভার্চুয়াল গেইম ⓓ এক ধরনের ধাতব মুদ্রা
Hints : *'বিটকয়েন' প্রকৃতপক্ষে কোনো মুদ্রা নয়, এটি একটি ইলেকট্রনিক বা ভার্চুয়াল মুদ্রা, যা কম্পিউটারের মাধ্যমে আদান-প্রদান করা হয়। ২০০৮ সালে সাতোশি নাকামোতো নামের জনৈক সফ্টওয়্যার ডেভেলপার এটি আবিষ্কার করেন। এটিই বিশ্বের প্রথম ভার্চুয়াল কারেন্সি। বিটকয়েনের সাংকেতিক প্রতীক হলো BTC এবং এর ক্ষুদ্রতম একক হলো সাতোশি।*

Ans.	
44	d
45	a
46	c
47	d
48	a
49	d
50	a
51	a
52	b
53	d
54	b

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

55. বাংলাদেশে দশ টাকার নোটে কোন মসজিদের ছবি রয়েছে?
ⓐ শাহ মাখদুম মসজিদ ⓑ কুসুম্বা মসজিদ
ⓒ বায়তুল মোকাররম ⓓ আতিয়া জামে মসজিদ
Hints : বাংলাদেশে ১০ টাকার নোট প্রচলন হয় ২ জুন ১৯৭২। ১০ টাকার বর্তমান নোটে বায়তুল মোকাররম মসজিদের ছবি ছাপা রয়েছে। উল্লেখ, বর্তমানে ৫ টাকার নোটে নওগাঁর কুসুম্বা মসজিদের ছবি রয়েছে।

56. টেলিভিশন আবিষ্কার করেন—
ⓐ এডিসন ⓑ ফ্যারাডে
ⓒ জন এল বেয়ার্ড ⓓ এফ বি মোর্স
Hints : ব্রিটিশ বিজ্ঞানী জন লগি বেয়ার্ড ১৯২৬ সালে প্রথম টেলিভিশন আবিষ্কার করেন। উল্লেখ্য, টমাস আলভা এডিসন বৈদ্যুতিক বাতি আবিষ্কার করেন।

57. ঢাকার প্রাচীন নাম কী?
ⓐ জাহাঙ্গীরনগর ⓑ ইসলামপুর
ⓒ সোনারগাঁ ⓓ ঢাকা
Hints : সুবাদার ইসলাম খান চিশতী সর্বপ্রথম ১৬১০ সালে ঢাকাকে বাংলার রাজধানীতে রূপান্তর করেন। তখন তিনি সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নাম রাখেন 'জাহাঙ্গীরনগর'।

58. 'সাগর কন্যা' কোন এলাকার ভৌগোলিক নাম?
ⓐ টেকনাফ ⓑ কক্সবাজার
ⓒ খুলনা ⓓ পটুয়াখালী
Hints : 'সাগর কন্যা' নামে পরিচিত কুয়াকাটা সমুদ্র সৈকত পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় অবস্থিত। এই সমুদ্র সৈকতের দৈর্ঘ্য ১৮ কিমি ও প্রস্থ ৩ কিমি। উল্লেখ্য, এই সমুদ্র সৈকতে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়।

59. কোনটি বেশি স্থিতিস্থাপক?
ⓐ ইস্পাত ⓑ রাবার ⓒ কাঁচ ⓓ পানি
Hints : আমরা জানি, স্থিতিস্থাপক গুণাঙ্ক = পীড়ন/বিকৃতি। অর্থাৎ যে সকল বস্তুর পীড়ন ও বিকৃতির অনুপাত বেশি, সে সকল বস্তুর স্থিতিস্থাপকতা বেশি। নির্দিষ্ট বিকৃতি সৃষ্টি করতে যে বস্তুকে যত বেশি বল প্রয়োগ করতে হয় সেই বস্তুর স্থিতিস্থাপকতা তত বেশি। একই আয়তনের রাবার ও ইস্পাতে সমান বিকৃতির জন্য অন্যান্য পদার্থের তুলনায় ইস্পাতে অনেক বেশি বল প্রয়োগ করতে হয়। তাই ইস্পাত অধিক স্থিতিস্থাপক।

60. জনশুমারি-২০২২ অনুযায়ী পল্লীভিত্তিক বসবাসকারী জনসংখ্যার মধ্যে জনসংখ্যার হার কত?
ⓐ ৬৮.৪৯% ⓑ ৩১.৫১%
ⓒ ৫৮.০১% ⓓ ৪৫.২১%
[Note : ৬ষ্ঠ জনশুমারী ও গৃহগণনা-২০২২ এর আপেক্ষিক প্রতিবেদন অনুযায়ী, পল্লীভিত্তিক বসবাসকারী জনসংখ্যার হার ৬৮.৪৯%। উল্লেখ্য, জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী, পল্লীভিত্তিক বসবাসকারী জনসংখ্যার হার ৬৮.৩৪% ।]

61. May Allah help you-এটি কোন জাতীয় sentence?
ⓐ Exclamatory ⓑ Imperative
ⓒ Assertive ⓓ Optative
Hints : ইচ্ছা, প্রার্থনা কিংবা আকাঙ্ক্ষা প্রকাশে Optative sentence ব্যবহৃত হয়। Optative sentence-এর গঠন May/Wish + subject + verb$_1$ + extension।

62. It is I — who am to blame. শূন্যস্থানে কী বসবে?
ⓐ am ⓑ are ⓒ were ⓓ be
[Note : বাক্যটি ভুল আছে। সঠিক বাক্যটি হবে It is I who— to blame. তখন শূন্যস্থানে am বসবে কারণ Relative pronoun যুক্ত বাক্যে Relative pronoun-এর পূর্বের Subject অনুযায়ী verb বসে। তাই who-এর পূর্বের subject I অনুযায়ী am বসবে।]

63. Runa as well as Jhuma — happy. শূন্যস্থানে কী বসবে?
ⓐ with ⓑ are ⓒ were ⓓ is
Hints : As well as, along with, together with, in addition to, among with, accompanied with প্রভৃতি দ্বারা দুটি subject যুক্ত থাকলে প্রথম subject অনুযায়ী verb হয়। এখানে প্রথম subject Runa singular হওয়ার কারণে singular verb 'is' ব্যবহৃত হবে।

64. নিচের কোনটি singular number নয়?
ⓐ Agenda ⓑ datum
ⓒ every ⓓ each
Hints : Agendum-এর plural agenda। অন্যদিকে, Datum, Each, Every singular number-কে নির্দেশ করে।

65. "A fair little girl sat under a tree"? এই বাক্যটির Preposition কোনটি?
ⓐ fair ⓑ little girl ⓒ under ⓓ tree
Hints : Preposition বাক্যে noun বা pronoun-এর পূর্বে বসে তার সাথে বাক্যের বাকি অংশের সম্পর্ক নির্দেশ করে। এখানে under শব্দটি tree (noun)-এর পূর্বে বসে preposition-এর কাজ করছে।

66. নিচের কোনটির spelling সঠিক?
ⓐ Amateur ⓑ Amatuer
ⓒ Amatur ⓓ Ameteur
Hints : Amateur অর্থ হলো শুধু আনন্দের জন্য কোনো কাজ করা, পেশাদারিত্বের অংশ হিসেবে নয়।

Ans.	
56	c
57	a
58	d
59	a
60	Note
61	d
62	Note
63	d
64	a
65	c
66	a

67. নিচের কোনটি Relative pronoun?
ⓐ That ⓑ These ⓒ This ⓓ Their
Hints : Relative pronoun-গুলো দুটি পদ বা বাক্যের মধ্যে বসে এদের মাঝে সম্পর্ক নির্দেশ করে। That, which who, whom, whose, where প্রভৃতি Relative pronoun। অন্যদিকে, this, these, those প্রভৃতি demonstrative pronoun এবং their হলো possessive adjective।

68. The company A is independent — Y company. শূন্যস্থানে কী বসবে?
ⓐ from ⓑ at ⓒ of ⓓ in
Hints : Independent-এর পর preposition of ও from দুটোই হয়। তবে বেশিরভাগ ক্ষেত্রেই of ব্যবহৃত হয়। অল্প কিছু ক্ষেত্রে from ব্যবহৃত হয়। যেমন : Bangladesh become independent from Pakistan in 1971.

69. Some days — since my father died. শূন্যস্থানে কী বসবে?
ⓐ are passed ⓑ passed
ⓒ have passed ⓓ had passed
Hints : Since দ্বারা যুক্ত দুটি clause-এর প্রথম clause-টি present indefinite বা present perfect tense হলে পরের clause-টি past indefinite tense হয়। আর প্রথম clause-টি past indefinite tense হলে পরের clause-টি past perfect tense হয়।

70. 'Heart' শব্দটি adjective রূপ কোনটি?
ⓐ Hearty ⓑ Hearten
ⓒ Heartening ⓓ Heartful
[Note : Heart শব্দটি Noun। এর Adjective hearty ও heartening দুটোই সঠিক। Hearten হলো verb।]

71. পরপর তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ১২০ হলে, তাদের যোগফল কত হবে?
ⓐ ৯০ ⓑ ১৫ ⓒ ৫২ ⓓ ৬৫
Hints : এখানে সংখ্যা তিনটি হতে পারে যথাক্রমে ১, ২, ৩; ২, ৩, ৪; ৩, ৪, ৫; ৪, ৫, ৬; ৫, ৬, ৭;..... । এখানে দেখা যায় সংখ্যা তিনটি ৪, ৫, ৬ হলেই গুণফল ১২০ হয়। এগুলোর যোগফল = ৪ + ৫ + ৬ = ১৫।

72. এক মিটার সমান কত ইঞ্চি?
ⓐ ৩৯.৩৭ ইঞ্চি ⓑ ৩৬.৩৭ ইঞ্চি
ⓒ ৩৮.৩৭ ইঞ্চি ⓓ ৪৮.৩৭ ইঞ্চি
Hints : আমরা জানি, ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি।

73. −১ থেকে কত বিয়োগ করলে শূন্য হবে?
ⓐ +২ ⓑ −১ ⓒ +১ ⓓ ১
Hints : কোনো সংখ্যা থেকে ঐ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল শূন্য হয়। অর্থাৎ − ১ থেকে − ১ বিয়োগ করলে শূন্য হবে।

74. কোন সংখ্যার $\frac{১}{২}$-এর সাথে ৬ যোগ করলে $\frac{২}{৩}$ হবে?
ⓐ ৪৩ ⓑ ৬৩ ⓒ ৩৬ ⓓ ৫৫
Hints : ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\frac{x}{২}+৬=\frac{২x}{৩}$
$\Rightarrow \frac{x+১২}{২}=\frac{২x}{৩}$
$\Rightarrow ৪x = ৩x + ৩৬$
$\therefore x = ৩৬$

75. x^0 = কত?
ⓐ ১ ⓑ ০
ⓒ অসীম ⓓ এর ঘাতের উপর নির্ভরশীল
Hints : $x^0 = 1$

76. ১০ এর ৩০% কোন সংখ্যার ১০%?
ⓐ ১০ ⓑ ২০ ⓒ ৩০ ⓓ ৪০
Hints : ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $১০ \times \frac{৩০}{১০০} = x \times \frac{১০}{১০০}$
বা, $x = \frac{১০ \times ৩০ \times ১০০}{১০০ \times ১০}$
$\therefore x = ৩০$

77. $2^x + 2^x + 2^x + 2^x = 2^n$ হলে, n-এর প্রেক্ষিতে x-এর মান কত?
ⓐ n + 2 ⓑ n + 4 ⓒ 2^{x-2} ⓓ n − 2
Hints : $2^x + 2^x + 2^x + 2^x = 2^n$
$\Rightarrow 4.2^x = 2^n \Rightarrow 2^2.2^x = 2^n \Rightarrow 2^{x+2} = 2^n$
$\Rightarrow x + 2 = n \Rightarrow x = n - 2$

78. (x + 2) + 3 = 3 (x + 2) হলে, x-এর মান কত?
ⓐ $-\frac{১}{২}$ ⓑ $\frac{১}{২}$ ⓒ $\frac{১}{৩}$ ⓓ $\frac{২}{৩}$
Hints : $(x + 2) + 3 = 3 (x + 2)$
$\Rightarrow x + 2 + 3 = 3x + 6$
$\Rightarrow 3x - x = 5 - 6$
$\Rightarrow 2x = -1$
$\therefore x = -\frac{1}{2}$

79. ৮, ১১, ১৭, ২৯, ৫৩ ... পরবর্তী সংখ্যাটি কত?
ⓐ ১০১ ⓑ ১০৩ ⓒ ৭৫ ⓓ ৫৬
Hints : ৮ + ৩ = ১১
১১ + ৬ = ১৭
১৭ + ১২ = ২৯
২৯ + ২৪ = ৫৩
৫৩ + ৪৮ = ১০১

80. একটি সংখ্যা ৭৪২ থেকে যত বড়, ৮৩০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?
ⓐ ৯৬ ⓑ ৯৪ ⓒ ৪৪ ⓓ ৪৬
[Note : সংখ্যাটি $= \frac{৭৪২ + ৮৩০}{২} = ৭৮৬$ ।]

Ans.	
67	a
68	c
69	c
70	Note
71	b
72	a
73	b
74	c
75	a
76	c
77	d
78	a
79	a
80	Note

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

55. বাংলাদেশের দশ টাকার নোটে কোন মসজিদের ছবি রয়েছে?
ⓐ শাহ মাখদুম মসজিদ ⓑ কুসুম্বা মসজিদ
ⓒ বায়তুল মোকাররম ⓓ আতিয়া জামে মসজিদ
Hints : বাংলাদেশে ১০ টাকার নোট প্রচলন হয় ২ জুন ১৯৭২। ১০ টাকার বর্তমান নোটে বায়তুল মোকাররম মসজিদের ছবি ছাপা রয়েছে। উল্লেখ্য, বর্তমানে ৫ টাকার নোটে নওগাঁর কুসুম্বা মসজিদের ছবি রয়েছে।

56. টেলিভিশন আবিষ্কার করেন—
ⓐ এডিসন ⓑ ফ্যারাডে
ⓒ জন এল বেয়ার্ড ⓓ এফ বি মোর্স
Hints : ব্রিটিশ বিজ্ঞানী জন লগি বেয়ার্ড ১৯২৬ সালে প্রথম টেলিভিশন আবিষ্কার করেন। উল্লেখ্য, টমাস আলভা এডিসন বৈদ্যুতিক বাতি আবিষ্কার করেন।

57. ঢাকার প্রাচীন নাম কী?
ⓐ জাহাঙ্গীরনগর ⓑ ইসলামপুর
ⓒ সোনারগাঁ ⓓ ঢাকা
Hints : সুবাদার ইসলাম খান চিশতী সর্বপ্রথম ১৬১০ সালে ঢাকাকে বাংলার রাজধানীতে রূপান্তর করেন। তখন তিনি সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নাম রাখেন 'জাহাঙ্গীরনগর'।

58. 'সাগর কন্যা' কোন এলাকার ভৌগোলিক নাম?
ⓐ টেকনাফ ⓑ কক্সবাজার
ⓒ খুলনা ⓓ পটুয়াখালী
Hints : 'সাগর কন্যা' নামে পরিচিত কুয়াকাটা সমুদ্র সৈকত পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় অবস্থিত। এই সমুদ্র সৈকতের দৈর্ঘ্য ১৮ কিমি ও প্রস্থ ৩ কিমি। উল্লেখ্য, এই সমুদ্র সৈকতে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়।

59. কোনটি বেশি স্থিতিস্থাপক?
ⓐ ইস্পাত ⓑ রাবার ⓒ কাঁচ ⓓ পানি
Hints : আমরা জানি, স্থিতিস্থাপক গুণাঙ্ক = পীড়ন/বিকৃতি। অর্থাৎ যে সকল বস্তুর পীড়ন ও বিকৃতির অনুপাত বেশি, সে সকল বস্তুর স্থিতিস্থাপকতা বেশি। নির্দিষ্ট বিকৃতি সৃষ্টি করতে যে বস্তুকে যত বেশি বল প্রয়োগ করতে হয় সেই বস্তুর স্থিতিস্থাপকতা তত বেশি। একই আয়তনের রাবার ও ইস্পাতে সমান বিকৃতির জন্য অন্যান্য পদার্থের তুলনায় ইস্পাতে অনেক বেশি বল প্রয়োগ করতে হয়। তাই ইস্পাত অধিক স্থিতিস্থাপক।

60. জনশুমারি-২০২২ অনুযায়ী পল্লীভিত্তিক বসবাসকারী জনসংখ্যার মধ্যে জনসংখ্যার হার কত?
ⓐ ৬৮.৪৯% ⓑ ৩১.৫১%
ⓒ ৫৮.০১% ⓓ ৪৫.২১%
[Note : ৬ষ্ঠ জনশুমারী ও গৃহগণনা-২০২২ এর আনুষ্ঠানিক প্রতিবেদন অনুযায়ী, পল্লীভিত্তিক বসবাসকারী জনসংখ্যার হার ৬৮.৪৯%। উল্লেখ্য, জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী পল্লীভিত্তিক বসবাসকারী জনসংখ্যার হার ৬৮.৩৪%।]

61. May Allah help you–এটি কোন জাতীয় sentence?
ⓐ Exclamatory ⓑ Imperative
ⓒ Assertive ⓓ Optative
Hints : ইচ্ছা, প্রার্থনা কিংবা আকাঙ্ক্ষা প্রকাশে Optative sentence ব্যবহৃত হয়। Optative sentence-এর গঠন May/Wish + subject + verb$_1$ + extension.

62. It is I — who am to blame. শূন্যস্থানে কী বসবে?
ⓐ am ⓑ are ⓒ were ⓓ be
[Note : বাক্যটি ভুল আছে। সঠিক বাক্যটি হবে, It is I who — to blame. তখন শূন্যস্থানে am বসবে কারণ Relative pronoun যুক্ত বাক্যে Relative pronoun-এর পূর্বের Subject অনুযায়ী verb বসে তাই who-এর পূর্বের subject I অনুযায়ী am বসবে।

63. Runa as well as Jhuma — happy. শূন্যস্থানে কী বসবে?
ⓐ with ⓑ are ⓒ were ⓓ is
Hints : As well as, along with, together with, in addition to, among with, accompanied with প্রভৃতি দ্বারা দুটি subject যুক্ত থাকলে প্রথম subject অনুযায়ী verb হয়। এখানে প্রথম subject Runa singular হওয়ার কারণে singular verb is ব্যবহৃত হবে।

64. নিচের কোনটি singular number নয়?
ⓐ Agenda ⓑ datum
ⓒ every ⓓ each
Hints : Agendum-এর plural agenda অন্যদিকে, Datum, Each, Every singular number-কে নির্দেশ করে।

65. "A fair little girl sat under a tree"? এই বাক্যটির Preposition কোনটি?
ⓐ fair ⓑ little girl ⓒ under ⓓ tree
Hints : Preposition বাক্যে noun বা pronoun-এর পূর্বে বসে তার সাথে বাক্যের বাকি অংশের সম্পর্ক নির্দেশ করে। এখানে under শব্দটি tree (noun)-এর পূর্বে বসে preposition এর কাজ করছে।

66. নিচের কোনটির spelling সঠিক?
ⓐ Amateur ⓑ Amatuer
ⓒ Amatur ⓓ Ameteur
Hints : Amateur অর্থ হলো শুধু আনন্দের জন্য কোনো কাজ করা, পেশাদারিত্বের অংশ হিসেবে নয়।

Ans.	
56	c
57	a
58	d
59	a
60	Note
61	d
62	Note
63	d
64	a
65	c
66	a

67. নিম্নের কোনটি Relative pronoun?
ⓐ That ⓑ These ⓒ This ⓓ Their
Hints : Relative pronoun-গুলো দুটি পদ বা বাক্যের মধ্যে বসে এদের মাঝে সম্পর্ক নির্দেশ করে। That, which who, whom, whose, where প্রভৃতি Relative pronoun। অন্যদিকে, this, these, those প্রভৃতি demonstrative pronoun এবং their হলো possessive adjective।

68. The company A is independent — Y company. শূন্যস্থানে কী বসবে?
ⓐ from ⓑ at ⓒ of ⓓ in
Hints : Independent এর পর preposition of ও from দুটোই হয়। তবে বেশিরভাগ ক্ষেত্রেই of ব্যবহৃত হয়। অল্প কিছু ক্ষেত্রে from ব্যবহৃত হয়। যেমন : Bangladesh become independent from Pakistan in 1971.

69. Some days — since my father died. শূন্যস্থানে কী বসবে?
ⓐ are passed ⓑ passed
ⓒ have passed ⓓ had passed
Hints : Since দ্বারা যুক্ত দুটি clause-এর প্রথম clause-টি present indefinite বা present perfect tense হলে পরের clause-টি past indefinite tense হয়। আর প্রথম clause-টি past indefinite tense হলে পরের clause-টি past perfect tense হয়।

70. 'Heart' শব্দটি adjective রূপ কোনটি?
ⓐ Hearty ⓑ Hearten
ⓒ Heartening ⓓ Heartful
[Note : Heart শব্দটি Noun। এর Adjective hearty ও heartening দুটোই সঠিক। Hearten হলো verb।]

71. পরপর তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ১২০ হলে, তাদের যোগফল কত হবে?
ⓐ ৯০ ⓑ ১৫ ⓒ ৫২ ⓓ ৬৫
Hints : এখানে সংখ্যা তিনটি হতে পারে যথাক্রমে ১, ২, ৩; ২, ৩, ৪; ৩, ৪, ৫; ৪, ৫, ৬; ৫, ৬, ৭;..... এখানে দেখা যায় সংখ্যা তিনটি ৪, ৫, ৬ হলেই গুণফল ১২০ হয়। এগুলোর যোগফল = ৪ + ৫ + ৬ = ১৫।

72. এক মিটার সমান কত ইঞ্চি?
ⓐ ৩৯.৩৭ ইঞ্চি ⓑ ৩৬.৩৭ ইঞ্চি
ⓒ ৩৮.৩৭ ইঞ্চি ⓓ ৪৮.৩৭ ইঞ্চি
Hints : আমরা জানি, ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি।

73. – ১ থেকে কত বিয়োগ করলে শূন্য হবে?
ⓐ + ২ ⓑ – ১ ⓒ + ১ ⓓ ১
Hints : কোনো সংখ্যা থেকে ঐ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল শূন্য হয়। অর্থাৎ, – ১ থেকে – ১ বিয়োগ করলে শূন্য হবে।

74. কোন সংখ্যার $\frac{১}{২}$-এর সাথে ৬ যোগ করলে $\frac{১}{৩}$ হবে?
ⓐ ৪৩ ⓑ ৬৩ ⓒ ৩৬ ⓓ ৫৫
Hints : ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\frac{x}{২}+৬=\frac{১x}{৩}$
$\Rightarrow \frac{x+১২}{২}=\frac{১x}{৩}$
$\Rightarrow ৩x = ১x + ৩৬$
$\therefore x = ৩৬$

75. $x^{০}$ = কত?
ⓐ ১ ⓑ ০
ⓒ অসীম ⓓ এর মানের উপর নির্ভরশীল
Hints : $x^{০} = ১$

76. ১০ এর ৩০% কোন সংখ্যার ১০%?
ⓐ ১০ ⓑ ২০ ⓒ ৩০ ⓓ ৪০
Hints : ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $১০ \times \frac{৩০}{১০০} = x \times \frac{১০}{১০০}$
বা, $x = \frac{১০ \times ৩০ \times ১০০}{১০০ \times ১০}$
$\therefore x = ৩০$

77. $২^{১} + ২^{২} + ২^{৩} + ২^{৪} = ২^{n}$ হলে, n-এর প্রেক্ষিতে x-এর মান কত?
ⓐ n + 2 ⓑ n + 4 ⓒ $২^{n-২}$ ⓓ n – 2
Hints : $২^{১} + ২^{২} + ২^{৩} + ২^{৪} = ২^{n}$
$\Rightarrow ৪.২^{১} = ২^{n} \Rightarrow ২^{২}.২^{১} = ২^{n} \Rightarrow ২^{১+২} = ২^{n}$
$\Rightarrow x + 2 = n \Rightarrow x = n - 2$

78. $(x + 2) + 3 = 3 (x + 2)$ হলে, x-এর মান কত?
ⓐ $-\frac{১}{২}$ ⓑ $\frac{১}{৩}$ ⓒ $\frac{১}{৬}$ ⓓ $\frac{১}{৩}$
Hints : $(x + 2) + 3 = 3 (x + 2)$
$\Rightarrow x + 2 + 3 = 3x + 6$
$\Rightarrow 3x - x = 5 - 6$
$\Rightarrow 2x = -1$
$\therefore x = -\frac{১}{২}$

79. ৮, ১১, ১৭, ২৯, ৫৩ ... পরবর্তী সংখ্যাটি কত?
ⓐ ১০১ ⓑ ১০৩ ⓒ ৭৫ ⓓ ৫৬
Hints : ৮ + ৩ = ১১
১১ + ৬ = ১৭
১৭ + ১২ = ২৯
২৯ + ২৪ = ৫৩
৫৩ + ৪৮ = ১০১

80. একটি সংখ্যা ৭৪২ থেকে যত বড়, ৮৩০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?
ⓐ ৯৬ ⓑ ৯৪ ⓒ ৪৪ ⓓ ৪৬
[Note : সংখ্যাটি $= \frac{৭৪২ + ৮৩০}{২} = ৭৮৬$।]

Ans.	
67	a
68	c
69	c
70	Note
71	b
72	a
73	b
74	c
75	a
76	c
77	d
78	a
79	a
80	Note

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

GRAMEEN BANK
TRAINEE CENTER MANGER 2023
Examination Held On : 17.02.2023

[প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

ক. বহুনির্বাচনি প্রশ্ন : প্রতিটি প্রশ্নের মান-১

১. **The poem 'Visions of the Past' is written by—**
ⓚ Lord Byron
ⓛ Michael Madhusudan Dutt
ⓜ William Blake
ⓝ Rabindranath Tagore
Hints : *মাইকেল মধুসূদন দত্তের ইংরেজি ভাষায় রচিত কবিতা Visions of the Past এবং কাব্যগ্রন্থ The Captive Lady।*

২. **Meaning of WARRIOR is—**
ⓚ Soldier ⓛ Sailor
ⓜ Pirate ⓝ Spy
Hints : *Warrior শব্দের অর্থ যোদ্ধা (soldier)। Sailor অর্থ নাবিক; pirate-জলদস্যু; spy-গুপ্তচর।*

৩. **Are you attending — reception today?**
ⓚ a ⓛ an
ⓜ the ⓝ no article
Hints : *কোনো কিছুকে নির্দিষ্ট করে বোঝাতে preposition হিসেবে the বসে।*

৪. **An antonym of the word 'Equivocal' is—**
ⓚ Remain steady ⓛ Unambiguous
ⓜ Unnecessary ⓝ Suppress
Hints : *Equivocal অর্থ দ্ব্যর্থবোধক, যার antonym হচ্ছে unambiguous (দ্ব্যর্থহীন)।*

৫. **The man is true — his word.**
ⓚ to ⓛ with
ⓜ about ⓝ for
Hints : *'কোনো কথায় দৃঢ়প্রতিজ্ঞ থাকা' অর্থে true-এর পরে preposition হিসেবে to বসে।*

৬. **The quote 'All that glitters is not gold' is from which play of Shakespeare?**
ⓚ The Merchant of Venice ⓛ Romeo and Juliet
ⓜ Hamlet ⓝ Othello
Hints : *'All that glitters is not gold' উক্তিটি William Shakespeare-এর নাটক 'The Merchant of Venice' থেকে চয়ন করা হয়েছে। এই নাটকের প্রধান চরিত্র Portia, Shylock, Antonio, Bassanio। এ নাটকের setting বা ঘটনাস্থল হলো Venice, Italy। এই নাটকের বিখ্যাত কিছু উক্তি– 'Love is blind', 'It is a wise father who knows his own child'।*

৭. **'Hold water' means—**
ⓚ keep water ⓛ bear examination
ⓜ drink water ⓝ store water
Hints : *'Hold water' idiom-টির অর্থ bear examination (ধোপে টেকা/কার্যকরী হওয়া)।*

৮. **'বাতিটি নিভাও' Choose the correct translation.**
ⓚ Put on the lamp ⓛ Put out the lamp
ⓜ Put off the lamp ⓝ Put up the lamp
Hints : *Put out অর্থ (বাতি) নিভানো। তাই সঠিক উত্তর (খ)।*

৯. **A place where everything is perfect.**
ⓚ Cosmos ⓛ Platoon
ⓜ Utopia ⓝ Utilitarian
Hints : *Utopia বলতে এমন এক কাল্পনিক স্বর্গরাজ্যকে বোঝায়, যেখানে সমস্ত কিছু ধ্যানধারণাগত, যার বাস্তবে অস্তিত্ব অসম্ভব।*

১০. **The dog is running — the fox. Here the right word for the gap is—**
ⓚ at ⓛ for ⓜ to ⓝ off
Hints : *'Run at' phrasal verb-টির অর্থ আক্রমণ করা।*

১১. **'অথৈ জল' শব্দটির বাগধারা কী?**
ⓚ সাংঘাতিক ⓛ আর্তি
ⓜ ভীষণ বিপদ ⓝ অকেজো
Hints : *'অথৈ জল' বাগধারাটির অর্থ ভীষণ বিপদ। এছাড়া 'অগ্নিশর্মা' অর্থ সাংঘাতিক ক্ষিপ্ত।*

১২. **কোন দেশের রাজধানী নেই?**
ⓚ সুইজারল্যান্ড ⓛ নাউরু
ⓜ ইথিওপিয়া ⓝ কোরিয়া
Hints : *নাউরু প্রজাতন্ত্র মাইক্রোনেশিয়া অঞ্চলে একটি ক্ষুদ্র দ্বীপরাষ্ট্র। নাউরুর কোনো অফিসিয়াল রাজধানী নেই, তবে দেশটির সরকারি অফিসসমূহ ইয়ারেন শহরে অবস্থিত। অন্যদিকে, সুইজারল্যান্ড ইথিওপিয়া ও দক্ষিণ কোরিয়ার রাজধানী যথাক্রমে বার্ন, আদ্দিস আবাবা ও সিউল।*

Ans.
০১ খ
০২ ক
০৩ গ
০৪ খ
০৫ ক
০৬ ক
০৭ খ
০৮ খ
০৯ গ
১০ ক
১১ গ
১২ খ

১৩. **'প্রদীপ নিভে গেল'– বাক্যটি কোন কালের?**
ⓚ নিত্যবৃত্ত অতীত ⓛ সাধারণ অতীত
ⓜ পুরাঘটিত অতীত ⓝ ঘটমান অতীত
Hints : *অতীতকালে যে কাজ সম্পন্ন হয়ে গিয়েছে তাকে সাধারণ অতীতকাল বলে। যেমন : প্রদীপ নিভে গেল। প্রদত্ত বাক্যে 'গেল' ক্রিয়ার মাধ্যমে পূর্বেই কাজের সমাপ্তি নির্দেশ করে।*

১৪. **'ক্ষান্তি আমার ক্ষমা করো প্রভু' গানটির রচয়িতা কে?**
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓜ হাছন রাজা ⓝ লালন শাহ
Hints : *'ক্ষান্তি আমার ক্ষমা করো প্রভু' গানটির রচয়িতা হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। 'সময় গেলে সাধন হবে না' 'পাগল ছাড়া দুনিয়া চলে না' গানের রচয়িতা ফকির লালন শাহ। 'রমজানের ওই রোজার শেষে এলো খুশির ঈদ' গানটির রচয়িতা কাজী নজরুল ইসলাম।*

১৫. **বাংলাদেশের সবচেয়ে বড় নদীবন্দর কোনটি?**
ⓚ বরিশাল ⓛ খুলনা
ⓜ নারায়ণগঞ্জ ⓝ ভৈরব
Hints : *বাংলাদেশের সবচেয়ে বড় নদীবন্দর নারায়ণগঞ্জ। এটি শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত। উল্লেখ্য, দেশে মোট নদীবন্দর ৪৬টি (সর্বশেষ সুলতানগঞ্জ নদীবন্দর, রাজশাহী)।*

১৬. **নিচের কোনটি ড. মুহাম্মদ শহীদুল্লাহ্-এর রচনা নয়?**
ⓚ বাংলা ব্যাকরণ ⓛ পথ্য প্রদান
ⓜ বাংলা সাহিত্যের কথা ⓝ ভাষা ও সাহিত্য
Hints : *রাজা রামমোহন রায় রচিত গ্রন্থ 'পথ্য প্রদান' (১৮২৩)। ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত বাংলা ভাষা ও সাহিত্যবিষয়ক গবেষণা গ্রন্থ 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড-১৯৫৩, ২য় খণ্ড-১৯৬৫), 'আঞ্চলিক ভাষার অভিধান' (১৯৬৫), 'ভাষা ও সাহিত্য' (১৯৩১), 'বাংলা ব্যাকরণ' (১৯৩৬), 'বাংলা সাহিত্যের ইতিহাস' (১৯৫৭), 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' (১৯৫৯)।*

১৭. **নিচের কোনটি Non-Scheduled ব্যাংক নয়?**
ⓚ Grameen Bank
ⓛ Ansar VDP Unnayan Bank
ⓜ Probashi Kollayan Bank
ⓝ Karmashangsthan Bank
Hints : *যে সকল ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের তালিকায় অন্তর্ভুক্ত নয় তাদেরকে Non-Scheduled বা অ-তফসিলি ব্যাংক বলে। অ-তফসিলি ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়মনীতি মেনে চলে না। কয়েকটি Non-Scheduled ব্যাংক হলো– পল্লী সঞ্চয় ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, গ্রামীণ ব্যাংক ও আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক। অন্যদিকে, প্রবাসী কল্যাণ ব্যাংক হলো রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত তফসিলি ব্যাংক।*

১৮. **'ছন্দের জাদুকর' নিচের কে ছিলেন?**
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ সমর সেন
ⓜ সত্যেন্দ্রনাথ দত্ত ⓝ জসীমউদ্দীন
Hints : *সত্যেন্দ্রনাথ দত্ত বাংলা সাহিত্যে 'ছন্দের জাদুকর' হিসেবে পরিচিত। তাছাড়া, জসিমউদ্দীন, কাজী নজরুল ইসলাম, সমর সেন যথাক্রমে পল্লীকবি, বিদ্রোহী কবি এবং আধুনিক যুগের নাগরিক কবি হিসেবে পরিচিত।*

১৯. **Gigabyte is equal to—**
ⓚ 1024 megabytes ⓛ 1000 megabytes
ⓜ 2024 kilobytes ⓝ 1024 bits
Hints : *কম্পিউটার মেমোরিতে ডেটা সংরক্ষণের পরিমাণকে মেমোরির ধারণ ক্ষমতা বলে। ১ গিগাবাইট = ১০২৪ মেগাবাইট।*

২০. **Central Processing Unit (CPU) consists of—**
ⓚ control unit ⓛ arithmetic and logic unit
ⓜ main store ⓝ all of the above
[Note : *কম্পিউটারের যে অংশ Data processing-এর কাজ করে থাকে তাকে Central Processing Unit (CPU) বলে। CPU তিনটি অংশ নিয়ে গঠিত। যথা : (i) Arithmetic Logic Unit (ALU), (ii) Control Unit and (iii) Register. অপশনের (ক) ও (খ) দুটি উত্তরই সঠিক।]*

২১. $\frac{x}{y}$ **এর সাথে কত যোগ করলে** $\frac{y}{x}$ **হবে?**
ⓚ $\frac{x^2-y^2}{xy}$ ⓛ $\frac{2x^2-y^2}{xy}$
ⓜ $\frac{y^2-x^2}{xy}$ ⓝ $\frac{x^2-2y^2}{xy}$
Hints : $\frac{y}{x}-\frac{x}{y}=\frac{y^2-x^2}{xy}$

২২. **যদি x = 12 তবে নিচের কোনটির মান সর্বোচ্চ?**
ⓚ $(x-3)$ ⓛ $(x-7)(x-9)$
ⓜ $(x-7)(x-8)$ ⓝ $(x-5)(x-3)$
Hints : $x = 12$ হলে,
(ক) $x-3 = 12-3 = 9$
(খ) $(x-7)(x-9) = (12-7)(12-9) = 5.3 = 15$
(গ) $(x-7)(x-8) = (12-7)(12-8) = 5.4 = 20$
(ঘ) $(x-5)(x-3) = (12-5)(12-3) = 7.9 = 63$ *(যা সর্বোচ্চ)*

২৩. **তিন জনের গড় বয়স ২৪ বছর। যদি কোনো একজনেরও বয়স ২১ বছরের নিচে না হয় তবে তাদের কোনো একজনের বয়স সর্বোচ্চ কত হতে পারে?**
ⓚ ২৫ বছর ⓛ ৩০ বছর
ⓜ ২৮ বছর ⓝ ৩২ বছর

Ans.
১৩ খ
১৪ খ
১৫ গ
১৬ খ
১৭ গ
১৮ গ
১৯ ক
২০ Note
২১ গ
২২ ঘ
২৩ খ

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

Hints : দেওয়া আছে,
৩ জনের গড় বয়স = ২৪ বছর
∴ ৩ " মোট " = (২৪ × ৩) "
= ৭২ বছর
আবার, ২ জনের প্রত্যেকের বয়স ২১ বছর হলে,
মোট বয়স = (২১ × ২) বছর
= ৪২ বছর
∴ এক জনের সর্বোচ্চ বয়স = (৭২ − ৪২) বছর
= ৩০ বছর।

২৪. একজন শ্রমিক প্রতিদিন প্রথম ৮ ঘণ্টা কাজ করার জন্য ১০ টাকা করে এবং পরবর্তী সময়ের জন্য ঘণ্টায় ১৫ টাকা করে মজুরি পায়। দৈনিক ১০ ঘণ্টা করে কাজ করলে তার ঘণ্টা প্রতি গড় মজুরি কত?
ক ১১ টাকা খ ১২ টাকা
গ ১২.৫০ টাকা ঘ ১৩ টাকা

Hints : ১০ ঘণ্টা কাজের জন্য মজুরি পায় = (৮ × ১০) + (২ × ১৫) টাকা
= (৮০ + ৩০) "
= ১১০ টাকা
∴ ঘণ্টা প্রতি গড় মজুরি = $\frac{১১০}{১০}$ = ১১ টাকা।

২৫. ১ মিটার সমান কত ইঞ্চি?
ক ৩৭.৩৯ ইঞ্চি খ ৩৯.৩৭ ইঞ্চি
গ ৩৯.৪৭ ইঞ্চি ঘ ৩৮.৫৫ ইঞ্চি

Hints : আমরা জানি, ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি।

২৬. একটি নির্দিষ্ট প্রজাতির ব্যাকটেরিয়া প্রতি আধা ঘণ্টা অন্তর দ্বিগুণ হয়। সকাল ১০.০০ টার সময় ব্যাকটেরিয়ার সংখ্যা ৩,০০,০০০ থাকলে সকাল ১১.৩০ মিনিটে ব্যাকটেরিয়ার সংখ্যা কত হবে?
ক ৪৮,০০,০০০ খ ২৪,০০,০০০
গ ১৬,০০,০০০ ঘ ১২,০০,০০০

Hints : দেওয়া আছে,
প্রতি ৩০ মিনিটে ব্যাকটেরিয়ার সংখ্যা দ্বিগুণ হয়
∴ ১০.০০ টার সময় ব্যাকটেরিয়ার সংখ্যা ৩,০০,০০০
তাহলে, ১০.৩০ " " " " ৬,০০,০০০
১১.০০ " " " " ১২,০০,০০০
১১.৩০ " " " " ২৪,০০,০০০

২৭. ১০ টাকায় ৫টি করে কিনে ১৫ টাকায় ৬টি করে বিক্রয় করলে শতকরা লাভ কত?
ক ৫০% খ ৪০%
গ ২৫% ঘ ৩৫%

Hints : ১টির ক্রয়মূল্য = $\frac{১০}{৫}$ = ২ টাকা
আবার, ১টির বিক্রয়মূল্য = $\frac{১৫}{৬} = \frac{৫}{২}$ টাকা
∴ লাভ = $\frac{৫}{২} - ২ = \frac{৫-৪}{২} = \frac{১}{২}$ টাকা
∴ শতকরা লাভ = $\frac{\frac{১}{২}}{২} \times ১০০\% = \frac{১}{৪} \times ১০০\% = ২৫\%$

২৮. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত?
ক ৪৯৯৯ খ ৫৫০১
গ ৫০৫০ ঘ ৫০০১

Hints : আমরা জানি,
স্বাভাবিক সংখ্যার যোগফল = $\frac{n(n+১)}{২}$
∴ ১ + ২ + ৩ + ... + ১০০ = $\frac{১০০(১০০+১)}{২}$
= $\frac{১০০ \times ১০১}{২}$
= ৫০৫০

২৯. একটি সংখ্যা ৬৫০ হতে যত বড় ৮২০ হতে তত ছোট। সংখ্যাটি কত?
ক ৭৩০ খ ৮৩৫
গ ৮০০ ঘ ৭৩৫

Hints : সংখ্যাটি = $\frac{৮২০ + ৬৫০}{২} = \frac{১৪৭০}{২}$ = ৭৩৫

৩০. করিম ও রহিম এর বেতনের অনুপাত ৭ : ৫ করিমের বেতন রহিমের বেতন অপেক্ষা ৪০০ টাকা বেশি। রহিমের বেতন কত?
ক ৯০০ টাকা খ ১০০০ টাকা
গ ১১০০ টাকা ঘ ১৬০০ টাকা

Hints : ধরি, করিমের বেতন = ৭x টাকা
এবং রহিমের " = ৫x "
প্রশ্নমতে, ৭x − ৫x = ৪০০
⇒ ২x = ৪০০
∴ x = ২০০
∴ রহিমের বেতন = ৫ × ২০০ = ১০০০ টাকা।

Ans.

২৪	ক
২৫	খ
২৬	খ
২৭	গ
২৮	গ
২৯	ঘ
৩০	খ

খ. লিখিত অংশ : প্রতিটি প্রশ্নের মান-১০

১. 'আমাদের দেশের উন্নয়নের মূল অন্তরায় দুর্নীতি'- উক্তিটির ওপর তোমার মতামত ব্যক্ত কর।
২. 'গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে গ্রামীণ ব্যাংকের ভূমিকা' বিষয়ের ওপর আলোচনা কর।

Part–02
Recent Bank (Written)

- Government Bank
- Private Bank

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

BANKERS' SELECTION COMMITTEE (BSC)

10 GOVT. BANKS

SBL ◗ JBL ◗ ABL ◗ RBL ◗ BDBL ◗ BKB ◗ BHBFC ◗ PKB ◗ Karmasangsthan ◗ ICB

Senior Officer (General) 2023

Examination Held On : 08.12.2023; Time : 2 Hours; Total Marks : 100

Section-A : Written in English (Qs. 1-2)

1. **Write an essay on "Diversifying export base readymade garments to create more jobs and earn more export revenues" within 250 (+/- 10%) words.**

'Diversifying export base readymade garments to create more jobs and earn more export revenues'

Introduction: For many years, Bangladesh has been renowned for its strong ready-made garments (RMG) sector, which has supported the nation's export economy and greatly increased employment and economic growth. It has recently attempted to diversify its export base in order to sustain long-term growth and resilience in the face of global economic uncertainties. Aside from RMG, industries such as agriculture, information technology, pharmaceuticals, tourism, and light engineering have unexplored opportunities for employment creation and greater export revenues.

Diversification for sustainable development: Diversifying the export base beyond RMG is essential for Bangladesh's sustainable development for several reasons. It reduces the country's vulnerability to external shocks, such as changes in international demand, fluctuations in commodity prices, or disruptions in supply chains. Again, expanding into new sectors creates opportunities for technological advancement, skill development, and innovation, fostering a more dynamic and resilient economy.

Job creation: One potential sector for diversification is agriculture. Bangladesh has a rich agricultural heritage, and the sector has the potential to create a significant number of jobs, particularly in rural areas. The government can provide support to farmers through initiatives such as training, credit facilities, and marketing assistance, which can help them to increase their productivity and exports.

Another potential sector for diversification is IT and software. Bangladesh has a growing pool of skilled IT professionals, and the government can provide support to this sector by investing in infrastructure such as high-speed internet and IT park. Bangladesh can also explore opportunities in other areas such as pharmaceuticals, biotechnology, and renewable energy.

Strategies for diversification: To realize the potential of export diversification, strategic interventions are essential. This includes policy support, infrastructure development, skills enhancement, market exploration, and research investment. Collaborative efforts between government, industry, and academia can drive innovation and competitiveness across sectors.

Conclusion: Diversifying the export base beyond readymade garments is essential for Bangladesh's economic growth and development. By exploiting the potential of multiple industries, Bangladesh may limit risks, generate jobs, and unleash new revenue streams, positioning itself as a diverse export economy prepared for global success.

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

2. **Write your views as to "Why do you think that your quantitative skills, English and Bangla proficiency, cultural realia and politeness are fit for appointing yourself to the post of Senior Officer of a bank?"**

Ans : Since I have applied for the post of 'Senior Officer'. I think the quality related to this post belong to me. In terms of quantitative skills, I have a strong understanding of financial analysis and risk assessment, which has been polished through rigorous study and practical experience. This skill enables me to make informed judgements, manage financial portfolios effectively and recognize potential dangers in the banking industry. In terms of language competence, I am fluent in both English and Bangla allowing me to communicate with a broad range of clients and coworkers. Additionally, I know how important it is to always act politely, whether interacting with clients or coworkers. I have participated in many extra-curricular activities like poem recitation, acting in my school and college life. So I'm confident that I can use these strength to effectively contribute to the bank's goals and maintain its reputation for excellence.

Section-B : Focus Writing in Bangla (Qs. 3-4)

3. **"বাংলাদেশে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের কাগুজে স্বীকৃতির বাস্তব প্রতিফলন"-এর উপর একটি বাংলায় রচনা লিখুন ২৫০ (± ১০%) শব্দের মধ্যে।**

বাংলাদেশে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের কাগুজে স্বীকৃতির বাস্তব প্রতিফলন

ভূমিকা : পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। নারীরা এখন আর শুধু অন্তঃপুরবাসী নয়, বরং তারা উন্নয়নে পুরুষের সম অংশীদারিত্বের দাবি রাখে। অথচ বাংলাদেশের নারীসমাজ যুগ যুগ ধরে শোষিত ও অবহেলিত হয়ে আসছে। পুরুষশাসিত সমাজব্যবস্থায় ধর্মীয় গোঁড়ামি, সামাজিক কুসংস্কার, নিপীড়ন ও বৈষম্যের বেড়াজালে নারীদের সর্বদা রাখা হয়েছে অবদমিত। তাদের মেধা ও শ্রমশক্তিকে সমাজ ও দেশ গঠনে সম্পৃক্ত করা হয়নি। নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে গ্রহণ করা হয়নি কোনো বাস্তব পদক্ষেপ। অথচ মানুষের মৌলিক প্রয়োজনগুলো পূরণ করতেও পুরুষের পাশাপাশি সহায়তা করে নারী। এটি কোনো একমুখী প্রক্রিয়া নয় বরং দ্বিপাক্ষিক প্রক্রিয়া।

নারী উন্নয়ন ও ক্ষমতায়ন : নারী উন্নয়ন ও ক্ষমতায়ন বলতে বোঝায় ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাজনৈতিক ইত্যাদি ক্ষেত্রে ব্যক্তির অধিকার এবং রাষ্ট্রীয় ও সামাজিক সর্বজনীনতা সংরক্ষণ করে আত্মশক্তিতে বলীয়ান হয়ে নারীর স্বাধীন ও সার্বভৌম সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিশ্চিত করা। দেশের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে নারীর সার্বিক উন্নয়ন ও ক্ষমতায়ন নিশ্চিত করা প্রয়োজন।

বাংলাদেশের সংবিধানে নারী : ব্রিটিশ ভারতীয় উপমহাদেশে নারী জাগরণের বিষয়টি যেমন বাস্তবসম্মত ছিল তদ্রূপ বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী সময়ে নারী অধিকারের বিষয়টি সময়ের দাবি হয়ে দাঁড়ায়। তাই এ দেশের জাতীয় উৎপাদনে নারীর অংশগ্রহণ আবশ্যক হয়ে ওঠে। এ প্রেক্ষাপটে ১৯৭২ সালে নবগঠিত রাষ্ট্র বাংলাদেশের সংবিধানে নারীর অধিকার ও মৌলিক স্বাধীনতা নিশ্চিত করার বিধান সন্নিবেশিত হয়। সংবিধানের ২৮(১) ধারায় উল্লেখ করা হয়েছে, 'কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ ভেদে বা জন্মস্থানের কারণে কোনো নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না।' ২৮(২) ধারায় বলা হয়েছে, 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করবেন।' ২৮(৩)-এ উল্লেখ আছে, 'কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ ভেদে বা বিশ্রামের কারণে জনসাধারণের কোনো বিনোদন বা বিশ্রামের স্থানে প্রবেশের কিংবা কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির বিষয়ে কোনো নাগরিককে কোনোরূপ অক্ষমতা, বাধ্যবাধকতা, বাধা বা শর্তের অধীন করা যাবে না।' ২৮(৪)-এ উল্লেখ আছে, 'নারী বা শিশুদের অনুকূল কিংবা নাগরিকদের কোনো অনগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান প্রণয়ন হতে এই অনুচ্ছেদের কোনো কিছুই রাষ্ট্রকে নিবৃত্ত করবে না।' ২৯(১)-এ রয়েছে, 'প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ লাভের ক্ষেত্রে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা থাকবে।' ৬৫(৩) ধারায় নারীর জন্য জাতীয় সংসদে আসন সংরক্ষিত রাখা হয়েছে এবং এ ধারার অধীনে স্থানীয় শাসনসংক্রান্ত প্রতিষ্ঠানসমূহে নারীর প্রতিনিধিত্ব নিশ্চিত করা হয়েছে।

বাংলাদেশে নারী উন্নয়ন ও ক্ষমতায়নে গৃহীত পদক্ষেপসমূহ

i. **উন্নয়ন পরিকল্পনা :** ১৯৭২ সালে রচিত সংবিধানে নারী-পুরুষের সমান অধিকার নিশ্চিত করা হয়। শুধু সংবিধানে নয়, বাস্তব জীবনের সর্বক্ষেত্রে নারী-পুরুষের অংশগ্রহণ ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে বাস্তব পদক্ষেপ নিয়ে বর্তমান সরকারের লক্ষ্য হলো নারীসমাজের অধিকার প্রতিষ্ঠাসহ সমাজের সকল স্তরে নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা। স্বাধীনতা সংগ্রামে যে সকল নারী অবদান রেখেছেন ও ক্ষতিগ্রস্ত হয়েছিলেন, সেসব নারীর পুনর্বাসন ও ক্ষমতায়নের লক্ষ্যে ১৯৭২ সালে বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড গঠন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব সরকার। সে সময় ১৯টি জেলা ও ২৭টি মহকুমাসহ মোট ৬৪টি কেন্দ্রের মাধ্যমে নারী উন্নয়ন কর্মসূচি শুরু হয়।

নারী পুনর্বাসন বোর্ডের দায়িত্ব ও কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় ১৯৭৪ সালে এ বোর্ড বৃহত্তর কলেবরে পুনর্গঠিত করে সংসদের একটি অ্যাক্ট-এর মাধ্যমে নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে রূপান্তরিত করা হয়। ফাউন্ডেশনের বহুবিধ কার্যক্রমের মধ্যে অন্যতম ছিল : ১. দেশের সকল জেলা ও মহকুমায় নারী উন্নয়নের লক্ষ্যে ভৌত অবকাঠামো গড়ে তোলা; ২. নারীর ব্যাপক কর্মসংস্থানের লক্ষ্যে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান; ৩. নারীকে উৎপাদনমুখী কর্মকাণ্ডে নিয়োজিত করে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র স্থাপন করা; ৪. উৎপাদন ও প্রশিক্ষণ কাজে নিয়োজিত নারীর জন্য দিবাযত্ন সুবিধা প্রদান করা; ৫. যুদ্ধে ক্ষতিগ্রস্ত নারীদের চিকিৎসা প্রদান করা এবং ৬. মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত নারীর ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য বৃত্তিপ্রথা চালু করা।

অনুরূপভাবে দ্বিবার্ষিক পরিকল্পনায়ও (১৯৭৮-৮০) নারীর কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধি কর্মসূচি গ্রহণ করা হয়। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও (১৯৮৫-৯০) একই কর্মসূচি গৃহীত হয়। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৯০-৯৫) নারী উন্নয়নকে সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের অংশ হিসেবে চিহ্নিত করে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণের লক্ষ্যে আন্তঃখাত উদ্যোগ গৃহীত হয়।

ii. **সাংগঠনিক ও প্রাতিষ্ঠানিক উত্তরণ :** নারী উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ১৯৭৪ সালে 'বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ডকে' নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে রূপান্তরিত করার পর নারী উন্নয়নে নীতি নির্ধারণের লক্ষ্যে ১৯৭৮ সালে মহিলাবিষয়ক স্বতন্ত্র মন্ত্রণালয় গঠন করে। এছাড়া ১৯৭৬ সালে সরকারি রেজুলেশনবলে জাতীয় মহিলা সংস্থা গঠিত হয় এবং ১৯৯১ সালে জাতীয় মহিলা সংস্থাকে বিধিবদ্ধ প্রতিষ্ঠানে পরিণত করা হয়। সরকারের গৃহীত নারী উন্নয়ন কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে ১৯৮৪ সালে মহিলাবিষয়ক পরিদপ্তর গঠিত হয় এবং ১৯৯০ সালে এ পরিদপ্তরকে মহিলা বিষয়ক অধিদপ্তরে উন্নীত করা হয়। এছাড়া ১৯৭৬ সালে শিশুদের সার্বিক উন্নয়নে বাংলাদেশ শিশু একাডেমী প্রতিষ্ঠা করা হয়। ১৯৯৪ সালে শিশু বিষয়কে অন্তর্ভুক্ত করে মহিলাবিষয়ক মন্ত্রণালয়ের নামকরণ করা হয় 'মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়'।

১৯৯০ সালের পর থেকে মন্ত্রণালয়ের দায়িত্ব জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বৃদ্ধি পেতে থাকে এবং ১৯৯৪ সালের ৫ মার্চ থেকে শিশুবিষয়ক, ১৯৯৫ সালে বেইজিং কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং ১৯৯৬ সালে বিশ্ব খাদ্য কর্মসূচি মন্ত্রণালয়ের ওপর ন্যস্ত হয়। এছাড়াও মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় যেসব অতিরিক্ত দায়িত্ব পালন করে তা হলো : ক. নারীসমাজকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণ, খ. নারীর প্রতি বৈষম্য দূরীকরণ সনদ (সিডো) বাস্তবায়ন এবং নিয়মিতভাবে জাতিসংঘে প্রতিবেদন প্রেরণ, গ. মহিলাবিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ জাতীয় মহিলা সংস্থার বিষয়াদি, ঘ. শিশু অধিকার সনদ (সিআরসি) বাস্তবায়ন ও জাতিসংঘে প্রতিবেদন প্রেরণ, ঙ. জাতীয় শিশুনীতি প্রণয়ন ও বাস্তবায়ন, চ. বিশ্বখাদ্য কর্মসূচি বাস্তবায়ন। নারীর অধিকার প্রতিষ্ঠা ও নারী নির্যাতন প্রতিরোধকল্পে আন্তঃমন্ত্রণালয় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি গঠিত হয়েছে। নারী ও মেয়ে শিশু নির্যাতন প্রতিরোধের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কেন্দ্রীয় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থায় নারী ও শিশু নির্যাতন সেল এবং জেলা, থানা ও ইউনিয়ন পর্যায়ে নারী নির্যাতন প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে।

iii. **আইনি পদক্ষেপ :** বাংলাদেশে নারী ও মেয়ে শিশুর প্রতি নির্যাতন রোধকল্পে কতিপয় প্রচলিত আইনের সংশোধন ও নতুন আইন প্রণীত হয়েছে। এসব আইনের মধ্যে উল্লেখযোগ্য হলো মুসলিম পারিবারিক আইন, যৌতুক নিরোধ আইন, বাল্যবিবাহ রোধ আইন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ (বিশেষ বিধান) আইন প্রভৃতি। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনগত সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য নারী নির্যাতন প্রতিরোধ সেল, নির্যাতিত নারীদের জন্য পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা হয়েছে। তাছাড়া আইনজীবীর ফি ও অন্যান্য খরচ বহনে সহায়তা দানের উদ্দেশ্যে জেলা ও সেশন জজের অধীনে নির্যাতিত নারীদের জন্য একটি তহবিল রয়েছে।

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

iv. **প্রশাসনিক ও রাজনৈতিক ক্ষমতায়ন :** ১৯৭২ সালে শেখ মুজিবুর রহমান সরকার নারীর প্রশাসনিক ক্ষমতায়ন, সিদ্ধান্ত গ্রহণের পর্যায়ে নারীর অন্তর্ভুক্তি তথা উন্নয়নের মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্ত করার প্রথম উদ্যোগ গ্রহণ করে। সরকারি চাকরিতে দশ ভাগ কোটা নারীর জন্য সংরক্ষণ করা হয়। ১৯৭৩ সালে দুজন নারীকে মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা হয় এবং ১৯৭৪ সালে একজন নারীকে বাংলা একাডেমির মহাপরিচালক নিয়োগ করা হয়। বর্তমান সরকারের মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী ছাড়া ৭ জন নারী (মার্চ ২০২৪ পর্যন্ত) রয়েছেন। বর্তমানে প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পিকার, বিরোধী দলীয় নেতা ও সরকার দলীয় উপনেতা চারজনই নারী। ৭ জানুয়ারি ২০২৪ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সরকারি ও বিরোধী দলসহ ৩৫০টি আসনের মধ্যে ৭০টি আসনে নারীরা জয়লাভ করে, যেখানে ২০ জন নির্বাচিত আর ৫০ জন সংরক্ষিত আসনে মনোনীত। ইউনিয়ন পরিষদের ১২টি সদস্যপদের মধ্যে ৯টিতে সরাসরি নির্বাচনে অংশগ্রহণের সুযোগ রাখাসহ সংরক্ষিত ৩টি আসনে নারীর প্রতিযোগিতার সুযোগ রাখা হয়েছে। তৎকালীন আওয়ামী সরকারের আমলে (বর্তমানে ক্ষমতাসীন) যেসব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া হয় তার মধ্যে রয়েছে ইউনিয়ন পরিষদের মহিলাদের সংরক্ষিত আসনে সরাসরি ভোটে নির্বাচন। ২০২১ ও ২০২২ সালের দশম ইউপি নির্বাচনে বহু নারী সরাসরি ভোটে চেয়ারম্যান ও মেম্বার নির্বাচিত হয়েছেন। গ্রাম পরিষদেও ৩০% নারীর অংশগ্রহণ সংরক্ষণ করা হয়েছে। একইভাবে উপজেলা ও জেলা পরিষদে ৩০% মহিলা নির্বাচিত হয়। ২০১৬ সালে প্রথমবারের মতো অনুষ্ঠিত জেলা পরিষদ নির্বাচনেও রংপুর জেলা থেকে প্রথম নারী হিসেবে ছাফিয়া খানম জেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হন। ফলে সারা বাংলাদেশে রাজনৈতিকভাবে নারীদের অংশগ্রহণ শক্তিশালী হয়েছে বলে আশা করা যায়। তাছাড়া পার্লামেন্টেও নারীর অংশগ্রহণ অনেক বৃদ্ধি পেয়েছে।

জাতীয় নারী উন্নয়ন নীতি ও সরকারের কর্মপরিকল্পনা : ইতিপূর্বে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনায় নারী উন্নয়নে কর্মসূচি ও কার্যক্রম গ্রহণ করা হলেও তা ছিল বিচ্ছিন্ন ও সমন্বয়হীন। কিন্তু বেইজিং নারী উন্নয়ন কর্মপরিকল্পনায় নারী উন্নয়নের লক্ষ্যে যে ক্ষেত্রগুলো চিহ্নিত হয়েছে তার একটি সুনির্দিষ্ট লক্ষ্যভিত্তিক বাস্তবায়ন কৌশল প্রণয়নের লক্ষ্যে ও বেইজিং ঘোষণা বাস্তবায়নের অঙ্গীকারের ফলে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে প্রথমবারের মতো বাংলাদেশ জাতীয় নারী উন্নয়ন নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে যার প্রধান লক্ষ্য হলো নির্যাতিত ও অবহেলিত এ দেশের বৃহত্তম নারী সমাজের ভাগ্যোন্নয়ন করা। নারী উন্নয়ন নীতির প্রধান লক্ষ্যসমূহ হলো নিম্নরূপ :

- রাষ্ট্রীয়, সামাজিক ও পারিবারিক জীবনের সকল ক্ষেত্রে নারীর নিরাপত্তা নিশ্চিত করা;
- নারীর রাজনৈতিক, সামাজিক, প্রশাসনিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করা;
- নারীর মানবাধিকার প্রতিষ্ঠা করা;
- নারীকে শিক্ষিত ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলা;
- নারী সমাজকে দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্ত করা;
- নারী-পুরুষের বিদ্যমান বৈষম্য নিরসন করা;
- সামাজিক ও অর্থনৈতিক পরিমণ্ডলে নারীর অবদানের যথাযথ স্বীকৃতি প্রদান করা;
- জাতীয় জীবনে সর্বত্র নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠা করা;
- নারী ও মেয়ে শিশুর প্রতি সকল প্রকার নির্যাতন বন্ধ করা;
- রাজনীতি, প্রশাসন ও অন্যান্য কর্মক্ষেত্র, আর্থ-সামাজিক কর্মকাণ্ড, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া এবং পারিবারিক জীবনের সর্বত্র নারী-পুরুষের সমানাধিকার প্রতিষ্ঠা;
- বিধবা, অভিভাবকহীন, স্বামী পরিত্যক্তা, অবিবাহিতা ও সন্তানহীনা নারীর নিরাপত্তা ব্যবস্থা করা;
- গণমাধ্যমে নারী ও মেয়ে শিশুর ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরাসহ জেন্ডার প্রেক্ষিত প্রতিফলিত করা;
- মেধাবী ও প্রতিভাময়ী নারীর সৃজনশীল ক্ষমতা বিকাশে সহায়তা দেয়া;
- নারী উন্নয়নে প্রয়োজনীয় সহায়ক সেবা প্রদান করা ইত্যাদি।

উপরিউক্ত লক্ষ্যসমূহ বাস্তবায়নে সরকার যেসব পরিকল্পনা গ্রহণ করেছে তা হলো :

i. **নারীর মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা বাস্তবায়ন**
- মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা যেমন– রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ইত্যাদি ক্ষেত্রে নারী ও পুরুষের যে সমঅধিকার, তার স্বীকৃতিস্বরূপ নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ করা;
- নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (সিডো) বাস্তবায়ন করা;

- সম্পদ, কর্মসংস্থান, বাজার ও ব্যবসায়ে নারীকে সমান সুযোগ ও অংশীদারিত্ব দেয়া;
- শিক্ষা পাঠ্যক্রম, বিভিন্ন পুস্তকাদিতে নারীর অবমূল্যায়ন দূরীভূত করা এবং নারীর ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরা;
- নারী-পুরুষ শ্রমিকদের সমান মজুরি ও কর্মস্থলে নিরাপত্তা প্রদান এবং চাকরির ক্ষেত্রে বৈষম্য দূর করা;
- নারীর অংশগ্রহণ প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক খাতে আর্থ-সামাজিক উন্নয়নে নারীর অবদানের স্বীকৃতি দেয়া;
- সরকারের জাতীয় হিসাবসমূহে গার্হস্থ্য শ্রমসহ সকল নারী শ্রমের সঠিক প্রতিফলন নিশ্চিত করা;
- নারী যেখানে অধিক সংখ্যক কর্মরত আছেন সেখানে যাতায়াত ব্যবস্থা, বাসস্থান, বিশ্রামাগার, পৃথক প্রক্ষালন কক্ষ এবং দিবাযত্ন কেন্দ্র স্থাপনসহ অন্যান্য প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থা গ্রহণ করা।

ii. **নারীর প্রতি সকল প্রকার নির্যাতন দূরীকরণ**
- পারিবারিক ও সামাজিক পর্যায়ে এবং কর্মক্ষেত্রে নারীর প্রতি শারীরিক, মানসিক ও যৌন নিপীড়ন, ধর্ষণ, পতিতাবৃত্তিতে নিয়োগ, যৌতুক ও নারীর প্রতি সহিংসতা দূর করা;
- নারী নির্যাতন প্রতিরোধ সম্পর্কিত প্রচলিত আইন যুগোপযোগী করার লক্ষ্যে সংশোধন এবং নতুন আইন প্রণয়ন করা;
- নির্যাতিত নারীকে আইনগত সহায়তা দেয়া;
- নারী পাচার বন্ধ ও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন করা;
- নারীর প্রতি নির্যাতন দূরীকরণ এবং এক্ষেত্রে আইনের যথাযথ প্রয়োগের জন্য বিচার ব্যবস্থায় পুলিশ বাহিনীর সর্বস্তরে বর্ধিত হারে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা।

iii. **শিক্ষা ও প্রশিক্ষণ**
- নারীশিক্ষা বৃদ্ধি, নারী-পুরুষের মধ্যে শিক্ষার হার ও সুযোগের বৈষম্য দূর করা এবং উন্নয়নের মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্ত করার লক্ষ্যে সক্রিয় ও স্পষ্ট নীতি অনুসরণ করা;
- আগামী দশ বছরে নিরক্ষরতা দূর করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করা, বিশেষত মেয়ে শিশু ও নারীসমাজের শিক্ষা ও প্রশিক্ষণের ওপর সর্বাধিক গুরুত্ব দেয়া;
- টেকসই উন্নয়ন ও অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে নারীর জন্য আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ও শক্তিশালী করা;
- শিক্ষার ক্ষেত্রে নারী ও মেয়ে শিশুর সমান অধিকার নিশ্চিত করা, শিক্ষার সকল পর্যায়ে অসমতা দূর করা, শিক্ষাকে সর্বজনীন করা, ভর্তির হার বৃদ্ধিসহ নিরক্ষরতা দূর করা এবং মেয়েশিশুকে বিদ্যালয়ে ধরে রাখার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা;
- নারীর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সকল প্রশিক্ষণে নারীকে সমান সুযোগ দেয়া;
- কারিগরি প্রযুক্তিগত ও উচ্চ শিক্ষাসহ শিক্ষার সকল পর্যায়ে নারীর অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে বিশেষ কার্যক্রম গ্রহণ করা।

iv. **জাতীয় অর্থনীতিতে নারীর সক্রিয় ও সমঅধিকার নিশ্চিতকরণ**
- অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহে সিদ্ধান্ত গ্রহণ পর্যায়ে নারীর অংশগ্রহণ বৃদ্ধি এবং নারী-পুরুষের মধ্যে বিরাজমান পার্থক্য দূর করা;
- অর্থনৈতিক নীতি (বাণিজ্যনীতি, মুদ্রানীতি, করনীতি প্রভৃতি) প্রণয়ন ও বাস্তবায়নে নারীর সমান অধিকার নিশ্চিত করা;
- নারীর ক্ষমতায়নের প্রতি লক্ষ্য রেখে সামষ্টিক অর্থনীতিতে নীতি প্রণয়নে ও কর্মসূচিতে নারীর চাহিদা ও স্বার্থ বিবেচনায় রাখা;
- সামষ্টিক অর্থনৈতিক নীতির প্রয়োগে বিরূপ প্রতিক্রিয়া প্রতিহত করার লক্ষ্যে নারীর অনুকূলে Safety nets গড়ে তোলা।
- জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থা ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে নারীর দারিদ্র্য দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা দান ও অনুপ্রাণিত করা।

v. **নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন**

নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে জরুরি বিষয়াদি যথা—স্বাস্থ্য, শিক্ষা, প্রশিক্ষণ, জীবনব্যাপী শিক্ষা, কারিগরি শিক্ষা, তথ্য, উপার্জনের সুযোগ, উত্তরাধিকার, সম্পদ, ঋণ প্রযুক্তি এবং বাজার ব্যবস্থাপনার মাধ্যমে অর্জিত সম্পদসহ ভূমির ওপর অধিকার ইত্যাদির ক্ষেত্রে নারীর পূর্ণ ও সমান সুযোগ এবং নিয়ন্ত্রণের অধিকার দেয়া এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় নতুন আইন প্রণয়ন করা।

vi. **নারীর কর্মসংস্থান**
- নারীর শ্রমশক্তির শিক্ষিত ও নিরক্ষর উভয় অংশের কর্মসংস্থানের জন্য সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করা;
- চাকরির ক্ষেত্রে নারীর বর্ধিত নিয়োগ নিশ্চিত করার লক্ষ্যে প্রবেশ পর্যায়সহ সকল ক্ষেত্রে কোটা বৃদ্ধি এবং কার্যকর করা;

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

– সকল নিয়োগকারী প্রতিষ্ঠানকে সরকার অনুসৃত কোটা ও কর্মসংস্থানের নীতির আওতায় চাকরির ক্ষেত্রে নারীকে সকল প্রকার সমসুযোগ প্রদানের জন্য উদ্বুদ্ধ করা;
– নারী উদ্যোক্তা শ্রেণি গড়ে তোলার লক্ষ্যে বিশেষ প্রশিক্ষণ ও ঋণদান কর্মসূচি গ্রহণ করা;
– নারীর বর্ধিত হারে কর্মক্ষেত্রে প্রবেশ, অবস্থান ও অগ্রসরমানতা বজায় রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পরিবেশ গড়ে তোলা;
– নারীর ব্যাপক কর্মসংস্থানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন, বিধি ও নীতির প্রয়োজনীয় সংস্কার করা।

vii. নারীর রাজনৈতিক ক্ষমতায়ন

– রাজনীতিতে অধিক হারে নারীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রচার মাধ্যমসহ রাজনৈতিক দলসমূহকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণে উদ্বুদ্ধ করা;
– নারীর রাজনৈতিক অধিকার অর্জন ও প্রয়োগ এবং এর সুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির কর্মসূচি বাস্তবায়ন করা;
– নির্বাচনে অধিক হারে নারীপ্রার্থী মনোনয়ন দেয়ার জন্য রাজনৈতিক দলগুলোকে অনুপ্রাণিত করা;
– নারীর রাজনৈতিক অধিকার আদায়ের ও প্রতিষ্ঠার লক্ষ্যে ভোটাধিকার প্রয়োগে সচেতন করা এবং তৃণমূল পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত ভোটার প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা;
– সিদ্ধান্ত গ্রহণের সর্বোচ্চ স্তর মন্ত্রিপরিষদে, প্রয়োজনে সংবিধানের সংশ্লিষ্ট ধারার অধীনে উল্লেখযোগ্য সংখ্যক নারী নিয়োগ করা।

viii. নারীর প্রশাসনিক ক্ষমতায়ন

– প্রশাসনিক কাঠামোর উচ্চ পর্যায়ে নারীর জন্য সরকারি চাকরিতে প্রবেশ সহজ করার লক্ষ্যে চুক্তিভিত্তিক এবং সরাসরি প্রবেশের (লেটারেল এনট্রি) ব্যবস্থা করা;
– বাংলাদেশের দূতাবাসগুলোতে রাষ্ট্রদূতসহ বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশন, পরিকল্পনা কমিশন, বিচার বিভাগের উচ্চ পদে নারীদের নিয়োগ প্রদান করা;
– জাতিসংঘের বিভিন্ন শাখা ও অঙ্গ সংগঠনে এবং অন্যান্য আন্তর্জাতিক সংগঠনে রাষ্ট্রীয় প্রতিনিধি বা প্রার্থী হিসেবে নারীকে নিয়োগ/মনোনয়ন দেয়া;
– নারীর ক্ষমতায়নের লক্ষ্যে প্রবেশ পর্যায়সহ সকল পর্যায়ে, গেজেটেড ও নন-গেজেটেড পদে কোটা বৃদ্ধি করা।

ix. বিশেষ দুর্দশাগ্রস্ত নারী

– নারীর অবস্থানের বিভিন্নতা এবং বিশেষভাবে দুর্দশাগ্রস্ত নারীর প্রয়োজনীয়তা উপলব্ধি করে তাদেরকে বিশেষ সুবিধা প্রদানের জন্য পদক্ষেপ ও কর্মসূচি গ্রহণ করা।

নারী ক্ষমতায়নের ধারণা বর্তমান বিশ্বব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিণত হয়েছে। সে কারণে বাংলাদেশ বেইজিং-এ নারী উন্নয়ন ও কর্মপরিকল্পনায় যে ক্ষেত্রগুলো চিহ্নিত হয়েছে তা বাস্তবায়নের অঙ্গীকার করেছে। সুশীল সমাজ গঠনে নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে মানবিক মূল্যবোধের অনুশীলন করার লক্ষ্যে শুধু সরকারি প্রচেষ্টা নয়, বেসরকারি সংস্থাসমূহের দায়দায়িত্বও অনেক। সরকারি-বেসরকারি যৌথ প্রচেষ্টায় নারী উন্নয়ন নীতিমালা ও কার্যক্রম বাস্তবায়নের পথ প্রশস্ত হতে পারে এ কথা নিঃসন্দেহে বলা যায়।

4. নিম্নোক্ত বিষয়ের উপর ভাবসম্প্রসারণ লিখুন।

'বার্ধক্য তাহাই– যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে'

সাধারণত বয়সের মাপকাঠিতে তারুণ্য ও বার্ধক্যের পরিমাপ করা হলেও বার্ধক্যের প্রকৃত নির্ধারক বয়স নয়। কেবল বয়সের আধিক্যেই মানুষ বৃদ্ধ হয় না। এমন অনেক তরুণ আছে যারা বয়সে তারুণ্যের অধিকারী হয়েও আচার-আচরণে, অন্ধ-বিশ্বাসে ও কর্মবিমুখতায় বৃদ্ধের সমতুল্য। পক্ষান্তরে এমন অনেক বৃদ্ধ রয়েছেন যারা মনের দিক থেকে তারুণ্যের তেজোদীপ্ততায় ভরপুর। সুতরাং যারা গতানুগতিক ভাবধারা ও জরাজীর্ণ পুরাতনকে, কুসংস্কারকে, মিথ্যাকে আঁকড়ে ধরে দিনাতিপাত করে তারা যে বয়সেরই হোক না কেন তারা বৃদ্ধ। এরা জীবনের মোহমায়ায় তারুণ্যের শঙ্কাহীন অভিযানে অংশগ্রহণ করে না। সমাজ ও সংস্কৃতির যুগোপযোগী পরিবর্তনকে এরা স্বাগত জানাতে জানে না। নব সূর্যের সোনালী উষা এদের কাম্য নয়। তাই এরা প্রত্যুষেও দ্বার রুদ্ধ করে নিদ্রায় আচ্ছন্ন থাকে অর্থাৎ নতুন সংস্কারকে এড়িয়ে চলে। নতুনের কেতন উড়িয়ে ভুবন জয়ের

পথে পাড়ি জমাতে পারে না। আধুনিকতার সাথে তাল মেলাতে অক্ষম। এরা শতাব্দীর অগ্রযাত্রায় আগুয়ান জনতায় কাফেলায় কুকাওয়াজ করতে জানে না, তারা আলোর পিয়াসী নয় বরং বিভিন্ন কুসংস্কারে বিশ্বাসী। কোনো ঝুঁকিপূর্ণ কাজে তারা যেতে নারাজ। তাই তারা সৃষ্টি সুখের উল্লাসে মেতে ওঠে না। সুতরাং বয়স তাদের যাই হোক তারা বার্ধক্যের বৈশিষ্ট্যধারী। কবি নজরুলের ভাষায় 'বহু যুবককে দেখিয়াছি যাদের যৌবনের উর্দির নিচে বার্ধক্যের কংকালমূর্তি।'

Section-C : General Knowledge (Qs. 5-19)

5. **How many times the constitution of Bangladesh has so far been amended?**
Ans : There are 17 times of Bangladesh constitution has been amended.

6. **When was the Bangla Academy established?**
Ans : Bangla Academy founded on 3 December 1955 at Burdwan House, Dhaka.

7. **Greenland is a part of which country?**
Ans : Greenland is a part of Denmark. It is actually the world's biggest island.

8. **Which economist first used the term 'invisible hand'?**
Ans : The term 'invisible hand' first appeared in Adam Smith's famous work, The Wealth of Nations.

9. **Write down three goals under Sustainable Development Goals (SDG) framework.**
Ans : Three goals under Sustainable Development Goals (SDG) are : i. No poverty, ii. Zero hunger, iii. Good health and well-being.

10. **Write down the name of the organizations that together form the World Bank Group.**
Ans : The World Bank Group five constituent institutions : i. The international Bank for Reconstruction and Development (IBRD), ii. The International Development Association (IDA), iii. The International Finance Corporation (IFC), iv. The Multilateral Investment Guarantee Agency (MIGA), v. The International Centre for Settlement of Investment Disputes (ICSID).

11. **Mention the name of any two greenhouse gases.**
Ans : The name of two greenhouse gases are : i. Carbon Dioxide and ii. Methane.

12. **Who is the writer of the book 'The Ultimate Fate of the Universe'?**
Ans : The famous book 'The Ultimate Fate of the Universe' written by Dr. Jamal Nazrul Islam.

13. **Who holds the authority to give 'casting vote' in parliament of Bangladesh?**
Ans : Speaker of national parliament holds the authority to give 'casting vote' in parliament of Bangladesh.

14. **What is the name of the web-based interoperable digital transaction launced at the national level in our country?**
Ans : BINIMOY is the name of the web-based interoperable digital transaction platform that launched at the national level in our country.

15. **Who is the chief legal officer of Bangladesh Government?**
Ans : AM Amin Uddin is the current Attorney General of Bangladesh. He is the chief legal officer of Bangladesh Government.

16. **Which Asian Countries are members in OECD?**
1. A copy of my valid identification : National Identity Card.
2. Proof of address : Electricity Bill.
3. Passport size photo of applicant.
4. National Identity card and passport size photo of nominee.

I therefore pray and hope that you would do helpful in connection with this and oblige me thereby

Yours faithfully,
Md. Tanjil Shiraj
Research and Development Officer
Professor's Prokashon, Dhaka.

14. পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ১০ গুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

সমাধান : মনে করি,

পুত্রের বর্তমান বয়স = x বছর

∴ পিতার " " = $8x$ "

শর্তমতে,

$8x - 6 = 10(x - 6)$

বা, $8x - 6 = 10x - 60$

বা, $10x - 8x = 60 - 6$

বা, $6x = 54$

∴ $x = 9$

∴ পুত্রের বর্তমান বয়স = ৯ বছর

এবং পিতার " " = (8×9) "

= ৩৬ বছর **(উত্তর)**

15. এক বিক্রেতা ১০টি কমলা যে দামে কিনে, ৮টি কমলা সেই দামে বিক্রয় করে। তার শতকরা কত লাভ হয়?

সমাধান : মনে করি,

১০টি কমলার ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১ " " " $\frac{100}{10}$ "

= ১০ টাকা

আবার, ৮টি কমলার বিক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১ " " " $\frac{100}{8}$ "

= ১২.৫০ টাকা

∴ লাভ = (১২.৫০ − ১০) টাকা = ২.৫০ টাকা।

১০ টাকায় লাভ হয় ২.৫০ টাকা

∴ ১ " " " $\frac{2.50}{10}$ "

∴ ১০০ " " " $\frac{2.50 \times 100}{10}$ "

= ২৫ টাকা

∴ লাভ ২৫% **(উত্তর)**

16. একজন দোকানদার ৭$\frac{১}{২}$% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১ টাকা বেশি হতো তাহলে ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

সমাধান : মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ৭$\frac{১}{২}$% ক্ষতিতে বিক্রয়মূল্য = $\left(100 - 7\frac{1}{2}\right)$ টাকা

= $\left(100 - \frac{15}{2}\right)$ টাকা

= $\frac{185}{2}$ টাকা

১০% কমে দ্রব্যটির ক্রয়মূল্য = (১০০ − ১০) টাকা

= ৯০ টাকা

আবার, ২০% লাভে বিক্রয়মূল্য = (৯০ + ৯০ এর ২০%) টাকা

= $\left(90 + \frac{90 \times 20}{100}\right)$ টাকা

= ১০৮ টাকা

∴ বিক্রয়মূল্যের পার্থক্য = $\left(108 - \frac{185}{2}\right)$ টাকা

= $\left(\frac{216 - 185}{2}\right)$ টাকা

= $\frac{31}{2}$ টাকা

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

বিক্রয়মূল্য $\frac{৩১}{২}$ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ " ১ " " " " $\frac{১০০ \times ২}{৩১}$ "

$\therefore$ " ৩১ " " " " $\frac{১০০ \times ২ \times ৩১}{৩১}$ "

= ২০০ টাকা (উত্তর)

17. $a + b = \sqrt{7}$ এবং $a - b = \sqrt{5}$ হলে, $8ab(a^2 + b^2) = ?$

সমাধান : দেওয়া আছে, $a + b = \sqrt{7}$ এবং $a - b = \sqrt{5}$

$\therefore 8ab(a^2 + b^2) = 4ab \times 2(a^2 + b^2)$

$= \{(a + b)^2 - (a - b)^2\}\{(a + b)^2 + (a - b)^2\}$

$= \left\{\left(\sqrt{7}\right)^2 - \left(\sqrt{5}\right)^2\right\}\left\{\left(\sqrt{7}\right)^2 + \left(\sqrt{5}\right)^2\right\}$

$= (7 - 5)(7 + 5)$

$= 2 \times 12$

$= 24$ (Ans.)

18. **পূর্ণরূপ লিখুন :**

a. e-GP— Electronic Government Procurement.
b. WAN— Wide Area Network.
c. ROM— Read Only Memory.
d. a2i— Aspire to Innovate.
e. WWW— World Wide Web.

19. **কী বোর্ডে কমান্ড লিখুন :**

a. কপি– Ctrl + C
b. পেস্ট– Ctrl + V
c. নতুন ফাইল খোলা– Ctrl + N
d. সর্বশেষ কমান্ড বাতিল করা– Ctrl + Z
e. Select All– Ctrl + A

20. **Chat GPT কর্মক্ষেত্রে কী প্রভাব ফেলতে পারে–** এ নিয়ে আপনার মতামত লিখুন।

উত্তর : Chat GPT-এর পূর্ণরূপ হলো– Chat Generative Pre-trained Transformer। এটি ওপেন আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (Open AI) দ্বারা তৈরি এক ধরনের চ্যাটবট, যা ব্যবহারকারীর যে-কোনো ধরনের প্রশ্নের উত্তর গঠনমূলক সহজভাবে প্রদর্শন করতে পারে।

কর্মক্ষেত্রে Chat GPT এর প্রভাব : Chat GPT কর্মক্ষেত্রে ইতিবাচক এবং নেতিবাচক উভয় ধরনের প্রভাব ফেলতে পারে

ইতিবাচক প্রভাব

কর্মক্ষমতা বৃদ্ধি : Chat GPT দ্রুত ও নির্ভুলভাবে ডেটা প্রক্রিয়া করতে পারে, যার ফলে কর্মীরা ডেটা এন্ট্রি, রিপোর্ট তৈরি এবং অন্যান্য ক্লান্তিকর কাজে কম সময় ব্যয় করাসহ সামগ্রিক কর্মক্ষমতা বৃদ্ধি করতে পারে।

। উন্নত যোগাযোগ : Chat GPT গ্রাহকদের সাথে যোগাযোগের জন্য ব্যবহার করা যেতে পারে, তাদের প্রশ্নের উত্তর দিয়ে এবং তাদের সমস্যা সমাধানে সহায়তা করতে পারে। এটি কর্মীদের গ্রাহকসেবা উন্নত করতে এবং গ্রাহকের সন্তুষ্টি বৃদ্ধি করতে সাহায্য করে।

। খরচ হ্রাস : Chat GPT কর্মীদের প্রয়োজনীয়তা কমিয়ে ব্যয় হ্রাস করতে সাহায্য করতে পারে। উদাহরণস্বরূপ, এটি গ্রাহক সেবা প্রতিনিধিদের প্রতিস্থাপন করতে পারে, যার ফলে বেতন এবং প্রশিক্ষণের খরচ কমে।

। নতুন সুযোগ তৈরি : Chat GPT নতুন ধরনের চাকরির সুযোগ তৈরি করতে পারে, যেমন– চ্যাটবট ডেভেলপার এবং চ্যাটবট প্রশিক্ষক।

নেতিবাচক প্রভাব

। চাকরি হ্রাস : Chat GPT কিছু কাজের ক্ষেত্রে কর্মীদের প্রতিস্থাপন করতে পারে, যার ফলে অনেকেই চাকরি হারাতে পারে।

। দক্ষতা বৃদ্ধির প্রয়োজন : Chat GPT ব্যবহার করার জন্য কর্মীদের নতুন দক্ষতা শিখতে হবে, যার জন্য প্রশিক্ষণ এবং সময়ের প্রয়োজন হবে।

। নৈতিক উদ্বেগ : Chat GPT'র ব্যবহার নৈতিক উদ্বেগের জন্ম দিতে পারে, যেমন– পক্ষপাত এবং ভুল তথ্য ছড়ানো।

। নিয়ন্ত্রণের অভাব : Chat GPT নিয়ন্ত্রণ করা কঠিন হতে পারে, যার ফলে অপ্রত্যাশিত এবং ক্ষতিকর পরিণতি হতে পারে।

চ্যাট জিপিটি সফলভাবে ব্যবহার করার জন্য, এর সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকিগুলো সাবধানে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

21. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নির্মাতা প্রতিষ্ঠান ও দেশের নাম কী?**

উত্তর : বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নির্মাতা প্রতিষ্ঠান হলো ফ্রান্সের থ্যালাস অ্যালেনিয়া স্পেস।

এটি ২০১৮ সালের ১১ মে যুক্তরাষ্ট্রের স্পেস এক্স কোম্পানির ফালকন-৯ রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হয়েছে।

22. a. **Firewall কাকে বলে? আধুনিক Computer এর জনক কে?**

উত্তর : ফায়ারওয়াল (Firewall) হলো এক ধরনের বিশেষ নিরাপত্তাব্যবস্থা, যা এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে ডেটা প্রবাহ নিয়ন্ত্রণ করে। এটি হার্ডওয়্যার, সফটওয়্যার বা উভয়ের সংমিশ্রণে হতে পারে। ডেটা প্রবাহের সময় এটি ডেটা পরীক্ষা করে দেখে যে, এর ঐ গন্তব্যে যাওয়ার অনুমতি (Authorized access) আছে কিনা, থাকলে সেটিকে যেতে দেয়।

আধুনিক কম্পিউটারের জনক হলেন– অ্যালান টুরিং।

b. **বাংলাদেশের সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন কোন কোন স্থানে অবস্থিত?**

উত্তর : সাবমেরিন ক্যাবল হলো সাগরের তলদেশে স্থাপিত এক ধরনের ফাইবার অপটিক ক্যাবল, যা টেলিকমিউনিকেশনে ব্যবহৃত হয়। বাংলাদেশের প্রথম সাবমেরিন ল্যান্ডিং স্টেশন কক্সবাজারের ঝিলংজায় অবস্থিত। আর দ্বিতীয় সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন অবস্থিত কুয়াকাটায়।

c. **CPU এর অংশ কয়টি ও কী কী?**

উত্তর : কম্পিউটারের কেন্দ্রীয় অংশ হলো CPU বা Central Processing Unit। CPUকে কম্পিউটারের ব্রেইন বা মস্তিষ্ক বলা হয়। CPU-কে তিনটি ভাগে ভাগ করা যায়। যথা : গাণিতিক যুক্তি ইউনিট, নিয়ন্ত্রণ ইউনিট এবং রেজিস্টার স্মৃতি।

23. a. **Key Board এ F1-F12 এবং Shift, Ctrl, Alt বোতামগুলোকে কী বলা হয়?**

উত্তর : Key Board-এ F1-F12কে Functional key এবং Shift, Ctrl, Altকে Modifier key বলা হয়।

b. **অপটিক্যাল ফাইবার সম্পর্কে লিখুন।**

উত্তর : অপটিক্যাল ফাইবার এক ধরনের পাতলা, স্বচ্ছ তন্তুবিশেষ; সাধারণত কাচ বা প্লাস্টিক দিয়ে বানানো; যা আলো পরিবহণে ব্যবহৃত হয়। অপটিক্যাল ফাইবারে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে। এটি সাধারণত টেলিযোগাযোগের ক্ষেত্রে এবং চিকিৎসাবিজ্ঞানে মানবদেহের ভিতরের অংশ দেখার জন্য ব্যবহৃত হয়।

একটি অপটিক্যাল ফাইবারে প্রধানত তিনটি অংশ থাকে। যথা :

i. মেইন অপটিক কোর;
ii. ক্ল্যাডিং ও
iii. প্লাস্টিক জ্যাকেট। অপটিক্যাল ফাইবারের মাধ্যমে সিগন্যালকে অনেক দ্রুত এবং অনেক দূর পর্যন্ত পাঠানো সম্ভব হয়।

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

BANGLADESH BANK
Officer (Cash) 2023

Examination Held On : 18.08.2023 Time : 2 Hours, Total Marks : 200

01. দুটি সংখ্যার অনুপাত ৩ : ৫। সংখ্যাদ্বয়ের সাথে ১০ যোগ করলে অনুপাত ৫ : ৭ হয়। সংখ্যাদ্বয় কত?

সমাধান : মনে করি,

সংখ্যাদ্বয় যথাক্রমে $৩x$ এবং $৫x$

প্রশ্নমতে, $\frac{৩x+১০}{৫x+১০} = \frac{৫}{৭}$

বা, $২৫x + ৫০ = ২১x + ৭০$

বা, $২৫x - ২১x = ৭০ - ৫০$

বা, $৪x = ২০$

$\therefore x = ৫$

অতএব, সংখ্যাদ্বয় যথাক্রমে $= ৩ \times ৫ = ১৫$ এবং $৫ \times ৫ = ২৫$

02. একটি পণ্যের বিক্রয়মূল্য ১০% বাড়ানো হলো এবং বিক্রয় ৩০% কমে গেলো, প্রভাব কী হবে?

সমাধান : মনে করি,

পণ্যটির বিক্রয়মূল্য ১০০ টাকা এবং বিক্রয়ের পরিমাণ ১০০ একক

$\therefore$ মোট মূল্য $= (১০০ \times ১০০)$ টাকা

$= ১০০০০$ টাকা

বিক্রয়মূল্য ১০% বাড়ানো হলে, নতুন বিক্রয়মূল্য $= (১০০ + ১০)$ টাকা

$= ১১০$ টাকা

বিক্রয় ৩০% কমে গেলে, নতুন বিক্রয় $= (১০০ - ৩০)$ টাকা

$= ৭০$ টাকা

পণ্যটির নতুন মূল্য $= (১১০ \times ৭০)$ টাকা

$= ৭৭০০$ টাকা

$\therefore$ প্রভাব $= (১০০০০ - ৭৭০০)$ টাকা

$= ২৩০০$ টাকা হ্রাস পায়

১০০০ টাকায় মূল্য হ্রাস পায় ২৩০০ টাকা

$\therefore$ ১ " " " " $\frac{২৩০০}{১০০০০}$ "

$\therefore$ ১০০ " " " " $\frac{২৩০০ \times ১০০}{১০০০০}$ "

$= ২৩$ টাকা

$\therefore$ ২৩% বিক্রয় হ্রাস পাবে। **(উত্তর)**

03. একটি ট্রেন ১ম স্টেশনে $\frac{১}{৩}$ যাত্রী নামলো এবং ২৮০ জন উঠলো। ২য় স্টেশনে $\frac{১}{২}$ নামলো এবং ১২ জন উঠলো। বর্তমানে ২৪৮ যাত্রী থাকলে প্রথমে কত ছিলো?

সমাধান : মনে করি,

প্রথমে ট্রেনের যাত্রী ছিল x জন

১ম স্টেশনের পর যাত্রী সংখ্যা হবে $= \left(x - \frac{x}{৩} + ২৮০\right)$ জন

$= \left(\frac{৩x - x}{৩} + ২৮০\right)$ জন

$= \left(\frac{২x}{৩} + ২৮০\right)$ জন

২য় স্টেশনের পর যাত্রী সংখ্যা হবে $= \frac{\frac{২x}{৩} + ২৮০}{২} + ১২$ জন

$= \frac{\frac{২x + ৮৪০}{৩}}{২} + ১২$

$= \frac{২x + ৮৪০}{৩ \times ২} + ১২$

$= \frac{২x + ৮৪০ + ৭২}{৬} + ১২$

$= \frac{২x + ৯১২}{৬}$

শর্তমতে, $\frac{২x + ৯১২}{৬} = ২৪৮$

বা, $২x + ৯১২ = ১৪৮৮$

বা, $২x = ৫৭৬$

$\therefore x = ২৮৮$

$\therefore$ প্রথমে ট্রেনের যাত্রী ছিল ২৮৮ জন **(উত্তর)**

04. একটি পণ্যের ক্রয়মূল্যের উপর (লিখিত মূল্য) ২০% বাড়ানো হলো। সকল ডিসকাউন্টের পরেও ৮% লাভ থাকবে, ডিসকাউন্ট কত?

সমাধান : মনে করি,

ক্রয়মূল্য ১০০ টাকা

২০% বাড়ানোর পরে লিখিত মূল্য $= (১০০ + ২০)$ টাকা

$= ১২০$ টাকা

আবার, ৮% লাভে বিক্রয়মূল্য $= (১০০ + ৮)$ টাকা

$= ১০৮$ টাকা

$\therefore$ ডিসকাউন্ট $= (১২০ - ১০৮)$ টাকা

$= ১২$ টাকা

১২০ টাকায় ডিসকাউন্ট ছিল ১২ টাকা

$\therefore$ ১ " " " $\frac{১২}{১২০}$ "

$\therefore$ ১০০ " " " $\frac{১২ \times ১০০}{১২০}$ "

$= ১০$ টাকা

$\therefore$ ডিসকাউন্ট ছিল ১০% **(উত্তর)**

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

05. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ২ গুণ। প্রস্থ ৫ মিটার বাড়ালে এবং দৈর্ঘ্য ৫ মিটার কমালে আয়তক্ষেত্র ৭৫ বর্গ পায়। দৈর্ঘ্য এবং প্রস্থ কত?

সমাধান : মনে করি,

আয়তক্ষেত্রের প্রস্থ x মিটার এবং দৈর্ঘ্য 2x মিটার

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $(2x \times x)$ বর্গমিটার

$= 2x^2$ বর্গমিটার

শর্তমতে, $(2x - 5)(x + 5) - 2x^2 = 75$

বা, $2x^2 + 10x - 5x - 25 - 2x^2 = 75$

বা, $5x - 25 = 75$

বা, $5x = 100$

∴ $x = 20$

∴ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = (2×20) মিটার

$= 40$ মিটার এবং প্রস্থ = 20 মিটার (উত্তর)

06. **সাধারণ জ্ঞান :**

a. **বাংলাদেশের সবচেয়ে বড় রাবার ড্যাম কোথায় অবস্থিত?**
উত্তর : চাঁপাইনবাবগঞ্জ।

b. **পরীক্ষামূলকভাবে কবে মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত চালু হয়?**
উত্তর : ৭ জুলাই ২০২৩ সালে।

c. **বাংলাদেশে প্রথম কৃত্রিম (AI) সংবাদ পাঠিকার নাম কী?**
উত্তর : অপরাজিতা।

d. **মেট্রোরেলের জন্য গঠিত বিশেষ পুলিশের নাম কী?**
উত্তর : Mass Rapid Transit Police.

e. **বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার কবে ঘোষণা করা হয়?**
উত্তর : স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয় পল্টন ময়দানে ৩ মার্চ ১৯৭১ সালে এবং স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় মুজিবনগরে ১০ এপ্রিল ১৯৭১ সালে।

f. **জাতীয় সংগীত কত তারিখে গ্রহণ করা হয়?**
উত্তর : ১৩ জানুয়ারি ১৯৭২ সালে।

g. **নির্বাচন কমিশন সংবিধানের কোন অনুচ্ছেদের আলোকে গঠিত?**
উত্তর : ১১৮ নং অনুচ্ছেদ।

h. **বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি কততম হিসেবে দায়িত্ব পালন করছেন?**
উত্তর : বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি ২২তম।

i. **সুখী দেশ-২০২৩ তালিকায় শীর্ষ দেশ কোনটি?**
উত্তর : ফিনল্যান্ড। উল্লেখ্য, ২০২৪ সালেও পৃথিবীর শীর্ষ সুখী দেশ ফিনল্যান্ড।

j. **জাতীয় শোক দিবস কবে পালিত হয়?**
উত্তর : ১৫ আগস্ট।

k. **কবি কাজী নজরুল ইসলামকে ছেলেবেলায় কী নামে ডাকা হতো?**
উত্তর : দুখু মিয়া।

l. **সম্প্রতি আবিষ্কৃত ডেঙ্গু টিকার নাম?**
উত্তর : ডেঙ্গ ভ্যাক্সিয়া।

m. **বৈশ্বিক শান্তিতে শীর্ষ দেশ কোনটি?**
উত্তর : আইসল্যান্ড।

n. **বর্তমানে দেশে সাক্ষরতার হার কত?**
উত্তর : ৭৬.৮০% *[সূত্র : ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২]*।

o. **বর্তমানে ইউনেস্কোর সদস্যদেশ কতটি?**
উত্তর : ১৯৪টি।

07. **বাংলা ফোকাস : তথ্য প্রযুক্তির ব্যবহার, সমস্যা ও সমাধান।**

উত্তর : বর্তমান যুগ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ। চতুর্থ শিল্পবিপ্লব বাস্তবায়নের অন্যতম হাতিয়ার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। তথ্য ও প্রযুক্তির বিপুল ব্যবহার সর্বত্র। আর তাই Bill Gates বলেন— "The advance of technology is based on making it fit in so that you don't really even notice it, so it's part of everyday life"। সভ্যতার ক্রমবিকাশের ফলে বর্তমানে তথ্যপ্রযুক্তি মানুষের জীবনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে কাজ করছে। যোগাযোগ প্রযুক্তির ব্যাপক উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তির সাথে তা একীভূত হওয়ার ফলে এর প্রতি মানুষের নির্ভরতা বেড়েছে বহুগুণ। পৃথিবীর উপরিভাগ কিংবা অভ্যন্তর, গভীর সমুদ্র থেকে দূর মহাকাশ সর্বত্রই আজ প্রযুক্তির ব্যবহার। ব্যক্তিগত কাজ থেকে শুরু করে শিক্ষা, চিকিৎসা, গবেষণা, যোগাযোগ সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। প্রযুক্তি ব্যবহার করে মানুষ অত্যন্ত জটিল কাজ সহজে ও দ্রুত করতে পারছে। বাংলাদেশও এক্ষেত্রে পিছিয়ে নেই। এদেশেও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

তথ্যপ্রযুক্তি কী : কম্পিউটার ও টেলিযোগাযোগ ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন তথ্য সংগ্রহ, একত্রীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ এবং বিনিময় বা পরিবেশনের ব্যবস্থাকে তথ্যপ্রযুক্তি বলে। যেমন : কম্পিউটিং, মাইক্রো ইলেকট্রনিক্স ও টেলিকমিউনিকেশন প্রভৃতি বিষয় তথ্যপ্রযুক্তির সাথে ওতপ্রোতভাবে জড়িত।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : তথ্যপ্রযুক্তির সাথে যোগাযোগ মাধ্যমের রয়েছে নিবিড় সম্পর্ক। বর্তমানে তথ্যপ্রযুক্তি ও যোগাযোগ প্রযুক্তিকে একত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communication Technology-ICT) বলা হয়। কম্পিউটার বা অন্য কোনো ইলেকট্রনিক যন্ত্রের মাধ্যমে তথ্যকে এক স্থান থেকে অন্যত্র নির্ভরযোগ্যভাবে আদান-প্রদান করাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহার মানুষ ও তাদের কার্যক্রমকে বহুগুণে গতিশীল ও কার্যকর করে তুলেছে।

দৈনন্দিন জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার : তথ্যপ্রযুক্তির ব্যবহার মানুষের জীবনযাত্রার মান ব্যাপকভাবে বদলে দিচ্ছে। প্রযুক্তির ব্যবহার মানুষের জীবনকে করেছে সহজ। তাই তথ্যপ্রযুক্তির ব্যবহার পৃথিবীর সর্বত্র এখন পরিলক্ষিত হচ্ছে। দৈনন্দিন বিভিন্ন কর্মকাণ্ডে প্রযুক্তির ব্যবহার আবশ্যকীয় হয়ে উঠেছে। যেমন :

- কম্পিউটার বা মোবাইলের মাধ্যমে ঘরে বসেই বিভিন্ন পরীক্ষার রেজাল্ট জেনে নেয়া যায়।
- মোবাইল ফোন ব্যবহার করে টাকা পাঠানো, গ্রহণ, মোবাইল রিচার্জ, বিদ্যুৎ বিল পরিশোধ, পানির বিল পরিশোধ ইত্যাদি করা যায়।
- অনলাইন টিকেটিং সিস্টেম ব্যবহার করে বাস টার্মিনাল বা রেল স্টেশনে না গিয়েই বাস, ট্রেন বা প্লেনের টিকিট ক্রয় করা যায়।
- ইন্টারনেটের সহায়তায় প্রায় সব ধরনের দৈনিক পত্রিকা পড়া যায়।
- ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসেই নিত্যপ্রয়োজনীয় পণ্য থেকে শুরু করে রান্না করা খাবার পর্যন্ত অর্ডার করা যায়।
- যে-কোনো ধরনের ই-বুক পড়ার সুবিধা পাওয়া যায়।
- ইন্টারনেটের কল্যাণে আজ ঘরে বসেই দেশ বা বিদেশের খ্যাতনামা চিকিৎসকদের থেকে পরামর্শ গ্রহণ করা যায়।
- কৃষি উৎপাদনের জন্য প্রয়োজনীয় বিভিন্ন তথ্য ঘরে বসেই জেনে নেওয়া যায়।

চিকিৎসা ও শিক্ষা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ তথ্যপ্রযুক্তির ভূমিকা : তথ্যপ্রযুক্তির আরও একটি গুরুত্বপূর্ণ শাখা বিস্তার লাভ করেছে চিকিৎসাক্ষেত্রে। তথ্যপ্রযুক্তিকে ব্যবহার করে অনেক রকম নিত্য নতুন আবিষ্কার বর্তমান চিকিৎসাব্যবস্থায় আমূল

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

পরিবর্তন নিয়ে এসেছে। এ প্রসঙ্গে উদাহরণ হিসেবে সর্বপ্রথম উল্লেখ করতে হয় রোবোটিক্স এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তাসংক্রান্ত আবিষ্কার ও চিকিৎসা ক্ষেত্রে এইগুলোর ব্যবহার।

এগুলো প্রয়োগ করার মাধ্যমে বিভিন্ন জটিল রোগ নির্ণয় করা ও সেই রোগের সমাধান খুব সহজে, দ্রুতগতিতে এবং নির্ভুলভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে। এছাড়া তথ্যপ্রযুক্তিকে ব্যবহার করে নিত্য নতুন আবিষ্কারগুলো বর্তমান শিক্ষাব্যবস্থাকেও বিশেষভাবে প্রভাবিত করে। শিক্ষাক্ষেত্রে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর প্রয়োগ করার ফলে বর্তমান শিক্ষাকে অনেক বেশি বাস্তবমুখী এবং যথাযথ করে তোলা সম্ভব হয়েছে। ডিজিটাল প্রেজেন্টেশন ও অ্যানিমেশনের মাধ্যমে বিভিন্ন তথ্য-উপাত্তকে জীবন্তভাবে শিক্ষার্থীদের নিকট উপস্থাপন করা যায়। ফলে তারা বিভিন্ন জটিল বিষয় সহজে বুঝতে পারে।

অর্থনৈতিক উন্নয়নে তথ্যপ্রযুক্তির ভূমিকা : তথ্যপ্রযুক্তিকে মূলধন হিসেবে ব্যবহার করে এবং মেধা ও শ্রমকে কাজে লাগিয়ে সিঙ্গাপুর, মালয়েশিয়া, তাইওয়ান, যুক্তরাষ্ট্র, জাপান, জার্মানি ও থাইল্যান্ড প্রভৃতি দেশ অনেক এগিয়ে গেছে। আইবিএম, মাইক্রোসফট, অ্যাপল, টেসলা ও স্পেস এক্সসহ বিভিন্ন প্রযুক্তি প্রতিষ্ঠান বৈশ্বিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বিশ্বব্যাপী ফ্রিল্যান্সিংয়ের মাধ্যমে কোটি কোটি মানুষ অর্থ উপার্জন করছে।

গবেষণা ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ভূমিকা : আধুনিক যুগের জ্ঞান-বিজ্ঞান চর্চা, বিশেষ করে বিভিন্ন ধরনের গবেষণাসংক্রান্ত ব্যাপারে তথ্যপ্রযুক্তির ব্যাপক ব্যবহার, গবেষণার পুরাতন নিয়ম ও সমীকরণগুলোকে অতি দ্রুত পরিবর্তন করে দিচ্ছে। তথ্যপ্রযুক্তির অকল্পনীয় উন্নীতর ফলে জ্ঞান আহরণ এখন অনেক সহজ হয়ে গেছে। তথ্যপ্রযুক্তির সহায়তায় ঘরে বসেই বিভিন্ন ধরনের বিশ্বমানের গবেষণাপত্র পড়ে ফেলা সম্ভব। এছাড়া বিভিন্ন সফটওয়্যার ও টুলস ব্যবহারের মাধ্যমে গবেষণার বিভিন্ন তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও সন্নিবেশিত করা যায়।

গবেষণাসংক্রান্ত নানারকম বিষয়; যেমন : আবহাওয়ার গতিবিধি নির্ণয়, জলবায়ুর চরিত্র নির্ণয়, ভূ-প্রাকৃতিক বিষয়ে গবেষণা, জরিপসংক্রান্ত গবেষণা ইত্যাদি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ফলে অত্যন্ত নির্ভুল ও সহজভাবে নির্ধারণ করা সম্ভব হয়। সভ্যতার উন্নতির পূর্বশর্তই হলো উন্নতমানের গবেষণা। তাই বর্তমান গবেষণার পদ্ধতিতে বৈপ্লবিক পরিবর্তন সাধনের মাধ্যমে তথ্যপ্রযুক্তি আসলে পৃথিবীর উন্নতির ক্ষেত্রেই সহায়তা করছে।

বিনোদনের ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ভূমিকা : বিনোদন জগতের ক্ষেত্রেও বর্তমান যুগে তথ্য ও প্রযুক্তির ব্যাপক ও বহুমুখী প্রভাব লক্ষ করা যায়। বর্তমান সময়ে বিনোদনের জন্য মানুষকে ঘরের বাহিরে যাওয়ার প্রয়োজন পড়ে না। ইন্টারনেট ও তথ্যপ্রযুক্তির কল্যাণে ঘরে বসেই বিভিন্ন ধরনের বিশ্বমানের বিনোদনের আনন্দ উপভোগ করা সম্ভব হচ্ছে। যেমন : নেটফ্লিক্সের মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশের বিখ্যাত চলচ্চিত্র, নাটক ও ডকুমেন্টারি দেখা যায়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান : আধুনিক সভ্যতার ক্রমবিকাশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রভাব অপরিসীম। এই তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উল্লেখযোগ্য অবদান হলো :

i. সময় সাশ্রয় হয়।
ii. তথ্যের প্রাপ্যতা সহজ হয়।
iii. তাৎক্ষণিক যোগাযোগ সম্ভব হয়। ফোন, ফ্যাক্স, ইন্টারনেট, ই-মেইল, এসএমএস, এমএমএস ইত্যাদি এর প্রকৃষ্ট উদাহরণ।
iv. প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট কর্মকাণ্ডের গতিকে ত্বরান্বিত করে।
v. সর্বক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পায়।
vi. ই-কমার্সের মাধ্যমে বিশ্বব্যাপী পণ্যের বাজার সৃষ্টি করা যায়।
vii. শিক্ষার্থীরা এখন ঘরে বসেই অনলাইনে বিশ্বের বিভিন্ন নামী-দামি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করতে পারছে।
viii. ই-গভর্নেন্স চালুর মাধ্যমে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের মধ্যে কাজের সমন্বয় ঘটানো যায়।
xi. সিটিজেন চার্টারের মতো নাগরিক সুবিধাগুলো ঘরে বসেই পাওয়া যায়।
x. ঘরে বসেই বিদ্যুৎ, পানি, গ্যাস, ফোন বিলের মতো বিভিন্ন ইউটিলিটি বিলগুলো এখন মোবাইল ফোনেই দেয়া যায়।

তথ্যপ্রযুক্তি ব্যবহারে সমস্যা ও সমাধান : তথ্যপ্রযুক্তির এই যুগে ইন্টারনেট বা সামাজিক যোগাযোগের মাধ্যম নির্ভর অনেকেই ভুগছেন এক ধরনের অপরাধ সংগঠনের নিরাপত্তাহীনতায়। বিশেষ করে যেসব নারী ইন্টারনেট ব্যবহার করেন,

তাদের অনেকেই এই সামাজিক যোগাযোগ মাধ্যমে নানাভাবে হয়রানি ও নির্যাতনের শিকার হচ্ছেন। এই শ্রেণি প্রতিনিয়তই কোনো না কোনোভাবে বাজে মন্তব্য, নির্যাতন এবং সাইবার বুলিংয়ের শিকার হচ্ছেন। নানা মাত্রায় সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোয় অপরাধ বাড়ছে। সম্প্রতি মার্কিন রিসার্চ ইনস্টিটিউট 'ডাটা অ্যান্ড সোসাইটির একটি প্রতিবেদন থেকে জানা যায়, প্রতি ১০ জন নারী ইন্টারনেট ব্যবহারকারীর একজন যৌন হয়রানির শিকার হন এবং পুরুষের ক্ষেত্রে ২০ জন ব্যবহারকারীর একজন। বর্তমানে কিশোর-কিশোরীদের মধ্যে ইন্টারনেটে আত্মপ্রদর্শনের প্রবণতা বেশ লক্ষণীয়। তাই অনেক সময় অসচেতনভাবেই ঘটে যায় নানা রকম আপত্তিকর সাইবার অপরাধ। আবার, ফেসবুক চ্যাট ও ভিডিও চ্যাট থেকে ছবি বা ভিডিও নিয়ে একটু পরিবর্তন করে সেই সব ছবি বা ভিডিও ইউটিউব বা বিভিন্ন সাইটে ছড়িয়ে দিচ্ছে অপরাধীরা। বিভিন্ন যোগাযোগ মাধ্যম বিশেষ করে ফেসবুক, টুইটার, ইউটিউবসহ বিভিন্ন যোগাযোগমাধ্যম ব্যবহার করে নানা অপরাধের ভিডিও আপলোড করে ছড়িয়ে দিচ্ছে পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে। ফলে গোপনীয়তা হ্রাস পাওয়ার সাথে সাথে বাড়ছে অপরাধ। এছাড়া ফেসবুক লাইভে নির্যাতন, নির্যাতিতার সাথে সেলফি, ধর্ষণের ভিডিও টুইটারে, লাইভে আত্মহত্যা, ধর্ষণের সম্প্রচার ইত্যাদির মতো মারাত্মক অপরাধ সংঘটিত হচ্ছে এই সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে।

তথ্যপ্রযুক্তি খাতে সমস্যা সমাধানে করণীয় :

- তথ্যপ্রযুক্তি ব্যবহারে মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা;
- তথ্যপ্রযুক্তির বিভিন্ন সমস্যা সমাধানে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা;
- বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ তথ্য নিরাপদ সংরক্ষণের জন্য শক্তিশালী ফায়ার ওয়াল স্থাপন করা;
- প্রযুক্তিভিত্তিক বিভিন্ন অপরাধ রোধে সরকারের উচিত 'স্পেশাল আইটি সেল' গঠনের মাধ্যমে সমস্যা নিরসন করা;
- বিভিন্ন ক্ষতিকর ওয়েবসাইট যেগুলোর মাধ্যমে অশ্লিল ভিডিও, ছবি ও চিত্র প্রদর্শন করা হয় তা স্থায়ীভাবে বন্ধ করা;
- যেসব অপরাধী চক্র অনলাইনের মাধ্যমে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড করে, তাদেরকে কঠোরভাবে দমন ও শাস্তি নিশ্চিত করা।

উপসংহার : Information technology has been one of the leading drivers of globalization and it may also become one of its major victims.

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিই বর্তমান বিশ্বে সকল প্রকার উন্নয়ন কর্মকাণ্ডের অন্যতম হাতিয়ার। যে জাতি বর্তমানে তথ্যপ্রযুক্তিতে যত বেশি দক্ষ, তাদের সার্বিক অবস্থাও তত বেশি সমৃদ্ধ ও উন্নত। তবে তথ্যপ্রযুক্তি ব্যবহারের বেশ কিছু ঝুঁকি পরিলক্ষিত হচ্ছে। যা আমাদের জন্য বহুমাত্রিক হুমকি তৈরি করছে। সুতরাং তথ্যপ্রযুক্তি ব্যবহারে অত্যন্ত সচেতন হওয়া আবশ্যক।

08. English Focus : Banking sector for low income people in Bangladesh.

Ans :

Banking Sector for low-income people in Bangladesh

Bangladesh's economic development has advanced significantly. The gross domestic product (GDP) rose from a pitiful US$ 5.70 billion in 1972 to US$ 446.3 billion in 2023. In terms of nominal GDP, Bangladesh ranks 33rd globally, while in terms of Purchasing Power Parity (PPP), it ranks 25th. Bangladesh recently moved up from the least developed country (LDC) category to lower middle-income status, to become developed by 2041. In this regard, the banking industry is essential to promoting financial inclusion and giving these underprivileged communities a voice. This writing explores the steps that Bangladesh's banking industry has taken to meet the financial needs of low-income people and help them become more economically independent.

The banking sector in Bangladesh has taken many steps to improve the condition of low-income people. Such as giving Govt help by using the MFS industry. Bangladesh's underbanked and unbanked populations have benefited greatly from the financial services offered by microfinance institutions. Muhammad Yunus, the Nobel laureate, founded Grameen Bank, which is a shining

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

example of microfinance success. It provides small loans without collateral to the poor, especially women, allowing them to launch small businesses and end the cycle of poverty. Across the nation, poor rural and urban communities now have greater access to finance thanks to other MFIs adopting Grameen Bank's business model. Financial institutions have been increasing financial service accessibility in rural areas. They are using agent networks to reach underserved rural populations.

The emergence of mobile banking has significantly transformed the accessibility of financial services in Bangladesh, particularly for individuals living in isolated regions with inadequate banking facilities. Through mobile phones, safe and practical transactions such as money transfers, bill payments, and savings have been made possible by mobile financial services providers such as bKash, Nagad, iCash, Rocket etc.. By bridging the gap between low-income populations and traditional banking services, this innovation has improved their financial inclusion and decreased their reliance on unofficial money lenders.

Several Bangladeshi commercial banks have introduced specialized credit and savings plans aimed at lower-class consumers. These programs encourage people to develop the habit of saving money for future investments and emergencies by providing micro-savings accounts with low initial balance requirements and flexible withdrawal choices. Banks also provide small-scale credit facilities to low-income business owners, so they can engage in revenue-generating activities; this encourages marginalized communities to become economically self-sufficient and entrepreneurial.

Understanding that financial literacy is critical to the empowerment of low-income people, banks and non-profit organizations in Bangladesh offer educational workshops and training sessions covering fundamental financial concepts, debt management, and budgeting. These programs give recipients the necessary financial knowledge to make wise choices about borrowing, saving, and investing, which strengthens their financial resilience and lessens their susceptibility to shocks to the economy.

The government of Bangladesh has implemented policies and regulatory frameworks that are conducive to fostering financial inclusion and broadening the reach of banking services for underprivileged groups. Commercial banks must devote a portion of their resources to serving low-income customers and underserved areas to support the development of an inclusive financial ecosystem. This is mandated by initiatives like the National Financial Inclusion Strategy (NFIS) and the Bangladesh Bank's inclusive banking guidelines.

In conclusion, by giving low-income communities in Bangladesh access to a variety of financial products and services that are catered to their needs, the banking industry there plays a critical role in helping these communities rise above the ground. These initiatives, which range from savings and credit plans to mobile banking and microfinance companies, have not only increased financial inclusion but also given people the tools they need to uplift their lives and escape the cycle of poverty. In the future, persistent endeavors by the public and private domains are imperative to augment financial accessibility and inclusivity, consequently promoting equitable growth and sustainable development throughout Bangladesh.

09. Argumenta : Father and Mother should allocate equal time for food preparation at home.

Father and Mother should allocate equal time for food preparation at home

In today's society, raising children involves both parents contributing equally to the family unit. To raise their child to be a decent citizen of the future, they must share their responsibilities equally. Therefore, I wholeheartedly concur with the assertion that partners share responsibility for raising the children.

First of all, women are just as educated as men in this modern world, and in certain instances, they even possess greater talent than men. It makes it possible for them to work and support the family financially. In addition, both parents must work these days due to rising living costs and the need to provide for the fundamental needs of their children, including food, clothing, housing, quality education, and other necessities.

The second requirement for developing good character in a child is for them to feel loved and cared for by both parents. It is the father's responsibility to find time during his free time to spend with his child, encouraging physical activity instead of playing video games. In a similar vein, the mother must monitor conduct and impart moral values to her children. The child's physical and emotional health will improve as a consequence.

However, there are a lot of kids in the world who only have one parent. Even though they appear happier in public, their private lives would seem to be lacking something. They would undoubtedly highlight the importance of family relationships if they were permitted to express their feelings. For example, they have to be certain that if they had grown up in a loving home with a mother and a father, they would have succeeded in life.

The proverb "Parents are the best role models for their children" sums up this discussion. To ensure a better future for their kids, it is worthwhile for them to divide up the responsibilities.

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

KARMASANGSTHAN BANK

Data Entry Operator 2023

1. a. **'হাজার নদী হেসেছে' গ্রন্থের রচয়িতা কে?**
   উত্তর : সেলিনা হোসেন।
   b. **'বন্দী শিবির থেকে' কাব্যগ্রন্থের রচয়িতা কে?**
   উত্তর : শামসুর রাহমান।
   c. **'গগনে গরজে মেঘ'- কারক ও বিভক্তি নির্ণয় করুন।**
   উত্তর : অধিকরণে সপ্তমী।
   d. **'যা অতিক্রম করা যায় না'– এক কথায় প্রকাশ করুন।**
   উত্তর : অনতিক্রম্য।
   e. **'ঠেস বাজতে পা উজাড়'- বাগধারাটির অর্থ কী?**
   উত্তর : মাত্রার সংখ্যা এত বেশি যে ভালো লোক পাওয়া দুষ্কর।
   f. **'Peninsula' শব্দের অর্থ কী?**
   উত্তর : উপদ্বীপ।
   g. **'যাবজ্জীবন' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?**
   উত্তর : যাবৎ + জীবন।
   h. **'পারিজাত' শব্দের প্রতিশব্দ কী?**
   উত্তর : দেবতরু, ফণীয় ফুল।
   i. **বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত একটি গ্রন্থের নাম লিখুন।**
   উত্তর : মতিচূর।
   j. **পাশের জোড় শব্দগুলোর অর্থের পার্থক্য দেখিয়ে বাক্য রচনা করুন।**
   উত্তর : **নীর** (পানি, জল)। কবনার নীর খুবই স্বচ্ছ ও সুপেয়।
   নীড় (পাখির বাসা, বাসা, স্থান)। সন্ধ্যায় পাখিরা নীড়ে ফেরে।
   দ্বীপ (দুই বা চার দিকে জল বেষ্টিত স্থলভাগ)। শত্রু হিসেবে তাকে নির্জন দ্বীপে পাঠানো হলো।
   দীপ (প্রদীপ, বাতি)। দীপ নিভে গেছে মম নিশীথ সমীরে।

2. **বাংলা অনুবাদ করুন** : Honesty is a novel virtue. It is very secret of success in every sphere of life. The value of honesty is very great. It wins love, respect and fearlessness. An honest man passes his days in respect and happiness.
অনুবাদ : সততা একটি মহৎ গুণ। এটি জীবনের সর্বক্ষেত্রে সফলতার সুপ্ত গুণ। সততার মূল্য অত্যন্ত মহৎ। এটি ভালোবাসা, সম্মান ও নির্ভীকতাকে জয় করে। একজন সৎ লোক সম্মান এবং সুখের সাথে জীবন অতিবাহিত করে।

3. **বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ সম্পর্কে সুনির্দিষ্ট ১০টি বাক্যে সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখুন।**
উত্তর : জলবায়ু পরিবর্তনের ফলে বিশ্বের যেসব দেশ সবচেয়ে অরক্ষিত অবস্থায় রয়েছে, বাংলাদেশ তাদের মধ্যে অন্যতম। এদেশের লাখ লাখ নাগরিক নানা সময়ে ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাস, সামুদ্রিক ও খরার মতো মারাত্মক প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হয়েছে এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাওয়ার কারণে পানের ৭ ভাগের আনুমানিক ভুবে যাবে।

পৃথিবীকে বাসযোগ্য রাখার লক্ষ্যে জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট প্রতিকূলতা মোকাবেলায় প্রথম করণীয় হলো মানগ্রোভের সংরক্ষণ। বাংলাদেশ উপকূলীয় অঞ্চলে মানগ্রোভের সংরক্ষণের পাশাপাশি পুনরায় বৃক্ষরোপণ করতে পারে, যেটি পরিবেশকে কার্বনমুক্ত করার পাশাপাশি ঘূর্ণিঝড়ের বিরুদ্ধে একটি প্রাকৃতিক ঢাল হিসেবেও কাজ করবে। মানগ্রোভ ক্রমবর্ধমান জীববৈচিত্র্য, মাতৃত্ব আবাসস্থল ও ইকোট্যুরিজম সুবিধাসহ বিভিন্ন অতিরিক্ত সুবিধা প্রদান করে। কিন্তু এটি অত্যন্ত ব্যয়বহুল, কারণ এটি ব্যবস্থায় প্রতিবছর প্রায় ৪০ কিলোমিটার উপকূলরেখায় মানগ্রোভ রোপণ করতে হবে। সুন্দরবনের সংরক্ষিত বনাঞ্চলে অবস্থিত মানগ্রোভ সংরক্ষণ পরবর্তী ৩০ বছরে প্রয়োজন হবে ১০ হাজার ৫০০ কোটি টাকারও বেশি।

দ্বিতীয়ত আগাম সতর্কতা ব্যবস্থা তৈরি করা যেন অপ্রয়োজনে পড়ে থেকে, ঘূর্ণিঝড় আঘাত হানলে যেখানে মানুষ আশ্রয় নিতে পারবে। অনেক বর্তমান আশ্রয়কেন্দ্রগুলো ব্যবহার করে না, কারণ সেখানে তারা তাদের গবাদিপশু ও অন্যান্য মূল্যবান প্রতিসম্পদ রাখার ব্যবস্থা করতে পারে না, তাই প্রস্তাবিত কাঠামো মানুষ এবং গবাদিপশু উভয়ের বাসস্থানের ব্যবস্থা করবে। বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রায় ৫৮৩টি আশ্রয় কেন্দ্রের প্রয়োজন, কিন্তু প্রতিটি ঘূর্ণিঝড় বিধ্বংসী নিলে এগুলো বেশ ব্যয়বহুল হিসেবে দেখানো হয়েছে, যেখানে সবচেয়ে বিপজ্জনক ঘূর্ণিঝড়গুলো কালেভদ্রে ঘটে। প্রতিটি বহুমুখী আশ্রয়কেন্দ্রের পেছনে খরচ হবে প্রায় ৮ দশমিক ৫ কোটি টাকা।

তৃতীয়ত নিচু জমির চারপাশে বাঁধ দেওয়া, যা বন্যা থেকে কৃষিজমি, বাড়িঘর ও অবকাঠামোকে রক্ষা করবে। তবে এর উপকারিতাগুলো সুনির্দিষ্টভাবে বন্যার ধরনের ওপর নির্ভর করে। বন্যার পানি বৃদ্ধি ও মিটারের বেশি উচ্চতায় প্রবাহিত হয়, তাহলে জমির বাঁধগুলোতে প্রায়ই ফাটল ধরে যায় এবং এটি কোনো উপকারেই আসে না। এগুলোও অত্যন্ত ব্যয়বহুল ও এগুলো করতে বাংলাদেশের খরচ হবে ৩৭ হাজার ১০০ কোটি টাকারও বেশি। বন্যার পানি যেখানে ৩ মিটারের বেশি উচ্চতা ছাড়িয়ে যায়, সেখানে বাঁধ নির্মাণের খরচ প্রাপ্ত সুবিধার চেয়ে বেশি হবে। সাম্প্রতিককালে বাংলাদেশে যেসব বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগ দেখা দিয়েছে তা মূলত জলবায়ু পরিবর্তনের কারণেই। আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে এ ভয়াবহ বিপর্যয়ের হাত থেকে রক্ষা করতে এখনই আমাদেরই এগিয়ে আসতে হবে।

4. **Make sentences with the idioms and phrases :**
Ans :
   a. Of the first water (সর্বশ্রেষ্ঠ) — The freedom fighters are the son of the first water.
   b. Nick of time (সঙ্কটক্ষণে) — We have reached there in the nick of time.
   c. Pin money (স্ত্রী কর্তৃক স্বামীর কাছে প্রদত্ত খরচ) — The wife asked her husband to increase the pin money.
   d. Rank and file (সাধারণ কর্মচারী) — There was widespread support for him among the rank and file.
   e. Up hill task (কষ্টসাধ্য কাজ) — Defeating Australia in their field is up hill task.

5. **Fill in the blanks :**
   a. My father and I did — best.
   b. Two-thirds of the student — present today.
   c. Cattle — grazing in the field.
   d. One of the boys — absent.
   e. Either Noman or Mahabub did — homework.
   Ans : (a) our, (b) are, (c) are, (d) was, (e) his.

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

6. **Make the plural forms :**

Ans :

Singular	Plural
Cherub	Cherubs
Erratum	Errata
Locus	Loci
Brother	Brothers
Loaf	Loaves

7. **ইংরেজিতে অনুবাদ করুন :** নয় মাসব্যাপী বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সাফল্য ১৬ ডিসেম্বর অর্জিত হয়েছিল। বাংলাদেশ ঐ দিন পাকিস্তানের কালো থাবা থেকে মুক্ত হয়েছিল। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর শুধু বাংলাদেশি নয়, ভারতে অবস্থানরত বাঙালিরাও বাংলাদেশের স্বাধীনতা উদযাপন করেছিল। সেদিন বাংলার আকাশে ধ্বনিত হয়েছিল "জয় বাংলা, জয় বঙ্গবন্ধু"। সেই থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হয়ে ওঠেন বাঙালি জাতির আদর্শ ও বাঙালি জাতির পিতা।

Translation : The success of nine months long liberation war was achieved on 16 December. On that day, Bangladesh got rid of the evil claw of Pakistan. Not only the Bangladeshi, but also the Bangalis of India celebrated the independence of Bangladesh on 16 December, 1971. "Joy Bangla, Joy Bangabandhu" was echoed in the air of Bangla on that day. From then, Bangabandhu Sheikh Mujibur Rahman became the idol and the father of the nation of the Bangalis.

8. **একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর এবং তার দৈর্ঘ্য প্রস্থের ৪ গুণ। ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার?**

সমাধান : মনে করি,

আয়তাকার ক্ষেত্রের প্রস্থ = x মিটার

∴ " " দৈর্ঘ্য = $8x$ "

∴ ক্ষেত্রফল = $(8x \times x)$ বর্গমিটার = $8x^2$ বর্গমিটার

আমরা জানি,

১ একর = ৪০৪৬.৮৬ বর্গমিটার

∴ ১০ " = (৪০৪৬.৮৬ × ১০) "

= ৪০৪৬৮.৬ মিটার

শর্তমতে, $8x^2 = ৪০৪৬৮.৬$

বা, $x^2 = ১০১১৭.১৫$

বা, $x = \sqrt{১০১১৭.১৫}$

∴ $x = ১০০.৫৮$

∴ আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য = (৪ × ১০০.৫৮) মিটার

= ৪০২.৩২ মিটার **(উত্তর)**

9. **রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। শফিক ঐ কাজ ১৪ দিনে করতে পারে। ৫ দিন পর রফিক চলে গেল। শফিক ঐ কাজটি কত দিনে শেষ করবে?**

সমাধান : রফিক ১০ দিনে করতে পারে কাজটির ১ অংশ

∴ " ১ " " " " $\frac{১}{১০}$ "

∴ " ৫ " " " " $\frac{৫}{১০}$ "

$= \frac{১}{২}$ অংশ

কাজ বাকি = $\left(১ - \frac{১}{২}\right)$ অংশ

$= \frac{১}{২}$ অংশ

শফিক ১ অংশ কাজ করতে পারে ১৪ দিনে

∴ " $\frac{১}{২}$ " " " " $\frac{১৪}{২}$ "

= ৭ দিনে **(উত্তর)**

10. **কবির সাহেব তার ৫৬,০০০ টাকার কিছু টাকা বার্ষিক ১২% মুনাফায় ও বাকি টাকা ১০% মুনাফায় বিনিয়োগ করলেন। এক বছর পর তিনি মোট ৬,৪০০ টাকা মুনাফা পেলেন। তিনি ১২% মুনাফায় কত টাকা বিনিয়োগ করেছেন?**

সমাধান : মনে করি,

১২% মুনাফায় বিনিয়োগ করেন x টাকা

এবং ১০% " " " $(৫৬০০০ - x)$ "

শর্তমতে, $x \times ১ \times \frac{১২}{১০০} + (৫৬০০ - x) \times ১ \times \frac{১০}{১০০} = ৬৪০০$

বা, $১২x + (৫৬০০০ - x) \times ১০ = ৬৪০০০০$

বা, $১২x + ৫৬০০০ - ১০x = ৬৪০০০০$

বা, $২x = ৬৪০০০০ - ৫৬০০০০$

বা, $২x = ৮০০০০$

∴ $x = ৪০০০০$

∴ ১২% মুনাফায় ৪০০০০ টাকা বিনিয়োগ করেছিলেন। **(উত্তর)**

11. a. **যদি $x = 7$ এবং $y = 6$ হয়, তবে $16x^2 - 40xy + 25y^2$ এর মান নির্ণয় করুন।**

সমাধান : দেওয়া আছে, $x = 7$ এবং $y = 6$

∴ $16x^2 - 40xy + 25y^2$

$= (4x)^2 - 2.4x.5y + (5y)^2$

$= (4x - 5y)^2$

$= (4 \times 7 - 5 \times 6)^2$

$= (28 - 30)^2$

$= (-2)^2 = 4$ (Ans)

b. **একটি বইয়ের মূল্য ২৪ টাকা। এই মূল্য বই তৈরির ব্যয়ের ৪০%। বাকি মূল্য সরকার ভর্তুকি দিয়ে থাকেন। সরকার প্রতি বইতে কত টাকা ভর্তুকি দেন?**

সমাধান : দেওয়া আছে,

বইয়ের মূল্য ২৪ টাকা যা প্রকৃত মূল্যের ৪০%

শর্তমতে, ৪০% = ২৪

∴ ১% = $\frac{২৪}{৪০}$

∴ ১০০% = $\frac{২৪ \times ১০০}{৪০}$

= ৬০ টাকা

∴ সরকার প্রতি বইয়ে ভর্তুকি দেয় = (৬০ − ২৪) টাকা

= ৩৬ টাকা **(উত্তর)**

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

12. **উত্তর লিখুন :**

a. **তুরস্কের সর্বশেষ প্রেসিডেন্ট এর নাম কী? একটানা কত মেয়াদে সর্বশেষ প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন?**

উত্তর : তুরস্কের (বর্তমান নাম তুর্কিয়ে) সর্বশেষ প্রেসিডেন্ট রিসেপ তায়েপ এরদোয়ান। একটানা ৩য় মেয়াদে ২৮ মে ২০২৩ তিনি সর্বশেষ প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন।

b. **বাংলাদেশে কত তারিখে ও কততম জুলিও কুরি শান্তিপদক প্রাপ্তি উদযাপিত হয়েছে?**

উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিশ্ব শান্তি পরিষদ কর্তৃক ২৩ মে ১৯৭৩ 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত করা হয়। বাংলাদেশে ২৩ মে ২০২৩, ৫০তম 'জুলিও কুরি' শান্তিপদক প্রাপ্তি উদযাপিত হয়েছে।

c. **কোন মশার কামড়ে ও কোন জীবাণু দ্বারা ডেঙ্গু জ্বরে মানুষ আক্রান্ত হয়?**

উত্তর : এডিস মশার কামড়ে বিশেষ করে Aedes aegypti (এডিস এজিপটাই) প্রজাতির মশার মাধ্যমে মানুষ ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়। ডেঙ্গু বা ডেঙ্গি ভাইরাস (DENV) হলো ফ্ল্যাভিভাইরিডি পরিবার ও ফ্ল্যাভিভাইরাস গণের অন্তর্ভুক্ত মশা বাহিত এক সূত্রক RNA ভাইরাস।

d. **OIC এর সদস্য রাষ্ট্র কয়টি? এর বর্তমান মহাসচিবের নাম কী?**

উত্তর : Organization of Islamic Cooperation (OIC) বা ইসলামী সহযোগিতা সংস্থা-এর সদস্য রাষ্ট্র ৫৭টি (সর্বশেষ সদস্য আইভরি কোস্ট)। এর বর্তমান মহাসচিবের নাম হুসেইন ইব্রাহিম তাহা। ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত এ সংস্থাটির সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত। ফেব্রুয়ারি ১৯৭৪ OIC-এর ২য় শীর্ষ সম্মেলনে ৩২তম সদস্য হিসেবে বাংলাদেশ এই সংস্থাটির সদস্যপদ লাভ করে।

e. **SDG কী? বাংলাদেশের জন্য নির্ধারিত SDG লক্ষ্যমাত্রা ও উদ্দেশ্য কতটি?**

উত্তর : SDG (Sustainable Development Goal) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো ২৫ সেপ্টেম্বর ২০১৫ জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে গৃহীত একটি বৈশ্বিক অলাভজনক প্রকল্প। এটি বাস্তবায়নে সময়কাল ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত মোট ১৫ বছর। বাংলাদেশের জন্য নির্ধারিত SDG লক্ষ্যমাত্রা ১৭টি এবং সুনির্দিষ্ট উদ্দেশ্য ১৬৯টি।

13. **নিচের Abbreviation গুলোর পূর্ণরূপ কী?**

a. **WIPO** — World Intellectual Property Organization.

b. **IEDCR** — Institute of Epidemiology, Disease Control & Research.

c. **BIRDEM** — Bangladesh Institute of Research and Rehabilitation in Diabetes, Endocrine and Metabolic Disorders.

d. **UNESCO** — United Nations Educational, Scientific and Cultural Organization.

e. **PDF** — Portable Document Format.

14. ***'বাংলাদেশের অর্থনীতিতে ইউক্রেন রাশিয়া যুদ্ধের প্রভাব' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন–***

উত্তর : *যুদ্ধের সূচনা : ২৩ ফেব্রুয়ারি ২০২২ ইউক্রেনের বিচ্ছিন্নতাবাদী নিয়ন্ত্রিত ২টি অঞ্চল লোহেন্স্ক এবং দনেস্ক আনুষ্ঠানিকভাবে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয় রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এরপরই ২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া-ইউক্রেন আক্রমণ করে। যদিও আক্রমণটিকে আনুষ্ঠানিকভাবে অভ্যন্তরীণ হিসেবে বিবেচনা করা হয়।*

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণ : *রাশিয়া এবং ইউক্রেনের মধ্যকার সমস্যাটি সৃষ্টি হয় NATO (North Atlantic Treaty Organization) কে কেন্দ্র করে। NATO হলো আমেরিকার নেতৃত্বাধীন ৩০টি দেশের একটি জোট যা ১৯৪৯ সালের এপ্রিল ৪টি দেশ নিয়ে গঠিত হয়। এটি আমেরিকার নেতৃত্বাধীন পুঁজিবাদী দেশগুলোর একটি জোট। পক্ষান্তরে সমাজতন্ত্রিক ব্লকের হাতে এরকম কোনো শক্ত আঞ্চলিক জোট সাবেক সোভিয়েত ইউনিয়নের নেতৃত্বাধীন ওয়ারশ চুক্তি ছিল যা ১৯৯১ সালে বিলুপ্ত হয়।*

ইতোমধ্যে সাবেক সোভিয়েত ইউনিয়নভুক্ত রাষ্ট্র রোমানিয়া, এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, বুলগেরিয়া, স্লোভাকিয়া, ন্যাটোর সদস্য হয়ে গেছে। ইউক্রেনও চাইছে ন্যাটোতে যোগ দিতে। বর্তমানে ইউক্রেনে ক্ষমতাধীন রয়েছে মার্কিনপন্থি সরকার। রাশিয়ার আপত্তি হলো ইউক্রেন যদি ন্যাটো জোটে যোগ দেয় তাহলে রাশিয়ার সীমানায় মার্কিন যুক্তরাষ্ট্র পৌঁছে যাবে যার ফলে রাশিয়ায় নিরাপত্তা হুমকির মুখে পড়বে।

বাংলাদেশের ওপর প্রভাব :

গম আমদানিতে প্রভাব : *বাংলাদেশ তার চাহিদার ৮০ শতাংশ গম আমদানি করে। এর অর্ধেক আসে ইউক্রেন এবং রাশিয়া থেকে। কিন্তু যুদ্ধের কারণে সে সরবরাহ বাঁধাগ্রস্ত হওয়ায় গমের দাম বেড়েছে। বাংলাদেশে আটা-ময়দার দামও বেড়েছে। ফলে আটা-ময়দা দিয়ে তৈরি খাদ্যের দাম বহুলাংশে বেড়ে গেছে।*

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি : *রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে বিশ্বজুড়ে জ্বালানি তেলের দাম হু হু করে বেড়ে চলছে। বিশ্ববাজারে তেল-গ্যাস সরবরাহের ক্ষেত্রে রাশিয়া বেশ গুরুত্বপূর্ণ। জ্বালানি তেলের আমদানি ব্যয় মেটাতে এখন হিমশিম খাচ্ছে বাংলাদেশ সরকার।*

ভোজ্যতেলের উপর প্রভাব : *বিশ্বজুড়ে যেসব ভোজ্যতেল ব্যবহার করা হয় তার মধ্যে সানফ্লাওয়ার তেল প্রায় ১৩ শতাংশ। এর প্রায় ৭৫ শতাংশই আসে ইউক্রেন এবং রাশিয়া থেকে। যেহেতু এই সরবরাহ বিঘ্নিত হচ্ছে, সেজন্য সারাবিশ্বের মতো বাংলাদেশেও ভেজিটেবল অয়েলের দাম বৃদ্ধি পেয়েছে।*

হাঁস-মুরগি ও গোখাদ্য : *বাংলাদেশে পোল্ট্রি ফিড উৎপাদনের ৬০% উপকরণ আমদানি করতে হয়। বিশ্ববাজারে ইউক্রেন ১৬ শতাংশ ভুট্টা সরবরাহ করে। যেহেতু ইউক্রেন থেকে ভুট্টা আসতে পারছেনা সেজন্য সারাবিশ্বের মতো বাংলাদেশেও গোখাদ্য এবং পোল্ট্রিফিডের দাম বেড়েছে। এর ফলে বাজারে গরুর মাংস, মুরগি ও ডিমের দাম বেড়ে গেছে।*

সার আমদানিতে খরচ : *বিশ্ববাজারে সিংহভাগ সার রপ্তানির ক্ষেত্রে রাশিয়া ও বেলারুশের ভূমিকা রয়েছে। রাশিয়ার উপর রপ্তানি নিষেধাজ্ঞা দেবার ফলে সেটি বাংলাদেশকেও প্রভাবিত করবে। বাংলাদেশ পটাশ সারের ৭৫% আমদানি করে রাশিয়া ও বেলারুশ থেকে। সেটি ব্যাহত হওয়ায় কৃষি খাতে খরচ বাড়ছে।*

বিভিন্ন প্রকল্পের ওপর প্রভাব : *রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ সহ যেসব প্রকল্পে রাশিয়ার বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি হয়েছে, সেগুলো ডলারে মূল্য পরিশোধে জটিলতাসহ নানারকম দীর্ঘসূত্রতার কবলে ইতোমধ্যে পড়ছে।*

তৈরি পোশাক খাতে প্রভাব : *বাংলাদেশের গার্মেন্টস খাতের প্রায় ৬৪% তৈরি পোশাক রপ্তানি হয় ইউরোপের বিভিন্ন দেশে। এই যুদ্ধের ফলে ইউক্রেনসহ ইউরোপের অনেক দেশে তৈরি পোশাক রপ্তানির ক্ষেত্রে বড় ধরনের সমস্যায় পড়ার আশঙ্কা রয়ে গেছে।*

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাব বাংলাদেশে বিভিন্ন সেক্টরে ইতোমধ্যেই পড়তে শুরু করেছে। তবে এই যুদ্ধ যদি আরও দীর্ঘায়িত হয় তবে দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব মোকাবিলায় বাংলাদেশ কি করবে, বাংলাদেশকে সেই বিষয়ে এখনই পরিকল্পনা করতে হবে।

15. **Cashless Banking-এ বাংলাদেশের অগ্রগতি বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন।**

উত্তর : মানব ইতিহাসের প্রাথমিক পর্যায়ের দিকে তাকালে আমরা দেখতে পাই যে নগদ অর্থবিহীন সমাজের অস্তিত্ব সেই সময় থেকেই ছিল। বিনিময় প্রথার শুরুতে মানুষ একে অন্যের সঙ্গে সরাসরি পণ্য বিনিময় করত। বিনিময় প্রথার শুরু থেকে ব্রোঞ্জ, রুপা ও স্বর্ণের মাধ্যমে পণ্য বিনিময়ের দিকে ধাবিত হয় মানব সম্প্রদায়। চীনা বণিকদের হাত ধরে আসে কাগজের মুদ্রার প্রচলন ও সময়ের সঙ্গে সঙ্গে সেটা জনপ্রিয়তা পেতে থাকে, যা পরবর্তীতে সবার কাছে গ্রহণযোগ্যতা পায়। তারপরও মুদ্রার ক্রমবিকাশে ব্যাংক চেক, তারবার্তার মাধ্যমে মানি ট্রান্সফার, ওয়্যার ট্রান্সফার পরিষেবা ও ইলেকট্রনিক যুগে এটিএম কার্ডসহ বিভিন্ন ব্যবস্থার সংযোজন ঘটেছে, একবিংশ শতাব্দীর উদ্ভাবনী তথ্যপ্রযুক্তির ব্যবহারে অনলাইনে নগদবিহীন অর্থ প্রদানে ডিজিটাল ট্রানজেকশন পদ্ধতির জোয়ার এসেছে।

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

তথ্যপ্রযুক্তিকে হাতিয়ার করে বাংলাদেশ ক্রমেই অগ্রসরমান ভবিষ্যতের 'স্মার্ট বাংলাদেশ' গড়তে, এরই ধারাবাহিকতায় ক্যাশলেস বাংলাদেশ নির্মাণে সম্প্রতি বাংলাদেশ ব্যাংক 'ক্যাশলেস বাংলাদেশ স্মার্ট বাংলাদেশ' শিরোনামে প্রচারণা শুরু করেছে। প্রাথমিক পর্যায়ে ঢাকার বাণিজ্যিক অঞ্চল মতিঝিলে ১২০০ ক্ষুদ্র ব্যবসায়ীকে নিয়ে এ যাত্রা শুরু করেছে। ব্যাংক অ্যাপ বা এমএফএস (মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস) অ্যাপের মাধ্যমে কিউআর কোড স্ক্যান করে সরাসরি টাকা পরিশোধ করে পণ্য ও সেবা নেওয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে এখন পর্যন্ত ১০টি ব্যাংক, তিনটি এমএফএস (মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস) ও তিনটি আন্তর্জাতিক পেমেন্ট স্কিম কার্যক্রমে অংশগ্রহণ করেছে। এ কার্যক্রমের আওতায় ধীরে ধীরে দেশব্যাপী মোবাইল অ্যাপ দিয়ে কিউআর কোড স্ক্যান করে দৈনন্দিন লেনদেনের মাধ্যমে ক্যাশলেস স্মার্ট বাংলাদেশ নির্মাণের পরিকল্পনা বাস্তবায়নের দিকে যাত্রা শুরু হয়েছে।

মূলত ক্যাশলেস বলতে বোঝায় নগদ অর্থবিহীন লেনদেন, যেখানে ক্যাশ বা নগদ অর্থ ব্যবহার ছাড়াই লেনদেন করা হয়। নগদবিহীন লেনদেনের মধ্যে ক্রেডিট/ডেবিট কার্ড, মোবাইল অ্যাপসে পেমেন্ট, ডিজিটাল ওয়ালেট এবং অন্য যে-কোনো অনলাইন পেমেন্টে করা অর্থ আদান-প্রদানও অন্তর্ভুক্ত।

ক্যাশলেস নামক বিপ্লবে পৃথিবীর অন্যান্য দেশের বর্তমান চিত্র দেখলে আমরা ভবিষ্যৎ ডিজিটাল বিশ্বের রূপ সম্পর্কে ধারণা পেতে সক্ষম হবো। মার্কেট মার্চেন্টের বিশ্লেষণকৃত তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত ৫৪টি দেশ সম্পূর্ণ ক্যাশলেস হওয়ার পথে আছে আরও ৩২টি দেশ এখনো নগদ অর্থের মাধ্যমে বিনিময় করতে চায়। যুক্তরাষ্ট্র, কানাডা, রাশিয়া, অস্ট্রেলিয়া, সবচেয়ে বেশি ক্যাশলেস লেনদেন করা দেশগুলোর মধ্যে শীর্ষে অবস্থান করছে।

মূলত ক্যাশলেস ব্যবস্থা আধুনিক অর্থনীতির বিকাশের একটা নতুন অধ্যায়। ক্যাশলেস ব্যবস্থা ব্যবহারের অনস্বীকার্য অনেক সুবিধা আছে যেমন : ক্যাশলেস ব্যবস্থার মাধ্যমে যে-কোনো সময়, জায়গা থেকে সহজে ও দ্রুত লেনদেন সম্পন্ন করা যায়, ক্যাশলেস ব্যবস্থায় টাকা তৈরির খরচ কম আসে, অতিরিক্ত টাকা সঙ্গে না রাখার জন্য নিরাপত্তা বৃদ্ধি পায়, আর্থিক অপরাধ সংখ্যা কমে যায়, এ ব্যবস্থায় কর ফাঁকি দেওয়ার সম্ভাবনা নেই, প্রতিটি লেনদেনের রেকর্ড রাখা সম্ভব, নকল বা জাল টাকার জালিয়াতি থেকে সুরক্ষিত, হাতে ধরা টাকাপয়সার আদান-প্রদান বন্ধ হওয়ার কারণে রোগ-জীবাণুর সংক্রমণ কম থাকে এবং সর্বোপরি পরিবেশবান্ধব নগদ অর্থবিহীন লেনদেন ব্যবস্থায় বিশ্বে কার্বন ফুটপ্রিন্ট কমাতে সহায়তা করে।

প্রতি বছর কেবল টাকা ছাপতেই সরকারের ৫০০ কোটি টাকার বেশি খরচ হয়। তাছাড়া এই টাকার ব্যবস্থাপনা, সরবরাহ, লেনদেনের ক্ষেত্রে দীর্ঘসূত্রতা এবং তার ফলে যে সম্ভাবনার অপচয় হয় সেটির মূল্য অন্তত ৯ হাজার কোটি টাকা। এই পদ্ধতিতে ছাপা টাকা ব্যবহারের বদলে 'ক্যাশলেস' লেনদেন নিশ্চিত করতে পারলে প্রতিবছর অন্তত ১০ হাজার কোটি টাকা সাশ্রয় করা সম্ভব। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, গত চার বছরে কার্ডের সংখ্যা উল্লেখযোগ্য হারে বেড়েছে। ২০২৪ সালের জানুয়ারিতে ৪ কোটি ২৯ লাখ ৬ হাজার ৪৮৪টি কার্ড ছিল, যা ২০১৯ সালের একই মাসে ছিল ২ কোটির সামান্য বেশি। ই-কমার্স ব্যবসা এবং বিদেশি ভ্রমণের বৃদ্ধির কারণে সাম্প্রতিক বছরগুলিতে কার্ডের লেনদেন বেড়েছে, মহামারির মধ্যে এটি আরও গতি পেয়েছিল। ডেবিট, ক্রেডিট এবং প্রিপেইড কার্ডের সংখ্যার পাশাপাশি কার্ডের মাধ্যমে লেনদেনও সাম্প্রতিক বছরগুলিতে বেড়েছে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্যানুসারে, জানুয়ারি ২০২৪ পর্যন্ত ডেবিট কার্ডে ৪২,৭৮৬ কোটি টাকা, ক্রেডিট কার্ডে ২,৯০৩ কোটি টাকা এবং প্রিপেইড কার্ডে ৫০০ কোটি টাকা লেনদেন হয়েছে।

ক্যাশলেস লেনদেন ব্যবস্থার আলোচনায় নানান উদ্বেগপূর্ণ বিষয় উঠে আসে, যেমন এ ধরনের লেনদেনে জনসাধারণের প্রাইভেসি কম থাকে, ডিজিটাল হ্যাকিংয়ের মাধ্যমে ব্যক্তি পরিচয় চুরির ঝুঁকি আছে। অতিমাত্রার প্রযুক্তিনির্ভরতার জন্য হ্যাকিংয়ের সম্ভাবনা থেকে যায়, সমাজের অর্থনৈতিক অসমতা স্পষ্টরূপে ফুটিয়ে তোলে। অন্যদিকে, যাদের মোবাইল ব্যবহারের আর্থিক অবস্থা নেই তারা বঞ্চিত থেকে যায়। সমাজে যারা খুব বেশি প্রযুক্তিসচেতন নন বা বয়স্ক ব্যক্তিরা ক্যাশলেস সমাজের ধারণাটি অনিরাপদ ও জটিল মনে করেন। নগদ অর্থবিহীন লেনদেনে ভোক্তাদের জন্য বাজেট বানিয়ে চলা বেশ চ্যালেঞ্জিং বিষয় হয়ে যায়, কারণ এখানে হাতে টাকা থাকে না। ক্যাশলেস ব্যবস্থায় টাকা বা অর্থ যেহেতু থাকে ডিজিটাল রূপে আর সেটা হাতে ধরাছোঁয়া যায় না, তাই ক্যাশলেস ব্যবস্থা ব্যবহারের ফলে মানুষের কেনাকাটার অভ্যাসেও পরিবর্তন দেখা যায়।

16. **WWW ও HTML কী?**

উত্তর : WWW : সুইজারল্যান্ডের CERN-এর বিজ্ঞানীগণ তাদের জন্য প্রয়োজনীয় গবেষণা কর্মের বিস্তারিত বিবরণ, গ্রাফিক্স এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্যটি কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে সহজে পাওয়ার লক্ষ্যে ১৯৮৯ সালে একটি বিশেষ তথ্য আহরণ এবং সেবাপ্রদান ব্যবস্থা উদ্ভাবন করেন। তাদের উদ্ভাবিত এ ব্যবস্থাই পরবর্তীতে ইন্টারনেটের মাধ্যমে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (World Wide Web) নামে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে।

HTML : Hyper Text Mark-up Lanauage-এর সংক্ষিপ্ত রূপ HTML। এটি WWW ফাইল তৈরি করতে ব্যবহার করা হয়। এই ফাইলসমূহ সাধারণভাবে ওয়েব পেইজ নামে পরিচিত।

17. **Word Processor ও Spreadsheet-এর মধ্যে পার্থক্য কী?**

উত্তর :

Word Processor	Spreadsheet
i. এমএস ওয়ার্ড হলো একটি ওয়ার্ড প্রসেসর যা মাইক্রোসফট দ্বারা তৈরি করা হয় যা পেশাদার মানের নথি, চিঠি, প্রতিবেদন ইত্যাদি তৈরি করতে ব্যবহৃত হয়।	i. এমএস এক্সেল হলো একটি স্প্রেডশীট প্রোগ্রাম যেখানে কেউ টেবিলের আকারে ডেটা রেকর্ড করতে পারে।
ii. ডকুমেন্টে ডেটা অন্তর্ভুক্ত করে।	ii. ওয়ার্কশীটে ডেটা অন্তর্ভুক্ত করে।
iii. ডকুমেন্টে ব্যাকরণগত ত্রুটি শনাক্ত ও সংশোধন করা যায়।	iii. একটি স্প্রেডশীটে ব্যাকরণগত ত্রুটি শনাক্ত করা যায় না।
iv. নথির জন্য সহজ ও সঠিকভাবে বিন্যাসকৃত।	iv. গণনার জন্য সহজ ও সঠিক ফরমেট।
v. পরিসংখ্যানগত বিশ্লেষণ কঠিন।	v. পরিসংখ্যানগত ডেটা ফিল্টারিং ও সম্পাদনা করা সহজ।

18. **Multimedia কী? এতে কয়টি ও কী কী মাধ্যম ব্যবহার করা হয়?**

উত্তর : মাল্টিমিডিয়া শব্দটির আভিধানিক অর্থ হলো বহুমাধ্যম। এটি এমন একটি সমন্বিত ব্যবস্থা, যাতে একাধিক মিডিয়া (যেমন– টেক্সট, অডিও, ভিডিও ইত্যাদি) ব্যবহারের মাধ্যমে সচল, সজীব ও আকর্ষণীয় ভুবন তৈরি করা যায়। মাল্টিমিডিয়ায় তিনটি মাধ্যম ব্যবহার করা যায়। সেগুলো হলো : বর্ণ, চিত্র এবং শব্দ।

19. **Cyber Crime ও Malware কী?**

উত্তর : Cyber Crime : ইন্টারনেট এবং তথ্যপ্রযুক্তি ব্যবহার করে যে সকল অপরাধ সংঘটিত হয় তাকে সাইবার ক্রাইম বলে।

Malware : এটি এক ধরনের ক্ষতিকারক প্রোগ্রাম। যার মাধ্যমে কম্পিউটার ও অন্য ডিভাইসগুলো নানাভাবে ক্ষতিগ্রস্ত হয়।

20. **MIS এবং Modem-এর পূর্ণরূপ কী?**

উত্তর : MIS — Management Information System.
Modem — Modulator-Demodulator.

21. **RTGS ও NPSB এর পূর্ণরূপ কী?**

উত্তর : RTGS — Real Time Gross Settlement.
NPSB — National Payment Switch Bangladesh.

Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs
Click This Link >>> https://t.me/JOBEXAMsPDFs

KARMASANGSTHAN BANK

Asst. Officer (General & Cash) 2023

Exam Date : 11/08/2023 Time : 1 Hours Total Marks :

